Numb. 346.

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 5, 1847

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ৫ জানুআরি।

DRAFTS OF ACTS.

Act No. —— of 1847.

To enable the Commissioners who may be appointed under Act to purchase real or personal property for the improvement of the Town of Calcutta.

(*Continued from page* 716.)

XXIX. And it is enacted, that if the said Sheriff make default in any matter hereinbefore required to be done by him in relation to any such trial or inquiry as aforesaid, he shall forfeit and pay the sum of Five Hundred Rupees for every such offence, and such penalty shall be recoverable by the said Commissioners by an action of debt or on the case in the said Supreme Court, and if any person summoned and returned upon any jury under this Act, whether common or special, do not appear, or if appearing do refuse to make such lawful oath or affirmation as the said Sheriff may require, or in any other manner wilfully neglect his duty, he shall unless he shew reasonable excuse for the said default or neglect to the satisfaction of the said Sheriff forfeit a sum not exceeding One Hundred Rupees and every such penalty as aforesaid payable by a Sheriff or juryman as aforesaid shall be applied in satisfaction of the costs of the said inquiry so far as the same will extend, and in addition to the penalty hereby imposed as aforesaid every such juryman shall in all respects be subject to the same regulations, pains and penalties as if such jury were retained for a trial in the said Supreme Court.

XXX. And it is enacted, that if any person who shall have been duly summoned to give evidence upon any such enquiry, and to whom a tender of his reasonable expenses shall have been made fail to appear at the time and place specified in the

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্ট।

অমুক আক্টঅনুসারে যে কমিস্যনরেরা [illegible] হন্ তাঁহারদিগকে কলিকাতা শহর [illegible] করণার্থ স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি ক্রয় করণের ক্ষমতা দেওনের আইন।

(৭১৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

২৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত কোন মোকদ্দমার অথবা তদারকের সম্পর্কে পূর্ব্বলিখিত কোন বিষয়ে সরিফ সাহেবের যাহা কর্ত্তব্য সেই বিষয়ে যদি উক্ত সরিফ সাহেব ত্রুটি করেন্ তবে প্রত্যেক অপরাধের নিমিত্তে তিনি ৫০০৲ টাকা জরীমানা দিবেন এবং ঐ জরীমানার টাকা উক্ত কমিস্যনরেরা উক্ত সুপ্রিম কোর্টে কর্জের নালিশ অথবা সেই বিশেষবিষয়ে নালিশক্রমে আদায় করিবেন। এবং এই আইনক্রমে সাধারণ অথবা বিশেষ জুরিতে যে কোন ব্যক্তির তলব হয় এবং যে কোন ব্যক্তি নিযুক্ত হন্ সেই ব্যক্তি যদি উপস্থিতনা হন অথবা উপস্থিত হইলে যদি সরিফ সাহেব আইনক্রমে যে শপথ কি সুকৃতি করাইতে পারেন তাহা করিতে অস্বীকৃত হন্ অথবা অন্য প্রকারে জানিয়া শুনিয়া আপনার কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি করেন তবে সেই কসুর অথবা ত্রুটির বিষয়ে উক্ত সরিফ সাহেবের সন্তোষজনক যুক্তিসিদ্ধ কারণ না দর্শাইলে সেই ব্যক্তির ১০০৲ টাকার অনধিক জরীমানা হইবেক এবং সরিফ সাহেব অথবা জুরির অন্তঃপাতি ব্যক্তি পূর্ব্বোক্তমতে যে জরীমানা দেন্ তাহা সেই টাকার সংখ্যাপর্য্যন্ত ঐ তদারকের খরচাতে অর্পণ হইবেক এবং ইহার দ্বারা পূর্ব্বোক্তমতে যে জরীমানার হুকুম হইয়াছে তাহার অতিরিক্ত এইরূপ প্রত্যেক জুরি ব্যক্তির উক্ত সুপ্রিম কোর্টে মোকদ্দমার বিচার করণার্থ তলব হইলে যে নিয়মের অধীন ও যে দণ্ড ও জনাহগারীর যোগ্য হইতেন সর্ব্বপ্রকারে সেই নিয়মের অধীন হইবেন ও সেই দণ্ড এবং জনাহগারীর যোগ্য হইবেন ইতি।

৩০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এইরূপ কোন তদারকে সাক্ষ্য দেওনার্থ কোন ব্যক্তির রীতিমতে তলব হইলে এবং তাঁহাকে তাহার গ্রন্থাদির খরচ দেওনার প্রস্তাব হইলে সেই সাক্ষী যদি উপযুক্ত কারণ বিনা সমনে নির্দ্দিষ্ট সময় ও স্থানে হাজির

summons without sufficient cause, or if any person whether summoned or not who shall appear as a witness on any such inquiry refuse to be examined on oath or affirmation touching the subject matter in dispute every person so offending shall forfeit and pay to the party aggrieved thereby a sum not exceeding One Hundred Rupees.

XXXI. And it is enacted, that the said Commissioners shall give to all parties interested in any lands, buildings or tenements concerning or relating to which an inquiry hath been appointed to be held by the said Sheriff notice of the time and place of such inquiry, not less than ten days before the same is to be held, and the said notice shall be in writing, and shall be served on each of the said parties personally or left at his last known place of abode in the said Town, or if he have no such place of abode then the said notice for every such person shall be twice publicly advertised in one or more of the Newspapers published within the said Town.

XXXII. And it is enacted, that if at any such inquiry any party claiming compensation shall fail to appear in person or by his Counsel or Agent, such inquiry shall not be proceeded with so far as concerns the compensation claimed by such absent party, but the compensation to be paid by the said Commissioners to such absent party shall be settled and determined by a surveyor to be named and appointed by any two of the Magistrates of Calcutta without prejudice to such inquiry then and there proceeding before such Sheriff so far as concerns any compensation claimed by any other party or parties interested in such compensation in respect of the same premises who shall so appear.

XXXIII. And it is enacted, that before any jury shall proceed on any such inquiry as aforesaid to inquire of and assess compensation or damages in respect of which their verdict is to be given they shall make oath, or if they object to make oath they shall make a solemn affirmation that they will truly and faithfully enquire of and assess such compensation or damages, and the said Sheriff shall administer such oaths and affirmation as well as the oaths and affirmations of all persons called upon to give evidence.

XXXIV. And it is enacted, that where such inquiry as aforesaid shall relate to the value of any lands, buildings, or tenements to be purchased, and also to compensation claimed for injury done or to be done to any other lands, buildings, or tenements held therewith the jury shall deliver their verdict separately for the sum of money to be paid for the purchase of the lands, buildings, or tenements required by the said Commissioners, or of any interest therein belonging to the party or parties with whom the question of disputed compensation shall have arisen, or which under the provisions herein contained he is enabled to sell or convey, and for the sum of money to be paid by way of compensation for the damage if any sus-

হইতে ক্রটি করে অথবা যদি কোন ব্যক্তি সমন হইলে কি না হইলে এইমত কোন তদারকে সাক্ষিস্বরূপ উপস্থিত হয় এবং বিরোধি বিষয়ে শপথ অথবা সুকৃতিপূর্ব্বক জোবানবন্দী দিতে স্বীকার না করে তবে সেই অস্বীকারের দ্বারা যে ব্যক্তির ক্ষতি হয় তাঁহাকে ঐ অপরাধি ব্যক্তি ১০০৲ টাকার অনধিক জরীমানা দিবেক ইতি।

৩১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ভূমি ও বাটী এবং এমারতের বিষয়ে উক্ত সরিফ সাহেব তদারকের নিরূপণ করিয়াছেন সেই ভূমিপ্রভৃতিতে যে সকল ব্যক্তির ক্ষতিবৃদ্ধি আছে তাঁহারদিগকে ঐ কমিস্যনরেরা ঐ তদারকের সময় ও স্থানের এত্তেলা তাহার অন্যূন দশ দিবস থাকিতে দিবেন এবং উক্ত এত্তেলা লিখনের দ্বারা দেওয়া যাইবেক এবং তাহা প্রত্যেক ব্যক্তির নিজের উপর জারী হইবেক অথবা উক্ত শহরে তাহার যে শেষ বাসস্থান জ্ঞাত হওয়া যায় সেইস্থানে ঐ এত্তেলা দেওয়া যাইবেক অথবা যদি তাহার এইরূপ কোন বাসস্থান না থাকে তবে এমত প্রত্যেক ব্যক্তির বিষয়ে ঐ শহরের মধ্যে প্রকাশিত এক বা ততোধিক সম্বাদপত্রে দুইবার ঐ এত্তেলা প্রকাশ হইবেক ইতি।

৩২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তি ক্ষতিপূরণের দাওয়া করেন সেই ব্যক্তি যদি স্বয়ং সেই তদারকেতে উপস্থিত না হন অথবা কোন উকীল কি মোক্তার নিযুক্ত না করেন্ তবে ঐ অবর্ত্তমান ব্যক্তির ক্ষতিপূরণের দাওয়ার সম্পর্কে ঐ তদারক নির্ব্বাহ হইবেক না। কিন্তু ঐ অবর্ত্তমান ব্যক্তিকে যে ক্ষতিপূরণের টাকা কমিস্যনরদিগের দিতে হয় তাহা শহর কলিকাতার কোন দুই জন মাজিষ্ট্রেট সাহেবের মনোনীত ও নিযুক্ত সরবেয়রের দ্বারা ধার্য্য ও নিরূপণ হইবেক। এবং সেই ভূমিপ্রভৃতির বাবতে ঐ ক্ষতিপূরণের বিষয়ে অন্য যে ব্যক্তি বা ব্যক্তিরা লিপ্ত থাকেন এবং উপস্থিত হন তাঁহারদের ক্ষতিপূরণের দাওয়ার সম্পর্কে সরিফ সাহেবের সম্মুখে যে তদারক হইতেছে সেই তদারকের বিঘ্ন তৎপ্রযুক্ত হইবেক না ইতি।

৩৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ক্ষতিপূরণ অথবা নোকসানের বিষয়ে ঐ জুরিরদের ফয়সলা কিম্বা নিষ্পত্তি করিতে হয় সেই ক্ষতিপূরণ কি নোকসানের বাবতে তাঁহারদের তদারক করণের পূর্ব্বে তাঁহারা সেই ক্ষতিপূরণ বা নোকসানের বিষয়ে যথার্থমতে এবং বিশ্বস্তরূপে তদারক ও ধার্য্য করিতে শপথ করিবেন অথবা শপথকরণের বিষয়ে তাঁহারদের কোন আপত্তি থাকিলে তাঁহারা প্রতিজ্ঞা করিবেন এবং সেই শপথ ও সুকৃতি সরিফ সাহেব করাইবেন এবং যে সকল ব্যক্তির সাক্ষ্য দেওনার্থ তলব হয় তাহারদিগকেও ঐ শপথ ও সুকৃতি করাইবেন ইতি।

৩৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে খরীদ করিবার যোগ্য কোন ভূমি কি বাটী অথবা এমারতে মূল্যের বিষয়ে এবং তাহার নিকটস্থ কোন ভূমি কি বাটী অথবা এমারতে যে অপচয় হইয়াছে কিম্বা হইবার সম্ভাবনা আছে তাহার দাওয়া হওয়া ক্ষতিপূরণের বিষয়ে যদি ঐ তদারক হয় তবে যে ব্যক্তি ক্ষতিপূরণের বিষয়ে বিরোধ উপস্থিত করিয়াছিলেন অথবা যে ব্যক্তি এই আইনের বিধিক্রমে সেই ভূমি বিক্রয় ও হস্তান্তর করিতে পারেন সেই ব্যক্তির যে ভূমি বা বাটী কি এমারৎ উক্ত কমিস্যনরেরদের আবশ্যক হয় তাহার খরীদের বা তাহার কোন স্বত্বের খরীদের যে টাকা দিতে হইবেক তাহার বিষয়ে জুরিরা এক স্বতন্ত্র ফয়সলা করিবেন এবং ঐ ব্যক্তির বা ব্যক্তিরদের অন্য ভূমি বা বাটী কি এমারৎহইতে ঐ বাটী বা ভূমি কি এমারৎ স্বতন্ত্র করণপ্রযুক্ত

tained or to be sustained by the said party or parties by reason of the severing of the lands, buildings or tenements taken from the other lands, buildings or tenements of the said party or parties, or otherwise injuriously affecting such last mentioned lands, buildings, or tenements by the exercise of the powers conferred by this Act.

XXXV. And it is enacted, that the Sheriff before whom such inquiry as aforesaid shall be held shall give judgment for the purchase money or compensation assessed by such jury as aforesaid, and the verdict and judgment shall thereupon be signed by such Sheriff, and being so signed shall be delivered to and kept by the Keeper of the Records in the said Supreme Court among the Records of the said Supreme Court, and such verdicts and judgments shall be deemed Records, and the same or true copies or exemplifications thereof shall be good evidence in all Courts and elsewhere, and all persons may inspect the said verdicts and judgments, and may have copies or exemplifications thereof, or extracts therefrom, on paying for each inspection of any such verdict and judgment the sum of Eight Annas, and for every one hundred words copied or extracted therefrom Four Annas, which copies, exemplifications or extracts the said Keeper of the Records is hereby required to make out and sign and certify the same to be true.

XXXVI. And it is enacted, that on every such inquiry before a jury as aforesaid where the verdict of the jury shall be given for a greater sum than the sum previously offered by the said Commissioners all the costs of such inquiry shall be borne by the said Commissioners, but if the verdict of the jury shall be for the same or less sum than the sum previously offered by the said Commissioners one-half of the costs of summoning, impanelling and returning the jury, and of taking the inquiry and recording the verdict and judgment thereon shall be defrayed by the parties claiming the said compensation or purchase money, and the other half by the said Commissioners, and each party shall bear his own costs other than as aforesaid incident to such inquiry.

XXXVII. And it is enacted, that the costs of any such inquiry as aforesaid shall in case of differences arising regarding the same be settled by the Taxing Officer of the said Supreme Court on the application of either party, and such costs shall include all reasonable costs, charges and expenses incurred in summoning, returning and impanelling the jury taking the enquiry, the attendance of witnesses, the employment of Counsel and Attornies, the recording the verdict and judgment thereon and otherwise incident to such inquiry.

XXXVIII. And it is enacted, that if any such costs shall be payable by the said Commissioners, and if within seven days after demand duly made at the Office of the Clerk of the said Commissioners such costs be not paid to the party entitled to [illegible] the same they may and shall [illegible]

ঐ ব্যক্তির বা ব্যক্তিরদের যে কোন ক্ষতি হয় বা হইবার সম্ভাবনা আছে কিম্বা এই আইনের [illegible] করা কোন কার্য্যপ্রযুক্ত [illegible] বাটী বা ভূমি কি এমারতের যে কোন ক্ষতি হয় তাহা পূরণকরণার্থক টাকা দেয় তাহারও এক স্বতন্ত্র ফয়সলা জুরিরা করিবেন ইতি।

৩৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে সরিফ সাহেবের সম্মুখে পূর্ব্বোক্তমতে ঐ তদারক হয় তিনি পূর্ব্বোক্তমতে জুরির দ্বারা ধার্য্যহওয়া খরীদ বা ক্ষতিপূরণের টাকার বিষয় নিষ্পত্তি করিবেন এবং ঐ ফয়সলা ও নিষ্পত্তিপত্রে সরিফ সাহেব দস্তখৎ করিবেন এবং সেইরূপে দস্তখৎ হইলে উক্ত সুপ্রিম কোর্টের রিকার্ড রাখণিয়া সাহেবের নিকটে তাহা দাখিল করিবেক এবং ঐ সাহেব তাহা উক্ত সুপ্রিম কোর্টের রিকার্ডের মধ্যে রাখিবেন এবং ঐ ফয়সলা ও নিষ্পত্তি রিকার্ডের ন্যায় জ্ঞান হইবেক এবং ঐ রিকার্ড অথবা তাহার যথার্থ নকল কিম্বা নিদর্শন সকল আদালতে এবং সর্ব্বত্র উত্তম প্রমাণের ন্যায় জ্ঞান হইবেক এবং সকল ব্যক্তি ঐ ফয়সলা এবং নিষ্পত্তি পত্র দেখিতে পারিবেন এবং তাহার নকল অথবা নিদর্শন কি চুম্বক পাইতে পারিবেন কিন্তু ঐরূপ ফয়সলা ও নিষ্পত্তি দর্শনের নিমিত্তে তাঁহারা ৷৹ আনা করিয়া দিবেন এবং তাহাহইতে নকল করা অথবা চুম্বক লওয়া এক২ শত কথার নিমিত্তে ।৹ আনা করিয়া দিবেন এবং ঐ নকল অথবা নিদর্শন কি চুম্বক প্রস্তুত করিতে ও তাহাতে সহী করিতে ও তাহা যথার্থ ইহা জ্ঞাপন করিতে ঐ রিকার্ডরাখণিয়া সাহেবের প্রতি হুকুম দেওয়া গেল ইতি।

৩৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে জুরির এইরূপ প্রত্যেক তদারক হইলে যে টাকা উক্ত কমিস্যনরেরা তাহার পূর্ব্বে দিতে স্বীকার করিয়াছিলেন তাহাহইতে অধিক টাকা যদি জুরিরা ধার্য্য করেন তবে ঐ তদারকের সকল খরচা ঐ কমিস্যনরেরা দিবেন কিন্তু ঐ কমিস্যনরেরা যে টাকা পূর্ব্বে দিতে স্বীকার করিয়াছিলেন যদি তত্তুল্য অথবা তদপেক্ষা অল্প টাকা ধার্য্য হয় তবে জুরি তলব করণ এবং ধার্য্য করণ ও নিরূপণ করণের এবং তদারক করণের এবং ফয়সলা ও নিষ্পত্তি রিকার্ড করণের যে খরচা লাগে তাহার অর্দ্ধেক ক্ষতিপূরণ অথবা খরীদের টাকার দাওয়াকরণিয়া ব্যক্তিরা দিবেন এবং অপর অর্দ্ধেক উক্ত কমিস্যনরেরা দিবেন। এবং ঐ তদারকের পূর্ব্বোক্ত খরচাব্যতিরেকে যদি অন্য খরচা লাগে তবে উভয় পক্ষ সেইরূপ আপন২ খরচা দিবেন ইতি।

৩৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত তদারকের খরচার বিষয়ে যদি কিছু বিবাদ হয় তবে উভয় পক্ষের কোন এক ব্যক্তির দরখাস্তক্রমে উক্ত সুপ্রিম কোর্টের "টাক্সিং আফিসর" নামক কর্ম্মকারক তাহা নিষ্পত্তি করিবেন এবং তদারককারি জুরির তলব ও নিরূপণ ও নিযুক্ত করণের এবং সাক্ষিরদিগকে হাজির করণের ও কৌন্সেলী ও উকীল রাখণের এবং ফয়সলা ও নিষ্পত্তি রিকার্ড করণের এবং প্রকারান্তরে ঐ তদারকসম্পর্কীয় যে সকল ওয়াজিবী খরচ ও টাকা লাগে তাহা ঐ খরচার মধ্যে ধরা যাইবেক ইতি।

৩৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি সেই প্রকার কোন খরচা উক্ত কমিস্যনরেরদের দ্বারা দেয় হয় এবং উক্ত কমিস্যনরেরদের মুহরীর দফ্তরে তাহার রীতিমত দাওয়া হইলে পর যদি সাত দিবসের মধ্যে তাহা [illegible]

recoverable by distress, and on application to any Magistrate of Calcutta he shall issue his warrant accordingly, and if any such costs shall be payable by the Owner of any lands, buildings or tenements, or of any interest therein the same may be deducted and retained by the said Commissioners out of any money awarded by the jury to such Owner or determined by the validation of a Surveyor under the provision hereinafter contained, and the payment or deposit of the remainder, if any, of such money shall be deemed payment and satisfaction of the whole thereof, or if such costs shall exceed the amount of the money so awarded or determined the excess may and shall be recoverable by distress, and on application to any Magistrate of Calcutta he shall issue his warrant accordingly.

XXXIX. And it is enacted, that if either party in such case of disputed compensation as aforesaid desire such question to be tried before a special jury such question shall be so tried, provided that notice of such desire if given by the other party be given to the said Commissioners before they have issued their warrant as aforesaid to the Sheriff, and for that purpose the said Commissioners shall by their warrant to the Sheriff require him to nominate a special jury for such trial, and thereupon the Sheriff shall as soon as conveniently may be after the receipt by him of such warrant summon the said Commissioners, and the said other party to appear before him by themselves or their Attornies at some convenient time and place to be appointed by him for the purpose of nominating a special jury (not being less than five nor more than eight days from the service of such summons) and at the time and place so appointed the said Sheriff shall proceed to nominate and strike a special jury in the manner in which such juries shall be required by the Rules and Orders of the said Supreme Court for trials in the said Court, and the said Sheriff shall appoint a day not later than the eighth day after the striking of such jury for the parties or their Agents to appear before him to reduce the number of such jury, and thereof shall give four days' notice to the said Commissioners, and the said other party, and on the day so appointed the Sheriff shall proceed to reduce the said special jury to the number of twenty in the manner used and accustomed in the said Supreme Court.

XL. And it is enacted, that the special jury on such inquiry as last aforesaid shall consist of twelve, of the said twenty who shall first appear on the names being called over, the said Commissioners and the said other party having respectively their lawful challenges against any of the said jurymen, and if a full jury do not appear, and if after such challenges a full jury do not remain then upon the application of the said Commissioners or of the said other party, the Sheriff shall add to the list of such jury the names of any other disinterested persons qualified to act as special or common jurymen in the

কলিকাতার কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত হইলে তিনি তদনুসারে ওয়ারেন্ট বাহির করিবেন। এবং যদি সেই খরচা কোন ভূমি বা বাটী কি এমারতের মালিকের অথবা সেই ভূমিপ্রভৃতির লাভের মালিকের দেয় হয় তবে ঐ মালিককে যে টাকা দিতে জুরিরা স্থির করিয়াছিলেন অথবা পশ্চাৎ লিখিত বিধির অনুসারে সরবেয়র যে মূল্য ধার্য্য করিয়াছিলেন তাহাহইতে উক্ত কমিস্যনরেরা সেই খরচা বাদ দিতে পারেন্ ও আপন হাতে রাখিতে পারেন্। তৎপরে যদি কোন টাকা দেয় থাকে তবে সেই টাকা দেওয়া গেলে অথবা আমানৎ হইলে তাহা সম্পূর্ণ টাকা পরিশোধের ন্যায় জ্ঞান হইবেক। কিন্তু যে টাকা জুরি অথবা সরবেয়র ধার্য্য করিয়াছিলেন যদি খরচা তদপেক্ষা অধিক হয় তবে সেই অধিক টাকা ক্রোকের দ্বারা আদায় হইতে পারে ও হইবেক এবং কলিকাতার কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তাহার দরখাস্ত হইলে তিনি সেই বিষয়ে আপনার ওয়ারেন্ট দিবেন ইতি।

৩৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সেইরূপ ক্ষতিপূরণের বিষয়ে যদি কোন বিরোধ হয় এবং যদি উভয় পক্ষের কোন এক পক্ষ বিশেষ জুরির দ্বারা তাহার নিষ্পত্তি হইবার ইচ্ছা করেন্ তবে সেই বিষয় ঐ প্রকার জুরির দ্বারা বিচার হইবেক কিন্তু যদি অন্য পক্ষ ব্যক্তির সেইরূপ ইচ্ছা থাকে তবে ঐ কমিস্যনরেরদের পূর্ব্বোক্তমতে আপনারদের ওয়ারেন্ট সরিফ সাহেবের নিকটে পাঠাওনের পূর্ব্বে তদ্বিষয়ের এত্তেলা ঐ কমিস্যনরদিগকে দিতে হইবেক। এবং উক্ত কমিস্যনরেরা তন্নিমিত্তে ঐ বিচারকরণার্থ বিশেষ জুরি নিযুক্ত করিতে সরিফ সাহেবের নিকটে আপনারদের ওয়ারেন্ট দিবেন এবং ঐ ওয়ারেন্ট পাইবার পর যথাসাধ্য শীঘ্র সরিফ সাহেব বিশেষ জুরি নিযুক্ত করণের নিমিত্তে যে উপযুক্ত সময় ও স্থান নিরূপণ করেন্ সেই সময় ও স্থানে ঐ কমিস্যনরেরদিগকে এবং ঐ অন্য পক্ষকে স্বয়ং উপস্থিত হইতে অথবা উকীল কি মোখ্তার নিযুক্ত করিতে সমন করিবেন কিন্তু ঐ সময় সমন জারী করণের পর পাঁচ দিনের কম এবং আট দিনের অধিক হইবেক না। সুপ্রিম কোর্টের মোকদ্দমার বিচারের নিমিত্তে ঐ কোর্টের নিয়ম ও বিধানক্রমে যেরূপে জুরি নিযুক্ত করিবার হুকুম আছে সেইরূপে এবং ঐ নিরূপিত সময় ও স্থানে সরিফ সাহেব এক বিশেষ জুরি নিযুক্ত করিবেন এবং উক্ত সরিফ সাহেব ঐ জুরি নিযুক্ত করণের পর আট দিনের অধিক না হয় এইমত কোন দিবস ঐ জুরির সংখ্যা ন্যূন করণার্থ ঐ ব্যক্তিরদিগকে অথবা তাঁহারদের মোখ্তারদিগকে হাজির হইতে হুকুম দিবেন এবং তাহার বিষয়ে ঐ কমিস্যনরদিগকে এবং ঐ অন্য ব্যক্তিদিগকে চারি দিবস থাকিতে সম্বাদ দিবেন এবং ঐ নিরূপিত দিবসে সরিফ সাহেব ঐ সুপ্রিম কোর্টের ব্যবহারানুসারে ঐ বিশেষ জুরির সংখ্যা ন্যূন করিয়া কুড়ি জন জুরি নিরূপণ করিবেন ইতি।

৪০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত তলব হওয়া কুড়ি জন জুরির নাম ডাক হইলে যে বারো জন প্রথম উপস্থিত হন তাঁহারা তদারক করণার্থ বিশেষ জুরিস্বরূপ নিযুক্ত হইবেন এবং ঐ কমিস্যনরেরা এবং ঐ অন্য ব্যক্তিরা ঐ জুরিরদের কোন জনের বিষয়ে আইনমতে আপত্তি করিতে পারেন্ এবং যদ্যপি জুরির সম্পূর্ণসংখ্যক ব্যক্তি উপস্থিত না হন অথবা ঐরূপ আপত্তির পর যদি জুরির সম্পূর্ণসংখ্যক ব্যক্তি না থাকেন তবে ঐ কমিস্যনরেরদের বা ঐ অন্য ব্যক্তিরদের দরখাস্তক্রমে ঐ বিশেষ জুরির সংখ্যা পূর্ণ করণার্থ অন্য যে অপক্ষপাতি ব্যক্তি উক্ত সুপ্রিম কোর্টে বিশেষ অথবা সাধারণ জুরির কর্ম্ম কার্য্যের

said Supreme Court who shall not have been previously struck off the aforesaid list, and who may be then in attendance before the said Sheriff, or can speedily be procured so as to complete such special jury, the said Commissioners and the said other party having respectively their lawful challenges against such persons, and the Sheriff shall proceed to the trial and adjudication of the matters in question by such jury, and such trial shall be attended in all respects with the like incidents and consequences, and the like penalties shall be applicable as hereinbefore provided in the case of a trial by a common jury.

XLI. And it is enacted, that any other inquiry than that for the trial of which such special jury may have been struck and reduced as aforesaid may be tried by such jury, provided the said Commissioners and all the other parties interested therein respectively shall give their consent to such trial.

XLII. And it is enacted, that where the purchase money or compensation to be paid by the said Commissioners for any lands, buildings or tenements to be purchased or used by the said Commissioners shall be payable to any person who by reason of absence from the Presidency of Bengal is prevented from treating, or who cannot after diligent inquiry be found, or who shall not appear at the time appointed for the inquiry before the jury as hereinafter provided after due notice thereof given to him, such purchase money or such compensation to be paid for any permanent injury to such lands, buildings or tenements shall be such as shall be determined by the valuation of such able practical Surveyor as two of the Magistrates of Calcutta aforesaid shall nominate for that purpose as hereinafter provided.

XLIII. And it is enacted, that upon application of the said Commissioners to two of the Magistrates of Calcutta aforesaid, and upon such proof as shall be satisfactory to them that any such party is by reason of absence prevented from treating, or cannot after diligent inquiry be found, or that such party failed to appear on such inquiry before a jury as aforesaid after due notice given to him for that purpose, such Magistrates shall by writing under their hands nominate an able practical Surveyor, approved by the said Commissioners, to determine the amount of such purchase money or compensation as aforesaid, and such Surveyor shall determine the same accordingly, and shall annex to his valuation a declaration in writing signed by him of the correctness thereof.

XLIV. And it is enacted, that before any such Surveyor shall enter upon the duty of making such valuation as aforesaid he shall in the presence of such Magistrates, or one of them make, and subscribe the declaration following at the foot of such nomination by the said Magistrates as aforesaid, that is to say—

I, A. B., do solemnly and sincerely declare, that

যোগ্য এবং পূর্ব্বোক্ত তালিকার মধ্যে নামাঙ্কিত ছিলেন না কিন্তু সেই সময়ে উক্ত সরিফ সাহেবের নিকটে থাকেন অথবা শীঘ্র আনীত হইতে পারেন এইমত ব্যক্তি লইয়া ঐ বিশেষ জুরির সংখ্যা সরিফ সাহেব পূর্ণ করিবেন। এবং ঐ কমিসনরেরা এবং ঐ অন্য ব্যক্তিরা শেষোক্ত জুরি ব্যক্তিরদের বিষয়েও আইনমতে আপত্তি করিতে পারেন এবং সরিফ সাহেব ঐ জুরির দ্বারা উপস্থিত বিষয়ের বিচার ও নিষ্পত্তি করিবেন এবং সাধারণ জুরির দ্বারা মোকদ্দমার বিচার হইলে যেরূপ ইহার পূর্ব্বে নির্দ্দিষ্ট আছে সেইরূপে সর্ব্বতোভাবে এই বিশেষ জুরির দ্বারা বিচার হওয়া মোকদ্দমার কার্য্য ও ফল হইবেক এবং তাহাতে তত্তুল্য গুনাহগারী হইবেক ইতি।

৪১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে মোকদ্দমার নিমিত্তে ঐ বিশেষ জুরি পূর্ব্বোক্তমতে মনোনীত ও নিযুক্ত হন্ তাহাছাড়া অন্য কোন তদারকের আবশ্যক হইলে যদি ঐ কমিস্যনরেরা এবং ঐ অন্য যত ব্যক্তির তাহাতে লাভনোকসান থাকে তাঁহারা তাহাতে সম্মত হন্ তবে সেই তদারক ঐ বিশেষ জুরির দ্বারাও হইবেক ইতি।

৪২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরদের খরীদ করা বা ব্যবহার করা কোন ভূমি বা বাটী অথবা এমারতের নিমিত্ত যে খরীদের অথবা ক্ষতিপূরণের টাকা দিতে হয় যে ব্যক্তি কলিকাতা রাজধানীতে না থাকাপ্রযুক্ত তদ্বিষয়ে কথোপকথন করিতে অক্ষম অথবা যে ব্যক্তিকে যথোচিত অনুসন্ধানের পর না পাওয়া যায় কি উপযুক্ত এত্তেলা পাইলে পর তদারকের নিমিত্ত নির্দ্দিষ্ট সময়ে পশ্চাৎ লিখিতমতে ধার্য্যহওয়া জুরির সম্মুখে উপস্থিত না হন্ এইমত ব্যক্তিকে যদি সেই টাকা দেয় হয় তবে ঐ খরীদের যে টাকা অথবা ঐ ভূমি বা বাটী কি এমারতের কোন চিরস্থায়ি ক্ষতিপূরণের যে টাকা দিতে হইবেক তাহা পূর্ব্বোক্ত কলিকাতার দুই জন মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা মনোনীত করা দক্ষ ও কর্ম্মনিপুণ সরবেয়র ধার্য্য করিবেন ইতি।

৪৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরা কলিকাতার পূর্ব্বোক্ত দুই জন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিলে যদি ঐ মাজিষ্ট্রেট সাহেবেরদের এইমত হৃদ্বোধজনক প্রমাণ হয় যে ঐ ব্যক্তি অবর্ত্তমান থাকাপ্রযুক্ত তাঁহার সঙ্গে কথোপকথন হইতে পারে না অথবা উপযুক্ত অনুসন্ধানের পর পাওয়া না যায় অথবা তাঁহাকে তন্নিমিত্ত উপযুক্ত এত্তেলা দিলে পর সেই ব্যক্তি পূর্ব্বোক্ত জুরির সম্মুখে উপযুক্ত সময়ে হাজির হইলেন না তবে ঐ মাজিষ্ট্রেট সাহেবেরা স্বহস্তে লিখনের দ্বারা পূর্ব্বোক্ত খরীদ বা ক্ষতিপূরণের টাকার সংখ্যা নির্ণয় করণার্থ উক্ত কমিস্যনরেরদের মঞ্জুরহওয়া এক দক্ষ ও কর্ম্মনিপুণ সরবেয়র মনোনীত করিবেন এবং ঐ সরবেয়র ঐ মূল্য নিরূপণ করিবেন এবং ঐ মূল্য নিরূপণের কৈফিয়তের শেষে লিখিবেন যে তাহা যথার্থ হইয়াছে এবং তাহাতে দস্তখৎ করিবেন ইতি।

৪৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত সরবেয়র ঐরূপ মূল্য নিরূপণের কার্য্য আরম্ভের পূর্ব্বে ঐ দুই জন মাজিষ্ট্রেট অথবা তাঁহারদের এক জন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উক্ত মাজিষ্ট্রেট সাহেবেরদের নিয়োগপত্রের নিম্ন ভাগে পশ্চাৎ লিখিত প্রতিজ্ঞা করিবেন ও তাহাতে দস্তখৎ করিবেন।

আমি অমুক ধর্ম্মতঃ ও সরলতাপূর্ব্বক প্রতিজ্ঞা করি-

I will faithfully, impartially and honestly, according to the best of my skill and ability execute the duty of making the valuation hereby referred to me.

A. B.

Made and subscribed
in the presence of

C. D.

And if any such Surveyor, shall corruptly make such declaration, or having made such declaration, shall wilfully act contrary thereto he shall be deemed guilty of a misdemeanour.

XLV. And it is enacted, that the said nomination and declaration shall be annexed to the valuation to be made by such Surveyor and shall be preserved together therewith by the Clerk to the said Commissioners, and he shall at all reasonable times produce at his office the said valuation and other documents on demand to the Owner of lands, buildings or tenements comprized in such valuation and to all other parties interested therein.

XLVI. And it is enacted, that in estimating the purchase money or compensation to be paid by the said Commissioners in any of the cases aforesaid regard shall be had by the Magistrates, Arbitrators or Surveyors, as the case may be, not only to the value of the lands, buildings or tenements to be purchased by the said Commissioners, but also to the damage if any to be sustained by the Owners of the lands, buildings or tenements by reason of the severing of the said lands, buildings or tenements taken from other lands, buildings or tenements of such Owner, or otherwise injuriously affecting such other lands, buildings or tenements by the exercise of the powers of this Act.

XLVII. And it is enacted, that where the compensation payable in respect of any land, buildings or premises, or any interest therein, shall have been ascertained by the valuation of a Surveyor and deposited as hereafter provided by reason that the Owner of or party entitled to convey such lands, buildings and tenements, or such interest therein as aforesaid, could not be found or was absent, and such Owner or party shall be dissatisfied with such valuation it shall be lawful for him before he shall have applied as hereinafter provided for payment or investment of the monies so deposited under the provisions herein contained, by notice in writing to the said Commissioners to require the question of such compensation to be submitted to arbitration, and thereupon the same shall be so submitted accordingly in the same manner as in other cases of disputed compensation hereinbefore authorized or required to be submitted to arbitration.

XLVIII. And it is enacted, that the question to be submitted to the arbitrators in the case last aforesaid shall be whether the said sum so deposited as aforesaid by the said Commissioners was a sufficient sum, or whether any and what further sum ought to be paid or deposited by them.

(*To be continued.*)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৫ জানুআরি।]

তেছি যে মুল্য নিরূপণের যে কার্য্য আমার প্রতি অর্পণ হইয়াছে তাহা আমি বিশ্বস্ত ও অপক্ষপাত এবং যথার্থরূপে বুদ্ধি সাধ্যপর্য্যন্ত নির্ব্বাহ করিব।

শ্রীঅমুক।

শ্রীঅমুকের সম্মুখে
দস্তখৎ করা গেল।

এবং যদি কোন সরবেয়র রেশ্বৎ লইয়া সেইরূপ কোন প্রতিজ্ঞা করেন অথবা সেইরূপ প্রতিজ্ঞা করণের পর জানিয়া শুনিয়া তাহার বিরুদ্ধ কোন কার্য্য করেন তবে সেই ব্যক্তি অপরাধ করিয়াছেন এই মত জ্ঞান হইবেক।

৪৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ নিয়োগপত্র এবং ঐ প্রতিজ্ঞা ঐ সরবেয়রের করা মুল্য নিরূপণের কৈফিয়তের শেষে দেওয়া যাইবেক এবং ঐ কমিস্যনরেরদের মুহুরীর তাহা তাহার সঙ্গে রাখিবেন এবং ঐরূপ মুল্য নিরূপণ করা ভূমি কি বাটী অথবা এমারতের মালিক অথবা তাহাতে অন্য যে সকল ব্যক্তির ক্ষতিবৃদ্ধি থাকে তাঁহারা দাওয়া করিলে ঐ মুহুরীর সকল উপযুক্ত সময়ে ঐ মুল্যনিরূপণের কৈফিয়ৎ এবং অন্যান্য দলীলদস্তাবেজ তাঁহারদিগকে দেখাইবেন ইতি।

৪৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত কোন গতিকে ঐ কমিস্যনরেরদের খরীদ অথবা ক্ষতি পূরণের যে টাকা দিতে হয় তাহা নিরূপণকরণের সময়ে মাজিষ্ট্রেট সাহেব অথবা সালিস কি সরবেয়র বিষয়বিশেষে ঐ কমিস্যনরেরা যে ভূমি কি বাটী বা এমারৎ খরীদ করিতে উদ্যত কেবল তাহার মুল্যের বিষয় বিবেচনা করিবেন এমত নহে কিন্তু যদি ঐ ভূমি কি বাটী বা এমারতের মালিকের অন্য বাটী বা ভূমি কি এমারৎহইতে পৃথক্করণের দ্বারা সেই বাটী বা ভূমি কি এমারতের কোন ক্ষতি হয় অথবা এই আইনের ক্ষমতানুসারে কার্য্য করণের দ্বারা সেই অন্য ভূমি বা বাটী কি এমারতের অন্য প্রকার অপচয় হয় তবে তাহাও বিবেচনা করিবেন ইতি।

৪৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সেই বাটী বা ভূমি কি এমারৎ কিম্বা পূর্ব্বোক্তমতে তাহাতে কোন লাভ হস্তান্তর করিতে যে মালিক অথবা অন্য ব্যক্তির অধিকার আছে সেই ব্যক্তির অনুসন্ধান না পাওয়া অথবা সেই ব্যক্তি বর্ত্তমান না হওয়াপ্রযুক্ত সেই ভূমি বা বাটী কি এমারৎ বা তাহার মধ্যে কোন লাভের নিমিত্তে দেয় ক্ষতিপূরণের টাকা পূর্ব্বোক্তমতে সরবেয়রের দ্বারা নিরূপণ হইলে এবং পূর্ব্বোক্তমতে আমানৎ হইলে যদি সেই মালিক বা অন্য ব্যক্তি তাহাতে সম্মত না হন তবে সেই ব্যক্তি পশ্চাৎ লিখিত বিধানক্রমে আমানৎহওয়া টাকা পাওনের বিষয়ে অথবা অর্পণের বিষয়ে পশ্চাৎ লিখিতমতে দরখাস্তকরণের পূর্ব্বে উক্ত কমিস্যনরদিগকে এমত লিখিত এত্তেলা দিতে পারেন যে ঐ ক্ষতিপূরণের টাকার বিষয় সালিসীতে অর্পণ হয় এবং তাহা হইলে বিরোধি অন্যান্য ক্ষতিপূরণের টাকার বিষয়ে যেরূপে ইহার পূর্ব্বে লিখিতমতে সালিসীতে অর্পণ করণের ক্ষমতা ও হুকুম দেওয়া গিয়াছে সেইরূপে তাহা সালিসীতে অর্পণ হইবেক ইতি।

৪৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে শেষোক্ত গতিকে উক্ত কমিস্যনরেরা যে টাকা পূর্ব্বোক্তমতে আমানৎ করিয়াছেন তাহা প্রচুর কি তাঁহারদের আরো কোন টাকা দিতে হইবেক এবং কত টাকা দিতে বা আমানৎ করিতে হইবেক এই২ বিষয় সালিসেরদের প্রতি অর্পণ হইবেক ইতি।

(ইহার অবশিষ্ট অন্যসময়ে প্রকাশ হইবেক।)

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 13.

To the Sessions Judges, Magistrates and Joint Magistrates in the Lower Provinces.

With reference to the Constructions noted in the Margin,* which communicate that whenever the commitment of one Prisoner may be requisite under the Regulations all others implicated in the same offence, should likewise be committed, the Nizamut Adawlut direct that, if such a circumstance induce commitment the same shall be stated by the Magistrates, and Officers exercising the powers of Magistrates, as other circumstances, necessitating commitment in cases otherwise within the Magistrate's competence to pass sentence are required to be stated by their Circular Order No. 239, dated 1st September, 1820.

2d. In the case of a party, whom, but for the commitment of his accomplices, the Magistrate could have sentenced, the Court observe that the Session Judges should refrain from awarding to him a greater measure of punishment than the Magistrate has authority to impose for offences of the kind.

3d. The Session Judges must, for this purpose, be careful that the Magistrates duly note the reason for commitment in their roobacarees, and they must themselves show in their remarks, under what circumstances the sentence recorded has been adjudged.

W. KIRKPATRICK, *Deputy Register.*
Fort William, the 30th October, 1846.

No. 14.

To the Criminal Authorities in the Lower Provinces.

The Courts of Nizamut Adawlut for the Lower and North-Western Provinces, having reconsidered their Circular Order No. 1, dated Lower Provinces 15th September, and Western Provinces 10th November, 1837, are agreed, that it needs amendment, giving too restricted a meaning to the Provisions of Section 6, Regulation II. of 1834 the Courts are of opinion, that all offences which are opposed to the maintenance of discipline in the public jails, are when committed by "convicts sentenced to labor in irons" punished with stripes under the law cited, and they are pleased, accordingly to declare, that the exception, enacted in the said Section 6, Regulation II. of 1834, shall be held to extend to the several offences enumerated in Section 5, Regulation XIV. of 1816, as opposed to the maintenance of "good order and discipline" in the jails, whenever such offences may be established against "convicts sentenced to labor in irons."

2. The Court desire it, however, to be borne in

* No. 379, dated 8th April, 1825.
No. 622, dated 28th January, 1831.

[*Government Gazette, 5th January,* 1847.]

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব এবং শ্রীযুত জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

নীচের লিখিত* আইনের অর্থেতে বিধান হইয়াছে যে যখন আইনক্রমে কোন অপরাধিকে সোপর্দ্দ করিতে হয় তখন সেই অপরাধেতে লিপ্ত অন্য সকল ব্যক্তিকেও সেই প্রকারে সোপর্দ্দ করা যাইবেক ঐ আইনের অর্থের উপলক্ষে সদর নিজামৎ আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে যদি তৎপ্রযুক্ত অপরাধিকে সোপর্দ্দ করণের আবশ্যক হয় তবে অন্য যে মোকদ্দমায় মাজিষ্ট্রেট সাহেব দণ্ডাজ্ঞা দিতে পারেন সেই মোকদ্দমায় যেং কারণপ্রযুক্ত মোকদ্দমা সোপর্দ্দকরণের আবশ্যক হয় তাহা যেরূপে লিখিবার ১৮২০ সালের ১ সেপ্টেম্বর তারিখের ২৩৯ নম্বরী সরকুলর অর্ডরে হুকুম আছে সেইরূপে মাজিষ্ট্রেট সাহেব এবং মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেব সেইং কারণ লিখিবেন।

২। যে গতিকে অপরাধিরদের সঙ্গিরদিগের সোপর্দ্দ না হইলে মাজিষ্ট্রেট সাহেব অপরাধির দণ্ডাজ্ঞা আপনি করিতে পারিতেন সেই গতিকে সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে সেই প্রকার দোষের মাজিষ্ট্রেট সাহেবের যেপর্য্যন্ত দণ্ড করিবার ক্ষমতা আছে ততোধিক দণ্ডের হুকুম সেশন জজ সাহেব না দেন।

৩। এইহেতুক সেশন জজ সাহেবেরা বিশেষ সাবধান থাকিবেন যে মাজিষ্ট্রেট সাহেবেরা অপরাধিদিগকে সোপর্দ্দ করণের কারণ আপনং রুবকারীতে রীতিমত লেখেন এবং তাঁহারদের করা দণ্ডাজ্ঞা যে বিষয় বিবেচনা করিয়া হইয়াছে তাহা সেশন জজ সাহেবেরা স্বয়ং মন্তব্য কথায় লিখিবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৩০ অক্টোবর।

১৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও উত্তর পশ্চিম প্রদেশের সদর নিজামৎ আদালতের সাহেবেরা বাঙ্গলাপ্রভৃতি দেশের ১৮৩৭ সালের ১৫ সেপ্টেম্বর তারিখের ও পশ্চিম প্রদেশের ১০ নবেম্বর তারিখের ১ নম্বরী সরকুলর অর্ডর পুনরায় বিবেচনা করিয়া দেখিয়াছেন যে তাহা শুধরাইবার আবশ্যক আছে যেহেতুক তাহার দ্বারা ১৮৩৪ সালের ২ আইনের ৬ ধারার বিধানের অতি সঙ্কুচিত অর্থ করা গিয়াছে। সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে সরকারী জেলখানার সুশাসনের বিঘ্নজনক যে সকল অপরাধ হয় সেইং অপরাধ বেড়িসমেত খাটিবার দণ্ডপ্রাপ্ত কয়েদীর দ্বারা করা গেলে উক্ত আইনানুসারে তাহার বেত্রাঘাত দণ্ড হইতে পারে এবং তাঁহারা তদনুসারে হুকুম করিতেছেন যে ১৮১৬ সালের ১৪ আইনের ৫ ধারার লিখিত যে সকল অপরাধের দ্বারা জেলখানার উত্তম নিয়ম ও সুশাসনের বিঘ্ন হয় সেইং অপরাধ বেড়িসমেত খাটিবার দণ্ডপ্রাপ্ত কয়েদীর প্রতি সাব্যস্ত হইলে ১৮৩৪ সালের ২ আইনের উক্ত ৬ ধারার লিখিত বর্জ্জিত কথা সেইং অপরাধের বিষয়ে খাটে।

২। পরন্তু সদর আদালতের সাহেবেরা এই বিষয়ে বিশেষ

*১৮২৫ সালের ৮ আপ্রিল তারিখের ৩৭৯ নম্বর।
১৮৩১ সালের ২৮ জানুআরি তারিখের ৬২২ নম্বর।

mind, that "corporal punishment" must be "moderate" and that it should be inflicted only when it is thought to be "unavoidable for the maintenance of the discipline of the jails."

W. Kirkpatrick, *Deputy Register*.
Fort William, the 13th November, 1846.

মনোযোগ করিতে হুকুম করিতেছেন যে শারীরিক দণ্ড কোমলরূপে দিতে হইবেক এবং যখন বোধ হয় যে জেলখানার সুশাসন পালনের নিমিত্ত ঐ শারীরিক দণ্ড না দিলে নয় কেবল এইমত গতিকে দেওয়া যাইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৩ নবেম্বর।
John C. Marshman, *Bengalee Translator*.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 26th December, 1846.

APPOINTMENTS.

Lala Gopaul Laul, to be Moonsiff of Hazareebaugh, vice Hurnath Singh, pensioned.

Moulvy Tuffuzul Ruhman, Moonsiff of Tanore, Zillah Rajshahye, to be Moonsiff of Ranaghat Zillah Nuddea.

Baboo Gopeekishen Banerjee, to be Acting Moonsiff of Mungulcote, Zillah East Burdwan.

LEAVES OF ABSENCE.

Sukawut Hossein, Moonsiff of Dowlutgunge, Zillah Nuddea, for ten days, in excess of the period of the Mohurrum Vacation.

Baboo Koonjolaul Banerjee, Moonsiff of Chowgong, Zillah Rajshahye, for one month, beyond the period of the Mohurrum Vacation.

J. Hawkins, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৬ সাল ২৬ ডিসেম্বর।

নিয়োগ।

শ্রীযুত হরনাথ সিংহ পেন্স্যন পাইয়াছেন অতএব তাঁহার পরিবর্তে শ্রীযুত লালা গোপাললাল হাজারীবাগের মুনসেফ হইবেন।

জিলা রাজশাহীর তানুরের মুনসেফ শ্রীযুত মৌলবী তফজ্জল রহমান জিলা নদীয়ার রাণাঘাটের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বাঁড়ুয্যা জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

জিলা নদীয়ার দৌলতগঞ্জের মুনসেফ শ্রীযুত সকাবৎ হুসেন মহরমের বন্দের অতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা মহরমের বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৪১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিযোগ।

১৮৪৬ সাল ২৩ ডিসেম্বর।

শ্রীযুত মাকলোড ওএলি সাহেব (Mr. Macleod Wylie,) কোর্ট রিকেস্টের তৃতীয় কমিস্যনর হইবেন।

শ্রীযুত পণ্ডিত উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্নের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাটনার সদর আমীন শ্রীযুত মৌলবী আহমদ বক্শ রঙ্গপুরের প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সারণের পরশার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত সি মাকডনাল্ড সাহেব (Mr. C. Macdonald,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত পাটনার সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

গত মাসের ২৫ তারিখে শ্রীযুত জে পিরন সাহেবের (Mr. J. Piron,) চাটিগাঁর ডেপুটী কালেক্টরী কর্ম্মে যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

১৮৪৬ সাল ২৪ ডিসেম্বর।

শ্রীযুত জি গফ সাহেব (Mr. G. Gough,) পাটনার সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৬ সাল ৯ ডিসেম্বর।

মেদিনীপুরের নিমকচৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ জে মষ্টন সাহেব (Mr. H. J. Muston,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত অক্টোবর মাসের ৬ তারিখঅবধি ১৬ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বহরমপুরের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ডবলিউ উইঞ্চেষ্টর সাহেব (Revd. W. Winchester,) গত সেপ্টেম্বর মাসের ৫ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৫ জানুআরি।]

১৮৪৬ সাল ২৩ ডিসেম্বর।

মুঙ্গেরের কালেক্টর শ্রীযুত আর এফ হডসন সাহেব (Mr. R. F. Hodgson,) আসিষ্টাণ্ট শ্রীযুত এফ টকর সাহেবের (Mr. F. Tucker,) প্রতি আপন কাছারীর কর্ম্মের ভার অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের মাজিষ্ট্রেট শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) এক মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার ডেপুটী কালেক্টর শ্রীযুত ডি ডবলিউ ফ্রেজর সাহেব (Mr. D. W. Fraser,) গত মাসের ১৮ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন গত মাসের ২৫ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৪ ডিসেম্বর।

পাটনার সিবিল ও সেশন্ জজ শ্রীযুত টি সি স্কট সাহেব (Mr. T. C. Scott,) এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৮ ডিসেম্বর।

কটকের দক্ষিণ অঞ্চলের মাজিষ্ট্রেট ও কালেক্টর এবং নিমকের এজেণ্ট শ্রীযুত আর বি গার্‌রেট সাহেব (Mr. R. B. Garrett,) আপন কর্ম্মের ভার শ্রীযুত টি বি মাকটিয়র সাহেবের (Mr. T. B. Mactier,) প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৯ ডিসেম্বর।

নদীয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত ই টি ট্রবর সাহেব (Mr. E. T. Trevor,) গত মাসের ১৯ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[Government Gazette, 5th January, 1847.]

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারাঅনুসারে জিলা ঢাকা জালালপুরের নীচের লিখিত মহাল সন ১২৫৩ সনের লাগায়ত ১ পৌষের পাওনা বাকী মালগুজারি নিমিত্তে ইঙ্গরেজী সন ১৮৪৭ সনের ২৩ জানুআরি মোতাবেক সন ১২৫৩ সনের ১১ মাঘ শনিবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৪৬ সন তারিখ ৩০ ডিসেম্বর মোতাবেক ১২৫৩ সনের ১৬ পৌষ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	১২৫৩ সনের ১ পৌষের পাওনা বাকী
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	২১২	পং রাজনগর মুং হিং পীতাম্বর সেন কিং ছাব্বিশপাড়া	রামচন্দ্র গাঙ্গুলি	১১৮৸৶৬	৩৪৷৶
		২১৭	পং মুলতান প্রতাপ হিং ‍/১০ আনী	মুক্তারাম	১১০ ৷৶৯॥	২৩৶
		৭১৬	খাং পং বিক্রমপুর তাং রামরত্ন গুহ ...	রামরত্ন গুহ	৩৪৶২	২৫॥০
		১১৩০	পং বন্দর একরামপুর তাং সেখ আওনিয়া ...	সেখ আওনিয়া	৩৬ ।৫	১৮৲
		১১৮৬	পং তানিপাবাদ তাং আবদুল গফুর মুং তাং খোয়াজ মামুদ ভুঞা	খোয়াজমামুদ ভুঞা	৪১॥৬	২৯॥০
		১২৪৬	তং ইছাপুর তাং সীতারাম রায়	সীতারাম রায়	৮৮।৬॥	৬৬ ।০
		১২৭০	তং লাএক্বানগর তাং কালু নাজির মুং নজর মহামুদ	কালুনাজির	৩৩॥৶৯	২৫॥০
		১৫০৮	তং আরজাবাদ হিং ৶ আনী তাং সেখ রহিমদ্দী	সেখ রহিমদ্দী	২০৸৯॥	১১৸৶
		১৬৮২	মুং নরসিংহ গঙ্গাধর তাং কৃষ্ণচন্দ্র সেন ...	কৃষ্ণচন্দ্র সেন	১০ ৷/৪	৭৸০
		২৫২২	পং রসুলপুর হিং ॥৶ আনী তাং বিষ্ণুশঙ্কর চাটুর্য্যি	বিষ্ণুশঙ্কর চাটুর্য্যি	৭৩ ৷৶৫	৫৫৲
		২৯৪৫	তং রামকৃষ্ণপুর হিং ৷৶ আনী তাং রাধাকৃষ্ণ দাস	রাধাকৃষ্ণ দাস	১৯৷৶১১॥	১৪ ।০
		৫০৪৫	তং হাওলি মামুদপুর তাং সেখ রহিমদ্দী ...	সেখ রহিমদ্দী	১৯৶২॥	১০॥০
		৬২১১	সাবেক হুজুরি তাং শ্রীবল্লভ দাস	শ্রীবল্লভ দাস	১২ ।০	৯ ।০

J. W[illegible], Offg. Collecto

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা দরঙ্গের তৌজিভুক্ত অনাকাইমী নীচের লিখিত মহাল সন ১২৫০ । ৫১ । ৫২ সনের বকয়া বাকী রাজস্বাদি নিমিত্তে সন ১৮৪৭ সালের ৪ জানুআরি মোতাবেক সন ১২৫৩ সনের ২১ পৌষ সোমবার রোজ উক্ত জেলার শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ ইংরেজী তারিখ ১৬ ডিসেম্বর মোতাবেক সন ১২৫৩ সাল তারিখ ২ পৌষ ।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	জেলার তৌজিতেমহালের নম্বর	নাম মহাল	মালিকের নাম	সদর জমা	যাহা সন ১৮৪৬ সাল ইংরেজির ৩০ আপ্রেল তক বাকী	মন্তব্য কথা
নং ১৩	ইস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল	নং ৮	দেশ দরঙ্গ	অহল্যা হরিণী	১০৮৵৩	৭১০৸৵৩	মুচুলম হক যাহা এই মহালের ১ মৌজাতে আছে তাহা বিক্রয় হইবেক আর এই মাটী খেরাজি আধা নিরিখে জমা ধার্য্য আছে পরন্তু মাটীতে উত্তম ফসল হয় ইতি

J. T. GORDON, *Collector.*

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জেলা দিনাজপুরের নীচের লিখিত মহাল ১২৫৩ সনের অগ্রহায়ণ মাসপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্ত ১৮৪৭ সনের জানুআরি মাসের ২০ মোতাবেক ১২৫৩ সনের মাঘ মাসের ৮ তারিখ বুধবারে কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি তারিখ ২৯ ডিসেম্বর ১৮৪৬ মোতাবেক ১৬ পৌষ ১২৫৩ সাল।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১২৫৩ সনের অগ্রহায়ণ মাসের কিস্তীপর্য্যন্তের বাকী	মন্তব্য কথা
নং ১	চিরস্থায়ি বন্দোবস্ত হওয়া মহাল	৫৫৬	মৌজে ধনঞ্জয় নগর ওগয়রহ পং সন্তোষ জমি ১১৮/২	রামকেশব ভট্টাচার্য্য ওগয়রহ	৬৪৴৸	২০৲	এ মহাল বাজেয়াপ্তী লাখেরাজ ভূমি চিরস্থায়ি বন্দোবস্ত হইয়াছে। মোছলম নীলাম হইবেক।

C. STEER, *Collector.*

এশতহারনামা কাছারী কমিস্যনরি সুন্দরবন এই যে

যেহেতুক সুন্দরবনসম্পর্কীয় ১৮। ১২২। ১৩৩ নং লাটহায়ের পাট্টা সুন্দরবনের জঙ্গল আবাদির নিয়মানুসারে বিলি করা যাইবেক অতএব ঘোষণা করা যাইতেছে যে যে কোন ব্যক্তি ঐ লাট মজকুরানের পাট্টা গ্রহণের বাঞ্ছিত হয় তাহার উচিত যে মেয়াদ ১ মাস মধ্যে স্বয়ং কিম্বা মোক্তার দ্বারা অত্রাপিসে হাজির হইয়া অথবা ডাক যোগে দরখাস্ত করে ইতি সন ১৮৪৬ ইং তারিখ ২৬ ডিসেম্বর মোতাবেক সন ১২৫৩ বাং তারিখ ১২ পৌষ।

উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of JOHN PEREIRA, late of Mukhunwallah Gully, in the Town of Calcutta, an Assistant in the Bengal Hurkaru Printing Office, and now a Prisoner for debt, in the Common Jail of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, &c., are appointed to be heard in the said Court, on Saturday the sixth day of February next.

The names of the creditors of the said JOHN PEREIRA, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, Dec., 1846. **W. H. DUFF, *Attorney for the Insolvent.***

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

পূর্ব্বে কলিকাতা নগরের মাখনওয়ালা গুলিনিবাসি বাঙ্গলা হরকরার ছাপাখানার আসিষ্টান্ট জান পেরেরা সাহেব ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি ফেব্রুআরি মাসের ৬ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত জান পেরেরা সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬। ডিসেম্বর। ডবলিউ এচ ডফ। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ৫ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 12, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ১২ জানুআরি।

NOTICE.

With reference to the small number of applications, and to certain arrangements in contemplation in regard to the office of Pleader in the Civil Courts, the examination of candidates for that office prescribed by the Circular Order No. 17, of the 17th July, 1846, to be held on the 1st proximo, will be postponed until further orders.

J. HAWKINS, *Register.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 2d January, 1847.

Moulvy Khyroollah to be Acting Moonsiff of Mudergunge, Zillah Mymensingh.

The 6th January, 1847.

Moonshee Ameenooddeen, formerly Sudder Ameen under the old system, and Moonsiff under Regulation V. 1831, in Chittagong, to be Moonsiff of Ameergaon, Zillah Tipperah.

J. HAWKINS, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত আনরবিল ডেপুটি গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ৩০ ডিসেম্বর।

কটকের কালেক্টর শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr. M. S. Gilmore,) জিলার মফঃসলে গমনার্থ বর্ত্ত-

[*Government Gazette, 12th January,* 1847.]

ইশ্‌তিহার।

দেওয়ানী আদালতের উকীলের পদের বিষয়ে অতি অল্প লোক দরখাস্ত করিয়াছেন এবং কোনং নূতন নিয়ম করণের কল্প হইয়াছে এইপ্রযুক্ত সেই পদের কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহানের বিষয়ে ১৮৪৬ সালের ১৭ জুলাই তারিখের ১৭ নম্বরী সরকুলর অর্ডরে আগামি মাসের যে ১ তারিখ নির্দ্দিষ্ট ছিল তাহা আর হুকুম না হওনপর্য্যন্ত স্থগিত থাকিবেক।

জে হকিন্স। রেজিষ্টর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২ জানুআরি।

শ্রীযুত মৌলবী খাইরুল্লা জিলা ময়মনসিংহের মদার-গঞ্জের একটিং মুনসেফ হইবেন।

১৮৪৭ সাল ৬ জানুআরি।

সাবেক নিয়মমতে সদর আমীন ও ১৮৩১ সালের ৫ আইনানুসারে চাটিগাঁর মুনসেফ শ্রীযুত মুনশী আমিনু-দ্দীন জিলা ত্রিপুরার আমীরগাঁয়ের মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

মান মার্চের ১৮ তারিখে আপন খাজানাখানার ভার শ্রীযুত টি বি মাকটিয়র সাহেবের (Mr. T. B. Mactier,) প্রতি অর্পণ করেন।

ত্রিপুরার মাজিষ্ট্রেট শ্রীযুত এচ ডি এচ ফরগুসন সাহেব (Mr. H. D. H. Fergusson,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr. G. C. Cheap,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

সান্দোএ স্থানে আরাকাণের কমিস্যনর সাহেবের একটিং প্রধান আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট এ ফিচ সাহেব (Lieutenant A. Fytche,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ কাম্বেল সাহেব (Mr. A. Campbell,) সরকারী কর্ম্মেতে ভোটান অঞ্চলে গমনার্থ বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান জি ডবলিউ বিশপ সাহেবের (Captain G. W. Bishop,) প্রতি অর্পণ করেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) বর্ত্তমান মাসের ২২ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

২৪৩৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৩০ ডিসেম্বর।

শ্রীযুত ই জেনকিন্স সাহেব (Mr. E. Jenkins,) হাবড়ার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এম ক্রো সাহেব (Mr. M. Crow,) প্রথম শ্রেণীর ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু তারাচাঁদ ঘোষ হুগলীর ডেপুটী কালেক্টর হইবেন এবং হুগলীতে ও চব্বিশপরগনায় ও বারাসতে ও সুন্দরবনে ১৮২২ সালের ৭ আইনের এবং ১৮২৫ সালের ৯ আইনের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত ই এচ লশিংটন সাহেব (Mr. E. H. Lushington,) বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি চাটিগাঁর মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৯ ডিসেম্বর।

মেদিনীপুরের কালেক্টর শ্রীযুত জে এস টরেন্স সাহেব (Mr. J. S. Torrens,) আপন কাছারীর কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবচন্দ্র দেবের প্রতি অর্পণ করিয়া পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ৩০ ডিসেম্বর।

বাঁকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার আসিষ্টান্ট শ্রীযুত এল বি বৌরিং সাহেবের (Mr. L. B. Bowring,) প্রতি অর্পণ করিয়া দুই মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের সিবিল ও সেশন জজ শ্রীযুত অনরবিল আর ফর্বস সাহেব (Hon'ble R. Forbes,) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

হবিগঞ্জার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে জি কাম্বেল সাহেব (Mr. J. G. Campbell,) আপন কর্ম্মস্থানে পঁহুছিবার নিমিত্তে যত দিনের ছুটী পান্ তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

পুরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী রুকনুদ্দীন খাঁ মহরমের বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ৩০ ডিসেম্বর।

নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌণ সাহেব (Mr. J. C. Brown,) বর্ত্তমান মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

	ঐ	২৬৯৬	তরফ সৈদ আলাম	কালিদাস	২০।/৫	৪।০	ঐ
	ঐ	২৭৪৪	তরফ সোনাগাজি	খোদ	১১৸/১১	১৪৸৶৬	ঐ
	ঐ	২৮২৬	তরফ সামাদরাণ আলি	খোদ	২৬।৶	১১৸৬	ঐ
	ঐ		তরফ আমিনল্লা করিমল্লা	খোদ	১৩০৻৯	১৮৷৴	এই মাহাল মোছালেহা নিজমাহালের বাকির কারণ বিক্রী হইবেক।
	বিকাইমি	১১৫	তরফ ছুনাওল্লা	আগবর আলী	১৸৭	৩৷/২	এই মাহাল মোছালেহা নিজমাহালের কারণ গত ১২ নবেম্বর তারিখে নীলাম হইয়াছিল তেতমা কিস্মত দাখিল না হওয়াতে ছানি লাটে বিক্রী হইবেক।
	ঐ	৯৬২	তরফ রামদাস	জয়চন্দ্র	১১৶২	৫৷/১	এই মাহাল মোছালেহা নিজমাহালের বাকির কারণ বিক্রী হইবেক।
	কায়মী	২০	তালুক মহবল্লা খোন্দকার	মনতাজ বানু আরমল্লা ছনিমল্লা	১৭৫৷/১০	২৯৷/৬	এই মান বাজেআপ্তি নিজমাহালের বাকির কারণ বিক্রী হইবেক।

[*Government Gazette*, 16*th March*, 1847.]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ১৬ মার্চ।]

নম্বর	রকম	মাহালের রকম	মাহালের নম্বর	মাহালের নাম	মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৭ ইং ২৫ ফেব্রুআরির পরের যে বাকী	কৈফিয়ৎ
		কায়মী	৪০	তালুক গৌরীশঙ্কর সেন	খোদ	৵১	।৶১	এই মাহাল বাজেআপ্তী নিজমাহালের বাকীর কারণ নীলাম হইবার গত ১২ নবেম্বর তারিখে নীলাম হইয়াছিল তেতয়া কিস্মত দাখিল না হওয়াতে ছানি লাটে বিক্রী হইবেক।
		ঐ	৮	তালুক আনু	খোদ	॥৩	॥/১১	ঐ
		ঐ	৬	তালুক হিরাগাজি	খোদ	৫ ।৯	১০॥/৬	ঐ
		ঐ	১২	তালুক মিটান মিয়াজান	খোদ	।/০	১৲৭	ঐ
		ঐ	৩৪	তালুক শ্রীমতী নুরন্নিছা	খোদ	১১ ।৯	৫॥৵৪	এই মাহাল বাজেআপ্তী নিজমাহালের বাকীর কারণ নীলাম বিক্রী হইবেক।
		ঐ	৪৩	তালুক চণ্ডীচরণ	খোদ	॥৶১১	১৸৬	ঐ
		ঐ	১৩১	তালুক পোতনকাজি	খোদ	।/৬	৸/	এই মাহাল বাজেআপ্তী নিজ মাহালের বাকীর কারণ গত ১১ নবেম্বর তারিখে নীলাম হইয়াছিল তেতয়া কিস্মত দাখিল না হওয়াতে ছানি লাটে বিক্রী হইবেক।
		ঐ	৬০	জিং সেখ মহম্মদ আদিত মালিক তালুকদার ফাজিল কিসমতে দেবীচরণ গৌরীচরণ শিবচরণ শ্রীচান্দ রামদাস বানু নাগরচান্দ	খোদহায়	৩৭৶১১	১ ।/ ৬	এই মাহাল বাজেআপ্তি নিজ মাহালের বাকীর কারণ বিক্রী হইবেক।
		ঐ	১৪	তালুক মাহাম্মদ দাএম রহমত হেসামদ্দিন মাহাম্মদ হোচন আবদুল হোচন	নজর মাহাম্মদ	১৸/৬	৩॥৵	এই মাহাল বাজেআপ্তী নিজ মাহালের বাকীর কারণ গত ১১ নবেম্বর তারিখে নীলাম হইয়াছিল তেতয়া কিস্মত দাখিল না হওয়াতে ছানি লাটে বিক্রী হইবেক।

A. Sconce, *Collector.*

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা যশর।

বানেরবনিবাসি হরশঙ্করদাস নাবালগের জায়দাদ তালুক পরগনে মশীব শাহির অন্তঃপাতি কিং রাজধরপুর সদর জমা ৮১৲ টাকা ইস্তক সন ১২৫০ সাল লাগাএত সন ১২৫৩ সাল বাঙ্গলা ১৪৮৲ টাকা নিট জমায় কামাল দিয়ানিবাসি গুরুপ্রসাদ রায়ের সহিত ইজারা বন্দবস্ত হইয়া খাজানা আদায় ইহতেছে বর্ত্তমান সন ১২৫৩ সাল গত হওয়ার উপক্রম ও আগামি চৈত্র মাসে ঐ ইজারার মেয়াদ গত হইবেক এক্কারণ নাবালগের বয়ঃপ্রাপ্তপর্য্যন্ত অর্থাৎ ইং সন ১২৫৪ সাল লাং সন ১২৫৬ সাল ৩ তিন বৎসর মেয়াদে পুনরায় ইজারা বন্দবস্তকরা আবশ্যক হইয়া সর্ব্ব সাধারণের জ্ঞাতার্থে এস্তাহার জারি করা যাইতেছে যেকেহ মহাল মজকুর ইজারা লওয়ার বাসনা রাখহ তাহারদিগের উচিত যে আপন নাম ও শাকিন ও জমার তায়ন ও জমীদারের নাম ও জায়দাদ সম্বলিত তাহার দরখাস্ত লেপাফা বন্দ করিয়া আগামি ২৬ মার্চ মোতাবক বাঙ্গলা ১৪ চৈত্রপর্য্যন্ত হুজুরে দাখিল করহ পরে সকল প্রার্থিত ব্যক্তিগণের সাক্ষাৎকার লেপাফা খুলিয়া যে ব্যক্তি বেশী জমা কবুল করে ও মাতবর জামিনী দেয় তাহার সহিত ইজারা বন্দবস্তের বিষয়ে মোনাছেপ হুকুম দেওয়া যাইবেক ও মফঃসলে উসুল তহসীলের কাগজাৎ দেখিবার বাসনা হইলে অত্র কাছারী আগতমাত্র দেখিতে পাইবেক ইতি সন ১৮৪৭ সাল তারিখ ২৪ ফেব্রুআরি মোতাবক সন ১২৫৩ সাল তারিখ ১৩ ফাল্গুণ।

F. E. Read, *Collector.*

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে ঢাকার জিলার নীচের লিখিত বন্দবস্তী মহালাত ১২৫৩ সালের লাগাএত অগ্রহায়ণের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইঙ্গরেজী ১৮৪৭ সনের ২৭ মার্চ মোতাবকে ১২৫৩ সনের ১৫ চৈত্র শনিবার জিলা ঢাকা জালালপুরের শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে বাজ নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি ১৮৪৭ ইং ২৭ ফেব্রুআরি মোং ১২৫৩ বাঙ্গলা তারিখ ১৭ ফাল্গুণ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	১২৫৩ সনের লাং অগ্রহায়ণের বাকী	মন্তব্য কথা
	ইস্তমুরারী বন্দবস্তী মহাল	১৬৮২	খারিজা মুদাফাত নব সিংহ গঙ্গাধর তাং কৃষ্ণচন্দ্র সেন	কৃষ্ণচন্দ্র সেন	১০৷/৪	৭৸০	এই বাকী কারণ ১৮৪৭ সনের ২৫ জানুআরি নীলাম হয় তাহাতে খরিদার ৩০ দিবসের দিন বাকী কিস্তি না দেওয়াতে তাহার দাখিলী বায়না সরকারে জব্দ হইয়াছে ১৬ ধারামতে মহাল বাজ নীলাম হইবেক ইতি।

J. Wheler, *Offg. Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of JOYNUDDEE MULLICK, Patoar, formerly of Surbariah in the Zillah of Hooghly, late of Fenwick's Bazar in the Town of Calcutta, inhabitant, and late a Prisoner for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard on Saturday the third day of April next.

The names of the creditors of the said JOYNUDDEE MULLICK, Patoar, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 3d February, 1847. E. Panioty, *Insolvent's Attorney.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতা নগরের ফেনউইক বাজারনিবাসি পূর্ব্বে জিলা হুগলীর শরবেড়িয়া নিবাসি পাটওয়ার জয়নদ্দীন মল্লিক কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাহার দরখাস্তের মর্ম্ম আগামি আপ্রিল মাসের ৩ তারিখ শনিবারে শুনা যাইবেক।

উক্ত পাটওয়ার জয়নদ্দীন মল্লিকের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

কলিকাতা ১৮৪৭ সাল ৩ ফেব্রুআরি। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

[*Government Gazette, 16th March*, 1847.]

In the matter of WILLIAM HUNTER SMOULT, heretofore carrying on business with William Patrick, John Weston Cliff, Robert Hornidge Buckland, and Albert Mirabeau Dowleans, in copartnership together at Calcutta, under the style or firm of Tulloh and Co., Insolvents.

NOTICE is hereby given, that Saturday the twentieth day of March instant is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend; any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents, will be heard, Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

No. 1, Larkin's Lane, 9th March, 1847. R. M. THOMAS, *Attorney for the Assignees of the Estate and Effects of the Insolvents abovenamed.*

কলিকাতা নগরে যোত্রহীন টালা কোম্পানির নামে উলিয়ম পাত্রিক সাহেব ও জান ওএষ্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের সঙ্গে কর্ম্মকারি উলিয়ম হন্টর স্মৌল্ট সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে বর্ত্তমান মার্চ মাসের ২০ তারিখ শনিবারে এ বিষয়ের শুননি হইবেক যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া সাবুদ ও প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি সেই বিষয়ে শুননির দিবসের পূর্ব্ব তিন দিবস প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আর এম তামস। উক্ত যোত্রহীনের মাল ও সম্পত্তির আসৈনি সাহেবেরদের উকীল।

১ নং লারকিন্স লেন। ১৮৪৭ সাল ৯ মার্চ।

The hearing of the matters of the Petition of PETER LEAL, sued by the name of P. Leal, an Insolvent, stands over to Saturday, the 20th day of March instant.

6th March, 1847. W. H. OLDNALL, *Insolvent's Attorney.*

পি লীল নামে মকানা হওয়া যোত্রহীন পিটর লীল সাহেবের দরখাস্তের মর্ম্মের শুননি বর্ত্তমান মার্চ মাসের ২০ তারিখ শনিবারে হইবেক।

১৮৪৭ সাল ৬ মার্চ। ডবলিউ এচ ওল্‌ডনল। যোত্রহীনের উকীল।

In the matter of WILLIAM NICHOL, and HENRY MALCOLM LOW, of the Town of Calcutta, Merchants and Agents, lately carrying on business in copartnership with Andrew Wilkie, (who is now absent from India,) at Calcutta, under the firm of Nichol Wilkie and Company, and against whom adjudications of Insolvency were made and pronounced on the Petitions of Manoel Pedro Guimaraens, Carlos Fancisco Monteiro, Joaquim Jose Gomes Monteiro, Alexander Jose Gomes Monteiro, Henrique Jose Gomes Monteiro, Manoel dos Santos Fonseca Baron de Junqueiro, Charles Henry Hodgson, and William Kislingburry, creditors of the said Insolvents.

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on and bearing date the 13th day March instant, the hearing of the matters of the Petitions of the said Manoel Pedro Guimaraens, Carlos Francisco Monteiro, Joaquim Jose Gomes Monteiro, Alexander Jose Gomes Monteiro, Henrique Jose Gomes Monteiro, Manoel dos Santos Fonseca Baron de Junqueiro, Charles Henry Hodgson, and William Kislingburry, has been adjourned to Saturday the Twentieth day of March instant, with liberty to the said Insolvents to further amend their Schedule in this matter and that the said Schedule has been amended accordingly.

Calcutta, 13th March, 1847. GRANT and REMFRY, *Insolvent's Attornies.*

নিকল উইলাক কোম্পানির নামে ভারতবর্ষে অনুপস্থিত আন্দ্রু উইলকি সাহেবের সঙ্গে কলিকাতা নগরে মহাজনী ও এজেন্টী কর্ম্মকারি ঐ কলিকাতা নগরনিবাসি উলিয়ম নিকল সাহেব ও হেনরি মালকম লো সাহেব যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ তাঁহারদের মহাজন মানুএল পেদ্রো গিমারাইঁস ও কার্লস ফ্রান্সিসকো মন্টেরো ও জোআকিম জোসে গোমেস মন্টেরো ও আলেক্‌জাণ্ডর জোসে গোমেস মন্টেরো ও হেনরিক জোসে গোমেস মন্টেরো ও মানুএল ডস সান্টস ফঁসেকা বারণডে জুঙ্কেরো ও চার্লস হেনরি হডসন ও উলিয়ম কিসলিং বরি সাহেবের দরখাস্তমতে হইল।

তাঁহারদের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতে বর্ত্তমান মার্চ মাসের ১৩ তারিখে হুকুম হইল যে উক্ত মানুএল পেদ্রো গিমারাইঁস ও কার্লস ফ্রান্সিসকো মন্টেরো ও জোআকিম জোসে গোমেস মন্টেরো ও আলেক্‌জাণ্ডর জোসে গোমেস মন্টেরো ও হেনরিক জোসে গোমেস মন্টেরো ও মানুএল ডস সান্টস ফঁসেকা বারণডে জুঙ্কেরো ও চার্লস হেনরি হডসন ও উলিয়ম কিসলিং বরি সাহেবের দরখাস্ত বর্ত্তমান মার্চ মাসের ২০ তারিখ শনিবারে শুনা যায় এবং উক্ত যোত্রহীনেরা এই বিষয়ে আপনারদের তফসীল শুধরাইতে অনুমতি পান ও তদনুসারে তাহা শুধরাণ গিয়াছে।

কলিকাতা। ১৮৪৭। ১৩ মার্চ। গ্রান্ট ও রেম্‌ফ্রি। যোত্রহীনেরদের উকীল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ১৬ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 23, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ২৩ মার্চ।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 13TH MARCH, 1847.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 13th of March 1847:

ACT No. —— OF 1847.

An Act for amending Act XXX. of 1836.

It is hereby enacted, that within the Territories subject to the Government of the East India Company whenever any Court not included under the provisions of Act XXIV. of 1843, shall sentence any offender to imprisonment for life under the provisions of Act XXX. of 1836, it shall at the same time sentence such offender to transportation beyond sea for life, unless there should be special reasons inducing the Court to think such prisoner not a proper subject for transportation, which special reasons the Court is hereby directed to record.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 13th day of June next.

G. A. BUSHBY,
Secy to the Govt. of India.

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৩ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ১৩ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল——আক্ট।

১৮৩৬ সালের ৩০ আইন সংশোধনের আইন।

ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে যখন ১৮৪৩ সালের ২৪ আইনের বিধানের অসম্পর্কীয় কোন আদালত ১৮৩৬ সালের ৩০ আইনের বিধিক্রমে কোন অপরাধিকে যাবজ্জীবন কয়েদের দণ্ডের হুকুম দেন্ তখন ঐ অপরাধি ব্যক্তিকে দ্বীপান্তর প্রেরণের উপযুক্ত পাত্র বোধ না করিবার বিশেষ কারণ না থাকিলে ঐ আদালত ঐ অপরাধিকে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের হুকুম দিবেন এবং ঐ বিশেষ কারণ রোয়দাদের মধ্যে লিখিতে ঐ আদালতকে ইহার দ্বারা হুকুম দেওয়া গেল।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি জুন মাসের ১৩ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

REPORTS OF SUMMARY CASES DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

11th January, 1847.—An application to sue in formâ pauperis rejected, in consequence of contradictory statements made by the applicant, in re-

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৭ সাল ১১ জানুআরি।

১৮৩৯ সালের ৯ আইনের ১ ধারানুসারে মোকদ্দমা উপস্থিত করিবার সম্ভাবনীয় কারণ আছে কি না ইহা নির্দ্ধার্য্য করণেতে যে এক বিষয় সংযুক্ত ছিল তৎসম্পর্কে

gard to a point involved in the determination of the question as to whether there was probable cause for instituting the suit—Act IX. 1839, Section 1.

Nowshere Ali Khan,—Petitioner.

This was an appeal from an order of the Officiating Judge of Mymensingh rejecting the application of the petitioner to sue in formâ pauperis Sumboonath Shah and others, for recovery of certain property which he claimed. The petitioner's father died leaving him a minor, and during his minority, he was under the care of a guardian who managed his property. He presented a petition to the Civil Court in the year 1248 B. S. alleging that he was of age in the month of Asarh of that year, and requested the order of the Court to enter upon the personal management of his property which his guardian was misusing and injuring by bad management. In his present application to sue in formâ pauperis he stated that he had attained his majority in the month of Aghan 1248, the object of which apparently was to bring the suit he wished to prefer within the period of limitation prescribed by law for the institution of Civil actions, such period having elapsed, if calculated to the month of Asarh but a small portion of it yet remaining if calculated to the month of Aghan.

The Officiating Judge rejected the application with reference to these repugnant statements of the petitioner who now appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (present Mr. Reid).

"The contradictory statements of the petitioner made to the Court on special occasions for the attainment of particular objects, cannot be overlooked. I see no reason to interfere with the order of the Officiating Judge."

Petition refused.

30th January, 1847.—Applications on the part of Government to recover the stamp duties incurred in pauper suits, may be made on plain paper.

Government,—Petitioner.

This was an appeal from an order of the Principal Sudder Ameen of Zillah Tirhoot; and the following extract from a minute laid by the deciding Judge, Mr. Reid, before the Court at large, explains the point of practice ruled :

"The following question has arisen on the appeal of Government against an order of the Principal Sudder Ameen of Tirhoot requiring the Government Pleader to file petitions on the part of Government to recover the stamp duties incurred in pauper suits on stamp paper." 'Is any stamp necessary on such occasions?'

"As this is an application on the part of Government, not in its capacity of a party to the suit, but in that of the ruling power, who merely claims what it has advanced, (for the allowing paupers to put in petitions, otherwise chargeable with stamp, on plain paper may be considered to be an advance of the value of the stamp,) to give the pauper facility

দরখাস্তকারী বিপরীত এজহার দেওয়াতে তাহার পাপরস্বরূপ নালিশ করিবার দরখাস্ত হেয় হইল।

নৌশের আলী খাঁ। দরখাস্তকারী।

দরখাস্তকারী শম্ভুনাথ শাহা ও অন্যেরদের স্থানে কতক সম্পত্তির দাওয়া করিল এবং তাহা পাইবার জন্যে পাপরস্বরূপ তাহারদের নামে নালিশ করিতে দরখাস্ত করিল এবং ময়মুনসিংহের একটিং জজ সাহেব তাহা নামঞ্জুর করিলেন। ঐ একটিং জজ সাহেবের হুকুমের উপর এই আপীল হয়। দরখাস্তকারির পিতা তাহাকে নাবালগ রাখিয়া মরে এবং নাবালগ সময়ে সে ব্যক্তি এক জন সংসারাধ্যক্ষের অধীন ছিল এবং সংসারাধ্যক্ষ তাহার সম্পত্তির সরবরাহ করিল পরে দরখাস্তকারী বাঙ্গলা ১২৪৮ সালে দেওয়ানী আদালতে এই দরখাস্ত দিল যে এই সনের আষাঢ় মাসে আমি বয়ঃপ্রাপ্ত হইয়াছি আমার সংসারাধ্যক্ষ আমার সম্পত্তি অপব্যয় ও ক্ষতি করিতেছে অতএব আদালতে এই প্রার্থনা করি যে আমার সম্পত্তির অধ্যক্ষতা আমার প্রতি অর্পণ হয়। কিন্তু এক্ষণে পাপরস্বরূপ নালিশ করিতে যে দরখাস্ত করিল তাহাতে লিখিল যে ১২৪৮ সালের অগ্রহায়ণ মাসে আমি বয়ঃপ্রাপ্ত হইয়াছি তাহার অভিপ্রায় এই বোধ হইল যে যে মোকদ্দমা সে ব্যক্তি উপস্থিত করিতে চাহিল তাহা দেওয়ানী নালিশ করণের নিরূপিত মিয়াদের মধ্যে পড়ে। যদি আষাঢ় মাসপর্য্যন্ত হিসাব করা যাইত তবে মিয়াদ খেলাফ হইত কিন্তু অগ্রহায়ণ মাসপর্য্যন্ত হিসাব করিলে মিয়াদের যৎকিঞ্চিৎ বাকী থাকিত।

দরখাস্তকারির এই প্রকার বিরুদ্ধ এজহার দেখিয়া একটিং জজ সাহেব তাহার দরখাস্ত নামঞ্জুর করিলেন এবং সেই ব্যক্তি সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব হুকুম করিলেন যে বিশেষ ইষ্ট সিদ্ধ করিবার নিমিত্তে বিশেষ২ সময়ে দরখাস্তকারী আদালতে যে বিপরীত এজহার করিল তাহা অবহেলা করা যাইতে পারে না অতএব একটিং জজ সাহেবের হুকুমের অন্যথা করিতে আমি কোন কারণ দেখি না। তাহাতে দরখাস্ত নামঞ্জুর হইল।

১৮৪৭ সাল ৩০ জানুআরি।

পাপর মোকদ্দমায় যে ইষ্টাম্পের মাসুল দেয় হয় তাহা ফিরিয়া পাইবার জন্যে সরকারের পক্ষে যে দরখাস্ত দেওয়া যায় তাহা শাদা কাগজে হইতে পারে।

গবর্ণমেণ্ট। দরখাস্তকারী।

জিলা ত্রিহুতের প্রধান সদর আমীনের হুকুমের উপর এই আপীল হয় এবং সদর আদালতে নিষ্পত্তিকারি জজ শ্রীযুত রীড সাহেব ঐ আদালতের সকল জজ সাহেবের নিকটে যে লিপি দিলেন তাহাহইতে নীচের লিখিত চুম্বক পাঠ করিলে কার্য্যের ব্যবহারের যে বিধান হইল তাহা স্পষ্ট বোধ হইতে পারে।

ত্রিহুতের প্রধান সদর আমীন এই হুকুম দিয়াছিলেন যে ইষ্টাম্পের মাসুল ফিরিয়া পাইবার জন্যে সরকারী উকীল সরকারের তরফে যে দরখাস্ত করেন তাহা ইষ্টাম্প কাগজে দিতে হইবেক সেই হুকুমের উপর গবর্ণমেণ্ট আপীল করাতে এই জিজ্ঞাসা উঠিল যে এইমত গতিকে কোন ইষ্টাম্পের আবশ্যক আছে কি না।

সরকারের এই দরখাস্ত মোকদ্দমার এক পক্ষ ব্যক্তির উপলক্ষে দেওয়া যায় নাহি কিন্তু দেশের কর্তৃত্বকারির উপলক্ষে দেওয়া যায়। পাপরকে আপনার দাওয়া আদায় করিবার সুগম করণার্থ সরকার যে টাকা আগাম দিয়াছিলেন কেবল তাহাই ফিরিয়া পাইবার দাওয়া এক্ষণে করিতেছেন যেহেতুক যে২ দরখাস্তের উপর ইষ্টাম্পের মাসুল ধার্য্য আছে সেই২ দরখাস্ত পাপরদি-

of realizing his claim, I think that under a liberal construction of the law, the application may be received on plain paper. If the Government Pleader is forced to petition on stamp, the debt of the pauper is only increased thereby; for the amount must be charged against him as part of the costs of realizing the amount due. When the Government is a party itself to the suit, I think that its applications of every description, with the exception of those for the recovery of stamp duty, should of course be on stampt paper as hitherto."

The Court at large concurred with Mr. Reid.

গকে শাদা কাগজে দিবার অনুমতি কেবল ইষ্টাম্পের মুল্যের আগাম দেওনের ন্যায় জ্ঞান করিতে হইবেক। অতএব আমার বোধ হয় যে আইনের ঔদার্য্যমতে অর্থ করিলে ঐ দরখাস্ত শাদা কাগজে গ্রাহ্য হইতে পারে। যদি সরকারী উকীলের ইষ্টাম্পকাগজে দরখাস্ত দিতে হয় তবে তাহাতে কেবল পাপরের দেনার বৃদ্ধি হয় কেননা পাওনা টাকা আদায় করণের খরচার এক অংশ বলিয়া ঐ টাকার সংখ্যা ঐ পাপরের শিরে পড়িবেক। যখন সরকার মোকদ্দমার এক পক্ষ হন তখন ইষ্টাম্পের মাসুল ফিরিয়া পাইবার দরখাস্তভিন্ন অন্য সকল দরখাস্ত পূর্ব্ববৎ ইষ্টাম্প কাগজে দিতে হইবেক। তাহাতে সদর আদালতের সকল জজ সাহেব শ্রীযুত রীডসাহেবের মতে ঐক্য হইলেন।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 721.

To the Collectors of Land Revenue, in the Bengal Government.

I have the honor to annex hereto an amended Form of Bill of Exchange for adoption in your Office from the 1st of May next, in lieu of the form prescribed by Circular No. 270, of the 10th July 1822.

2. Your particular attention is solicited to the instructions contained in the Circulars noted in the Margin* on the subject of the issue of Duplicate Bills of Exchange.

(Signed) W. MAPLES,
Offy. Extra Assistant Accountant to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department, the 17th March, 1847.

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৭২১ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের অধীন ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

১৮২২ সালের ১০ জুলাই তারিখের ২৭০ নম্বরী সরক্যুলর অর্ডরের নির্দ্দিষ্ট এক্সচেঞ্জ বিলের পাঠের পরিবর্ত্তে নীচের লিখিত শুধরা পাঠ আগামি মে মাসের ১ তারিখঅবধি তোমার সিরিশ্তায় ব্যবহার হইবার জন্যে পাঠাইতেছি।

২। এক্সচেঞ্জ বিলের দ্বিতীয় নকল দিবার বিষয়ে নীচের লিখিত * সরক্যুলর অর্ডরে যে সকল হুকুম আছে তদ্বিষয়ে বিশেষরূপে মনোযোগ করিতে তোমার প্রতি আদেশ হইতেছে।

ডবলিউ মেপল্স।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের একটিং অতিরিক্ত আসিষ্টান্ট আক্কৌন্টেন্ট।

ফোর্ট উলিয়ম। আক্কৌন্টেন্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেন্ট।
১৮৪৭ সাল ১৭ মার্চ।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

No. of 184 /4 . Co.'s Rs.

To the

SIR,

First At sight of this my first of exchange and per advice (second or duplicate of the same tenor and date being unpaid) you will be pleased to pay to or order the sum of Co.'s Rs.
for value received into this Treasury in Cash from under the orders of

The Collectorship, 184 .

I am, Sir,
Your most obedient Servant,
Collector.

EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the examination of candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindu College on Saturday the 3d of April, 1847, at 10 A. M.

Detailed particulars of the nature and extent of the examination, the number of Vacancies in the Department, &c. &c. will be afforded by the Secre-

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে বিদ্যাধ্যাপনের সিরিশ্তায় যাঁহারা নিযুক্ত হইবার এবং উচ্চ পদ পাইবার আকাঙ্ক্ষা রাখেন তাঁহারদের ইমতিহান লইবার কমিটির আগামি বৈঠক হিন্দু কালেজে ১৮৪৭ সালের ৩ আপ্রিল তারিখ শনিবারের প্রাতঃকালে ঠিক দশ ঘন্টার সময়ে হইবেক।

ঐ ইমতিহানের প্রকার ও তাহা কিপর্য্যন্ত হইবেক এবং ঐ সিরিশ্তার কত পদ শূন্য আছে ইত্যাদি বিষয়ের সকল বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষিরা নিজে দরখাস্ত করিলে কো-

---

* No. 381, D. 31st October, 1829, para. 13.
,, 490, D. 30th August, 1834, para. 4.

[*Government Gazette*, 23d *March*, 1847.]

* ১৮২৯ সালের ৩১ অক্টোবর তারিখের ৩৮১ নম্বরী সরক্যুলর অর্ডরের ১৩ দফা।
১৮৩৪ সালের ৩০ আগষ্ট তারিখের ৪৯০ নম্বরী সরক্যুলর অর্ডরের ৪ দফা।

tary to the Council of Education, to all candidates on personal application.

(By order,)

FRED. J. MOUAT, *M. D*,

Secretary to the Council of Education.

EDUCATION NOTICE.

An Examination will be held early in April 1847, in the College of Fort William, for the purpose of filling up existing vacancies in the Secondary or Military Class of the Medical College. All candidates will be expected to possess an adequate knowledge of the Hindoostanee language, to enable them to read and write it in the Persian or Devanagri character.

2. All Interpreters of Regiments and Battalions will be requested through the Military Department, not to grant certificates of qualification to any candidate under the age of fifteen and above that of twenty years : and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility. Much disappointment, expense and inconvenience have already been experienced by lads from distant stations being furnished with certificates, who were found on examination quite unqualified for admission, and it is with a view to prevent the recurrence of this that the above measure has been adopted.

3. Candidates for admission will be required to present themselves before the Secretary to the Medical College, at least three days prior to the day of examination, in order that a proper descriptive roll may be prepared, for transmission to the examiners of the College of Fort William.

4. The preference in selection, attainments being equal, will be given to those who have already been attached to, or served in civil or regimental hospitals.

5. No candidate will be allowed to present himself for examination who cannot produce a written testimonial of his conduct and character, or afford satisfactory evidence as to who and what he may be. A few individuals of decidedly bad character have upon recent occasions managed to obtain admittance, it is supposed by producing false papers ; the strictest care and scrutiny will, therefore, be exercised in examining the credentials of all future candidates.

6. All pupils must, as a condition of their appointment, reside within the college premises at all times, and never be absent from morning and evening muster without special leave.

7. All students in the Military Class are amenable to the Articles of War, and regularly enlisted as Soldiers.

8. No candidate will be admitted to the school who is physically unfit for the duties of a soldier.

By order of the Hon'ble the President and Council of Education.

FRED. J. MOUAT, *M. D.*, *Secretary.*

Fort William, January 26th, 1847.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৭। ২৩ মার্চ।]

ন্সেলের সেক্রেটারী সাহেব তাঁহারদিগকে তাহা জানাইবেন।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের ইশ্‌তিহার।

মেডিকাল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে ১৮৪৭ সালের আপ্রিল মাসের আরম্ভে ফোর্ট উলিয়ম কালেজে ইমতিহান হইবেক। পদাকাঙ্ক্ষিরদের হিন্দুস্থানী ভাষায় এমত উপযুক্ত জ্ঞান থাকিবেক যে তাহারা ঐ ভাষা পাঠ করিতে পারে এবং পারসী কিম্বা দেবনাগর অক্ষরে তাহা লিখিতে পারে।

২। রেজিমেণ্ট এবং বাটালিয়নের সকল দোভাষি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন্ এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন্। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এইরূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্তে উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

৩। কালেজে ভর্ত্তি হওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্তে তাহারদের এক উপযুক্ত চেহারা লিখিত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

৪। ছাত্রেরদের নিপুণতা সমান হইলে যাহারা সিবিল কিম্বা সৈন্যসম্পর্কীয় হাসপাটালে ভুক্ত হইয়াছিল কিম্বা কর্ম্ম করিয়াছিল তাহারাই প্রথমে মনোনীত হইবেক।

৫। পদাকাঙ্ক্ষি যে কোন ছাত্র আপন সদ্ব্যবহার ও সদাচারিতার বিষয়ে লিখিত সর্টিফিকট দাখিল করিতে না পারে কিম্বা সে কে ও কি প্রকার ব্যক্তি এই বিষয়ে খাতিরজমামতে প্রমাণ দিতে না পারে এমত কোন পদাকাঙ্ক্ষী ইমতিহানের জন্যে উপস্থিত হইতে পারিবেক না। সম্প্রতি অতিদুষ্টাচারি কএক জন বোধ হয় জালকরা সর্টিফিকট দাখিল করিয়া কালেজে ভর্ত্তি হইয়াছে অতএব উত্তর কালে সকল পদাকাঙ্ক্ষির সর্টিফিকটের পরীক্ষাকরণের বিষয়ে অতিশয় সাবধানতা ও সূক্ষ্ম অনুসন্ধান হইবেক।

৬। সকল ছাত্রের আবশ্যক যে তাহারা নিত্য কালেজে বাস করে এবং বিশেষ অনুমতি না পাইয়া সকালে ও সায়ংকালে নাম ডাকা যাইবার সময়ে কখনো গরহাজির না হয় এই নিয়মেতে তাহারা পদে নিযুক্ত হইবেক।

৭। মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের সকল ছাত্র যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন হইবেক এবং সিপাহীস্বরূপ তাহারদের নাম রীতিমতে ফিরিস্তিতে লেখা যাইবেক।

৮। ঐ পদাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি শরীরের দোষপ্রযুক্ত সিপাহীর কর্ম্ম করিতে না পারে সে গ্রাহ্য হইবেক না।

বিদ্যাধ্যাপনের কমিটির শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের এবং কৌন্সেলের হুকুমক্রমে প্রকাশিত।

এফ জে মৌআট। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২৬ জানুআরি।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 12th March, 1847.

Baboo Nittanund Roy, 1st Grade Moonsiff of Anundpore, to be Moonsiff of the Sudder station.

Gholam Pyember, Moonsiff of Munglekote, East Burdwan, to be Moonsiff of Anundpore, Zillah Midnapore.

Khodabuksh, Moonsiff of Bhotmaree, Zillah Rungpore, to be Moonsiff of Munglekote, East Burdwan.

LEAVE OF ABSENCE.

The 19th March, 1847.

Baboo Gobindchunder Bose, Moonsiff of Roopgunge, Zillah Dacca, for seven days from the 21st ultimo, in extension of that granted before.

J. Hawkins, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১২ মার্চ।

আনন্দপুরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু নিত্যানন্দ রায় সদর স্থানের মুনসেফ হইবেন।

পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের মুনসেফ শ্রীযুত গোলাম পৈয়ম্বর মেদিনীপুর জিলার আনন্দপুরের মুনসেফ হইবেন।

জিলা রঙ্গপুরের ভোটমারীর মুনসেফ শ্রীযুত খোদাবক্শ পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৯ মার্চ।

জিলা ঢাকার রূপগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বসু পূর্ব্বে যে ছুটী পান তদতিরিক্ত গত মাসের ২১ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৪৯৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৭ মার্চ।

শ্রীযুত এল জাকসন সাহেব ও শ্রীযুত টি আর হজেট্স সাহেব (Messrs. L. Jackson, and T. R. Hodgetts,) হুগলীতে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত টি হেষ্টিংস সাহেব (Mr. T. Hastings,) মুঙ্গেরে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১০ মার্চ।

রঙ্গপুরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১০ মার্চ।

শ্রীযুত সি হর্ণ সাহেব (Mr. C. Horne,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

১৮৪৭ সাল ১৭ মার্চ।

শাহাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি ব্রৌণলো সাহেব (Mr. H. B. Brownlow,) গত মাসের ২৭ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

মুরশিদাবাদের একটিং মাজি ষ্ট্রেট শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেব (The Hon'ble F. Drummond,) বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জে এফ এম রীড সাহেব ও শ্রীযুত জি এল মার্টিন সাহেব ও শ্রীযুত আর এচ ডনলপ সাহেব ও শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Messrs. J. F. M. Reid, G. L. Martin, R. H. Dunlop, and J. W. Dalrymple,) "বেণ্টিঙ্ক" নামক বাষ্পীয় জাহাজে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন্, ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of HURRYHUR MOOKERJEE, late of Radanath Mullick's Street in Puttuldanga, in the Town of Calcutta, and now residing at Ishapore in the 24-Pergunnahs in the Province of Bengal, Merchant and Trader.

NOTICE is hereby given, that by an order made on the thirteenth day of March instant, it is adjudged that the Petition of Poornanund Bundopadhy, a creditor of the said Hurryhur Mookerjee, was true, and that the said Hurryhur Mookerjee, had committed an Act of Insolvency, and that by another order of the said Court made on the same day, Robert O'Dowda, Esquire, was appointed the Assignee of the Estate of the said Insolvent, dated this fifteenth day of March, one thousand eight hundred and forty-seven.

Fancy Lane, Calcutta. G. O. Beeby, *Attorney for the Petitioner and R. O'Dowda, Esq.*

শহর কলিকাতার অক্ষম ঋনিরদিগের পরিত্রাণার্থ আদালত।

পূর্ব্বে কলিকাতা নগরের পটলডাঙ্গার রাধানাথ মল্লিকের রাস্তানিবাসী এক্ষণে বাঙ্গলা দেশের চব্বিশপরগনার ইছাপুরনিবাসী মহাজন ও ব্যবসায়ি হরিহর মুখুয্যার বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ মাসের ১৩ তারিখের হুকুমক্রমে নির্দ্ধারণ হইল যে উক্ত হরিহর মুখুয্যার মহাজন পূর্ণানন্দ বন্দ্যোপাধ্যায়ের দরখাস্ত সত্য এবং উক্ত হরিহর মুখুয্যা যোত্রহীন বটেন আরো সেই তারিখে উক্ত আদালতের অন্য হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনের আসৈনি পদে নিযুক্ত হন। কলিকাতা। ফান্সিলেন। ১৮৪৭ সাল ১৫ মার্চ। জি ও বিবি।

দরখাস্তকারির ও শ্রীযুত আর ওডৌডা সাহেবের উকীল।

[*Government Gazette, 23d March*, 1847.]

In the matter of WOODOY CHUND GHOSE, of Collypersaud Dutt's Street, in the Town of Calcutta, now residing at Chundytollah in the 24-Pergunnahs, in the Province of Bengal, late a Cashier in the service of Messieurs Faudon, Campbell and Company of Calcutta, Merchant.

NOTICE is hereby given, that by an order made on the 11th day of March instant, it was adjudged that the Petition of Punchanun Ghose, a creditor of the said WOODOY CHUND GHOSE, was true, and that the said Woodoy Chund Ghose, had committed an Act of Insolvency, and that by another order of the said Court, made in the same day, Robert O'Dowda, Esquire, was appointed Assignee of the Estate Insolvent. Dated this 11th day of March, 1847.

Calcutta, 16th March, 1847. PAUL and SMELT, *Attornies for the Petitioning creditor Punchanun Ghose.*

কলিকাতা নগরের কালীপ্রসাদ দত্তের রাস্তানিবাসী এক্ষণে বাঙ্গলা দেশের চব্বিশপরগনার চণ্ডীতলানিবাসী পূর্ব্বে কলিকাতা নগরের ফডন কাম্বেল কোম্পানির খাজাঞ্চী মহাজন উদয়চাঁদ ঘোষের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ মাসের ১১ তারিখের হুকুমক্রমে নির্দ্ধারণ হইল যে উক্ত উদয়চাঁদ ঘোষের মহাজন পঞ্চানন ঘোষের দরখাস্ত সত্য এবং উক্ত উদয়চাঁদ ঘোষ যোত্রহীন বটেন এবং সেই তারিখে উক্ত আদালতের অন্য হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনের ইষ্টেটের আসৈনি পদে নিযুক্ত হন ইতি। ১৮৪৭ সাল তাং ১১ মার্চ। পাউল ও স্মেল্ট।

১৮৪৭ সাল ১৬ মার্চ। কলিকাতা। দরখাস্তকারি মহাজন পঞ্চানন ঘোষের উকীল।

In the matter of WILLIAM PATRICK, JOHN WESTON CLIFF, ROBERT HORNIDGE BUCKLAND, and ALBERT MIRABEAU DOWLEANS, heretofore carrying on business with William Hunter Smoult, in copartnership together at Calcutta, under the Style or Firm of Tulloh and Company, Insolvents.

NOTICE is hereby given, that under and by virtue of an order made in this matter on Saturday the sixth day of March instant, a dividend of Company's Rupees Five, four annas and six pie per cent is now payable at the Office of the Assignees of the Estate and Effects of the above named Insolvents.

No. 1, Larkin's Lane, 6th March, 1847. R. M. THOMAS, *Attorney for the Assignees.*

যোত্রহীন টালা কোম্পানির নামে কলিকাতায় উলিয়ম হন্টর স্মোল্ট সাহেবের সঙ্গে কর্ম্মকারি উলিয়ম পাত্রিক সাহেব ও জান ওএস্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ মাসের ৬ তারিখ শনিবারের হুকুমক্রমে শতকরা ৫।৬ টাকার ডিবিডেণ্ড উক্ত যোত্রহীনেরদের মাল ও সম্পত্তির আসৈনি সাহেবেরদের দফ্তরখানায় দেওয়া যাইতেছে।

১ নং লারকিন্স লেন। ১৮৪৭ সাল ৬ মার্চ। আর এম তামস। আসৈনিরদের উকীল।

In the matter of WILLIAM HUNTER SMOULT, heretofore carrying on business in copartnership with William Patrick, John Weston Cliff, Robert Hornidge Buckland and Albert Mirabeau Dowleans at Calcutta, under the Style or Firm of Tulloh and Company, Insolvents.

NOTICE is hereby given, that under and by virtue of an order made in this matter on Saturday, the twentieth day of March instant, a dividend of Company's Rupees three, fifteen annas and three pie per cent., is now payable at the Office of the Assignees of the Estate and Effects of the above named Insolvent.

No. 1, Larkin's Lane, 20th March, 1847. R. M. THOMAS, *Attorney for the Assignees.*

যোত্রহীন টালা কোম্পানির নামে উলিয়ম পাত্রিক সাহেব ও জান ওএস্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের সঙ্গে কর্ম্মকারি উলিয়ম হন্টর স্মোল্ট সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ মাসের ২০ তারিখ শনিবারের হুকুমক্রমে শতকরা ৩৸৶৩ টাকার ডিবিডেণ্ড উক্ত যোত্রহীনের মাল ও সম্পত্তির আসৈনি সাহেবেরদের দফ্তরখানায় দেওয়া যাইতেছে।

১ নং লারকিন্স লেন। ১৮৪৭ সাল ২০ মার্চ। আর এম তামস। আসৈনিরদের উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

NOTICE.

Baboo Pertaub Sing Dogare, of Moorshedabad, carrying on business under the firm of Bahadoor Sing, Pertaub Sing, and under other firms, as Shroff and Bankers, having separated from Baboo Inder Chund Dogare both in food and Estate—Notice is hereby given, that Baboo Pertaub Sing Dogare is not, nor has his firm of Bahadoor Sing, Pertaub Sing, or his other firms, any connection with the firm lately set up by the said Inder Chund Dogare, under the designation of Pertaub Sing and Inder Chund, and that he the said Pertaub Sing Dogare, or his Estate and representative, will not be responsible for any transaction whatever, which Inder Chund, or his said firm may enter into. Notice is further given, that he, Baboo Inder Chund is not authorized to use with his, the said Inder Chund's name, the names of Pertaub Sing, or of the late Bahadoor Sing, or any other name in which the said Pertaub Sing carries on business in any of his, the said Inder Chund's business or dealings, and which he has already been prohibited to do.

বিজ্ঞাপন।

শহর মুরশীদাবাদনিবাসী

বাবু প্রতাপ সিংহ দুগড় সরাফা বেনিতি কর্ম্ম বাহাদুর সিংহ প্রতাপ সিংহ ও অন্যান্য নাম যোগে বহুকালাবধি করিয়া আসিতেছেন উক্ত বাবু ইন্দ্রচাঁদ দুগড়কে আপন পরিবারহইতে ফারখত লইয়া পৃথক করিয়াছেন একারণ সাধারণকে খবর দেওয়া যাইতেছে বাবু প্রতাপ সিংহ ও তেঁহ যে২ নাম যোগে কর্ম্ম করিতেছেন তাহার সহিত ঐ ইন্দ্রচাঁদ বাবু যে প্রতাপ সিংহ ইন্দ্রচাঁদ নাম যোগে সরাফা বেনিতি কর্ম্ম করিতেছে তাহার কোন এলাকা নাই অতএব উক্ত বাবু প্রতাপ সিংহ অথবা তাহার ইষ্টেট ও ওয়ারিসান কোন প্রকারে দায়ী হইবেক না যে কোন কার ও কারবার যাহা বাবু ইন্দ্রচাঁদ করিবেক আর খবর দেওয়া যাইতেছে বাবু প্রতাপ সিংহ ইন্দ্রচাঁদ বাবুকে প্রতাপ সিংহ ইন্দ্রচাঁদ নাম যোগে অথবা তাহার মৃত ভ্রাতা বাহাদুর সিংহের ও তাহার অন্যান্য যে নাম যোগে কর্ম্ম হইতেছে ইহারদিগের নাম ব্যবহার করিয়া কর্ম্ম করিতে অনুমতি দেন নাই এবং দফা২ নিষেধ করিয়া আসিতেছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৩ মার্চ]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্ম্মন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 30, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ৩০ মার্চ।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 13TH MARCH, 1847.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 13th of March 1847:

ACT No. — OF 1847.

An Act for the encouragement of learning in the Territories subject to the Government of the East India Company, by defining and providing for the enforcement of the right called Copyright therein.

Whereas doubts may exist whether the right called Copyright can be enforced by the Common Law of England in those parts of the Territories subject to the Government of the East India Company into which the Common Law of England has been introduced:

And whereas doubts may exist whether the said right can be enforced by virtue of the principles of equity and good conscience in the other parts of the Territories subject to the Government of the East India Company:

And whereas for the encouragement of learning it is desirable that the existence of the said right should be placed beyond doubt, and that the said right should be made capable of easy enforcement in every part of the said Territories:

And whereas it is doubtful whether the Act of Parliament 5 and 6 Victoria C. 45, entitled "*an Act to amend the Law of Copyright,*" although such Act extend to every part of the British Dominions, has made appropriate and sufficient provision for the enforcement in every part of the said Territories subject to the Government of the East India Company of the said right by proprie-

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৩ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ১৩ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল——আক্‌ট।

কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে গ্রন্থস্বত্ত্ব নামক স্বত্ত্ব নির্ণয় করণের এবং তাহা জারীর উপায় করণের দ্বারা ঐ দেশের মধ্যে বিদ্যার সাহায্য করণের আইন।

যেহেতুক কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে যে২ ভাগে ইঙ্গলণ্ড দেশের "কামন লা" নামক আইন ব্যবহার হইয়াছে সেই২ ভাগে গ্রন্থস্বত্ত্ব নামক স্বত্ত্ব ইঙ্গলণ্ড দেশের "কামন লা" আইনের দ্বারা জারী হইতে পারে কি না এই বিষয়ে সন্দেহ হইতে পারে।

এবং যেহেতুক কোম্পানি বাহাদুরের শাসিত দেশের অন্যান্য ভাগে ন্যায়বোধকতা ও যথার্থতার নিয়মের শক্তিক্রমে ঐ স্বত্ত্ব জারী হইতে পারে কি না এই বিষয়েও সন্দেহ হইতে পারে।

এবং যেহেতুক বিদ্যার সাহায্য করণার্থ ইহা বাঞ্ছনীয় যে ঐ স্বত্ত্ব থাকনের বিষয়ে কিছু সন্দেহ না থাকে এবং ঐ২ দেশের প্রত্যেক ভাগে উক্ত স্বত্ত্ব অনায়াসে জারী হইতে পারে।

এবং যেহেতুক "গ্রন্থস্বত্ত্বের আইন সংশোধনের আইন" এই নামবিশিষ্ট বিক্‌টোরিয়ার পঞ্চম ও ষষ্ঠ বৎসরীয় ৪৫ অধ্যায়ের আক্‌ট পার্লিমেণ্ট যদ্যপি ব্রিটনীয় রাজ্যের সকল ভাগে বিস্তারিত আছে তথাপি কোম্পানি বাহাদুরের শাসিত উক্ত দেশের প্রত্যেক ভাগে গ্রন্থস্বত্ত্বের অধিকারিদিগের ঐ স্বত্ত্ব জারী করণার্থ উক্ত আক্‌ট পার্লিমেণ্টের দ্বারা উপযুক্ত ও প্রচুর উপায় হইয়াছে কি না এবং যে২ ব্যক্তিরা শ্রীশ্রীমতী মহা-

tors thereof: and whether the said Act of Parliament has made provision for the enforcement of the said right by or against any persons not being subject to the jurisdiction of the Courts established by Her Majesty's Charter.

I. It is therefore hereby enacted, that the Copyright in every book published in the life time of its author within the said Territories after the passing of the Act of Parliament 3 and 4 Wm. 4 C. 85, entitled "*an Act for effecting an arrangement with the East India Company and for the better government of His Majesty's Indian Territories till the 30th day of April 1854,*" shall endure for the natural life of such author, and for the further term of seven years commencing at the time of his death and shall be the property of such Author and his Assigns: Provided always, that if the said term of seven years shall expire before the end of forty-two years from the publication of such book, the Copyright shall in that case endure for such period of forty-two years; and that the Copyright in every book which shall be published after the death of its Author shall endure for the term of forty-two years from the first publication thereof and shall be the property of the proprietor of the Author's manuscript from which such book shall be first published, and his Assigns.

II. And whereas it is expedient to provide against the suppression of books of importance to the public: It is enacted that it shall be lawful for the Governor General in Council on complaint made to them that the proprietor of the Copyright in any book published after the passing of this Act within the said Territories, has after the death of its Author refused to republish or to allow the republication of the same, and that by reason of such refusal such book may be withheld from the public, to grant a licence to such complainant to publish such book in such manner and subject to such conditions as they may think fit, and it shall be lawful for such complainant to publish such book according to such licence.

III. And it is hereby enacted, that a Book of Registry wherein may be registered as hereinafter enacted the proprietorship in the Copyright of books and assignments thereof, and licences affecting such Copyright, shall be kept in the office of the Secretary to the Government of India for the Home Department, and shall at all convenient times be open to the inspection of any person on payment of for every entry which shall be searched for or inspected in the said book, and that such Officer shall whenever thereunto reasonably required, give a copy of any entry in such book certified under his hand, to any person requiring the same on payment to him of the sum of , and such copies so certified shall be received in evidence in all Courts and in all sum-

রাণীর চার্টর দ্বারা স্থাপিত আদালতের এলাকার অনধীন তাঁহারদের দ্বারা বা তাঁহারদের বিরুদ্ধ উক্ত স্বত্ব জারীকরণার্থ উক্ত আক্‌ট পার্লিমেন্টে উপায় নির্দ্দিষ্ট আছে কি না এই২ বিষয়ে সন্দেহ হইয়াছে।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে "১৮৫৪ সালের ৩০ আপ্রিল তারিখপর্য্যন্ত কোম্পানি বাহাদুরের সঙ্গে বন্দোবস্ত করণের এবং ভারতবর্ষে শ্রীশ্রীযুক্ত মহারাজার রাজ্যের পূর্ব্বাপেক্ষা উত্তম শাসন করণের আইন" এই নামবিশিষ্ট চতুর্থ উলিয়মের তৃতীয় ও চতুর্থ বৎসরীয় ৮৫ অধ্যায়ের আক্‌ট পার্লিমেন্ট জারী হওনের পর যে প্রত্যেক পুস্তক উক্ত দেশের মধ্যে লেখকের জীবিত সময়ে প্রকাশ হইয়াছে এমত প্রত্যেক পুস্তকে গ্রন্থস্বত্ব ঐ লেখকের যাবজ্জীবন বজায় থাকিবেক এবং তাঁহার মরণের সময়অবধি গণ্য করিয়া তৎপর সাত বৎসরপর্য্যন্ত থাকিবেক এবং ঐ স্বত্ব সেই লেখক এবং তাঁহার নিরূপিত ব্যক্তির সম্পত্তি জ্ঞান হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ সাত বৎসর মিয়াদ যদি ঐ পুস্তক প্রকাশ হওনঅবধি বেয়াল্লিশ বৎসর সমাপ্ত হওনের পূর্ব্বে শেষ হয় তবে সেই গতিকে ঐ গ্রন্থস্বত্ব ঐ বেয়াল্লিশ বৎসর মিয়াদপর্য্যন্ত থাকিবেক। এবং যে প্রত্যেক পুস্তক লেখকের মরণের পর প্রকাশ হয় তাহাতে গ্রন্থস্বত্ব ঐ পুস্তক প্রথমবার প্রকাশহওনঅবধি বেয়াল্লিশ বৎসরপর্য্যন্ত থাকিবেক এবং লেখকের যে লিপিহইতে ঐ পুস্তক প্রথমবার মুদ্রিত হয় সেই লিপির অধিকারির সম্পত্তি এবং তাঁহার নিরূপিত ব্যক্তির সম্পত্তি হইবেক ইতি।

২ ধারা। এবং যেহেতুক সর্ব্ব সাধারণ লোকের আবশ্যক গ্রন্থ প্রকাশ হওনের পর নিবৃত্ত না হয় এতদর্থে উপায় করা বিহিত বোধ হইয়াছে অতএব ইহাতে হুকুম হইল যে কোন ব্যক্তি শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে যদি এইমত নালিশ করেন্ যে ঐ দেশের মধ্যে এই আইন জারী হওনের পর প্রকাশিত কোন পুস্তকে গ্রন্থস্বত্বের অধিকারী ঐ পুস্তক লেখকের মরণানন্তর তাহা পুনর্ব্বার প্রকাশ করিতে বা প্রকাশ করণের অনুমতি দিতে অস্বীকৃত হইয়াছেন এবং সেই অস্বীকারের দ্বারা ঐ গ্রন্থ সাধারণ লোকেরা আর পাইতে পারেন না তবে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে প্রকার এবং যে নিয়ম উচিত বোধ করেন্ সেই প্রকারে এবং সেই নিয়মের অনুসারে ঐ নালিশকারি ব্যক্তিকে ঐ গ্রন্থ প্রকাশ করিতে পরওয়ানা দিতে পারেন্ এবং ঐ পরওয়ানাক্রমে ঐ নালিশকারি ব্যক্তি ঐ গ্রন্থ প্রকাশ করিতে পারেন ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ভারতবর্ষের গবর্ণমেণ্টের দেশীয় ডিপার্টমেণ্টের সেক্রেটারীর দপ্তরে এক রেজিষ্টরী বহী রাখা যাইবেক এবং তাহার মধ্যে পুস্তকে গ্রন্থস্বত্বের অধিকারিত্ব এবং তাহা নিরূপণের এবং ঐ গ্রন্থস্বত্বসম্পর্কীয় পরওয়ানা পশ্চাৎ নির্দ্দিষ্টমতে রেজিষ্টরী হইবেক এবং সকল উপযুক্ত সময়ে কোন ব্যক্তি ঐ রেজিষ্টরী বহীতে যে প্রত্যেক রেজিষ্টর অন্বেষণ করিতে বা দেখিতে চাহেন তাহার প্রত্যেকের নিমিত্তে এত টাকা দিলে ঐ বহী দেখিতে পারিবেন এবং ঐ কর্ম্মকারকের নিকটে উপযুক্তমতে দরখাস্ত হইলে যে কোন ব্যক্তি তাঁহাকে এত টাকা দেন্ সেই ব্যক্তিকে আপনার দস্তখৎকরা ঐ বহীর রেজিষ্টরীর এক নকল দিবেন এবং ঐরূপ দস্তখৎহওয়া নকল সকল আদালতে এবং সকল সরাসরী কার্য্যে প্রমাণের ন্যায় গ্রাহ্য হইবেক এবং ঐ নকল তাহার মধ্যে লিখিত গ্রন্থস্বত্বের অধিকারিত্ব অথবা নিরূপণের কিম্বা

mary proceedings, and shall be *prima facie* proof of the proprietorship or assignment of Copyright or licence as therein expressed, but subject to be rebutted by other evidence.

ঐ পরওয়ানার আদৌ প্রমাণ জ্ঞান হইবেক কিন্তু অন্য প্রমাণের দ্বারা তাহা খণ্ডন হইতে পারে ইতি।

IV. And it is enacted, that if any person shall wilfully make or cause to be made any false entry in the Registry Book aforesaid, or shall wilfully produce, or cause to be tendered in evidence any paper falsely purporting to be a copy of any entry in the said book, he shall be guilty of an indictable misdemeanour, and shall be punished accordingly.

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন ব্যক্তি যদি পূর্ব্বোক্ত রেজিষ্টরী বহীতে জানিয়া শুনিয়া কোন মিথ্যা রেজিষ্টরী করে বা করায় অথবা যে কোন কাগজ উক্ত বহীর রেজিষ্টরীর নকল নহে তাহ ঐ বহীর নকলস্বরূপ জানিয়া শুনিয়া সাক্ষ্যের ন্যায় উপস্থিত করে বা করায় সেই ব্যক্তি নালিশের যোগ্য অপরাধের দোষী জ্ঞান হইবেক এবং তদনুসারে তাহার দণ্ড হইবেক ইতি।

V. And it is enacted, that after the passing of this Act it shall be lawful for the proprietor of Copyright in any book published, after the passing of the said Act of Parliament 3 and 4 Wm. 4 C. 85 to make entry in the Registry Book of the title of such book, the time of the first publication, and the name and place of abode of the publisher thereof, and the name and place of abode of the proprietor of the Copyright of the said book, or of any portion of such Copyright in the form in that behalf given in the Schedule to this Act annexed upon payment of the sum of

to

and that it shall be lawful for every such registered proprietor to assign his interest or any portion of his interest therein, by making entry in the said Book of Registry of such assignment, and of the name and place of abode of the Assignee thereof in the form given in that behalf in the said Schedule on payment of the like sum; and such assignment so entered shall be effectual in Law to all intents and purposes whatsoever without being subject to any stamp or duty, and shall be of the same force and effect as if such assignment had been made by Deed.

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারীহওনের পর চতুর্থ উলিয়মের তৃতীয় ও চতুর্থ বৎসরীয় ৮৫ অধ্যায়ের উক্ত আক্ট পার্লিমেণ্ট জারীহওনের পর প্রকাশিত কোন পুস্তকের স্বত্বের অধিকারী অমুক ব্যক্তিকে এত টাকা দিলে ঐ পুস্তকের অনুষ্ঠান এবং তাহা প্রথমবার প্রকাশ করণের সময় এবং প্রকাশকের নাম ও নিবাস এবং উক্ত পুস্তকের স্বত্বের কিম্বা ঐ স্বত্বের কোন অংশের অধিকারির নাম ও নিবাস এই আইনের শেষের লিখিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে ঐ রেজিষ্টরী বহীর মধ্যে লিখিতে পারেন। এবং এইরূপ রেজিষ্টরীহওয়া প্রত্যেক অধিকারী ঐ গ্রন্থে আপনার লাভ বা আপনার লাভের কোন অংশের নিরূপণ এবং যাঁহাকে নিরূপণ হয় তাঁহার নাম ও নিবাস উক্ত তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে তত্তুল্য টাকা দেওনপূর্ব্বক ঐ রেজিষ্টরী বহীর মধ্যে রেজিষ্টরী করণের দ্বারা তাঁহার ঐ স্বত্ব স্বকিম্বা ঐ স্বত্বের কোন অংশ নিরূপণ করিতে পারেন। এবং ঐরূপ রেজিষ্টরীহওয়া নিরূপণ সকল কার্য্যের ও অভিপ্রায়ের নিমিত্তে আইনমতে প্রবল হইবেক এবং তাহার কোন ইষ্টাম্প বা মাসুল লাগিবেক না এবং ঐ নিরূপণ দলীলের দ্বারা করা গেলে যেরূপ প্রবল ও সিদ্ধ হইত সেইরূপ প্রবল ও সিদ্ধ হইবেক ইতি।

VI. And it is enacted, that if any person shall deem himself aggrieved by any entry made under colour of this Act in the said Book of Registry, it shall be lawful for such person to apply by motion to the Supreme Court of Calcutta in term time, or to apply by Summons to any Judge of such Court in vacation for an order that such entry may be expunged or varied, and that upon any such application by motion or Summons to the said Court, or to a Judge as aforesaid, such Court or Judge shall make such order for expunging, varying or confirming such entry either with or without costs, as to such Court or Judge shall seem just, and the said Secretary shall on the production to him of any such order for expunging or varying any such entry, expunge or vary the same according to the requisitions of such order.

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের ছলে উক্ত রেজিষ্টরী বহীতে যে কোন রেজিষ্টরী হয় তাহার দ্বারা যদি কোন ব্যক্তি আপনাকে ক্ষতিগ্রস্ত বোধ করেন তবে সেই ব্যক্তি টরমের সময়ে কলিকাতাস্থ সুপ্রিম কোর্টে "মোসন" অর্থাৎ প্রস্তাবের দ্বারা এই দরখাস্ত করিতে পারেন অথবা টরম ছাড়া অন্য সময়ে উক্ত সুপ্রিম কোর্টের কোন জজ সাহেবের নিকটে সমনের দ্বারা এই দরখাস্ত দিতে পারেন যে ঐ রেজিষ্টরী উঠান যায় অথবা মতান্তর হয়। এবং উক্ত আদালতে অথবা পূর্ব্বোক্তমতে উক্ত জজ সাহেবের নিকটে সেইরূপ মোসন অথবা সমনের দ্বারা দরখাস্ত হইলে ঐ আদালত অথবা জজ সাহেব ঐ রেজিষ্টরী উঠাইয়া দেওন বা মতান্তর করণ বা মঞ্জুর করণের বিষয়ে যেরূপ যথার্থ বোধ করেন সেইরূপ খরচা সমেত বা খরচা বিনা হুকুম করিবেন এবং উক্ত সেক্রেটারী সাহেব সেই রেজিষ্টরী উঠাইয়া দেওন অথবা মতান্তর করণের সেই হুকুম দেখিলে সেই হুকুমের বিধানমতে ঐ রেজিষ্টরী উঠাইয়া দিবেন বা মতান্তর করিবেন ইতি।

VII. And it is enacted, that if any person shall after the passing of this Act print or cause to be printed either for sale or exportation, any book in which there shall be subsisting Copyright without the consent in writing of the proprietor thereof, or shall have in his possession for sale or hire

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর যে পুস্তকে গ্রন্থস্বত্ব বর্ত্তমান আছে সেই পুস্তকের অধিকারির লিখিত অনুমতিবিনা যদি কোন ব্যক্তি বিক্রয় অথবা দেশান্তরে প্রেরণের নিমিত্তে সেই পুস্তক মুদ্রিত করেন বা মুদ্রিত করান অথবা পূর্ব্বোক্ত অনুমতি বিনা বেআইনীমতে মুদ্রিত হওয়া সেইরূপ কোন

any such book so unlawfully printed without such consent as aforesaid, such offender if he shall have so offended within the local limits of any of the Courts of Judicature established by Her Majesty's Charter, shall be liable to a special action on the case in such Court, and if he shall have so offended in any other part of the Territories subject to the Government of the East India Company to a suit in the Zillah Court within the jurisdiction of which he shall have so offended, which shall and may be prosecuted in the same manner in which any other action of damages may be brought and prosecuted there, and if he shall so offend in any such last mentioned part of the Territories subject to the Government of the East India Company in which there is no Zillah Court, to a suit in the highest local Court exercising original Civil jurisdiction in such part of the said Territories.

গ্রন্থ বিক্রয়ার্থ অথবা ভাড়ার নিমিত্তে আপন নিকটে রাখেন তবে সেই অপরাধী যদি শ্রীশ্রীযুক্ত মহারাজার চার্টর দ্বারা স্থাপিত আদালতের বিশেষ সীমার মধ্যে সেইরূপ অপরাধ করিয়া থাকেন তবে সেই আদালতে সেই বিষয়ে বিশেষ নালিশের যোগ্য হইবেন এবং যদি সেই ব্যক্তি কোম্পানি বাহাদুরের শাসিত দেশের অন্য কোন ভাগে সেইরূপ অপরাধ করিয়া থাকেন তবে যে জিলার আদালতের এলাকার মধ্যে অপরাধ হইল সেই জিলার আদালতে তাঁহার নামে নালিশ হইতে পারে এবং ঐ২ আদালতে যেরূপে অন্য কোন ক্ষতির নালিশ উপস্থিত ও নির্ব্বাহ হইতে পারে সেইরূপে এই নালিশেরও নির্ব্বাহ হইবেক। এবং কোম্পানি বাহাদুরের শাসিত দেশের শেষোক্ত যে ভাগে কোন জিলার আদালত না থাকে এমত ভাগে যদি এইরূপ অপরাধ করিয়া থাকেন তবে উক্ত দেশের সেই ভাগে সর্ব্বাপেক্ষা যে উচ্চ আদালতের দেওয়ানীবিষয়ক কর্ত্তৃত্ব থাকে সেই আদালতে তাঁহার নামে নালিশ হইবেক ইতি।

VIII. And it is hereby enacted, that after the passing of this Act in any suit or action brought in any of the Courts of Judicature established by Her Majesty's Charter under the provisions of this Act, against any person for printing any such book for sale, hire or exportation, or for selling, publishing or exposing to sale or hire, or causing to be sold, published or exposed to sale or hire, or for having in his possession for sale or hire any such book so unlawfully printed, the defendant on pleading thereto shall give to the plaintiff a notice in writing of any objections on which he means to rely on the trial of such action, and if the nature of his defence be that the plaintiff in such action was not the author or first publisher of the book in which he shall by such action claim Copyright, or is not the proprietor of the Copyright therein, or that some other person than the plaintiff was the author or first publisher of such book, or is the proprietor of the Copyright therein, then the defendant shall specify in such notice the name of the person who he alleges to have been the author or first publisher of such book, or the proprietor of the Copyright therein, together with the title of such book, and the time when and the place where such book was first published, otherwise the defendant in such action shall not at the trial or hearing of such action be allowed to give any evidence that the plaintiff in such action was not the author or first publisher of the book in which he claims such Copyright as aforesaid, or that he was not the proprietor of the Copyright therein, and at such trial, or hearing no other objection shall be allowed to be made on behalf of such defendant than the objections stated in such notice, or that any other person was the author or first publisher of such book, or the proprietor of the Copyright therein than the person specified in such notice, or give in evidence in support of his defence any other book than one substantially corresponding in title, time and place of publication

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর সেইরূপ কোন পুস্তক নীলাম করণার্থ বা ভাড়া দেওনার্থ কি দেশান্তর প্রেরণার্থ মুদ্রিত করণের বিষয়ে অথবা সেইরূপে বেআইনীমতে মুদ্রিত হওয়া কোন পুস্তক বিক্রয়করণ বা প্রকাশকরণ কি বিক্রয় বা ভাড়া দেওনের উদ্যোগ করণের বিষয়ে অথবা বিক্রয় করাওনের বা প্রকাশ করাওনের অথবা বিক্রয় বা ভাড়া দেওনের উদ্যোগ করাওনের বিষয়ে কিম্বা বিক্রয় বা ভাড়ার নিমিত্তে আপন দখলে রাখণের বিষয়ে কোন ব্যক্তির নামে এই আইনের বিধির অনুসারে শ্রীশ্রীমতী মহারাণীর চার্টর দ্বারা স্থাপিত কোন আদালতে কোন নালিশ বা মোকদ্দমা হইলে আসামী তাহার জওয়াব দেওনসময়ে ঐ মোকদ্দমার বিচারকালে যে আপত্তির উপরে নির্ভর করিতে স্থির করিয়াছেন তাহার এত্তেলা লিখনের দ্বারা ফরিয়াদীকে দিবেন এবং যদি তাহার জওয়াবের এই ভাব হয় যে ঐ মোকদ্দমার ফরিয়াদী সেই নালিশের দ্বারা যে পুস্তকে গ্রন্থস্বত্বের দাওয়া করেন সেই পুস্তকের লেখক অথবা আদিপ্রকাশক নহেন অথবা সেই পুস্তকের গ্রন্থস্বত্বের অধিকারী নহেন কি ফরিয়াদীছাড়া অন্য কোন ব্যক্তি সেই পুস্তকের লেখক কিম্বা আদিপ্রকাশক ছিলেন অথবা তাহাতে গ্রন্থস্বত্বের অধিকারী আছেন তবে আসামী যে ব্যক্তি ঐ পুস্তকের লেখক অথবা আদিপ্রকাশক অথবা গ্রন্থস্বত্বের অধিকারী বলেন সেই ব্যক্তির নাম এবং সেই গ্রন্থের অনুষ্ঠান এবং যে সময়ে ও যে স্থানে ঐ পুস্তক প্রথম প্রকাশ হইয়াছিল তাহা ঐ এত্তেলার মধ্যে বিশেষ করিয়া লিখিবেন। এবং যদি সেই মোকদ্দমার আসামী এইরূপ না করেন তবে সেই মোকদ্দমার বিচার অথবা শুননির সময়ে সেই ব্যক্তি এইমত কোন প্রমাণ দিতে পারিবেন না যে ঐ মোকদ্দমার ফরিয়াদী যে পুস্তকে পূর্ব্বোক্তমতে গ্রন্থস্বত্বের দাওয়া করেন সেই পুস্তকের লেখক অথবা আদিপ্রকাশক ছিলেন না কিম্বা তাহাতে গ্রন্থস্বত্বের অধিকারী নহেন। এবং ঐ মোকদ্দমার বিচার অথবা শুননির সময়ে আসামী উক্ত এত্তেলাতে যে২ আপত্তি করিয়াছিলেন তাহাছাড়া অন্য কোন আপত্তি করিতে পারিবেন না এবং তিনি এই আপত্তি করিতে পারিবেন না যে ঐ এত্তেলার মধ্যে নির্দ্দিষ্ট ব্যক্তিছাড়া অন্য কোন ব্যক্তি সেই পুস্তকের লেখক কি আদি প্রকাশক কি গ্রন্থস্বত্বের অধিকারী অথবা যে বহীর অনুষ্ঠান ও প্রকাশ করণের সময় ও স্থান তাহার এত্তেলার নির্দ্দিষ্ট বহীর অনুষ্ঠান ও প্রকাশ করণের সময় ও স্থানের সঙ্গে

with the title, time and place specified in such notice.

IX. And it is hereby enacted, that after the passing of this Act in any such suit or action as last aforesaid brought in any Zillah Court or other local Court as aforesaid the defendant shall state in his answer all the matters which by the last preceding section the defendant in any suit or action brought in any of the Courts of Judicature established by Her Majesty's Charter is required to give notice of in writing.

X. And it is hereby enacted, that when any publisher or other person shall within the said Territories before or at the time of the passing of this Act but after the passing of the said Act of Parliament 3 and 4 Wm. 4 C. 85 have projected, conducted and carried on, or shall hereafter project, conduct or carry on, or be the proprietor of any Encyclopædia, Review, Magazine, Periodical work or work published in a series of Books or parts, or any book whatsoever, and shall have employed or shall employ any persons to compose the same, or any Volumes, Parts, Essays, Articles, or portions thereof for publication in, or as part of the same, and such work, Volumes, Parts, Essays, Articles, or portions shall have been, or shall hereafter be composed under such employment on the terms that the Copyright therein shall belong to such Proprietor, Projector, Publisher or Conductor, and paid for by such Proprietor, Projector, Publisher or Conductor, the Copyright in every such Encyclopædia, Review, Magazine, Periodical work and work published in a series of Books or Parts, and in every Volume, Part, Essay, Article and portion so composed and paid for shall be the property of such Proprietor, Projector, Publisher or Conductor, who shall enjoy the same rights as if he were the actual author thereof and shall have such term of Copyright therein as is given to the authors of Books by this Act, except only that in the case of Essays, Articles or Portions forming part of and first published in Reviews, Magazines, or other Periodical works of a like nature after the term of twenty-eight years from the first publication thereof respectively the right of publishing the same in a separate form shall revert to the author for the remainder of the term given by this Act. Provided always, that during the term of twenty-eight years the said Proprietor, Projector, Publisher, or Conductor shall not publish any such Essay, Article, or portion separately or singly without the consent previously obtained of the author thereof or his Assigns: Provided also, that nothing herein contained shall alter or affect the right of any person who shall have been or shall be so employed as aforesaid to publish any such his com-

[*Government Gazette*, *30th March*, 1847.]

বাস্তবিক না মিলে এমত কোন পুস্তক আপনার জওয়াব সাব্যস্ত করণার্থ প্রমাণস্বরূপ দিতে পারিবেন না ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারীহওনের পর পূর্ব্বোক্তমতে যে কোন নালিশ বা মোকদ্দমা পূর্ব্বোক্ত কোন জিলার আদালতে বা স্থানীয় আদালতে উপস্থিত হয় তাহাতে আসামী উক্ত ৮ ধারার বিধানক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর চার্টর দ্বারা স্থাপিত কোন আদালতে উপস্থিত নালিশ বা মোকদ্দমায় যে সকল বিষয় আপনার এত্তেলানামাতে লিখিয়া দিতে হয় সেই সকল বিষয় আপনার জওয়াবে লিখিবেন ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন গ্রন্থপ্রকাশক অথবা অন্য ব্যক্তি উক্ত রাজ্যের মধ্যে এই আইন জারীহওনের পূর্ব্বে বা সময়ে কিন্তু চতুর্থ উলিয়মের তৃতীয় ও চতুর্থ বৎসরীয় আইনের ৮৫ অধ্যায়ের আক্ট জারী হওনের পরে যদি কোন এনসাইক্লোপিডিয়া অথবা রিবিউ কি মাগাজিন বা কোন সাময়িক গ্রন্থ অথবা বিশেষ খণ্ড বা ভাগের শ্রেণীক্রমে প্রকাশিতব্য কোন পুস্তক অথবা কোন প্রকার পুস্তক কল্পনা করিয়াছেন বা সম্পাদন করিয়াছেন কি চালাইয়াছেন অথবা ইহার পর কল্পনা কিম্বা সম্পাদন করেন্ বা চালান্ অথবা উক্ত প্রকার কোন পুস্তকের মালিক হন্ এবং তাহা রচিবার জন্যে কি তাহার মধ্যে অথবা তাহার অংশের ন্যায় প্রকাশহওনের নিমিত্তে কোন বালম অথবা অংশ কি এসে বা আর্টিকেল অথবা তাহার খণ্ড রচিবার জন্যে কোন ব্যক্তিরদিগকে নিযুক্ত করিয়া থাকেন বা করেন এবং সেই গ্রন্থ বা বালম কি অংশ বা এসে অথবা আর্টিকেল কিম্বা তাহার খণ্ড সেই বন্দোবস্তঅনুসারে এই নিয়মক্রমে রচনা হইয়াছে বা উত্তর কালে রচনা হয় যে তাহার মধ্যে গ্রন্থস্বত্ব সেই অধ্যক্ষ বা কল্পনাকারক বা প্রকাশক কি সম্পাদকের থাকিবেক এবং সেই অধ্যক্ষ বা কল্পনাকারক বা প্রকাশক কি সম্পাদক তাহার মূল্য দিবেন তবে ঐরূপ প্রত্যেক এনসাইক্লোপিডিয়া ও রিবিউ ও মাগাজিন ও সাময়িক গ্রন্থে এবং খণ্ড বা ভাগের শ্রেণীক্রমে প্রকাশিত পুস্তকে এবং সেইরূপ রচিত ও মূল্যদেওয়া প্রত্যেক বালম ও ভাগ ও এসে ও আর্টিকেল ও অংশেতে গ্রন্থস্বত্ব ঐ অধিকারী ও কল্পনাকারক ও প্রকাশক ও সম্পাদকের সম্পত্তি হইবেক এবং সেই ব্যক্তি ঐ২ গ্রন্থের রচক হইলে যে২ স্বত্ব পাইতেন সেই২ স্বত্ব ভোগ করিবেন এবং এই আইনের দ্বারা পুস্তকরচকদিগকে গ্রন্থস্বত্বের যে মিয়াদ দেওয়া গিয়াছে সেই মিয়াদ তাঁহার থাকিবেক। কিন্তু রিবিউ ও মাগাজিন ও সেই প্রকার অন্যান্য সাময়িক গ্রন্থের অন্তঃপাতি ও তাহার মধ্যে প্রথমবার প্রকাশিত এসে ও আর্টিকেল অথবা ভাগের বিষয়ে এই হুকুম হইল যে তাহা প্রথমবার প্রকাশহওনঅবধি আটাইশ বৎসর মিয়াদের পর তাহা স্বতন্ত্ররূপে প্রকাশকরণের স্বত্ব এই আইনের নিরূপিত মিয়াদের অবশিষ্ট কালপর্য্যন্ত রচকের প্রতি পুনর্ব্বার অর্পণ হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ আটাইশ বৎসর মিয়াদের মধ্যে ঐ পুস্তকের অধ্যক্ষ বা কল্পনাকারক কি প্রকাশক বা সম্পাদক রচক কিম্বা তাঁহার নিরূপিত ব্যক্তির অনুমতি না পাইয়া ঐ এসে অথবা আর্টিকেল কি অংশ আলাহিদা বা এক২ করিয়া প্রকাশ করিতে পারিবেন না। কিন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তি পূর্ব্বোক্তমতে কোন বিষয় রচনা করিবার নিমিত্তে নিযুক্ত হইয়াছেন বা উত্তর কালে নিযুক্ত হন্ সেই ব্যক্তি যদি কোন স্পষ্ট বা অস্পষ্ট বন্দোবস্তের দ্বারা আপনার রচিত আলাহিদারূপে প্রকাশ করিতে আপনার সেইরূপ অধিকার

position in a separate form who by any contract, express or implied, may have reserved or may hereafter reserve to himself such right, but every author reserving, retaining or having such right shall be entitled to the Copyright in such composition when published in a separate form according to this Act without prejudice to the right of such Proprietor, Projector, Publisher, or Conductor as aforesaid.

XI. And it is hereby enacted, that the Proprietor of the Copyright in any Encyclopædia, Review, Magazine, Periodical work or other work published in a series of Books or Parts shall be entitled to all the benefits of the Registration in the Office of the Secretary to the Government of India in the Home Department, under this Act, on entering in the said Book of Registry the title of such Encyclopædia, Review, Periodical work, or other work published in a series of Books or Parts, the time of the first publication of the first Volume, Number or Part thereof, or of the first Volume, Number or Part first published after the passing of this Act in any such work which shall have been published heretofore, and after the passing of the said Act of Parliament 3 and 4, William 4, C. 85, and the name and place of abode of the proprietor thereof and of the Publisher thereof, when such Publisher shall not also be the proprietor thereof.

XII. And it is enacted, that all copies of any Book wherein there shall be Copyright, and of which entry shall have been made in the said Registry Book and which shall have been unlawfully printed without the consent of the registered proprietor of such Copyright in writing under his hand first obtained shall be deemed to be the property of the proprietor of such Copyright and who shall be registered as such, and such registered proprietor shall after demand thereof in writing be entitled to sue for and recover the same or damages for the detention thereof.

XIII. And it is enacted, that if the case be within the jurisdiction of any of the Courts of Judicature established by Her Majesty's Charter, such registered proprietor shall be entitled to sue for and recover such copies or damages for the detention thereof in an action of Detinue, from any party who shall detain the same, or to sue for and recover damages for the conversion thereof in an action of Trover, and that if the case be within the jurisdiction of any Zillah Court or other local Court as aforesaid the registered proprietor shall be entitled to sue for and recover such copies or damages for the detention or conversion thereof in such form as is in use in the said Zillah or other local Courts for the recovery of specific personal property or damages for the detention or conversion thereof.

XIV. And it is enacted, that no proprietor of

রক্ষা করিয়াছেন অথবা উত্তর কালে রক্ষা করেন সেই ব্যক্তির আলাহিদারূপে তাহা প্রকাশ করিতে যে অধিকার আছে সেই অধিকার এই আইনের লিখিত কোন কথার দ্বারা মতান্তর কি লোপ হইবেক না। কিন্তু যে প্রত্যেক রচক সেইরূপ অধিকার রক্ষা করিয়াছেন বা স্বহস্তে রাখিয়াছেন বা যে রচকের সেই অধিকার থাকে সেই ব্যক্তি আলাহিদারূপে প্রকাশিত সেই রচনাতে এই আইনের বিধির অনুসারে গ্রন্থস্বত্বের অধিকারী হইবেন এবং সেই অধ্যক্ষ বা কল্পনাকারক বা প্রকাশক কি সম্পাদকের কিছু স্বত্ব হানি হইবেক না ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন এনসাইক্লোপিডিয়া কি রিবিউ অথবা মাগাজিন অথবা কোন সাময়িক পুস্তক বা খণ্ড কি অংশের শ্রেণীক্রমে প্রকাশিত কোন পুস্তকে গ্রন্থস্বত্বের অধিকারী যদি ভারতবর্ষের গবর্ণমেন্টের দেশীয় ডিপার্টমেন্টের সেক্রেটারীর দপ্তরের রেজিষ্টরী বহীতে ঐ এনসাইক্লোপিডিয়া অথবা রিবিউ কি সাময়িক পুস্তক অথবা খণ্ড বা অংশের শ্রেণীক্রমে প্রকাশিত ঐ পুস্তকের অনুষ্ঠান এবং প্রথম বালম কি ভাগ কি নম্বর প্রথমবার প্রকাশকরণের সময়ে অথবা সেইরূপ যে কোন গ্রন্থ ইহার পূর্ব্বে প্রকাশ হইয়াছিল এবং চতুর্থ উলিয়মের তৃতীয় ও চতুর্থ বৎসরীয় ৮৫ অধ্যায়ের আক্ট পার্লিমেন্ট জারীহওনের পর প্রকাশিত সেইরূপ কোন পুস্তকের যে প্রথম বালম অথবা নম্বর কি ভাগ এই আইন জারীহওনের পর প্রথম প্রকাশ হয় তাহা প্রকাশ করণের সময় এবং ঐ পুস্তকের মালিকের নাম ও বাসস্থান এবং ঐ গ্রন্থের প্রকাশক তাহার স্বামী না হইলে সেই স্বামির নাম ও নিবাস লেখেন তবে এই আইনানুসারে ভারতবর্ষের গবর্ণমেন্টের দেশীয় ডিপার্টমেন্টের সেক্রেটারীর দপ্তরে রেজিষ্টরী করণে যে সকল উপকার হয় সেই ব্যক্তি সেই সকল উপকার পাইবেন ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে সকল পুস্তকে গ্রন্থস্বত্ব আছে এবং সে স্বত্ব উক্ত রেজিষ্টরী বহীর মধ্যে রেজিষ্টরী হইয়াছিল তাহার যত নকল ঐ গ্রন্থস্বত্বের রেজিষ্টরীহওয়া মালিকের লিখিত ও দস্তখৎ করা অনুমতিব্যতিরেকে বেআইনীমতে মুদ্রিত হয় সেই সকল নকল ঐ গ্রন্থস্বত্বের যে মালিক তদ্রূপে রেজিষ্টরী হইয়াছিলেন তাঁহারি সম্পত্তি হইবেক এবং ঐ রেজিষ্টরীহওয়া মালিক লিখনের দ্বারা তাহার দাওয়া করণের পর তাহার বাবৎ নালিশ করিতে পারেন এবং তাহা পাইতে পারেন অথবা তাহা আটক করণের ক্ষতির বিষয়ে নালিশ করিতে পারেন ইতি।

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ মোকদ্দমা যদ্যপি শ্রীশ্রীমতী মহারাণীর চার্টর দ্বারা স্থাপিত কোন আদালতের এলাকার মধ্যে হয় তবে ঐ রেজিষ্টরীহওয়া মালিক যে ব্যক্তি ঐ পুস্তক আটক করেন তাঁহার নামে ডেটিনিউনামক মোকদ্দমার দ্বারা ঐ সকল পুস্তক পাইবার বিষয়ে অথবা তাহা আটককরণের ক্ষতির বিষয়ে নালিশ করিতে পারেন এবং তাহা পাইতে পারেন অথবা ট্রোবরনামক মোকদ্দমায় আপনার ন্যায় ব্যবহার করণের ক্ষতি পাইবার জন্যে নালিশ করিতে পারেন এবং যদি সেই মোকদ্দমা জিলার আদালতের অথবা পূর্ব্ববৎ স্থানীয় কোন আদালতের এলাকার মধ্যে হয় তবে ঐ রেজিষ্টরীহওয়া মালিক ঐ জিলা অথবা অন্য স্থানীয় আদালতে বিশেষ অস্থাবর সম্পত্তি পাইবার বিষয়ে বা তাহা আটক কিম্বা আপনার ন্যায় ব্যবহার করণের ক্ষতির বিষয়ে যে প্রকার নালিশ করণের রীতি আছে সেইরূপে ঐ পুস্তকের বিষয়ে অথবা তাহা আটক কি আপনার ন্যায় ব্যবহার করণের ক্ষতির বিষয়ে নালিশ করিয়া পাইতে পারেন ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন

Copyright in any book which shall be first published after the passing of this Act shall maintain under the provisions of this Act any action or suit at law or in equity, or any summary proceeding in respect of any infringement of such Copyright unless he shall before commencing such action, suit, or proceeding have caused an entry to be made in the Book of Registry at the office of the said Secretary of such book pursuant to this Act. Provided always that the omission to make such entry shall not affect the Copyright in any book, nor the right to sue or proceed in respect of the infringement thereof except the right to sue or proceed in respect of the infringement thereof under the provisions of this Act.

জারী হওনের পর যে পুস্তক প্রথমবার প্রকাশ হয় তাহাতে গ্রন্থস্বত্বের মালিক যদি নালিশ বা মোকদ্দমা কি কার্য্যের আরম্ভ করণের পূর্ব্বে এই আইনের বিধির অনুসারে উক্ত সেক্রেটারী সাহেবের দফ্তরের রেজিষ্টরী বহীর মধ্যে সে গ্রন্থ রেজিষ্টরী না করিয়া থাকেন তবে ঐ গ্রন্থস্বত্বের লঙ্ঘনের বিষয়ে আইনমতে অথবা একুটি পক্ষে কোন নালিশ বা মোকদ্দমা বা কোন সরাসরী কার্য্য এই আইনের বিধির অনুসারে করিতে পারিবেন না। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐরূপ রেজিষ্টরী বহীতে রেজিষ্টরী করণের ত্রুটিপ্রযুক্ত কোন বহীতে গ্রন্থস্বত্বের কিছু হানি হইবেক না এবং ঐ স্বত্ব উল্লঙ্ঘন করণের বিষয়ে নালিশ বা কার্য্যকরণের হকের কিছু হানি হইবেক না কেবল ঐ স্বত্ব উল্লঙ্ঘনের বিষয়ে এই আইনের বিধির অনুসারে নালিশ বা কার্য্য করণের অধিকার রেজিষ্টরী না করিলে থাকিবেক না ইতি।

XV. And it is enacted, that if any action or suit shall be commenced or brought in any of the Courts of Judicature established by Her Majesty's Charter against any person or persons whomsoever for doing or causing to be done any thing in pursuance of this Act the defendant or defendants in such action may plead the general issue and give the special matter in evidence; and if upon such action a verdict shall be given for the defendant or the plaintiff shall become nonsuited or discontinue his action, then the defendant shall have and recover his full costs for which he shall have the same remedy as a defendant in any case by Law hath in the said last mentioned Courts.

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি এই আইনানুসারে কোন কার্য্যকরণের বিষয়ে বা করাওণের বিষয়ে কোন ব্যক্তি কি ব্যক্তিরদের নামে শ্রীশ্রীমতী মহারাণীর চার্টর দ্বারা স্থাপিত আদালতে কোন নালিশ বা মোকদ্দমা আরম্ভ হয় বা করা যায় তবে আসামী বা আসামীরা সেই নালিশে "জেনরল ইসুর" জওয়াব দিতে পারেন্ এবং বিশেষ বিষয়ের প্রমাণ দিতে পারেন্ এবং যদি এইমত কোন নালিশে আসামীর পক্ষে ডিক্রী হয় এবং যদি ফরিয়াদী ননসুট হন অথবা আপনার নালিশহইতে ক্ষান্ত হন তবে আসামী আপনার সম্পূর্ণ খরচা ফিরিয়া পাইতে পারেন্ এবং শেষোক্ত আদালতে কোন মোকদ্দমায় আইনের দ্বারা আসামী যে প্রতিকার পাইতে পারেন সেইরূপ প্রতিকার পাইতে পারিবেন ইতি।

XVI. And it is enacted, that all Actions, Suits, Bills, Indictments, Informations and other criminal proceedings for any offence which shall be committed against this Act shall be brought, sued and commenced within twelve Calendar months next after such offence committed, or else the same shall be void and of none effect.

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের বিরুদ্ধে যে অপরাধ হয় তাহার নিমিত্তে যে সকল নালিশ ও মোকদ্দমা এবং বিল ও ইণ্ডাইটমেন্ট ও এজহার ও অন্য ফৌজদারী কার্য্য হয় তাহা অপরাধ করণের পর বারো মাসের মধ্যে করিতে হইবেক ও নালিশ আরম্ভ করিতে হইবেক নতুবা তাহা রদ ও বাতিল হইবেক ইতি।

XVII. Provided always and it is enacted, that nothing in this Act contained shall affect, alter, or vary any right subsisting at the time of passing this Act except as herein expressly enacted; and all contracts, agreements and obligations made and entered into before the passing of this Act and all remedies relating thereto, shall remain in full force any thing herein contained to the contrary notwithstanding.

১৭ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওন সময়ে বিশেষ যে কোন স্বত্ব বর্ত্তমান থাকে এবং বিশেষরূপে এই আইনের দ্বারা তাহার বিষয়ে কোন হুকুম না হইয়া থাকে সেই স্বত্ব এই আইনের লিখিত কোন কথার দ্বারা হানি বা মতান্তর হইবেক না এবং এই আইন জারী হওনের পূর্ব্বে যে সকল চুক্তি বা বন্দোবস্ত কি নির্বন্ধ এবং তৎসম্পর্কীয় সকল প্রতিকার হইয়াছিল তাহা সম্পূর্ণরূপে বলবৎ থাকিবেক এবং এই আইনের মধ্যে তাহার বিরুদ্ধ কোন কথা থাকিলেও তাহা প্রতিবন্ধক হইবেক না ইতি।

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 13th day of June next.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি জুন মাসের ১৩ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

[*Government Gazette, 30th March,* 1847.]

NOTIFICATION.

The following return of Meritorious Students for 1846-47, furnished by the Council of Education, in pursuance of the resolution of Government, dated the 10th October, 1844, is published for general information.

Name.	Age.	Residence.	Institution at which educated.	Extent of acquirements.	Character and abilities.	Class attained and honorary distinctions acquired.	Remarks.
Isserchunder Mitter, ...	19	Calcutta.	Hindoo College.	Highly distinguished in literature and science.	Unexceptionable character and high abilities.	Senior Scholarship, Law Medal Governor General's Prize, and Moral Philosophy Silver Medal.	1st Class.
Gopaul Loll Roy, ...	22	Do.	Do.	Do.	Do.	Senior Scholarship and Gold Medal for Moral Philosophy.	2d Class.
Chunder Seekur Goopto, ...	20	Gorepara, Zillah 24-Pergunnahs.	Hooghly College.	The Senior Scholarship Standard.	Good character and abilities.	Senior Scholarship and Gold Medal for English Essay.	Do.
Chundychurn Shome, ...	23	Chinsurah Zillah Hooghly.	Do.	Do.	Do.	Senior Scholarship.	Do.
Dwarkanauth Chuckerbutty, ...	20½	Bali Zillah Hooghly.	Do.	Do	Do.	Do.	Do.
Dinobundhoo Dey, ...	21	Calcutta.	Hindoo College.	Do.	Do.	Do.	Do.
Bonmallee Mitter, ...	22	Do.	Do.	Do.	Good character and superior abilities.	Do.	Do.
Satcowry Roy,...	20½	Bansbaria Zillah Hooghly.	Hooghly College.	Do.	Good character and abilities.	Senior Scholarship and Silver Medal for English Essay.	Do.
Shibnarain Dutt, ...	20	Calcutta.	Hindoo College.	Do.	Good character and moderate abilities.	Senior Scholarship.	Do.
Calachund Bose, ...	20½	Chandernagore Zillah Hooghly.	Hooghly College.	Do.	Do.	Do.	Do.

(By Order)
F. J. HALLIDAY, *Secy to the Govt. of Bengal.*

24th March, 1847.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ৩০ মার্চ।]

বিজ্ঞাপন

গবর্ণমেন্টের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণক্রমে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ১৮৪৬। ৪৭ সালের প্রশংসনীয় ছাত্রেরদের যে রিপোর্ট করেন্ তাহা এক্ষণে সর্ব্ব সাধারণকে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

নাম	বয়স্	বাসস্থান	যে বিদ্যালয়ে শিক্ষা করেন	যেপর্য্যন্ত শিক্ষা করেন	আচরণ ও গুণের বৃত্তান্ত	যে সম্প্রদায়ভুক্ত হন্ ও সম্ভ্রমসূচক যে পুরস্কার প্রাপ্ত হন্	মন্তব্য
ঈশ্বরচন্দ্র মিত্র ...	১৯	কলিকাতা	হিন্দু কালেজ ...	শাস্ত্র বিদ্যাতে ও অন্যান্য বিদ্যাতে অতি-নিপুণ	সর্ব্বতোভাবে উত্তম আচরণ ও শ্রেষ্ঠ গুণ	প্রধান বৃত্তিভোগী। আইন বিষয়ে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের পুরস্কার ও নীতি বিদ্যার জন্যে রূপার মুদ্রা পান্।	প্রথম শ্রেণী
গোপাল লাল রায় ...	২২	ঐ	ঐ	ঐ	ঐ	প্রধান বৃত্তিভোগী। নীতি বিদ্যার জন্যে স্বর্ণমুদ্রা পান্।	দ্বিতীয় শ্রেণী
চন্দ্রশেখর গুপ্ত ...	২০	জিলা চব্বিশপরগনার গরিফা ...	হুগলী কালেজ ..	প্রধান বৃত্তিভোগির উপযুক্ত	সদাচরণ ও ভাল গুণ	প্রধান বৃত্তিভোগী। ইঙ্গরেজী এসের জন্যে স্বর্ণমুদ্রা পান্।	ঐ
চণ্ডীচরণ সোম ...	২৩	চুঁচুড়া জিলা হুগলী	ঐ	ঐ	ঐ	প্রধান বৃত্তিভোগী।	ঐ
দ্বারকানাথ চক্রবর্ত্তী ...	২০।৬	বালী জিলা হুগলী	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ
দীনবন্ধু দে	২১	কলিকাতা	হিন্দু কালেজ ...	ঐ	ঐ	ঐ	ঐ
বনমালী মিত্র ...	২২	ঐ	ঐ	ঐ	সদাচরণ ও অত্যুত্তম গুণ	ঐ	ঐ
সাতকড়ি রায় ...	২০।৬	বাঁশবেড়িয়া জিলা হুগলী ...	হুগলী কালেজ ...	ঐ	সদাচরণ ও ভাল গুণ	প্রধান বৃত্তিভোগী। ইঙ্গরেজী এসের জন্যে রূপার মুদ্রা পান্।	ঐ
শিবনারায়ণ দত্ত ...	২০	কলিকাতা	হিন্দু কালেজ ...	ঐ	সদাচরণ ও সামান্য গুণ	প্রধান বৃত্তিভোগী।	ঐ
কালাচাঁদ বসু ...	২০।৬	চন্দননগর জিলা হুগলী ...	হুগলী কালেজ ...	ঐ	ঐ	ঐ	ঐ

হুকুমক্রমে

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

রাজকর্ম্মে নিয়োগ।

৫৫৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৭ মার্চ।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টান্ট শ্রীযুত এফ এ বি গ্লোবের সাহেব (Mr. F. A. B. Glover,) জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে জিলা ভাগলপুরের ফরক্কাবাদে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এফ জে বেল সাহেব (Mr. F. J. Bell,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

রাধানাথ বড়বড়ুয়ার মৃত্যু হওয়াতে শ্রীযুত ইন্দু গোসাঁই মুক্ত মেলিয়া রাজ্য আসামে শিবসাগরের সদর আমীন হইবেন।

১৮৪৭ সাল ২২ মার্চ।

শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেব (Hon'ble F. Drummond,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি পূর্ণিয়ার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত সি এফ সীলি সাহেব (Mr. C. F. Sealy,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এস ওয়াকোপ সাহেব (Mr. S. Wauchope,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি হুগলীর মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr A. S. Annand,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি হাবড়ার মাজিষ্ট্রেট হইবেন ও অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীহট্টের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেব (Mr. E. J. C. Richardson,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত ই সাণ্ডিস সাহেব (Mr. E. Sandys,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৭ মার্চ।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টান্ট শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২০ মার্চ।

কটকের সিবিল আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত এ এম মাকে মিণ্টো সাহেব (Mr. A. M. McK. Minto,) ১৮৪৫ সালের ৮ মার্চঅবধি ১৫ মার্চ তারিখপর্য্যন্ত অতিরিক্ত ছুটী পাইয়াছেন। তিনি যে জাহাজে গমন করেন সেই জাহাজ ঐ ১৫ মার্চ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৪৭ সাল ২২ মার্চ।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত আর এফ হডসন সাহেব (Mr. R. F. Hodgson,) আপন কর্ম্মের ভার ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া পনের দিনের ছুটী পাইয়াছেন।

মলাকার রেসিডেণ্ট কৌন্সেলর শ্রীযুত জে ডবলিউ সামণ্ড সাহেব (Mr. J. W. Salmond,) গত নবেম্বর মাসের ২৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

শ্রীহট্টের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব (Mr. E. S. Pearson,) গত জানুআরি মাসের ৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের সদর আমীন শ্রীযুত মৌলবী বদিউদ্দীন আহম্মদ গত ডিসেম্বর মাসের ২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আড়াই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে মেদিনীপুরে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবচন্দ্র দেব বারো দিনের ছুটী পাইয়াছেন।

হুগলীর প্রধান সদর আমীন শ্রীযুত জেম্‌স রাইলী সাহেব (Mr. James Reily,) দশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন

১৮৪৭ সাল ১৭ মার্চ।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শমতে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেব নীচের লিখিত গ্রাম তাল্লা থানা হইতে উঠাইয়া ত্রিমোহনী থানাভুক্ত করিতে ও ত্রিমোহনী থানাহইতে উঠাইয়া তাল্লা থানাভুক্ত করিতে হুকুম করিয়াছেন।

তাল্লা থানাহইতে উঠাইয়া যেং গ্রাম ত্রিমোহনী থানাভুক্ত হইল তাহা।

১ ভাগেল নরেন্দ্রপুর	১০ শ্রীফলা
২ জগন্নাথপুর	১১ ব্রহ্মকাটী
৩ দরমচিয়া	১২ সরফাবাদ বাজিদপুর
৪ বাঁইশা	১৩ সেখপুরা
৫ নরপুর	১৪ খাঁপুর
৬ শ্রীরামপুর	১৫ সন্দলপুর
৭ দেবলিহজলাতালা	১৬ বাঙ্গালপুর
৮ মজিদপুর	১৭ কালীগঞ্জ
৯ শাহারাবাজ মিরজাপুর	১৮ সৈয়দ মহম্মদপুর
	১৯ রামচন্দ্রপুর
	২০ শারদাঁয়া

ত্রিমোহনী থানাহইতে উঠাইয়া যেং গ্রাম থানা তাল্লার ভুক্ত হয় তাহা।

১ সঙ্গল সাহা	৭ নাঙ্গলা
২ উটালী	৮ ধেরনশাকনা
৩ চাঁদপুর	৯ ঘোলা
৪ নাগর	১০ নারায়ণপুর
৫ বাঁকলা	১১ কাজীডাঙ্গা
৬ পরাণপুর	১২ ভবানীপুর

১৮৪৭ সাল ২৪ মার্চ।

বেহারের অতিরিক্ত জজ শ্রীযুত ডবলিউ সেণ্ট কুইন্টিন সাহেব (Mr. W. St. Quintin,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত সি গার্ষ্টিন সাহেব (Mr. C. Garstin,) বর্ত্তমান মাসের ১২ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A Campbell,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৩০ মার্চ।]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of LACHLANE ALEXANDER MACLEAN, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday the 3d day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Assignee, from the 1st day of March 1845, until the 1st day of March instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given, at the Office of the Chief Clerk, 3 clear days before the hearing.

Assignee's Office, 24th March, 1847.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন লাকলেন আলেকজাণ্ডর মাক্লিন সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড করণের জন্যে এ বিষয়ের শুননি আগামি আপ্রিল মাসের ৩ তারিখ শনিবারে পুনরায় হইবেক এই বিষয়ে ১৮৪৫ সালের ১ মার্চ তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল হইয়াছে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর দাওয়া সাবুদ কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের তিন দিবস পূর্ব্বে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সেই বিষয়ের সম্বাদ জানাইলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনির দফ্তরখানা। ১৮৪৭। ২৪ মার্চ।

The like notice in the matter of JOHN TURTON, an Insolvent, wherein the account of the Assignee is filed from the 1st day of June, 1846, until the 1st day of March instant.

যোত্রহীন জান টর্টন সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেব ১৮৪৬ সালের ১ জুন তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্তের হিসাব দাখিল করেন।

The like notice in the matter of EDMUND ONSLOW, an Insolvent, wherein the account of the Assignee is filed from the 1st day of September, 1845, until the 1st day of March instant.

যোত্রহীন এডমণ্ড অনসলো সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে এই বিষয়ে আসৈনি সাহেব ১৮৪৫ সালের ১ সেপ্টেম্বর তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্তের হিসাব দাখিল করেন্।

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of Rajbullub Seal, a creditor of ALEXANDER ROGERS, of the Town of Calcutta, Merchant and Agent, against whom an adjudication of Insolvency was made and pronounced by the said Court, on the twentieth day of November last, on the application of the said Rajbullub Seal, are appointed to be heard in the said Court, on Saturday the first day of May next.

The names of the creditors of the said ALEXANDER ROGERS, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which creditors may refer.

26th March, 1847. GRANT and REMFRY, *Insolvent's Attornies.*

কলিকাতা নগরের মহাজন ও এজেণ্ট আলেকজাণ্ডর রজর্স সাহেব যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ তাঁহার মহাজন রাজবল্লভ শীলের দরখাস্তমতে গত নবেম্বর মাসের ২০ তারিখে উক্ত আদালতে হইল। ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত রাজবল্লভ শীলের দরখাস্তের মর্ম্ম আগামি মে মাসের ১ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত আলেকজাণ্ডর রজর্স সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

১৮৪৭। ২৬ মার্চ। গ্রাণ্ট ও রেম্ফ্রি। যোত্রহীনের উকীল।

[*Government Gazette*, 30*th March*, 1847.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট· গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 6, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ৬ আপ্রিল।

REPORTS OF SUMMARY CASES DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

8th February, 1847 —Execution of a decree revived after adjustment, it being shown that the terms of the adjustment had not been complied with by the debtor.

Ram Suhai Sing and others,—Petitioners

This was an appeal from an order of the Judge of Patna, dated the 24th June, 1846, confirming that of the Principal Sudder Ameen of the 15th September preceding. It appeared that one Munohur Lal had instituted an action against the petitioners for recovery of a sum of money, and obtained judgment in his favor. In course of execution the parties entered into an adjustment, the petitioners binding themselves by a bond to pay the debt by specified instalments, and agreeing that in the event of the failure on their part to abide by the terms of the bond, one of which was to furnish security for the fulfilment of the engagement, the execution of the decree should be revived. The petitioners failed in carrying out the terms of the agreement with regard to the execution of the security to be furnished for the fulfilment of the engagement and also to the payment of the first instalment; and the decree-holder then applied for revival of execution of the decree according to its original terms The Principal Sudder Ameen granted the prayer accordingly and his order was confirmed by the Judge

On appeal to the Sudder Dewanny Adawlut, the Court (present Mr. Reid,) saw no reason to interfere with the orders of the lower Courts as the term of the adjustment had not been conformed to by the petitioners.

[*Government Gazette, 6th April*, 1847.]

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৭ সাল ৮ ফেব্রুআরি।

বন্দোবস্ত হওনের পর যদি এমত প্রমাণ হয় যে ঐ বন্দোবস্তের নিয়ম খাতক প্রতিপালন করে নাই তবে ডিক্রী জারী পুনরুত্থিত হইতে পারে।

রামসহায় সিংহ ও অন্যেরা। দরখাস্তকারী।

১৮৪৫ সালের ১৫ সেপ্টেম্বর তারিখে পাটনার প্রধান সদর আমীন যে হুকুম করেন্ তাহা ১৮৪৬ সালের ২৪ জুন তারিখে পাটনার জজ সাহেব বহাল রাখেন এবং জজ সাহেবের ঐ হুকুমের উপর এই আপীল হয়। দৃষ্ট হইল যে মনোহর লালনামক এক ব্যক্তি কতক টাকা পাইবার জন্যে দরখাস্তকারিরদের নামে নালিশ করিল এবং তাহার পক্ষে ডিক্রী হইল। পরে ডিক্রী জারী হওনসময়ে উভয় পক্ষীয়েরা আপোসে এক বন্দোবস্ত করিল এবং দরখাস্তকারিরা কিস্তিবন্দী করিয়া ঐ টাকা পরিশোধ করিতে এক বণ্ড লিখিয়া দিল এবং ঐ বণ্ডের নিয়মের মধ্যে ইহা লেখা ছিল যে ঐ বন্দোবস্ত প্রতিপালনের নিমিত্তে তাহারা জামিন দিবেক এবং তাহারা যদি ইহাতে কিছু ত্রুটি করে তবে ডিক্রী জারী পুনর্ব্বার উত্থাপন করা যাইবেক। কিন্তু বন্দোবস্ত প্রতিপালনের জন্যে তাহারা যে জামিন দিতে স্বীকার করিয়াছিল তাহার বিষয়ে এবং প্রথম কিস্তীর টাকা দিবার বিষয়ে তাহারা বন্দোবস্তের নিয়ম প্রতিপালন করিতে ত্রুটি করিল। এবং ডিক্রীদার ডিক্রীর আসল নিয়মানুসারে তাহা জারীর পুনরুত্থাপনের বিষয়ে দরখাস্ত দিল। তাহাতে প্রধান সদর আমীন সেই দরখাস্ত মঞ্জুর করিলেন এবং জজ সাহেব তাহার ঐ হুকুম বহাল রাখিলেন।

পরে সদর দেওয়ানী আদালতে আপীল হইলে ঐ আদালতের জজ শ্রীযুত রীড সাহেব কহিলেন যে দরখাস্তকারিরা বন্দোবস্তের যে নিয়ম করিয়াছিল তাহা প্রতিপালন করে নাই অতএব অধস্থ আদালতের হুকুমে হস্তক্ষেপ করিতে আমি কিছু কারণ দেখি না।

9th February, 1847.—An adjustment between parties after judgment and execution sued out, held under the circumstances to supersede the judgment and to bar the revival of execution notwithstanding the alleged evasion by one of the parties of the terms of the adjustment.

Rani Soorjumunee Debbea,—Petitioner.

This was an appeal from an order of the Judge of Rajshahye, dated 4th August, 1846. It appeared that the late Bhoop Indernerain Rai had brought an action against the petitioner for recovery of a specified fractional portion of Pergunnah Lushkerpore, &c. which he claimed on the ground of adoption by the preceding proprietor and obtained judgment in his favor. In course of execution the parties came to an understanding and executed mutual engagements by which a 10 anna, 5 gunda, 3 kowree share of the property was to remain in possession of the petitioner, without the power of alienation, during her life time, and the remainder to go to the decree-holder accordingly; on intimation of this arrangement being given to the Court, the case of execution was, on the 20th September, 1844, struck off. After this the decree holder presented a petition to the Zillah Court, alleging that he had not obtained possession of his portion under the engagements, and seeking its interference by a revival of the case of execution. The decree-holder at this stage of the proceedings deceased, and was succeeded by his two widows in behalf of his minor sons. The Judge being of opinion that the engagements had not been carried out, directed the revival of the execution, and ordered the property to be placed in charge of the Court of Wards, and a provision for maintenance to be allowed to the petitioner.

From this order the petitioner appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court present Mr. Reid.

"The original case between the parties was adjusted and disposed of by the mutual engagements entered into, and the case of execution was struck off the file. The engagements in some respects altered the terms of the decree, and in fact superseded it. The case therefore cannot be summarily revived, and the execution of the decree proceeded with. The original decree-holder must now stand upon the engagements, and the order of the Judge for revival of execution be set aside.

Order accordingly.

Note.—In this case the adjustment was a supercession of the decree; in the preceding case of Ram Suhai Singh and others the revival of execution was made to depend upon the fulfilment or otherwise by the debtor of the terms of the adjustment. Hence the differing orders of the Court.

15th February, 1847.—A power of attorney

১৮৪৭ সাল ৯ ফেব্রুআরি।

ডিক্রী হইলে এবং ডিক্রীজারীর মোকদ্দমা হইলে পর উভয় বিবাদির মধ্যে এক বন্দোবস্ত হয় কিন্তু তাহার বিশেষ বিষয় দৃষ্টে বিধান হইল যে তাহাতে ডিক্রীর অন্যথা হইল এবং যদ্যপি বিবাদিরদের এক জন বন্দোবস্তের নিয়ম প্রতিপালন করে নাই কথিত হয় তথাপি ডিক্রী জারী পুনরুত্থিত হইতে পারে না।

রাণী সূর্য্যমণি দেবী। দরখাস্তকারিণী।

১৮৪৬ সালের ৪ আগষ্ট তারিখের রাজশাহীর জজ সাহেবের হুকুমের উপর এই আপীল হয়। দৃষ্ট হইল যে মৃত ভূপেন্দ্রনারায়ণ রায় সাবেক জমীদারের পোষ্য পুত্রত্বপ্রযুক্ত লশ্করপুরইত্যাদি পরগনার বিশেষ অংশের দাওয়া করিল এবং তাহা পাইবার জন্যে দরখাস্তকারিণীর নামে নালিশ করিল এবং তাহার পক্ষে ডিক্রী হইল। পরে ডিক্রী জারী করণসময়ে উভয় পক্ষীয়েরদের আপোসে বন্দোবস্ত হইল এবং তাহারা পরস্পর এই একরার লিখিয়া দিল যে ঐ সম্পত্তির ।৶৫৩ দশ আনা পাঁচ গণ্ডা তিন কড়া হিস্যা দরখাস্তকারিণীর যাবজ্জীবন দখলে থাকিবেক এবং তাহা হস্তান্তর করিতে তাহার শক্তি হইবেক না এবং অবশিষ্ট জমীদারী ডিক্রীদারের হস্তে অর্পণ হইবেক। এই বন্দোবস্তের সম্বাদ আদালতে দেওয়া গেলে ঐ ডিক্রী জারীর মোকদ্দমা ১৮৪৪ সালের ২০ সেপ্টেম্বর তারিখে নথীহইতে উঠান গেল। তৎপরে ডিক্রীদার জিলা আদালতে দরখাস্ত করিল যে ঐ বন্দোবস্তক্রমে জমীদারীর হিস্যার দখল আমি পাই নাই অতএব ঐ ডিক্রী জারীর মোকদ্দমা পুনরুত্থিত করিতে আদালতে প্রার্থনা করি। ঐ মোকদ্দমার কার্য্যের এইমত সময়ে ডিক্রীদার মরিল এবং তাহার দুই বিধবা তাহার নাবালগ পুত্রেরদের নিমিত্তে উত্তরাধিকারিণী হইল। তাহাতে জজ সাহেব বন্দোবস্ত সম্পূর্ণ হয় নাই বলিয়া ঐ ডিক্রীজারী পুনরুত্থাপন করিতে হুকুম দিলেন এবং সম্পত্তি কোর্ট ওয়ার্ডসের জিম্মায় রাখিতে এবং দরখাস্তকারিণীর ভরণ পোষণের নিমিত্তে তাহাহইতে তাহাকে টাকা দিতে হুকুম করিলেন।

এই হুকুমের উপর দরখাস্তকারিণী সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব এই বিধান করিলেন যে তাহারদের পরস্পর বন্দোবস্তের দ্বারা উভয় বিবাদির মধ্যে যে আসল মোকদ্দমা ছিল তাহা মিটান গেল ও নিষ্পত্তি হইল এবং ডিক্রী জারীর মোকদ্দমা নথীহইতে উঠান গেল। ঐ বন্দোবস্তের দ্বারা ডিক্রীর নিয়ম একপ্রকার মতান্তর হইল ফলতঃ ঐ ডিক্রীর অন্যথা হইল। অতএব ঐ মোকদ্দমা সরাসরীমতে পুনরুত্থিত হইতে পারে না এবং ডিক্রী জারীর নির্ব্বাহ হইতে পারে না। আসল ডিক্রীদারের এক্ষণে ঐ বন্দোবস্তের উপর নির্ভর করিতে হইবেক এবং ডিক্রী জারীর পুনরুত্থানের বিষয়ে জজ সাহেবের হুকুম নামঞ্জুর করিতে হইবেক।

তদনুসারে হুকুম হইল।

মন্তব্য।

এই গতিকে বন্দোবস্তের দ্বারা ডিক্রীর অন্যথা হইল কিন্তু রামসহায় সিংহ এবং অন্যেরদের পূর্ব্ব লিখিত মোকদ্দমায় খাতকের বন্দোবস্তের নিয়ম প্রতিপালন করণ কি না করণ বিধায় ডিক্রী জারীর পুনরুত্থান হইল এই নিমিত্তে আদালতের বিবিধ হুকুম হইল।

১৮৪৭ সাল ১৫ ফেব্রুআরি।

বিধান হইল যে যে ব্যক্তিরা স্বাক্ষরকারি ব্যক্তির হা-

executed in England, was under the circumstances held to have been sufficiently attested by the affidavits of persons acquainted with the hand-writing of the party executing.

W. G. Rose,—Petitioner.

This was an appeal from an order of the Judge of 24 Pergunnahs, refusing to direct payment to the petitioner of a deposit in his Court to the credit of Dr. G. Evans, from whom the petitioner held a power of attorney executed in England, authorising him to draw the amount. The ground of the Judge's refusal was that the subscribing witnesses to the power of attorney had not attested it; it having been attested by the affidavits of parties who were acquainted with the hand-writing of Dr. Evans.

The Court (present Mr. Reid, who consulted the other Judges on the point) was of opinion that, under the circumstances, the power of attorney had been sufficiently attested, and issued orders accordingly.

তের লেখা জানিল তাহারদের সুকৃতির দ্বারা ইঙ্গলণ্ড দেশে স্বাক্ষরহওয়া ওকালৎনামা বিষয় বুঝিয়া প্রচুরমতে প্রমাণ হইয়াছে বোধ হইল।

ডবলিউ জি রোস সাহেব। দরখাস্তকারী।

চব্বিশপরগনার আদালতে ডাক্তর জি ইবন্স সাহেবের নামে কতক টাকা আমানৎ ছিল এবং দরখাস্তকারির নিকট ঐ সাহেব ইঙ্গলণ্ড দেশে স্বাক্ষরহওয়া এক ওকালৎনামা পাঠাইলেন এবং তদ্দ্বারা তাঁহাকে সেই টাকা বাহির করিতে ক্ষমতা দিলেন। কিন্তু চব্বিশপরগনার জজ সাহেব দরখাস্তকারিকে সেই টাকা দিতে স্বীকৃত হইলেন না। জজ সাহেবের অস্বীকারের হেতু এই যে ঐ ওকালৎনামার স্বাক্ষরকারি সাক্ষিরা তাহা সাব্যস্ত করে নাই কিন্তু যাহারা ঐ ডাক্তর ইবন্স সাহেবের হাতের লেখা চিনে তাহারদের সুকৃতির দ্বারা ঐ ওকালৎনামার সহীহওয়া সাব্যস্ত হইল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব এই বিষয়ে অন্যান্য জজ সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া বিধান করিলেন যে এইমত গতিকে ঐ ওকালৎনামায় সহীহওয়া প্রচুরমতে প্রমাণীকৃত হইয়াছে এবং তদনুসারে হুকুম করিলেন।

John C. Marshman, *Bengalee Translotor.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 3.

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———.

I am directed by the Sudder Board of Revenue to inform you, that they have been pleased to rescind their Circular Order No. 1, dated 4th January, 1841, relative to the Surplus Proceeds of Estates sold for the recovery of arrears of Revenue.

(Signed) E. Currie,
Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 12th March, 1847.

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে বাকী মালগুজারী আদায়ের নিমিত্তে নীলাম হওয়া মহালের ফাজিল টাকার বিষয়ি ১৮৪১ সালের ৪ জানুআরি তারিখের ১ নম্বরী সরক্যুলর অর্ডর ঐ বোর্ডের সাহেবেরা রদ করিয়াছেন।

ই করি। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ১২ মার্চ।

John C. Marshman, *Bengalee Translator.*

NOTIFICATION.

The following Notification is published for the information of parties to suits in the Court of the Civil and Sessions Judge of the 24-Pergunnahs.

When pleaders who understand the English language are employed by both parties to a suit, it shall be at the discretion of the Judge to direct that oral pleadings (if such pleading is necessary) be conducted in that language; and it is to be understood that unless the pleaders of both parties are fully competent to argue the oral pleadings (if such are necessary) in English, the proceedings must be conducted altogether in the native languages.

R. Torrens,
Civil and Sessions Judge.

The 29th March, 1847.

Government Gazette, 6th April, 1847.]

বিজ্ঞাপন।

জিলা চব্বিশপরগনার সিবিল ও সেশন জজ সাহেবের আদালতে যে২ মোকদ্দমা উপস্থিত হয় তাহার আসামী ফরিয়াদীরদিগকে জানাইবার জন্যে নীচের লিখিত বিজ্ঞাপন প্রকাশ হইতেছে।

মোকদ্দমার উভয় পক্ষ যে উকীলেরদের ইঙ্গরেজী ভাষাতে বোধ থাকে এমত উকীলদিগকে নিযুক্ত করিলে জজ সাহেব আপনার বিবেচনামতে হুকুম করিবেন যে জোবানী সওয়াল জওয়াব করিবার আবশ্যক হইলে সেই সওয়াল জওয়াব উক্ত ভাষাতেই হয় কিন্তু ইহা জানা কর্ত্তব্য যে জোবানী সওয়াল জওয়াব করিবার আবশ্যক হইলে যদি উভয় পক্ষের উকীলেরা ইঙ্গরেজী ভাষাতে তাহা চালাইতে সম্পূর্ণরূপে উপযুক্ত না হন তবে ঐ কার্য্য কেবল এদেশীয় ভাষাতেই হইবেক।

আর টরেন্স।
সিবিল ও সেশন জজ।

১৮৪৭। ২৯ মার্চ।

John C Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 6.

To the Civil Judges in the Lower Provinces.

The Sudder Dewanny Adawlut notify, for general information, that their Court will be closed on the dates indicated in the annexed Memorandum, being the days on which Hindoo and Mahomedan Holidays will take place in the year 1254 Bengalee style, and they hereby authorize the closing of the Civil Courts in the several Districts under their control, for the same periods.

Fort William, the 26th March, 1847.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Statement of Hindoo and Mahomedan Holidays in the year 1254, B. S. corresponding with 1847-48.

Names of Holidays.	English Month.	Bengalee Month.	Days of the Week.
Eclipse of the Sun, ...	15th April, ...	3d Bysack, ...	Thursday.
Dusserah (Gungahpoojah,)	23d June, ...	10th Assar, ...	Wednesday.
Usnan Jattra, ...	28th Ditto, ...	15th Ditto, ...	Monday.
Ruth Jattra, ...	14th July, ...	31st Ditto, ...	Wednesday.
Ooltah Ruth, ...	22d Ditto, ...	7th Srawun, ...	Thursday.
Shubaburat, ...	27th Ditto, ...	12th Ditto, ...	Tuesday, if the Moon be visible on the 14th July, otherwise the following day.
Raksha Bundun, ...	26th August, ...	11th Bhadoon, ...	Thursday.
Junmo Ushtomee, ...	2d and 3d September, ...	18th and 19th Ditto, ...	Thursday and Friday.
Edul Fetre, ...	12th and 13th Ditto, ...	28th and 29th Ditto, ...	Sunday and Monday.
Eclipse of the Moon, ...	25th Ditto, ...	10th Assin, ...	Saturday.
Dusserah Vacation, including Mohaloya Dewallee, Eclipse of the Sun, and Bhydooz, ...	6th October to 10th November, ...	21st Assin to 25th Kartick, ...	Wednesday to Wednesday.
Kartick Poojah, ...	15th and 16th November, ...	30th Kartick and 1st Ughan, ...	Monday and Tuesday.
Juggudhathee Poojah, ...	16th and 17th Ditto, ...	1st and 2d Ughan, ...	Tuesday and Wednesday.
Edooz Zoha, ...	19th and 20th November, ...	4th and 5th Ughan, ...	Friday and Saturday.
Mohurrum Vacation, ...	10th to 24th December, ...	25th Ughan to 10th Poos, ...	Friday to Friday.
Akhery Chahar Samba, ...	2d February, 1848, ...	21st Maugh, ...	Wednesday.
Busunt Punchomee, ...	9th and 10th Ditto, ...	28th and 29th Ditto, ...	Wednesday and Thursday.
Futteh Dwazduhum, ...	18th Ditto, ...	7th Falgoon, ...	Friday, but if the Moon be visible on the 7th February then on the 19th.
Sheoratree, ...	3d and 4th March,...	21st and 22d Falgoon, ...	Friday and Saturday.
Dolejattra including Eclipse of the Moon, ...	19th to 21st Ditto, ...	7th to 9th Chyte, ...	Sunday to Tuesday.
Baroonee Usnan, ...	1st April, ...	20th Ditto, ...	Saturday.
Churuk Poojah, ...	10th and 11th Ditto, ...	29th and 30th Ditto, ...	Monday and Tuesday.

W. KIRKPATRICK, *Deputy Register.*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালত সকল লোককে জানাইতেছেন যে বাঙ্গলা ১২৫৪ সালে হিন্দু ও মুসলমানের পরবের নিমিত্ত সদর আদালত পশ্চাৎ লিখিত তালিকার নির্দ্দিষ্ট দিবসে বন্দ হইবেক এবং তাঁহারদের অধীন নানা জিলার দেওয়ানী আদালত সেই২ দিবসে বন্দ করিতে হুকুম দিতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭।২৬ মার্চ।

বাঙ্গলা ১২৫৪ সালে এতাবতা ইঙ্গরেজী ১৮৪৭।৪৮ সালে হিন্দু ও মুসলমানেরদের পরবের তালিকা।

পরবের নাম	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন।
সূর্য্যগ্রহণ	১৫ আপ্রিল	৩ বৈশাখ	বৃহস্পতিবার
দশহরা গঙ্গাপূজা	২৩ জুন	১০ আষাঢ়	বুধবার
স্নানযাত্রা	২৮ জুন	১৫ আষাঢ়	সোমবার
রথযাত্রা	১৪ জুলাই	৩১ আষাঢ়	বুধবার
উল্টা রথ	২২ জুলাই	৭ শ্রাবণ	বৃহস্পতিবার
শবারাত	২৭ ঐ	১২ ঐ	মঙ্গলবার ১৪ জুলাই তারিখে যদি চন্দ্র দৃষ্ট হয় নতুবা তাহার পর দিনে
রক্ষাবন্ধন	২১ আগষ্ট	১১ ভাদ্র	বৃহস্পতিবার
জন্মাষ্টমী	২। ৩ সেপ্টেম্বর	১৮। ১৯ ভাদ্র	বৃহস্পতিবার ও শুক্রবার
ইদুলফতর	১২। ১৩ সেপ্টেম্বর	২৮। ২৯ ভাদ্র	রবিবার ও সোমবার
চন্দ্রগ্রহণ	২৫ সেপ্টেম্বর	১০ আশ্বিন	শনিবার
দশহরার বন্দ এবং মহালয়া ও দেওয়ালী ও সূর্য্যগ্রহণ ও ভ্রাতৃদ্বিতীয়া	১ অক্টোবরঅবধি ১০ নবেম্বরপর্য্যন্ত ...	২১ আশ্বিনঅবধি ২৫ কার্ত্তিকপর্য্যন্ত ...	বুধবারঅবধি বুধবারপর্য্যন্ত
কার্ত্তিক পূজা	১৫। ১৬ নবেম্বর	৩০ কার্ত্তিক। ১ অগ্রহায়ণ	সোমবার ও মঙ্গলবার
জগদ্ধাত্রী পূজা	১৬। ১৭ নবেম্বর	১। ২ অগ্রহায়ণ	মঙ্গলবার ও বুধবার
ইদুজ্জহা	১৯। ২০ নবেম্বর	৪। ৫ অগ্রহায়ণ	শুক্রবার ও শনিবার
মহরমের বন্দ	১০ ডিসেম্বরঅবধি ২৪ ডিসেম্বরপর্য্যন্ত ...	২৫ অগ্রহায়ণঅবধি ১০ পৌষপর্য্যন্ত ...	শুক্রবারঅবধি শুক্রবারপর্য্যন্ত
আখেরী চহার শোম্বা	১৮৪৮। ২ ফেব্রুআরি	২১ মাঘ	বুধবার
বসন্ত পঞ্চমী	৯। ১০ ফেব্রুআরি	২৮। ২৯ মাঘ	বুধবার ও বৃহস্পতিবার
ফতে দোআজদহম	১৮ ফেব্রুআরি	৭ ফাল্গুণ	শুক্রবার কিন্তু যদি ৭ ফেব্রুআরি তারিখে চন্দ্র দৃষ্ট হয় তবে ১৯ তারিখে বন্দ হইবেক।
শিবরাত্রি	৩। ৪ মার্চ	২১। ২২ ফাল্গুণ	শুক্রবার ও শনিবার
দোলযাত্রা ও চন্দ্রগ্রহণ	১৯ অবধি ২১ মার্চপর্য্যন্ত	৭ অবধি ৯ চৈত্রপর্য্যন্ত	রবিবারঅবধি মঙ্গলবারপর্য্যন্ত
বারুণী স্নান	১ আপ্রিল	২০ চৈত্র	শনিবার
চড়কপূজা	১০। ১১ আপ্রিল	২৯। ৩০ চৈত্র	সোমবার ও মঙ্গলবার

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

[*Government Gazette, 6th April,* 1847.]

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

There are several Stipendiary Vacancies of Eight Rupees per Mensem each, tenable for five years. No Candidate can be admitted under the full age of 16, or above that of 20 years, on any account whatever.

Every applicant for admission must bring a letter of recommendation from some respectable person, certifying that he is of good character, and worthy of admission to the privilege of studying Medicine.

The Candidates must present themselves before the Secretary to the College three days prior to the date of examination, with a view to their being identified as the persons really desiring admission.

All Candidates will be expected to possess a thorough knowledge of English, so as to be able to read, write, and enunciate it with fluency and fa-

[*Government Gazette, 20th April, 1847.*]

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা দেখিয়াছেন যে আসামীর সাক্ষিরদের জোবানবন্দী লওনের রীতিতে কিছু ব্যতিক্রম হইতেছে অতএব তাঁহারা সেই বিষয়ে ফৌজদারীর কার্য্যকারকদিগকে মনোযোগ করাইতে উচিত বোধ করেন্। তাঁহারা হুকুম করিতেছেন যে অন্যান্য সাক্ষিরদের মত আসামীর সাক্ষিরদের যে বিষয়ে সাক্ষ্য দিবার জন্যে তলব হয় সেই বিষয়ে তাহারদের জোবানবন্দী লওয়া যায় এবং আসামীর জিজ্ঞাসার উত্তরস্বরূপ তাহারা যে২ এজহার করে সেই২ এজহার দৃষ্টি করিয়া আবশ্যক বোধ হইলে তাহার বিষয়ে পুনরায় জিজ্ঞাসা করিতে হইবেক এবং যে২ বিষয়ে সাক্ষ্য দেওনার্থ তাহারদের তলব হয় সেই২ বিষয়ে তাহারদের নিজজ্ঞান থাকনবিষয়ে অতিসূক্ষ্ম তজবীজ করিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২৬ ফেব্রুআরি।

John C. Marshman, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

জিলা চব্বিশপরগনার সিবিল ও সেশন জজ সাহেবের আদালতে যে২ মোকদ্দমা উপস্থিত হয় তাহার আসামী ফরিয়াদীরদিগকে জানাইবার জন্যে নীচের লিখিত বিজ্ঞাপন প্রকাশ হইতেছে।

মোকদ্দমার উভয় পক্ষ যে উকীলেরদের ইঙ্গরেজী ভাষাতে বোধ থাকে এমত উকীলদিগকে নিযুক্ত করিলে জজ সাহেব আপনার বিবেচনামতে হুকুম করিবেন যে জোবানী সওয়াল জওয়াব করিবার আবশ্যক হইলে সেই সওয়াল জওয়াব উক্ত ভাষাতেই হয় কিন্তু ইহা জানা কর্ত্তব্য যে জোবানী সওয়াল জওয়াব করিবার আবশ্যক হইলে যদি উভয় পক্ষের উকীলেরা ইঙ্গরেজী ভাষাতে তাহা চালাইতে সম্পূর্ণরূপে উপযুক্ত না হন্ তবে ঐ কার্য্য কেবল এদেশীয় ভাষাতেই হইবেক।

আর টরেন্স। সিবিল ও সেশন জজ।

১৮৪৭। ২৯ মার্চ।

John C Marshman, *Bengalee Translator.*

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের বৈতনিক ও অবৈতনিক সম্প্রদায়ের পদ প্রাপণাকাঙ্ক্ষিরদের বিশেষ ইমতিহান আগামি জুন মাসের ৫ তারিখ শনিবার বেলা দশ ঘন্টার সময়ে উক্ত কালেজে হইবেক।

বৈতনিক কএক পদ শূন্য আছে তাহার বেতন মাসিক ৮৲ টাকা এবং তাহা পাঁচ বৎসরপর্য্যন্ত ভোগ হইতে পারে। ষোল বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে কোনমতে নিযুক্ত করা যাইতে পারিবেক না।

ঐ পদাকাঙ্ক্ষি প্রত্যেক জনের আবশ্যক যে তিনি কোন সম্ভ্রান্ত লোকের স্থানহইতে এক সুপারিশপত্র আনেন তাহাতে ইহা লেখা থাকিবেক যে তিনি সদাচারী এবং ঔষধ বিদ্যা শিক্ষা করণের যোগ্য বটেন।

যাঁহারা এ পদ পাইতে প্রার্থনা করেন তাঁহারদের অনন্যতা নিশ্চয় করণের অভিপ্রায়ে তাঁহারদের আবশ্যক যে ইমতিহানের দিবসের তিন দিন পূর্ব্বে তাঁহারা কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হন।

সকল পদাকাঙ্ক্ষির আবশ্যক যে তাঁহারা ইঙ্গরেজী ভাষা উত্তমরূপে জানেন ও শুদ্ধরূপে এবং সহজে তাহা পাঠ করিতে ও লিখিতে এবং উচ্চারণ করিতে

cility. They must be able to analyse a passage in Milton's Paradise Lost, Robertson's Histories, or Works of a similar Classical Standard—be acquainted with the elements of Arithmetic, Algebra, Geometry, and Natural Philosophy, and bring certificates from the Head Masters of the Schools in which they have studied, expressly stating that they possess the information required, and are capable of undergoing the ordeal proposed. The preference in selection will always be given to those who possess the greatest amount of information in the above mentioned branches of education.

The course of instruction given in the Bengal Medical College is recognized by the University of London, the Royal College of Surgeons of England, and the Worshipful Society of Apothecaries of London—the Degrees, Diploma, and License of which bodies respectively, can be obtained by any pupil who has studied in Calcutta, provided he passes through the particular course and extent of study required by each; of which every particular may be ascertained on personal application to the Secretary, Medical College.

(By order,)

FRED. J. MOUAT, *M. D.*

Secretary.

Council of Education, April 1847.

পারেন্। আরো তাঁহারদের আবশ্যক যে তাঁহারা মিল্টন পারাডৈস লষ্ট কিম্বা রাবর্টসনের ইতিহাস পুস্তক কি তত্তুল্য উত্তম পুস্তকের কোন ভাগের অর্থ করিতে পারেন এবং অঙ্ক বিদ্যা ও বীজগণিত বিদ্যা ও ভূমি-পরিমাপক বিদ্যা ও পদার্থনির্ণায়ক বিদ্যার মূল নিয়ম জানেন এবং তাঁহারা যে বিদ্যালয়ে শিক্ষা করিয়াছেন তাহার প্রধান শিক্ষকের স্থানহইতে এক সর্টিফিকট আনেন তাহাতে লেখা থাকিবেক যে তাঁহারা আবশ্যক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন এবং প্রস্তাবিত ইমতিহান দিতে পারেন্। যাঁহারা উপরের লিখিত বিদ্যাবিষয়ে অধিক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন তাঁহারাই অগ্রে মনোনীত হইবেন।

বাঙ্গলা দেশের মেডিকাল কালেজে যে২ বিষয়ের শিক্ষা হইতেছে তাহাতে লণ্ডন নগরের উনিবর্সিটির এবং ইঙ্গলণ্ড দেশের চিকিৎসকেরদের রাজকীয় কালেজের ও লণ্ডন নগরে ঔষধ প্রস্তুতকারিরদের অতিসম্ভ্রান্ত সভার সম্মতি আছে এবং কলিকাতায় যে ছাত্রেরা শিক্ষা করিয়াছেন তাঁহারা যদি ঐ প্রত্যেক বিদ্যালয়ের নিরূপিত বিশেষ বিদ্যাবলিতে বিজ্ঞ হন তবে তাঁহারা ঐ বিদ্যালয়ের উপাধি কিম্বা যোগ্যতার পত্র কি চিকিৎসাকরণের অনুমতিপত্র পাইতে পারেন তাহার বিশেষ বৃত্তান্ত যে কেহ জানিতে চাহেন তিনি স্বয়ং মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে দরখাস্ত করিলে জানিতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৭। আপ্রিল।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 9th April, 1847.

APPOINTMENTS.

Moulvee Ameerooddeen Mahomed, 1st grade Moonsiff of Madargunge, to be Moonsiff of the Sudder Station, Nusseerabad.

Mahomed Munnaim, Acting Moonsiff of Madargunge, to be Moonsiff of Bazeetpore.

Mahomed Ismael, Moonsiff of Nittrokonah, to be Moonsiff of Madargunge.

LEAVES OF ABSENCE.

Baboo Petamber Mookerjee, Moonsiff of Zeagunge, City Moorshedabad, for ten days from the 13th instant.

Baboo Lukheenarain Mitter, Moonsiff of Kaguzpookooree, Zillah Nuddea, for seven days.

Baboo Kirteenath Phookun, Moonsiff of Burpater, Zillah Kamroop, for six days from the 23d to the 28th October last.

J HAWKINS, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৭ সাল ৯ আপ্রিল।

নিয়োগ।

মাদারগঞ্জের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী আমীরুদ্দীন মহম্মদ নসীরাবাদের সদর স্থানের মুনসেফ হইবেন।

মাদারগঞ্জের একটিং মুনসেফ শ্রীযুত মহম্মদ মনায়িম বাজিতপুরের মুনসেফ হইবেন।

নেত্রকোনার মুনসেফ শ্রীযুত মহম্মদ ইস্মায়েল মাদারগঞ্জের মুনসেফ হইবেন।

ছুটী

শহর মুর্শিদাবাদের জিয়াগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু পীতাম্বর মুখুয্যা বর্ত্তমান মাসের ১৩ তারিখঅবধি দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিত্র সাত দিনের ছুটী পাইয়াছেন।

জিলা কামরূপের বরপাতরের মুনসেফ শ্রীযুত বাবু কীর্ত্তিনাথ ফুকন গত অক্টোবর মাসের ২৩ তারিখঅবধি ২৮ তারিখপর্য্যন্ত ছয় দিনের ছুটী পাইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৩৭৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ৩১ মার্চ।

শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr. C. Limond,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৪৭ সাল ৭ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ এচ বি রস সাহেব (Mr. W. H. B. Ross,) পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৩১ মার্চ।

শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr. C. Limond,) গত ফেব্রুআরি মাসের ১৫ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ফোর্ট উলিয়ম কালেজের ছাত্র শ্রীযুত এফ শা সাহেব (Mr. F. Shaw,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দারজিলিঙ্গে গমনার্থ চারি মাসের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২০ আপ্রিল।]

ছিলটের মাজি.ষ্টট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) গত ফেব্রুআরি মাসের ৬ তারিখে যে এক মাসের ছুটী পান্ তাহা রহিত হইল।

চাটিগাঁর প্রথম প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মনিরুদ্দীন মহম্মদ গত জানুআরি মাসের ৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ৫ আপ্রিল।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত এ টি ডিক কনিংহাম সাহেব (Mr. A. T. Dick Cunyngham,) যে তারিখে আপন সিরিশ্তার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত মুকুন্দপ্রসাদ রায়ের প্রতি অর্পণ করেন্ সেই তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার জিলা আদালতের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী খাদিম হুসেন আগামি মাসের ১ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ৭ আপ্রিল।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেম্‌স গ্রান্ট সাহেব (Mr. James Grant,) যে তারিখে আপন কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্ সেই তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ৭ আপ্রিল।

সদর বোর্ড রেবিনিউর মেম্বর শ্রীযুত টি আর ডেবিডসন সাহেব (Mr. T R. Davidson,) বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঁকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) গত মাসের ৩১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

মুরশিদাবাদের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত সি টি সীলি সাহেব (Mr. C. T. Sealy,) গত মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Capt. S R. Tickell,) গত মাসের ২০ তারিখে আক্যাবে আরাকাণের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্টী কর্ম্ম গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৭১৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ৭ আপ্রিল।

সদর আদালতের রেজিষ্টর শ্রীযুত জে এ এফ হকিন্স সাহেব (Mr J. A. F Hawkins,) এবং আইনসম্পর্কীয় বিষয়ব্যাপারের সুপরিন্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর শ্রীযুত ই এ শামুএল্‌স সাহেব (Mr. E. A. Samuells.) স্বীয় পদোপলক্ষে মুনসেফের পদাকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R Alexander,) বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

জিলা শাহাবাদের শাসিরামের অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জে টি ওর্সলি সাহেব (Mr. J. T. Worsley,) ঐ স্থানে জাইন্ট মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৭ সাল ১৪ আপ্রিল।

সারণের মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৭ সাল ৭ আপ্রিল।

পুরীর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মধুসূদন পটনায়ক সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১০ আপ্রিল।

শাহাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত হেনরি ব্রৌনলো সাহেব (Mr. Henry Brownlow.) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

বাগুণ্ডীর নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ ক্রাঙ্ক সাহেব (Mr. F. Crank,) বারো দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১৪ আপ্রিল।

মালদহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) এক মাসের ছুটী পাইয়াছেন।

কামরূপে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান সি স্কট সাহেব (Captain C. Scott,) দুই মাসের ছুটী পাইয়াছেন অতএব গত জানুআরি মাসের ২৭ তারিখে তাঁহাকে আগামি জুন মাসের ১ তারিখঅবধি যে চারি মাসের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ৭ আপ্রিল।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের শ্রীযুত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব হুকুম করিয়াছেন যে চালতু গ্রামের পোলীস ফাঁড়ি জিলা চব্বিশপরগনার পাতরিয়া ঘাটা থানার এলাকাহইতে উঠাইয়া মাণিকতলা থানার এলাকাভুক্ত হয়।

১৮৪৭ সাল ১১ আপ্রিল।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের শ্রীযুত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শমতে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব হুকুম করিয়াছেন যে জিলা ফরিদপুরের হরিরামপুর থানা ঐ জিলার শিশগঞ্জভুক্ত হয়।

১৮৪৭ সাল ১৪ আপ্রিল।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেব (Mr. H. V. Hathorn,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ বর্ত্তমান মাসের ৫ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এচ আলেকজাণ্ডর সাহেব (Mr. W. S. Alexander,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত পাদরি এ ডবলিউ ওয়ালিস সাহেব (Revd. A. W. Wallis.) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের ধর্ম্মোপদেশকতা পদে নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ৬ তারিখে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্।

শ্রীযুত জি উসলি সাহেব ও শ্রীযুত জে আর মাকিলপ সাহেব ও শ্রীযুত ডবলিউ জি প্রোবিন সাহেব (Messrs G Ousely, J. R. Mackillop and W. G. Probyn,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ৬ তারিখে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[Government Gazette, 20th April, 1847.]

GOVERNMENT ADVERTISEMENTS.
SALT.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।
নিমক।

মার্সকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেন্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩১ মার্চ ১৮৪৭ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমক বিঃ গত ইষ্টেটমেন্ট।

		এজেন্সীর নাম।	সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১। ৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	মৌজুদ নমকের একুন
		হিজলি।							
পাঙ্গা নেমক।	ঘাট	উত্তর কালীনগর।	০	০	০	০	০	০	০
ঐ	ঐ	দক্ষিণ কালীনগর।	৩,৬৯,২৩৫/	৫,০১,০৪৬/	৩,৪১,৬০৮/	২,৮২.৮৬০/	৩,৮৮ ১০৩ ।০	৪,০৮০/	১৮,৮৭,৮৮২ ।০
ঐ	ঐ	কৃষ্ণনগর।	০	০	২২,৭২৩৸০	০	০	৮,২৩০/	৩৭,৯৫৩৸০
ঐ	ঐ	তেরোপাইকা।	০	১,৯৬,১৩৮/	৩.১৮,৩১৭/	৩,৪৪,৩৫৭/	৩,০৬,৩৫৫/	৭ ১৮০/	১১,৭২,৮৪৭/
ঐ	ঐ	রামনগর।	০	০	০	১২/	০	১০,১৬২/	১০,১৭৪/
		গাছা নমক।	০	১১.০৪৯॥০	১৫,১৩৪	০	০	০	২৮,৫৮৩॥০
		একুন।	৩,৬৯,২৩৫/	৭ ১০.৫৩৩॥০	৭,০৫,৮৮২৸০	৬,২৭,২৭৯/	৬.৯৪.৪৫৮ ।০	৩০,১৫২/	৩১,৩৭,৪৪০॥০
		তমলুক।							
পাঙ্গা নেমক।	ঘাট	নারায়ণপুর।	০	০	০	১,০১.৩৮৩॥০	৩,৯১,৩১৯ ।৭	০	৪,৯২ ৭১১৮৭
		ক্রোকী নমক।	০	০	০	০	০	০	৭১ ॥৬৸৶
		একুন	-	০	০	১,০১,৩৮৩॥০	৩ ৯১,৩২৯ ।৭	০	৪.৯১,৭৮৪॥৩৸৶
		২৪ পরগনা।							
পাঙ্গা নেমক।	ঘাট	নারায়ণপুর বাহিরবুনি।	০	৩০৫ ।০	০	৫,৮৩৯ ৫	১৪ ০৩৭॥০	০	২০,১৮১৸৫
ঐ	ঐ	ঐ তাফাল।	০	৭,১৬৪/	১৬	৮২,৯০৩/	২.৬৭.৫৬১ ।০	০	৩,৫৭,৬৪৪।০
ঐ	ঐ	বালিয়াঘাটা।	০	০	০	০	১৫০ ।৫	০	১৫০ ।৫
ঐ	ঐ	বেঁওত।	০	০	০	০	০	০	০
ঐ	ঐ	গোবরা।	০	০	০	০	৫৫৬৮৭	০	৫৫৬৸৭
ঐ	ঐ	ডাইমণ্ডহারবের	০	০	০	০	৫২ ৮২৬/	০	৫২,৮২৬/
ঐ	ঐ	বাস্তুড়ি।	০	০	০	১৫৬৫	৪৭,০৪৬/	০	৪৮,৬১১/
ঐ		শ্রীযুত প্রিন্সেপ সাহেবের পতিত রুক্ম।	০	০	০		০	০	০

মৌজুদ নমক বিঃ গত ইষ্টেটমেণ্ট।

এজেন্সীর নাম।	সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১। ৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	মৌজুদ নমকের একুন
ঐ ঐ মিশ্রিত।	০	০	৪ ৬১৮ ।০	৬,১৯৬॥০	১১,৭৪১/	১,২১৫/	২৩,৭৮০৸০
ঐ ঐ মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	০	৫৫৪/
ঐ ঐ মিশ্রিত ইংলিস।	০	০	০	০	০	•	৫,৫৭৩/
একুন। চট্টগ্রাম।	০	৭,৪৬৯ ।০	৪.৬৪৪ ।০	৯৬,৫০৩॥৫	৩,৯৩,৯১৯ ।২	১,১১৫/	৫,০৯,৮৭৮ ।৭
পাঙ্গা নেমক। ঘাট নেজামপুর ডোমখালি।	০	০	১ ১৭,১৬৯৸৫	১,১৫,৭৫০'৫	০	০	৩,৩২,৯২০ ।০
ঐ ঐ সদর ঘাট।	•	০	০	০	২,১৬,৩৫৮ ।৪॥	০	২,১৬,৩৫৮ ।৪॥
ঐ ঐ আরাকিন।	০	০	০	১,৩৯,৫০১ ৬।৬	২,০৩,৬৬৯ ।০	৩,৪১,২২০৸০	৬,৮৪,৮১৬ ।৬
ক্রোকি নেমক।	০	০	০	০	•	০	০
একুন। ভুলুয়া।	০	০	১,১৭,১৬৯৸৫	৩,০৫,১৭৬৸১	৪.২০,০২৭৷৪॥	৩,৪১,২২০৸০	১১,৫৩,৬৯৫/০॥
পাঙ্গা ঘাট কাঁকড়া। আরাকিন।	০	০	০	০	১,২৭,৫২৪৸০	০	১,২৭,৫২৪৸০
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০	০
একুন। শালিখা।	০	০	০	০	১,১৭.৫২৪৸০	০	১,২৭,৫২৪৸০
পাঙ্গা নেমক। কটক।	০	০	১ ৪০,৯২০৸০	২,৯৯,৫৬৬॥০	১ ৪০,৯৭২/	•	৫,৮১.৪৫৯ ।০
ঐ বালেশ্বর।	০	১,৬৯,৪২৫/৭	৩,১৫৩ ২৯/	৩,০৪.৪১২৸৫	১,৬৯,৬৮৪॥০	১,৮০৫৯/	৯,৮৬,৯১০ ।২
ঐ খোরদা।	০	•	০	৪১,৩৫৬॥০	২৮.১৪৮/	০	৬৯,৫০৪॥০
ঐ টিলকা।	৩৫,৪৫৩/	৮৮,১৬৬/	১,১৪,২০৮/	১,২৮,৪৭৪॥০	১৫,৩২৬/	০	৩,৯১,৬২৭॥০
করকচ নেমক মান্দ্রাজ পরমিট। ১ পহিল রকম।	০	০	৮১,৯২০॥০	৮৪,৪৭০/	১,১০,৫০৩/	০	২,৭৭,৮৯৩॥০
ঐ ঐ ২ দোসরা রকম।	০	২০৩,৮১৯॥০	২ ১৯,০১৮৸০	২,৫৫.৩৯৫৸০	৭৭,৭০৮/০	২,১৯৬/	৭,৬৮,১৩৮/
ঐ ঐ ৩ তেসরা রকম।	০	০	১,৩৬৮॥০	০	•	০	১,৩৬৮॥০
মিশ্রিত পাঙ্গা।	০	০	০	•	০	০	১৬,৫২৬॥৭
ক্রোকি করকচ।	০	•	•	০	১৪ ।৯	•	১৪ ।৯
ক্রোকি সৈন্ধব।	০	•	•	০	০	০	০
ক্রোকি নেমক।	০	০	০	০	৬॥০॥	০	৬॥০॥
একুন।	৩৫,৪৫৩/	৪,৬১,৪১০॥৭	৮,৯৩,৭১৫॥০	১১,১৩,৬৭৬/৫	৫.৪২,৩৬২ ।৯॥	৩০,২৫৫/	৩০,৯৩,৪৪৯ ।৮॥
গোট একুন।	৪,০৪,৬৮৮/	১১,৭৯,৪১৩ ।৭	১৭,৭১,৪৬২ ।৫	২২,৪৪,০১৯/১	২৫,৬৯,৬২১৸৩	৪,০২,৮৪২৸০	৮৫,৯৪,৭৭২॥৯৸/

ফি মৌডন। একটিং সেক্রেটারী।

[*Government Gazette, 20th April,* 1847.]

INSOLVENT COURT. — **যোত্রহীনেরদের আদালত।**

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JAMES WILLIAM HENRY ILBERY, and WILLIAM EDWARD JENKINS, late of the Town of Calcutta, Merchants, Agents and Copartners, lately carrying on trade and business at Calcutta, aforesaid, under the name, style or firm of Brightman and Company, Insolvents

NOTICE is hereby given, that pursuant to an order made in this matter on and bearing date the 30th day of March last, the said Insolvents' Schedule has been amended

14th April, 1847 — **Thomson and Allan,** ***Insolvents' Attornies***

যোত্রহীন ব্রাইটমান কোম্পানির নামে কলিকাতা নগরে সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারি উক্ত নগরনিবাসি সওদাগর ও এজেন্ট জেমস উলিয়ম হেনরি ইলবরি সাহেব ও উলিয়ম এডুার্ড জেনকিন্স সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত মার্চ মাসের ৩০ তারিখের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের তফসীল সংশোধন গিয়াছে।

১৮৪৭। ১৪ আপ্রিল। — তামস ও আলেন। যোত্রহীনের উকীল।

In the matter of WILLIAM CHARLES STEWART formerly of Mangoe Lane, in the Town of Calcutta, and Factory of Fort William in Bengal Merchant, and theretofore in Copartnership with William Shand, James Shand, and Charles Constantin Bruce under the name style or firm of Bruce, Shand, Stewart and Co as Merchants and Agents, adjudged entitled on Saturday the 6th day of March, 1847, to the benefit of the Act of the 9th George the 4th, Chapter 73, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies

NOTICE is hereby given, that by an order made in this matter on the 7th day of April instant, it was ordered that unless cause be shewn to the contrary on Saturday the 5th day of June next, WILLIAM CHARLES STEWART the within named Insolvent, be forever discharged from all liability whatsoever for or in respect of the debt due from him to the following persons, that is to say, Juggobundo Burraul, Messrs Brightman and Co, Denonauth Seal and Co, Gooroodoss Ghosaul, Bonomally Sein, Thomas Bracken Esq, J C Stewart, Esq, Messrs John and Robert Watson, Messrs Gillanders, Arbuthnot and Co Messrs Gladstone Wyllie and Co Messrs Gisborne and Co Messrs Smith, Ewing and Co, T R Neilson, Esq, Messrs Watson Borradaile and Co Messrs R Stewart and Co, Messrs Brightman and Co Rustomjee Cowasjee and Co Samuel Smith and Co Messrs J and H Hadden and Co, William Graham and Co, Alexander Black James Lloyd, Daniel Gilchrist and Co. William Goode and Co, Charles Graham, George Nicholls and Walter Logan and Co

Calcutta, 16th April, 1847 — Shaw and Lyons, *Attornies*

ব্রুস শাণ্ড স্টুআর্ট কোম্পানির নামে উলিয়ম শাণ্ড সাহেব ও জেমস শাণ্ড সাহেব ও চার্লস কনষ্টান্টেন ব্রুস সাহেবের সঙ্গে সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারি বাঙ্গল দেশের ফোর্ট উলিয়ম কুঠীর কলিকাতা নগরের মাঙ্গোলেন নিবাসি সওদাগর উলিয়ম চার্লস স্টুআর্ট সাহেব ভারতবর্ষে যোত্রহীন প্রজাদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনের ৭৩ অধ্যায়ের দ্বারা উপকার পাইবার যোগ্য আছেন এমত নির্দ্ধারণ ১৮৪৭ সালের ৬ মার্চ তারিখ শনিবারে হইল।

তাঁহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ৭ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে আগামি জুন মাসের ৫ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে উক্ত যোত্রহীন উলিয়ম চার্লস স্টুআর্ট সাহেব নীচে লিখিত মহাশয়েরদিগের যত ধারেন তাহার সমুদয় দায়হইতে সম্পূর্ণরূপে মুক্ত হন বিশেষতঃ জগবন্ধু বড়াল, ব্রাইটমান কোং, দীননাথ শীল কোং, গুরুদাস ঘোষাল, বনমালী সেন, তামস ব্রাকেন সাহেব, জে সি স্টুআর্ট সাহেব, জান ও রাবর্ট ওয়াটসন সাহেব গিলেণ্ডর্স আরবথনট কোং, গ্লাডষ্টোন উইলি কোং গিসবর্ণ কোং, স্মিথ ইউইং কোং, এক আর নিলসন সাহেব, ওয়াটসন বরাডল কোং, আর স্টুআর্ট কোং, ব্রাইটমান কোং, রোষ্টমজী কওয়াসজী কো সামুএল স্মিথ কোং, জে ও এচ হাডন কো, উলিয়ম গ্রেহাম কোং, আলেকজাণ্ডর ব্রাক সাহেব জেমস লয়ড সাহেব, ডানিয়েল গিলক্রিষ্ট কোং, উলিয়ম গুড কোং, চার্লস গ্রেহাম সাহেব, জর্জ নিকলস সাহেব ও ওয়াল্টর লোগেন কোং,।

শা ও লায়ন্স। উকীল।

কলিকাতা। ১৮৪৭। ১৬ আপ্রিল।

In the matter of MEAH SAUJUN HADJEE ROHOMUTTOOLLAH, lately carrying on business in the Town of Calcutta, as a Merchant, but now residing at Kidderpore in the 24 Pergunnahs, in the Province of Bengal.

NOTICE is hereby given, that by an order made in this matter on Wednesday the 14th day of April instant it was adjudged that the Petition of Hurrochunder Mitter a creditor of the said MEAH SAUJUN HADJEE ROHOMUTTOOLLAH presented to this Court, in the above matter, is true and that the said Meah Saujun Hadjee Rohomuttoollah hath committed an Act of Insolvency, under the provisions of the Statute IX George the IV Chapter 73 entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, and it was also ordered that Robert O Dowda, Esquire be and he was thereby appointed Assignee of the Estate and Effects of the said Meah Saujun Hadjee Rohomuttoollah

Dacres Lane, 14th April, 1847 — J G Waller, *Attorney.*

মিয়া সাজন হাজি রহমত উল্লা যিনি সম্প্রতি শহর কলিকাতাতে সওদাগরী কর্ম্ম চালাইতেছিলেন এবং এক্ষণে সুবে বাঙ্গলার চব্বিশপরগনার খিদিরপুরে বাস করিতেছেন।

খবর দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মাসের বুধবার ১৪ আপ্রিল তারিখে প্রস্তাবিত বিষয়ে হুকুম হইল যে উক্ত বিষয়ে মিয়া সাজন হাজি রহমত উল্লার এক ব্যক্তি মহাজন হরচন্দ্র মিত্র তাঁহার দরখাস্ত উক্ত আদালতে অর্পণ হইলে নির্দ্ধারিত হইল যে ঐ দরখাস্ত যথার্থ এবং ঐ মিয়া সাজন হাজি রহমত উল্লা চতুর্থ জর্জনামক রাজার

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২০ আপ্রিল।]

৯ ধারার ৭৩ অধ্যায়ের নিয়ম যাহা ভারতবর্ষীয় সকল অক্ষম দেনাদারের উপকারার্থে হইয়াছে তদনুসারে অক্ষম ঋণির ন্যায় কর্ম্ম করিয়াছেন এবং পুনশ্চ হুকুম হইল যে ঐ মিয়া সাজন হাজি রহমত উহার মালামালের আসৈনি অর্থাৎ ভার অর্পণ রাবর্ট ওডৌডাকে করা গেল।

ডিক্রেসলেন। ১৮৪৭। ১৪ আপ্রিল। জে জি ওয়ালর। উকীল।

In the matter of LACHLANE ALEXANDER MACLEAN, an Insolvent.

On Saturday the 3d day of April instant, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 1427-6-11, in his hands pay a dividend at the rate of Co.'s Rs. 16 per cent. (which will amount to the sum of Co.'s. 1,198-12-1,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfacti n of the said Assignee.

Notice whereof is hereby given.

Assignee's Office, 16th April, 1847

যোত্রহীন লাকলান আলেকজাণ্ডর মাক্লিন সাহেবের বিষয়ে

আসৈনি সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান আপ্রিল মাসের ৩ তারিখ শনিবারে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের ফর্দ্দে লিখিত মঞ্জুরহওা যত দাওয়া আছে তাহার প্রত্যেক দাওয়া উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে উঁহার হাতে যে ১৪২৭।৶১১ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ১৬৲ টাকা ডিবিডেণ্ড দেন অর্থাৎ সকল দাওয়ার উপর সর্ব্বসুদ্ধ ১১৯৮৶১ টাকা দেন।

ইহার সম্বাদ দেওয়া গেল।

আসৈনির দপ্তরখানা। ১৮৪৭ সাল ১৬ আপ্রিল।

The like notice in the matter of EDMUND ONSLOW, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 2,534 8, a Dividend at the rate of 18 per cent. (amounting to Co.'s Rs. 2,215 0-6) be paid.

যোত্রহীন এডমণ্ড অনস্লো সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে ১৫৩৪ ॥০ টাকাহইতে শতকরা ১৮৲ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২২১৫৲৬ টাকা।

The like notice in the matter of JOHN TURTON, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 4,317 2 10, a Dividend at the rate of 41 per cent (amounting to Co.'s Rs. 3,869-3-8) be paid.

যোত্রহীন জান টর্টন সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে ৪৩১৭৴১০ টাকাহইতে শতকরা ৪৪৲ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ ৩৮৬৯৶৮ টাকা দেওয়া যায়।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

সুপ্রিম কোর্ট রিশীবর আফিস।

জমীদারীদিগর ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ১০ মে সোমবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময় শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব রিশীবর সুপ্রিম কোর্ট তাহার অফিসে নাবালক এন পী পোগস সাহেবের হুকুক নীচের লিখিত জমীদারী ওগয়রহের ॥০ আট আনা রকমের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনইচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ঢাকা

শহর ঢাকা ও তাহার অন্তঃপাতি বাটীতায়

৪ টা ১ তালা ঘর মোং মিরহাটার গলি
১ টা ১ তালা ঘর মোং নলগোলা
৩ টা ১ তালা ঘর মোঃ ঐ
৪ টা ১ তালা ঘর মোঃ পাকুড়তলি
৩ টা ১ তালা ঘর মোঃ ঐ
১ টা দোতালা ঘর মোঃ মাহুটুলি
১ টা এক তালা ঘর মোঃ ঐ
১ টা ঐ ঐ মোঃ বংশীবাজার
১ টা পুরাণ ঐ ঐ মোঃ চক নাখাজু
১ টা বড় ঐ ঐ মোঃ সাঙ্খিপত্‌পা
১ টা ছোট ঐ ঐ মোঃ ঐ
১ টা প্রাচীর ঘেরা বাগান মোং ঐ
১ টা বাটীর এক আনা অংশ মোঃ পটুয়াটুলি
১ টা এক তালা ঘর মোঃ সুত্রাপুর
২ টা দোতালা ঘর মোঃ নারায়ণদহা
১ টা একতালা ঘর মোঃ ঐ
১ টা ঐ ঐ মোঃ মহালাদিগবাজার
১ টা পুরাণ ঐ ঐ মোঃ নাগীনাবাদ
১ টা ঐ ঐ ছাতখোলা মোঃ পশরহাটা
১ টা একতালা ঘর ও বাগান মোঃ টীগাং
২ টা দোতালা ঘর মোঃ আরমাণি টোলা

শহর ঢাকা ও তাহার অন্তঃপাতি জমীহায

১ খণ্ড জমী মোঃ নয়া বাজার অথবা শ্রীধরগঞ্জ
১ খণ্ড জমী মোঃ নলগোলা
২ খণ্ড জমী মোং মোগলটুলি
১ খণ্ড ঐ মোঃ সঙ্খিপণ্ডূপা
১ খণ্ড ঐ মোঃ বৈরাগী টোলা
১ খণ্ড ঐ মোঃ ছাড়ি টোলা
১ খণ্ড ঐ মোং বাগ হবিল্লা
২ খণ্ড ঐ মোঃ মাইসন্দী
৫ খণ্ড ঐ মোঃ রুকমপুর
১২ খণ্ড ঐ মোঃ নারায়ণদহা অথবা নসের বাজার
১ খণ্ড ঐ মোঃ আগা সাদক বাজার
২ খণ্ড বাগান মোং ফৌজগাং
১ খণ্ড জমী মোঃ মহলা পোস্তা
১ খণ্ড জমী মোঃ বারাটুলি
১ খণ্ড ঐ মোঃ ঢাকেশ্বরী ও চোয়াড়ের বাজার
১ খণ্ড ঐ মোঃ বাজার মনোহর খাঁ
১ খণ্ড জমীর অর্দ্ধেক অংশ মোকাম মালি টোলা
১ খণ্ড জমী মোঃ নবাবপুর উত্তর নগর
খণ্ড ঐ মোঃ বংশাল
১ খণ্ড জমীর অর্দ্ধেক অংশ মোঃ খাজা দেওয়ান বাজার
১ খণ্ড জমী মোঃ পরগণারিয়া
১ খণ্ড জমী মোঃ মহলা ফরিদাবাদ
১ খণ্ড ঐ মোঃ সুত্রাপুর
১ খণ্ড ঐ মোঃ বংশী বাজার

জেলা ঢাকা জালালপুর।

১ তালুক মৌং সালুয়া খারিজা পরগনে জোয়ান সাহি

জিলা ঢাকা।

১ তালুক কিসমত মথুরা খারিজা পরগনে বিক্রমপুর মুদাফত হাওলা দুর্গারাম চুক্তী

জিলা বাখরগঞ্জ।

১ জমীদারী তপ্পে বাহাদুরপুর ফিদাইনগর মামুলি পরগনে নিমক মহল ও তসা সামিলাত
১ তালুক জোয়ার রটস্থা পরগনে জাফেরাবাদ রফিয়ানগর রকম ৮০ আনা ও তসা সামিলাত
১ তালুক তপ্পে আজিমপুর
১ তালুক মৌজে বড় বামদিয়া খারিজা পরগনে চন্দ্রদ্বীপ জাফরাবাদ রফিয়ানগর
১ তালুক জোয়ার ডাকতি ও সোমখুটা খারিজা পরগনে বুজরগোমেদপুর
১ তালুক মৌজে চারাখালি রকম ।০ আনা মুদাফত তালুক রামনরসিংহ দত্ত হকিয়ত কাশীনাথ দত্ত ও কৃষ্ণদাস দত্ত
১ তালুক জোয়ার গোদাণ্ডা খারিজা পরগনে বুজরগোমেদপুর
১ তালুক কিসমত উজিরপুর ওরফে খারিজা পরগনে সেলিমাবাদ
১ তালুক মৌজে চারাখালি তালুক লক্ষ্মীনারায়ণ দত্ত রকম ৬॥= হকিয়ত বংশীচন্দ্র দত্ত
কিসমত বড়পাশা
মহল জলকর
দাউদ খালি
১ হাওলা মৌজে নুলিয়া সামিল তালুক সুরচন্দ্র সেন নাগর

জেলা ময়মনসিং।

১ জমীদারি পরগনে জোয়ানসাহী রকম ॥১৪৮ ও তসা সামিলাত
১ তালুক জোয়ার বরমা তপ্পে বং বাওয়ান মুদাফত তালুক মামুদ একবাল রকম /৫ গণ্ডা

আরং বৃত্তান্ত বিশীবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

বিশীবর আফিস কোর্ট হৌস তাং ১০ এপ্রেল ১৮৪৭।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৪৭। ২০ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 27, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ২৭ আপ্রিল।

ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE.

The 10th April, 1847.

The following Act is passed by the Hon'ble the President of the Council of India in Council on the 10th April 1847, with the assent of the Right Hon'ble the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

ACT No. V. OF 1847.

An Act to facilitate the execution of the sentences of Courts established by the authority of the Governor General in Council for the administration of Criminal Justice in States or Territories administered by Officers acting under the authority of the East India Company.

I. It is hereby enacted, that within the Territories subject to the Government of the East India Company and without the local limits of the jurisdiction of Her Majesty's Courts of Judicature, the several Officers in charge of Jails shall be competent to give effect to any sentence that may be passed by any Court established or that may be established by the authority of the Governor General of India in Council, for the administration of Criminal Justice in States or Territories administered by Officers acting under the authority of the East India Company, although such States or Territories are not subject to the Government of any one of the Presidencies of Fort William in Bengal, Fort St. George or Bombay, or are not subject to the operation of the General Regulations.

II. And it is hereby enacted, that a warrant under the Official Seal and Signature of the Officer

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১০ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে পশ্চাৎ লিখিত আইন ১৮৪৭ সালের ১০ আপ্রিল তারিখে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে জারী করিলেন। শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ৫ আইন।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বাহাদুরের ক্ষমতানুসারে যে কর্ম্মকারকেরা কার্য্য করেন তাঁহারদের কর্তৃত্ত্বাধীন দেশে অথবা প্রদেশে ফৌজদারী কর্ম্ম নির্ব্বাহ করণার্থ শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ক্ষমতাক্রমে স্থাপিত আদালতের দণ্ডাজ্ঞা জারীর সুগম করণের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে এবং শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে কোম্পানি বাহাদুরের ক্ষমতানুসারে যে কর্ম্মকারকেরা কার্য্য করেন্ তাঁহারদের কর্তৃত্ত্বাধীন দেশ বা প্রদেশের মধ্যে সেই দেশ বা প্রদেশ বাঙ্গালাস্থ ফোর্ট উলিয়ম, অথবা মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর অধীন না থাকিলেও অথবা সাধারণ আইনের অধীন না হইলেও সেই দেশ অথবা প্রদেশের মধ্যে ফৌজদারী কার্য্য নির্ব্বাহের নিমিত্তে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ক্ষমতাক্রমে যে কোন আদালত স্থাপন হইয়াছে বা উত্তর কালে হয় সেই আদালতের করা দণ্ডাজ্ঞা জেলখানার ভারপ্রাপ্ত নানা কার্য্যকারক জারী করিতে পারিবেন ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত দেশ বা প্রদেশের মধ্যে যে কর্ম্মকারক বা কর্ম্মকারকেরা

or Officers exercising Criminal Jurisdiction within such States or Territories as aforesaid, shall be sufficient authority for holding any prisoner in confinement, or for transmitting any prisoner for transportation beyond Sea, or for inflicting any other punishment prescribed therein.

III. And it is hereby enacted, that if any Officer in charge of a Jail shall entertain any doubt as to the legality of any warrant sent to him for execution under this Act, or as to the competency of the person or persons whose Official Seal and Signature may be affixed thereto, to pass the sentence and issue such warrant, such Officer shall refer the matter to the Government to which he is subject, by whose order on the case such Officer and all other public Officers shall be guided as to the future disposal of the prisoner, and that pending any such reference, the prisoner shall be detained in custody in such manner and with such restrictions or mitigations as may be specified in the warrant.

IV. And it is hereby enacted, that the provisions of the existing Acts and Regulations, and all other rules in force for the treatment and security of prisoners confined in the said jails, shall apply and be of equal force and effect in the case of prisoners confined therein under this Act as in the case of other prisoners confined therein.

G. A. Bushby,
Secy to the Govt. of India.

ফৌজদারী কার্য্য নির্ব্বাহ করিতেছেন তাঁহারদের পদোপলক্ষে মোহর ও সহী করা ওয়ারণ্ট হইলে তাঁহাই কোন আসামীকে কয়েদে রাখণের অথবা কোন আসামীকে দ্বীপান্তরে প্রেরণের কি তাহার মধ্যে লিখিত অন্য কোন দণ্ড করণের প্রচুর ক্ষমতা হইবেক ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে জেলখানার ভারপ্রাপ্ত কোন কর্ম্মকারকের নিকটে এই আইনক্রমে জারীকরণার্থ যে কোন ওয়ারণ্ট পাঠান গিয়াছে তাহা আইন সিদ্ধ কি না এই বিষয়ে অথবা যে ব্যক্তি বা ব্যক্তিরদের পদোপলক্ষে মোহর বা সহী তাহাতে দেওয়া গিয়া থাকে সেই ব্যক্তি বা ব্যক্তিরদের সেই দণ্ডাজ্ঞা দিবার এবং সেই প্রকার ওয়ারণ্ট বাহির করিবার ক্ষমতা আছে কি না এই বিষয়ে জেলখানার ভারপ্রাপ্ত ঐ কর্ম্মকারকের সন্দেহ হইলে সেই কর্ম্মকারক যে গবর্ণমেণ্টের অধীন তাঁহার প্রতি সেই বিষয় অর্পণ করিবেন এবং আসামীকে লইয়া উত্তর কালে যাহা করিতে হইবেক তদ্বিষয়ে সেই কর্ম্মকারক এবং অন্য সকল সরকারী কর্ম্মকারক সেই গবর্ণমেণ্টের হুকুমানুসারে কার্য্য করিবেন। এবং সেই বিষয় অর্পণ থাকন সময়ে ঐ ওয়ারণ্টে যেরূপ লেখা থাকে এবং তাহাতে যে নিষেধের বা ক্ষমার হুকুম থাকে তদনুসারে সেই আসামীকে কয়েদে রাখা যাইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত জেলখানায় কয়েদথাকা আসামীরদের রক্ষণাবেক্ষণ ও নির্ব্বিঘ্নে রাখণের বিষয়ে চলিত আইনে যে২ বিধান আছে এবং যে সকল নিয়ম চলন আছে সেই ২ বিধান এবং নিয়ম যেরূপে ঐ জেলখানায় কয়েদহওয়া অন্য আসামীর বিষয়ে খাটে সেইরূপে এই আইনক্রমে তথায় কয়েদহওয়া আসামীরদের বিষয়ে সর্ব্বতোভাবে খাটিবেক এবং তত্তুল্য প্রবল ও চলন হইবেক ইতি।

জি এ বুশবি। ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 722.

To the Collector of Pooree.
,, Chittagong.
,, Balasore.
Senr. Assistant Commissioner of Arracan.
,, Akyab.
Commissioner of Tenasserim Provinces.

Referring to the Circular Letters of this Department of the Nos. and dates given on the margin,* I have the honor to enclose extracts from a Pamphlet of a new Edition of Consular Instructions issued by the Lords Commissioners of Her Majesty's Admiralty, London, relative to relief that may be afforded to distressed British Seamen, and to request that you will have the goodness to be guided by the Rules conveyed therein, in complying with applications for relief that may be made to you by distressed British Seamen, in supercession of the instructions contained in the Circular Orders above cited, which are hereby cancelled.

(Signed) W. Maples,
Offg. Extra Assistt. Accountt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department, 31st March, 1847.

* No. 700, 31st December, 1845; 715, 23rd November, 1846; 95, 31st December, 1845; 99, 23d November.

আক্কোণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৭২২ নম্বর।

পুরী ও চাটিগাঁ ও বালেশ্বরের শ্রীযুত কালেক্টর সাহেব ও আরেঙ্গ ও আক্যাবের শ্রীযুত প্রধান আসিষ্টাণ্ট কমিস্যনর সাহেব ও থনাসরিম প্রদেশের, শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

এই সিরিশ্তার নীচের লিখিত * নম্বরী ও তারিখের সরক্যুলর অর্ডরের উপলক্ষে দুঃখি ইঙ্গলণ্ডীয় খালাসীরদিগকে যে উপকার করিতে হইবেক তদ্বিষয়ে লণ্ডন নগরস্থ শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধ জাহাজের সিরিশ্তার অধ্যক্ষেরা কনসল সাহেবেরদের প্রতি যে উপদেশ করিলেন তাহার দ্বিতীয় বার মুদ্রিত ক্ষুদ্র পুস্তকের চুম্বক তোমার নিকটে পাঠাইতেছি এবং তোমার প্রতি আদেশ করিতেছি যে দুঃখি ইঙ্গলণ্ডীয় খালাসীরা তোমার নিকটে উপকার পাইবার দরখাস্ত করিলে পূর্ব্বোক্ত সরক্যুলর অর্ডরের অনুসারে কার্য্য না করিয়া ঐ পুস্তকের লিখিত বিধানানুসারে ব্যবহার করিবা এবং উক্ত সরক্যুলর অর্ডর ইহার দ্বারা রদ হইল।

ডবলিউ মেপলস।
বাঙ্গলা দেশের একটিং অতিরিক্ত
আসিষ্টাণ্ট আক্কোণ্টাণ্ট।

ফোর্ট উলিয়ম। আক্কোণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪৭ সাল ৩১ মার্চ।

* ১৮৪৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের ৭০০ নম্বরী ও ১৮৪৬ সালের ২৩ নবেম্বর তারিখের ৭১৫ নম্বরী ও ১৮৪৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের ৯৫ নম্বরী এবং ২৩ নবেম্বর তারিখের ৯৯ নম্বরী।

The above Circular has also been sent to the Magistrates of 24-Pergunnahs and Howrah and to the Chief Magistrate of Calcutta. (No. 101.)

IV.

DISTRESSED BRITISH SEAMEN.

Subsistence.

This Service is considered in an especial manner the duty of Her Majesty's Consuls, conformably to the Act II. Geo. IV. Cap. 20 Section 82, and the Lords Commissioners of the Admiralty having, pursuant to the said Act, directed that 1*s.* 6*d.* a man a day shall be allowed under this head, the Consul is to regulate his payments accordingly, and to transmit a Voucher for such payments in the form No. 8. If however, a sufficiency of the necessaries of life can be obtained at a less rate, no more than is absolutely requisite to purchase the same is to be allowed, it not being the intention of the Legislature to grant any superfluous allowance to Seamen in distress, or to encourage them to idleness by too comfortable a subsistence at the public expence. This relief is only to be afforded until an opportunity offers for sending them to some Port in Her Majesty's Dominions, or otherwise disposing of them. If a sufficiency of the necessaries of life for a day cannot possibly be obtained for the abovementioned allowance, the men are to be subsisted upon the most reasonable terms in the Consul's power. If it is found more economical that the men should be boarded than paid this allowance in money, the bills and receipts of the persons with whom they are so boarded are to be sent, in addition to the signatures of the men. No higher rate is to be paid for the subsistence of Masters and Mates of Shipwrecked and other Vessels, than for common Seamen.

All Foreigners, who shall have served in time of war for three years in any of Her Majesty's Ships are by the 3rd and 4th Will. IV. Cap. 54, entitled to the same privileges as British Seamen, who by the 6th Sect. of the said Act are described to be as follows: "Seamen, the natural-born subjects of his Majesty, his heirs and successors, and persons naturalized by virtue of any Act of Parliament, or made denizens by letters of denization, and persons who have become His Majesty's subjects by virtue of conquest or cession of some newly acquired Country, and who shall have taken the Oath of Allegiance to His Majesty, or the Oath of Fidelity required by the treaty or capitulation, by which such newly acquired country came into His Majesty's possession."

In all cases of Shipwreck of British Vessels, where the Master or Crew apply to the Consul for assistance, while engaged in remaining by the wreck for the preservation of the property, or for the collection and disposal of the materials and stores, they are, while so employed not to be considered as distressed Mariners, to be relieved at the public expence, but the Consul is to obtain a writ-

[*Government Gazette, 27th April*, 1847.]

উক্ত সরকুলর অর্ডর চব্বিশপরগনা ও হাবড়ার মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে এবং কলিকাতাস্থ প্রধান মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে পাঠান গিয়াছে।(নং ১০১)

৪

দুঃখি ইঙ্গলণ্ডীয় খালাসী।

খোরাকী।

মৃত চতুর্থ জর্জের ২ আইনের ২০ অধ্যায়ের ৮২ ধারার অনুসারে ঐ দুঃখি ইঙ্গলণ্ডীয় খালাসীরদের উপকারকরণ বিশেষমতে শ্রীশ্রীমতী মহারাণীর কনসল সাহেবের কর্ত্তব্য এবং যুদ্ধ জাহাজের সিরিশ্তার শ্রীযুক্ত অধ্যক্ষেরা ঐ আইনক্রমে হুকুম করিয়াছেন যে খোরাকের বাবত জনপ্রতি দিন২ দেড় সিলিং করিয়া দেওয়া যাইবেক অতএব কনসল সাহেব তদনুসারে খরচ দিবেন এবং ৮ নম্বরা পাঠঅনুসারে ঐ খরচের বৌচর অর্থাৎ রসীদ পাঠাইবেন। কিন্তু যদি প্রচুর আহারীয় দ্রব্য তাহা হইতে কম দরে পাওয়া যায় তবে তাহা খরীদ করিবার নিমিত্তে যাহা নিতান্ত আবশ্যক কেবল তাহাই দেওয়া যাইবেক যেহেতুক ব্যবস্থাকর্ত্তারদের এমত অভিপ্রায় নহে যে কোন দুঃখি খালাসীরদিগকে অতিরিক্ত বেতন দেওয়া যায় অথবা সরকারী খরচে অধিক সুখসেব্য উপজীবিকা দেওনের দ্বারা তাহারদিগকে নিষ্কর্ম্মে থাকিবার আশ্বাস দেওয়া যায়। পুনশ্চ যেপর্য্যন্ত শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের কোন বন্দরে তাহারদিগকে পাঠাওনের সুযোগ না হয় অথবা অন্যপ্রকারে তাহারদিগকে কর্ম্মে নিযুক্ত করণের উপায় না হয় কেবল সেইপর্য্যন্ত এমত উপকার করিতে হইবেক। যদি দৈনিক আহারীয় দ্রব্য প্রচুরমতে উক্ত টাকায় নিতান্ত পাওয়া যাইতে না পারে তবে ঐ খালাসীরদিগকে কনসল সাহেব সাধ্যপর্য্যন্ত ওয়াজিবি খরচের আহার দিবেন। যদ্যপি দৃষ্ট হয় যে ঐ খালাসীরদিগকে নগদ টাকা না দিয়া কাহারো নিকটে তাহারদের আহারের বন্দোবস্ত করিলে অল্প খরচ পড়ে তবে যেং ব্যক্তির সঙ্গে এই নিমিত্ত বন্দোবস্ত করা যায় সেই ব্যক্তিরদের বিল ও রসীদ খালাসীরদের সহীসমেত পাঠাইতে হইবেক। এবং সামান্য খালাসীরদের খোরাকীর নিমিত্ত যাহা দেওয়া যায় তদপেক্ষা অধিক হারের খোরাকী সমুদ্রে ভগ্নহওয়া জাহাজের এবং অন্য জাহাজের কাপ্তান সাহেবের ও মালিমেরদের নিমিত্ত দেওয়া যাইবেক না।

যে সকল বিদেশীয়েরা যুদ্ধ সময়ে শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজে তিন বৎসরপর্য্যন্ত খাটিয়াছে তাহারা চতুর্থ উলিয়মের তৃতীয় ও চতুর্থ বৎসরীয় আইনের ৫৪ অধ্যায় অনুসারে ইঙ্গলণ্ডীয় খালাসীরদের তুল্য উপকারের অধিকারী আছে এবং ঐ আইনের ৬ ধারাতে তাহারদের এইরূপে বিবরণ করা গিয়াছে। "যে খালাসী শ্রীশ্রীযুক্ত বাদশাহ ও তাঁহার উত্তরাধিকারী ও তাঁহার পদপ্রাপ্তের আজন্ম প্রজা এবং যেং ব্যক্তি কোন আকট পার্লিমেণ্টের দ্বারা প্রজাভুক্ত হইয়াছে অথবা যাহারা প্রজাত্বের সনন্দ দ্বারা প্রজা হইয়াছে এবং যাহারা কোন নূতন দেশ জয়হওন অথবা দত্ত হওনপ্রযুক্ত শ্রীশ্রীযুক্ত বাদশাহের প্রজা হইয়াছে এবং শ্রীশ্রীযুক্ত বাদশাহের প্রতি প্রভুত্ব স্বীকারের শপথ করিয়াছে অথবা যে সন্ধিপত্র কি সমর্পণ পত্রের দ্বারা ঐ নবপ্রাপ্ত দেশ শ্রীশ্রীযুক্ত বাদশাহের দখলে আইল সেই সন্ধি বা সমর্পণপত্রের নিরূপিত বিশ্বস্ততার শপথ করিয়াছে তাহারা।"

ইঙ্গলণ্ডীয় জাহাজ মারা পড়িলে যদি ঐ জাহাজের অধ্যক্ষ বা খালাসীরা সম্পত্তি রক্ষার নিমিত্তে অথবা দ্রব্য ও সরঞ্জাম সংগ্রহ ও বিক্রয় করণের নিমিত্তে ভগ্ন জাহাজের নিকটে থাকিয়া কার্য্য করে এবং কনসল সাহেবের উপকার প্রার্থনা করে তবে যত কাল তাহারা সেই কার্য্য করিতে থাকে তত কাল সরকারী খরচের উপকারের যোগ্য দুঃখি খালাসীর ন্যায় গণ্য হইবেক না কিন্তু কনসল সাহেব তাহারদিগকে যে টাকার দ্বারা সাহায্য

ten undertaking from the Master to pay the amount of any pecuniary assistance which the Consul may deem it advisable to afford them, and the same is to be charged by him as a separate item in his General Quarterly Account with this Department, in order that the amount thereof may, if practicable, be recovered from the Owners, for whose benefit alone such expences can be considered as having been incurred: when no longer so employed, they are, if distressed, to be treated as other distressed Seamen.

The Consul will be careful not to extend relief to any Seamen, but such as are really the objects for whose relief the Act provides. And as by the 46th Clause of the Act 7th and 8th, Vict. Cap 112, no Seamen can be discharged abroad, nor abandoned nor left behind without the sanction of the Consul, great care must be taken that such sanction is never given except in case of absolute necessity.

Men falling sick while their Ships are in Port are not to be considered as entitled to relief but are to be cured, as far as practicable, by the means with which, under the 18th Clause of the Act before referred to, every Ship must be provided, if however the man should continue ill up to the time of the vessel's sailing, and it shall appear that he is unable to proceed to sea in the vessel, in such case the Consul may consent to his discharge and subsist him as a distressed British Seaman

Men injured in the service of the Ship and also apprentices (so long as they continue with their vessels) are not considered in the light of distressed, Seamen and for any expence which the Consul may incur on account of such, separate vouchers are to be rendered with his quarterly account, in order that the amount may be recovered from the owner

Should it become necessary to continue men on charge longer than one month, an explanation of the necessity thereof is to be noted against their names in every subsequent subsistence List.

V.

Passage of the Seamen

Masters of Merchant Vessels bringing home distressed Seamen are not to be paid by the Consul, but are to be informed, that upon their transmitting to this Office the following documents, they will be paid 1s. 6d a man a day for every man brought home, who has not acted during the voyage as part of the crew of the vessel

1. A certificate or order from the Governor, Minister, Consul, or other authorities by whose directions the men were received on board, specifying the name of each man and boy, and the day he embarked.

2nd. The Master's declaration as to the time he subsisted them, stating, as the case may be, whether the ship was or was not during that time deficient in her full complement of men, and if she

করা উচিত বোধ করেন্ তাহা ফিরিয়া দেওনের বিষয়ে ঐ জাহাজাধ্যক্ষের স্থানে একবার পত্র লিখিয়া লইবেন এবং এই সিরিশ্তার সঙ্গে তাহার সাধারণ ত্রৈমাসিক যে হিসাব হয় তাহাতে ঐ টাকা স্বতন্ত্র খাতা করিয়া খরচ লিখিবেন তাহার অভিপ্রায় এই যে ঐ টাকা সাধ্য হইলে জাহাজের মালিকের স্থানে ফিরিয়া পাওয়া যায় যেহেতুক ঐ খরচ কেবল ঐ মালিকের নিমিত্তে হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক। কিন্তু যখন তাহারা উক্ত কার্য্যে আর নিযুক্ত না থাকে তখন তাহারদের দুরবস্থা হইলে অন্যান্য দুঃখি খালাসীর ন্যায় তাহারদিগের সঙ্গে ব্যবহার করিতে হইবেক।

কনসল সাহেব অতি সাবধান হইবেন যে যে ব্যক্তিরদের উপকারার্থে ঐ আইন নির্দিষ্ট আছে এমত ব্যক্তিছাড়া কোন খালাসীর উপকার না করেন। এবং শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার সপ্তম ও অষ্টম বৎসরীর আইনের ১১২ অধ্যায়ের ৪৬ ধারাতে হুকুম আছে যে কনসল সাহেবের অনুমতি বিনা কোন খালাসী বিদেশে কর্ম্মচ্যুত হইতে পারে না কি কাপ্তান সাহেব তাহাকে ত্যাগ করিতে পারেন না অতএব কনসল সাহেব বিশেষ মনোযোগ করিবেন যে অত্যাবশ্যক না হইলে সেইরূপ অনুমতি না দেন।

জাহাজ বন্দরে থাকন সময়ে যদি তাহার খালাসীরা পীড়িত হয় তবে তাহারা উপকার পাইবার যোগ্য হইবেক না কিন্তু পূর্ব্ব লিখিত আইনের ১৮ ধারাক্রমে প্রতি জাহাজে যে স্বাস্থ্যের উপায়ের বিষয় নির্দ্দিষ্ট আছে সেই উপায়ের দ্বারা যথাসাধ্য তাহারদের স্বাস্থ্য করিতে হইবেক। কিন্তু যদি ঐ খালাসী জাহাজের প্রত্যাগমনের সময়পর্য্যন্ত পীড়িত থাকে এবং সেই জাহাজে সমুদ্রে যাইতে যদি অক্ষম বোধ হয় তবে এমত গতিকে ঐ কনসল সাহেব তাহাকে জাহাজহইতে খালাস করিবার অনুমতি দিতে পারেন এবং দুঃখি ইঙ্গলণ্ডীয় খালাসীর ন্যায় তাহাকে খোরাকী দিতে পারেন।

যে ব্যক্তিরা জাহাজের কর্ম্ম করিতে ব্যাহত হয় এবং প্রেণ্টিস আপনার জাহাজে যত কাল থাকে তত কাল তাহারা দুঃখি ইঙ্গলণ্ডীয় খালাসীর ন্যায় জ্ঞান হইবেক না এবং এমত ব্যক্তিরদের নিমিত্ত কনসল সাহেব যে খরচ করেন তাহা জাহাজের মালিকের স্থানে ফিরিয়া পাইবার জন্য তাহার ত্রৈমাসিক হিসাবের সঙ্গে তাহার আলাহিদা বৌচর পাঠাইবেন।

যদি কোন ব্যক্তিকে এক মাসের অধিক খোরাকী দেওনের আবশ্যক হয় তবে সেই আবশ্যকতার নিদর্শন তৎপরের লিখিত প্রত্যেক খোরাকীর তালিকাতে তাহারদের নামের পার্শ্বে লিখিতে হইবেক।

৫

খালাসীরদের গমনের খরচ।

সওদাগরী জাহাজের যে অধ্যক্ষেরা দুঃখি খালাসীরদিগকে ইঙ্গলণ্ড দেশে লইয়া যায় তাহারা কনসল সাহেবের স্থানে বেতন পাইবেক না কিন্তু তাহারদিগকে জ্ঞাত করা যাইবেক যে তাহারা নীচের লিখিত নিদর্শন পত্র এই দফতরে পাঠাইলে যে প্রত্যেক ব্যক্তিকে তাহারা ইঙ্গলণ্ড দেশে ফিরিয়া আনিয়াছে সেই ব্যক্তি যদি যাত্রার সময়ে জাহাজের মল্লারদের সঙ্গে না খাটিয়া থাকে তবে তাহার নিমিত্তে প্রতিদিন দেড়সিলিং করিয়া পাইবেক।

১। যে গবরনর অথবা রাজ উকীল বা কনসল সাহেবের বা অন্য কর্ম্মকারকের হুকুমের দ্বারা ঐ খালাসীরদিগকে জাহাজে লওয়া গেল তাহার সর্টিফিকট অথবা হুকুমনামা এবং তাহাতে প্রত্যেক ব্যক্তি বা ছোকরার নাম ও যে দিবসে জাহাজ আরোহণ করিল তাহা বিশেষ করিয়া লেখা থাকিবেক।

২। জাহাজের অধ্যক্ষ যত দিবস তাহারদিগকে খোরাক দিয়া ছিলেন তাহার এক এজহার। তাহাতে ইহা লেখা থাকিবেক যে যাত্রার সময়ে ঐ জাহাজের সম্পূর্ণ সংখ্যক

was, how many thereof she wanted, and for what length of time.

As no prosecution can be instituted with success against the Masters of Merchant Ships for refusing to take a Seaman on board for a passage to a British Port, without the evidence of the party, the Consul is, in all such cases of refusal where he considers it proper that this Act should be enforced, to direct the Seaman who shall subsequently obtain a passage, when he shall have arrived in this country, to call at the Admiralty, with a letter from the Consul detailing fully the circumstances of the case (marking on the outside of such letter, that the bearer is to leave his address with the Chief Clerk, at the Admiralty, Whitehall,) in all such cases a duplicate of the letter sent by the Seaman is to be forwarded by the Consul at the same time by Post.

Whenever, from the absence of British Merchant Vessels, the Consul in order to avoid the detention of men who are in a fit state to be sent home, shall consider it more economical for the public Service to engage a passage for any distressed Seaman in foreign Merchant Vessels, he is to avoid, if practicable, making any payment for such passage, but to furnish the Master with the requisite forms, and information for his guidance, in claiming payment from this Department

As the Act of Parliament on this head provides for the relief of distressed British Seamen, and for no other persons, the Consul is not to charge to this Department expences incurred on account of any person whatever not coming within this description, or to order a passage for them to this country, but in the event of application being made to him by other British Subjects, he is to govern himself by such directions as he may receive from the Secretary of States' Office, and to use his endeavours to procure passages for such persons in the same manner (by agreements with Masters of Vessels) and on similar terms as for Seamen, drawing on the Lords of the Treasury for the amount of the expences so incurred.

Distressed Seamen may be sent home in Packets the same as in Merchant Ships.

VI

Clothing, Medical Attendance, &c

In supplying Clothing to distressed British Seamen, the Consul is to take particular care that they be not provided at the public expence with more than is absolutely necessary, and that no superfluous or expensive clothing be on any account allowed, they are not to be provided with boots, but with shoes only, neither are they to be allowed silk handkerchiefs, gloves mitts, or such like articles, except in cases of pressing necessity, to be explained by the Consul no bedding of any description is to be purchased for them, it being considered that beds will be provided for them in the house where they are boarded while in the Consul's charge, and by the vessel in which they are brought to this country. The Consul is to transmit bills of particulars and receipts from the persons to whom the money is paid, the signature or mark of the Seamen in proof that they were supplied with the articles, or received the Medical Attendance charg-

[*Government Gazette, 27th April,* 1847]

খালাসী ছিল কি না এবং যদি ছিল না তবে কত কম ও কত কাল কম ছিল।

সওদাগরী জাহাজের অধ্যক্ষেরা যদি কোন ব্রিটনীয় বন্দরে কোন খালাসীকে আনিতে স্বীকার না করে তবে সেই খালাসীর সাক্ষ্য বিনা ঐ জাহাজাধ্যক্ষের নামে নালিশ করিলে কিছু ফল হইবেক না অতএব কনসল সাহেবের প্রতি হুকুম আছে যে ঐরূপ জাহাজাধ্যক্ষ স্বীকার না করিলে যদি তিনি এই আইন জারী করা উচিত বোধ করেন তবে যে খালাসী তৎপরে অন্য কোন জাহাজে ইঙ্গলণ্ড দেশে গমন করে সেই খালাসীকে হুকুম করেন যে ইঙ্গলণ্ড দেশে পঁহুছিলে আদমিরাল্টি দফ্তরে গমন করে এবং কনসল সাহেব ঐ বিষয়ের তাবৎ বৃত্তান্ত সম্পূর্ণরূপে এক পত্রে লিখিয়া তাহাকে দিবেন এবং ঐ পত্রের পৃষ্ঠায় লিখিবেন যে পত্রবাহক আপনার বাসস্থানের নিদর্শন ওয়াইটহল স্থানে আদমিরাল্টি সিরিশ্তার প্রধান মুহুর্রীরের নিকটে দেন। এবং এমত প্রত্যেক গতিকে যে পত্র ঐ খালাসীর দ্বারা পাঠান যায় তাহার এক নকল কনসল সাহেব ডাকযোগে পাঠাইবেন।

যখন কোন ইঙ্গলণ্ডীয় জাহাজ বন্দরে না থাকে এবং যে খালাসীকে স্বদেশে পাঠাওন উচিত হয় তাহাকে ঐ বন্দরে নিরর্থক না রাখিবার জন্যে কনসল সাহেব কোন বিদেশীয় মহাজনী জাহাজে কোন দুঃখি খালাসীকে পাঠাওন সরকারের পক্ষে সুলভ বোধ করেন তখন তিনি সাধ্য হইলে ঐ জাহাজের ভাড়ার নিমিত্ত কোন টাকা দিবেন না কিন্তু ঐ জাহাজের অধ্যক্ষকে এই সিরিশতায় ঐ টাকার দাওয়া করিয়া পাইবার জন্য তাহাকে আবশ্যক সকল কাগজপত্র ও সম্বাদ দিবেন।

এই বিষয়ে যে আকট পার্লিমেণ্ট হইয়াছে তাহাতে দুঃখি ইঙ্গলণ্ডীয় খালাসীরদের উপকারার্থ নিয়ম আছে এবং অন্য কোন প্রকার ব্যক্তিরদের বিষয়ে নাই অতএব যে কোন ব্যক্তি ঐ প্রকার দুঃখি খালাসী না হয় তাহার নিমিত্ত যাহা করেন তাহা এই সিরিশতায় খরচ লিখিবেন না অথবা তাহারদের নিমিত্ত জাহাজ ভাড়া করিয়া দিবেন না। কিন্তু যদি অন্য কোন ব্রিটনীয় প্রজা তাঁহার নিকটে দরখাস্ত করে তবে সেক্রটারী অফ স্টেটের দফ্তর হইতে তিনি যে হুকুম পান তদনুসারে কার্য্য করিবেন এবং যেং নিয়মেতে জাহাজের অধ্যক্ষরদের সঙ্গে বন্দোবস্ত করিয়া খালাসীরদের নিমিত্তে জাহাজ ভাড়া করিয়া দেন সেই নিয়মেতে ঐ প্রকার ব্যক্তিরদের নিমিত্তে জাহাজ ভাড়া করিবার উদ্যোগ করিবেন এবং যে টাকা এইরূপে ব্যয় করেন তাহার নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর খাজানাখানার অধ্যক্ষের উপর বরাৎ দিবেন।

৩। উক্ত প্রকার শিরনামার পরে এক পার্শ্বে সকল বাদির ও সকল প্রতিবাদির নাম ও ওজরদার থাকিলে ঐ সকল ওজরদারের নাম লিখিতে হইবেক এবং প্রভৃতি বা ওগয়রহ এই প্রকার শব্দ থাকিবেক না। অন্য পার্শ্বে বাদি প্রতিবাদির নামের সম্মুখে তাহারদের উকীলেরদের নাম লিখিতে হইবেক কিম্বা উভয় পক্ষের কোন পক্ষ যদি নিজে সওয়াল জওয়াব করে তবে তাহার নামের সম্মুখে "আসালতন" এই কথা লিখিতে হইবেক এবং তাহার উপস্থিত থাকন কি না থাকনের প্রমাণস্বরূপ সেই স্থানেই "হাজির কি গরহাজির" এই কথা লিখিতে হইবেক।

৪। কাগজের দক্ষিণ ও বাম পার্শ্বে যে ফাক থাকিবেক তাহাতে দাওয়ার ও দাবীকরা বস্তুর প্রকার ও তাহার মূল্য ও দাওয়ার মুল লিখিতে হইবেক এবং বাদী যে হুকুম বা হুকুমসকলের অন্যথা করিতে চাহে তাহার নিদর্শন এবং যে স্থলে আবশ্যক হয় এমত স্থলে [অর্থাৎ সুদের কি ওয়াসিলাতের অথবা হিসাব নিষ্পত্তি কি খাজনার দাবী হইলে] ঐ দাওয়ার আরম্ভের ও শেষ হওনের তারিখ লিখিতে হইবেক। যদি অবশেষ আরজীর দ্বারা ঐ দাওয়ার বৃদ্ধি কি ন্যূনতা হইয়াছে তবে সেই বিষয় ফয়সলার এই স্থানে লিখিতে হইবেক সুতরাং কেবল যে আদালতের অবশেষ আরজী লওনের ক্ষমতা আছে সেই আদালতের ফয়সলাতে তাহা লেখা যাইবেক। এবং যে দাওয়া এই প্রকারে ধার্য্য হয় তাহার সম্পূর্ণ সংখ্যা বিশেষ করিয়া লিখিতে হইবেক।

৫। উক্ত কথার পরে শেষ রুবকারীর মজমুনে যেরূপ লেখা থাকে তদনুসারে বাদিপ্রতিবাদিরদের কি তাহারদের উকীলেরদের হাজিরী অথবা গরহাজিরীর বিষয় লিখিতে হইবেক। ২। ইঙ্গরেজী সনের এবং স্থানবিশেষে যে সন চলন আছে তাহার যে তারিখে মোকদ্দমা উপস্থিত হইয়াছিল সেই তারিখ এবং ফরিয়াদী যোত্রহীন হইলে ঐ ফরিয়াদী যোত্রহীনের ন্যায় নালিশ করিতে যে তারিখে দরখাস্ত করে ও তাহার যোত্রহীনতা যে তারিখে গ্রাহ্য হয় তাহা লিখিতে হইবেক। ৩। তাহার দরখাস্ত যে তারিখে আদালতে দাখিল করা গিয়াছিল কি কাছারীতে পঁহুছিয়াছিল তাহা। এবং ৪। মোকদ্দমার হেতুর খোলাসা লিখিতে হইবেক। নিষ্পত্তির নিমিত্তে মোকদ্দমা প্রস্তুত করিতে যে নানা কার্য্য হইল তাহা অথবা যে ক্রমে নানা কাগজাত নথীর শামিল করা গেল * তাহা লিখিবার আবশ্যক নাই। কেবল বিশেষ গতিকে তাহা লেখা যাইবেক যথা মো-

* এই বিষয়ের হুকুম উত্তর পশ্চিম দেশের ১৮৪৩ সালের ১৬ ডিসেম্বর তারিখের ৩৮ নম্বরী ও বাঙ্গলা-প্রভৃতি দেশের ১৮৪৫ সালের ৩ ফেব্রুআরি তারিখের ৭৯ নম্বরী সরক্যুলর অর্ডরে লিখিত হইয়াছে।

may have been referred by a higher or transferred from a tribunal of equal degree, or when it may relate to property situate in different jurisdictions, though based on the same cause of action (in which case the acquisition of the Sudder Court's authority for its hearing and decision in that particular Court agreeably to Circular Order No. 29, dated 11th January, 1839, must be mentioned), or when Government may be one of the defendants to the action, in which case the assent of the Commissioner to the formal institution and trial of the suit under Regulation II. of 1826, must be stated: in this place, should the circumstances of the case be such as to require it, the death of any of the parties to the action, and the substitution of his heir, and particulars preliminary to the adjudication of the suit exparte, in the event of the plaintiff's claim being decreed either in whole or in part, as well as the reason of any witnesses not having been summoned, or if summoned of their evidence not having been recorded, should be entered.

6thly. The *substance* of the petition of plaint is then to be given, all redundancies both of language and matter being carefully eschewed, and will include a specification of the date, on which the cause of action according to the plaintiff's statement arose, as well as genealogical tables if filed, the names of the defendants at length, with the parentage of those, who may have the same name (if that be ascertainable from the plaint or the proceedings in the case,) and the place of residence, of all the reasons given by the plaintiff for including among the defendants any person out of possession of the property sued for, and the pleas urged by him for admission of the suit notwithstanding the expiry of the period, allowed by the statute of limitations for the cognizance of Civil Actions. After this, the substance of the supplementary plaint, if any have been entered, with the date of its presentation will be stated with the same regard to conciseness, (notwithstanding that it do not follow next in order according to date of presentation) and the property claimed will be here specified; then will follow an abstract of the answer, and the supplemental answer (with date of presentation as in the case of a supplemental plaint) including only those parts which do actually reply to the subject matter of the plaint; the substance of the replication, if it contain any matter touching on the statements of the defendant's answer, and similarly of the rejoinder, with dates of their presentation respectively, will be next entered, and last of all, the abstract of the petitions and objections of third parties will be stated. If no rejoinder be filed, the fact should be mentioned.

7thly. Next in order will be inserted a brief abstract of the proceedings prescribed by Section 10, Regulation XXVI. of 1814, in the decrees only of those courts of course, to which that enactment applies (vide Construction No. 1226, and Circular Order No. 103, dated 20th August 1841).

8thly. A list of the documents filed and the

কদ্দমা যদি উপরিস্থ আদালতহইতে অর্পণ হইয়া থাকে অথবা সমান শ্রেণীর আদালতহইতে প্রেরিত হইয়া থাকে কিম্বা মোকদ্দমার একি হেতু থাকিলে যদি ভিন্ন২ এলাকাস্থিত সম্পত্তি লইয়া সেই মোকদ্দমা হয় এইমত গতিকে ১৮৩৯ সালের ১১ জানুআরি তারিখের ২৯ নম্বরী সরক্যুলর অর্ডরঅনুসারে ঐ বিশেষ আদালতে মোকদ্দমার শুনানি ও নিষ্পত্তির বিষয়ে সদর আদালতের হুকুম পাওনের বৃত্তান্ত লিখিতে হইবেক। কিম্বা মোকদ্দমায় প্রতিবাদির মধ্যে গবর্ণমেন্ট এক জন হইলে ১৮২৬ সালের ২ আইনানুসারে মোকদ্দমা রীতিমত উপস্থিতকরণ ও বিচার করণের বিষয়ে কমিস্যনর সাহেবের সম্মতি পাওয়া গিয়াছে ইহা লিখিতে হইবেক। যদি বিষয় বুঝিয়া আবশ্যক হয় তবে মোকদ্দমার কোন পক্ষীয় ব্যক্তির মৃত্যু হইলে তাহা এবং তাহার পরিবর্ত্তে তাহার ওয়ারিসের স্থলাভিষিক্ত হওন এবং বাদির দাওয়া সম্পূর্ণরূপে কি তাহার কতক অংশের তাহার পক্ষে ডিক্রী হইলে মোকদ্দমা একতরফা তজবীজকরণের পূর্ব্বে যে২ কর্ম্ম হয় তাহার বৃত্তান্ত এবং কোন সাক্ষির তলব না হইলে কিম্বা তলব হইয়া তাহার জোবানবন্দী লিখিত না হইলে তাহার কারণ এই স্থলে লিখিতে হইবেক।

৬। তৎপরে নালিশের আরজীর মর্ম্ম অভিমনোযোগপূর্ব্বক লিখিতে হইবেক এবং কথার এবং বিষয়ের বাহুল্য ত্যাগ করিতে হইবেক ঐ খোলাসার মধ্যে ফরিয়াদীর আরজীমতে মোকদ্দমার হেতু যে তারিখে হয় তাহার বেওরা এবং বংশাবলির বিবরণ দাখিল হইলে তাহা এবং আসামীরদের সম্পূর্ণ নাম ও অনেকের একি নাম থাকিলে যদি আরজীর কিম্বা মোকদ্দমার রোয়দাদের দ্বারা তাহারদের পিত্রাদির নাম জানিতে পারা যায় তবে তাহা ও তাহারদের বাসস্থান লিখিতে হইবেক। এবং যে সম্পত্তির দাওয়া হয় তাহার বেদখলী কোন ব্যক্তিকে প্রতিবাদিগণের মধ্যে লিখিবার যে কারণ বাদী কহে তাহা এবং মোকদ্দমা গ্রাহ্য হওনের যে মিয়াদ নির্দ্দিষ্ট আছে সেই মিয়াদ অতীত হইলেও সেই মোকদ্দমা গ্রাহ্য করিবার যে হেতু বাদী লেখে তাহাও লিখিতে হইবেক। তৎপরে অবশেষ আরজী দাখিল হইলে তাহার খোলাসা এবং তাহা দাখিলহওনের তারিখ অতিসংক্ষেপ করিয়া লিখিতে হইবেক [ঐ অবশেষ আরজী যদি তৎপরে দাখিল হইয়া থাকে তবু তাহার বিষয় এই স্থানে লিখিতে হইবেক] এবং যে সম্পত্তির দাবী হয় তাহাও এই স্থানে বিশেষ করিয়া লিখিতে হইবেক। তৎপরে জওয়াব ও অবশেষ জওয়াবের খোলাসা লিখিতে হইবেক এবং যেমন অবশেষ আরজীর বিষয় নির্দ্দিষ্ট আছে তেমনি এই জওয়াব দাখিল করণের তারিখও লিখিতে হইবেক কিন্তু ঐ জওয়াবের যে২ ভাগে আরজীর প্রকৃত প্রস্তাবিত বিষয়ের উত্তর লেখা যায় কেবল তাহা লিখিতে হইবেক। তাহার পর জওয়াবল জওয়াবেতে আসামীর জওয়াবে লিখিত এজহারের বিষয় কিছু থাকিলে তাহার খোলাসা এবং সেই প্রকারে হুদ্দ জওয়াবের খোলাসা ও তাহা দাখিল করণের তারিখও লিখিতে হইবেক পরিশেষে আরজীর ও ওজরদারেরদের ওজরের খোলাসাও লিখিতে হইবেক। যদি হুদ্দ জওয়াব দাখিল না হয় তবে তাহা লিখিয়া জানাইতে হইবেক।

৭। পরে যে২ আদালতে ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারা খাটে সেই২ আদালতের ডিক্রীতে ঐ ধারার নির্দ্দিষ্ট রোয়দাদের খোলাসা সংক্ষেপ করিয়া লিখিতে হইবেক। (১২২৬ নম্বরী আইনের অর্থ এবং ১৮৪১ সালের ২০ আগষ্ট তারিখের ১৬৩ নম্বরী সরক্যুলর অর্ডর দেখ)।

৮। তৎপরে বাদির তরফে যে সকল দলীল দা-

names of the witnesses called on the plaintiff's part, with the titles and numbers of the several papers in order of presentation, and a specification of the matter, which they were respectively intended by the plaintiff to prove, will here be entered, and the substance of any document which may be declared by the plaintiff to be the foundation of his claim, or to be adminicular to its proof, should be given, provided that the purport and the terms of the said document be contested. In like manner the documents presented and the witnesses subpœnaed on the part of the defendant should be particularized, and any orders rejecting applications of the parties for the admission of proofs offered, or fining pleaders for filing documents on unstampt paper or paper of insufficient value, or returning documents to be stamped under Circular Order No. 179, dated 31st January 1842, or relating to the admission of review of judgment (if that have occurred,) with their respective dates should be mentioned; and if the decision of the case turn on the report of an Ameen, its substance and the fact of his having been sworn to the faithful discharge of his duty (an observance which is essential* to the reception of his report as evidence) should be stated with its date. Next in order will appear a copy of the futwa or bewastah, or the award of arbitrators, or the soolehnamah of the parties, if the case have been determined with special reference to such papers, and, subject to the same condition, the enquiries made from parties or their pleaders, and the answers received, together with the date of the proceeding in which they are recorded, will be entered. Here will be recorded the reasons, given by the deciding Officer in the precise terms in which the judgment drawn up agreeably to Act XII. of 1843 may be expressed, and the Court would take the opportunity of warning the judicial functionaries to specify distinctly the grounds of their judgment, and the evidence, oral or documentary, on which it is based, and to state in their *"order"* the thing decreed, whenever the decree may not exactly correspond with the claim preferred, specifying the articles or portions of property or other thing claimed, which may have been exempted from the judicial award made in favor of the plaintiff.

9thly. Immediately under the *"order"* will be entered an account, showing the exact sum, principal and interest, to which the plaintiff may have been declared entitled up to the date of decree, and subsequently to this account will be inserted the costs of the parties payable either at the time or thereafter in the event of appeal being preferred by the losing party.

10thly. The Civil Authorities will be careful to insert the title of each paper, viz. plaint, answer, oral, interrogatory, or other matter in the margin of the decree, opposite that part in which the sub-

*Vide Section 18, Reg. III. of 1803, and Section 17, Reg. IV. of 1793.

[*Government Gazette, 4th May*, 1847.]

খিল হয় তাহা এবং যে সকল সাক্ষির তলব হয় তাহারদের ইসমনবীসী এবং নানা কাগজপত্র যে ক্রমেতে দাখিল হয় সেই ক্রমানুসারে তাহার নাম ও নম্বর এবং বাদী সেই২ দলীলের দ্বারা যে বিষয়ের প্রমাণ করিতে চাহিল তাহা বিশেষরূপে এই স্থানে লিখিতে হইবেক এবং ফরিয়াদী যে কোন দলীল আপনার দাবীর মূল কহে কিম্বা দাবীর প্রমাণের পোষক কহে সেই দলীলের অভিপ্রায়ের এবং কথার বিষয়ে বিরোধ হইলে তাহার খোলাসাও লিখিতে হইবেক। সেইরূপে প্রতিবাদির তরফে যে দলীল দাখিল হয় এবং যে সাক্ষিরদের তলব হয় তাহা বিশেষ করিয়া লিখিতে হইবেক এবং বাদী কি প্রতিবাদী যে প্রমাণ দিতে প্রসঙ্গ করে তাহা নামঞ্জুর করণের হুকুম কিম্বা ইষ্টাম্পরহিত কাগজে অথবা কম মূল্যের ইষ্টাম্প কাগজে দলীল দাখিল করণহেতুক উকীলেরদের জরীমানা করণের হুকুম কি ১৮৪২ সালের ৩১ জানুআরির ১৭৯ নম্বরী সরক্যুলর অর্ডরঅনুসারে দলীলদস্তাবেজ ইষ্টাম্প করিবার জন্যে তাহা ফেরত দিবার হুকুম অথবা পুনর্ব্বিচারের অনুমতি হইলে তাহার বিষয়ি হুকুম ও সেই সকল বিষয়ের তারিখ লিখিতে হইবেক। এবং আমীনের রিপোর্টে নির্ভর করিয়া যদি মোকদ্দমার নিষ্পত্তি হয় তবে সেই রিপোর্টের খোলাসা ও সেই আমীনকে আপনার কর্ত্তব্য কর্ম্ম বিশ্বস্ততাপূর্ব্বক সম্পাদন করণ বিষয়ে শপথ করাণ গিয়াছে কি না তাহা ও তাহার তারিখ লিখিতে হইবেক। (ঐ আমীনকে শপথ করাণ না গেলে তাহার রিপোর্ট প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারে না*)। তৎপরে ফতওয়া কি ব্যবস্থা অথবা সালিসেরদের ফয়সলা কিম্বা উভয় পক্ষের সোলেনামার অনুসারে মোকদ্দমার নিষ্পত্তি হইলে ঐ সকল কাগজাতের নকল লিখিতে হইবেক এবং সেই নিয়মানুসারে উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের স্থানে যে২ বিষয় জিজ্ঞাসা করা যায় তাহা ও তাহার উত্তর ও যে তারিখের দলীলে তাহা লেখা থাকে তাহাও লিখিতে হইবেক। এবং ১৮৪৩ সালের ১২ আইনানুসারে প্রস্তুত করা ফয়সলা যে২ কথায় লেখা থাকে অবিকল সেই২ কথায় নিষ্পত্তিকারি বিচারক আপন ফয়সলার হেতু লিখিবেন। এবং সদর আদালত এই সুযোগে সকল আদালতের কার্য্যকারকদিগকে এই সাবধান করিতেছেন যে তাঁহারা আপনারদের ফয়সলার হেতু এবং যে মৌখিক অথবা লিখিত সাক্ষ্য সেই ফয়সলার মূল তাহা বিশেষ করিয়া লেখেন এবং যখন ফয়সলা দাওয়ার সঙ্গে ঠিক ঐক্য না হয় তখন যে বস্তুর ডিক্রী হইল তাহা আপনারদের "হুকুমে" লিখিবেন এবং যে দ্রব্য অথবা সম্পত্তির অংশ কি অন্য বস্তুর দাওয়া হইয়াছিল কিন্তু আসামীর পক্ষে হওয়া ডিক্রীহইতে ছাড়া হইয়াছে তাহা বিশেষ করিয়া আপনার "হুকুমে" লিখিবেন।

৯। "হুকুমের" অব্যবহিত নীচে ডিক্রীর তারিখপর্য্যন্ত আসল টাকা ও সুদের যে জুমলা বাদির পক্ষে ডিক্রী হয় তাহার এক হিসাব লিখিতে হইবেক এবং উভয় বিবাদির যে খরচা সেই সময়ে দিতে হইবেক অথবা পরাজিত ব্যক্তি আপীল করিলে তৎপরে দিতে হইবেক তাহা ঐ হিসাবের নীচে লেখা থাকিবেক।

১০। দেওয়ানীর কার্য্যকারকেরা অতি সাবধান হইয়া প্রত্যেক কাগজপত্রের নাম অর্থাৎ দরখাস্ত ও জওয়াব ও মৌখিক বা লিখিত জিজ্ঞাসা বা অন্য বিষয়ে ডিক্রীর পার্শ্বের যে স্থানে ঐ প্রত্যেক কাগজইত্যাদির খোলাসা লেখা

* ১৮০৩ সালের ৩ আইনের ১৮ ধারা ও ১৭৯৩ সালের ৪ আইনের ১৭ ধারা দেখ।

ject matter of each paper, &c. may be recorded, and at the beginning of the subject matter in question will draw a line (Hindiee "*mud*,") so that when any particular matter be sought for, it may be quickly found.

11thly. In the decrees of the appellate courts, instead of the word "original," will appear "appeal regular" or "special appeal," with the No. of the same, and the amount both of the original claim, and the claim in appeal, and the parties will be distinguished as plaintiffs, appellants, defendants, respondents, or vice versa, as the case may be. Next, the description of the claim, its amount or valuation, and its foundation, the attendance or non-attendance of the parties and their Vakeels will be *shortly* adverted to, as directed above for the decrees of Courts of first instance, and after this will come an Abstract of the judgment or judgments passed by the lower Courts, and the substance of the reasons for appeal, and of the answer, with the dates on which they were filed respectively. With regard to any other papers, that may be presented, the rules already laid down for observance in the Courts of original jurisdiction will be followed, but it will be unnecessary to give an abstract of any other part of the record of the lower Court than the judgment of the deciding Officer.

12thly. When the original decree shall have been prepared according to the above rules, the date of its being completed and ready for transcription, the date of notice thereof being given to the parties or their representatives, the date of first delivery of Stampt paper, whether in whole or in part, for a copy of the decree, the date of delivery of additional sheets after the preparation of the decree, and *notice* given to the parties or their representatives, with the number of sheets, and the date of copy being ready, and of its being tendered or delivered to the parties or their representatives, shall be entered on the back of the decree not only in *figures* but *in words at length*, and not only on the copies delivered to the parties but on the original decree, which is intended to be kept with the record of the case.

13thly. It is only necessary to add, that whenever a date which may affect the decision of the case, may be mentioned either in the heading, or in the body of the decree, the date corresponding thereto, which may be locally current, shall be *invariably* stated, and that the names of parties, as well as villages and Pergunnahs, wherever occurring, shall be written in clear legible characters, each letter being correctly punctuated.

14thly. An Abstract or recapitulation of the above instructions is published in the vernacular language for the guidance of the decree writers, attached to the several Courts.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 12th February, 1847.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৪ মে।]

থাকে তাহার পাশাপাশি লিখিবেন। এবং সেই বিষয়ের মর্ম্ম লিখনের আরম্ভে একটা কসি (অর্থাৎ হিন্দীতে যাহাকে "মদ" বলে) দিবেন তাহাতে যে কোন বিশেষ বিষয়ের অনুসন্ধান করিতে হয় তাহা অনায়াসে পাওয়া যায়।

১১। আপীল আদালতের ডিক্রীতে "সরেনও" মোকদ্দমা এই কথা না লিখিয়া তাহার পরিবর্ত্তে "জাবেতামত আপীল" কিম্বা "খাস আপীল" এই কথা লিখিতে হইবেক এবং তাহার নম্বর এবং আসল যে দাওয়া হইয়াছিল এবং আপীলেতে যে দাওয়া হয় তাহার সংখ্যা এবং বাদিপ্রতিবাদির নামের সঙ্গে ঐ ফরিয়াদী ও আপেলাণ্ট ও আসামী ও রেস্পাণ্ডেণ্ট ইহা স্পষ্ট করিয়া লিখিতে হইবেক। তৎপরে দাওয়ার নিদর্শন ও তাহার সংখ্যা কি তাহার মূল্য এবং তাহার মূল। তাহার পরে যেরূপে সরেনও মোকদ্দমার আদালতের ডিক্রীর বিষয়ে নির্দ্দিষ্ট আছে সেইরূপে বাদিপ্রতিবাদি ও তাহারদের উকীলেরদের উপস্থিত হইবার বা না হইবার বিষয় সংক্ষেপে লিখিতে হইবেক। এবং তাহার পরে অধস্থ আদালতের ফয়সলা বা ফয়সলাসকলের খোলাসা এবং আপীলের কারণের ও জওয়াবের খোলাসা এবং যে তারিখে তাহা নথীর শামিল করা গেল তাহা। অন্যান্য যে কাগজপত্র দাখিল হয় তাহার বিষয়ে যে বিধি সরেনও মোকদ্দমার আদালতের নিমিত্তে নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য হইবেক কিন্তু নিষ্পত্তিকারি বিচারকের ফয়সলাছাড়া অধস্থ আদালতের রোয়দাদের অন্য কোন ভাগের খোলাসা দিবার আবশ্যক নাই।

১২। যখন আসল ডিক্রী উক্ত বিধানানুসারে প্রস্তুত হইয়াছে তখন তাহা সমাপ্ত হওনের এবং নকলের নিমিত্তে প্রস্তুত হওনের তারিখ এবং বাদিপ্রতিবাদিকে কি তাহারদের প্রতিনিধিকে তাহার এত্তেলা দেওনের তারিখ এবং ডিক্রীর নকল লিখিবার জন্যে সমুদয় ইষ্টাম্পকাগজ কি তাহার কতক কেতা প্রথম দাখিল করণের তারিখ এবং ডিক্রী প্রস্তুত হওনের পর এবং বাদিপ্রতিবাদিকে অথবা তাহারদের প্রতিনিধিকে এত্তেলা দেওনের পর অতিরিক্ত ফর্দ্দ দাখিল করণের তারিখ এবং কত কেতা কাগজ দাখিল হইল এবং ডিক্রীর নকল প্রস্তুত হওনের এবং বাদিপ্রতিবাদিকে অথবা তাহার প্রতিনিধিকে দিবার কি দিবার প্রস্তাব করণের তারিখ ডিক্রীর পৃষ্ঠে কেবল অঙ্কেতে নহে কিন্তু অক্ষরে লিখিতে হইবেক এবং যে২ নকল বাদিপ্রতিবাদিকে দিতে হইবেক কেবল তাহার উপর নহে কিন্তু যে আসল ডিক্রী মোকদ্দমার রোয়দাদের সঙ্গে রাখিতে হয় তাহার উপরেও এই সকল বিষয় লিখিতে হইবেক।

১৩। আরো কেবল ইহা মন্তব্য যে যে তারিখে মোকদ্দমার নিষ্পত্তির নির্ভর থাকে এমত তারিখ যদি ডিক্রীর শিরোভাগে কি তাহার মধ্য ভাগে লিখিতে হয় তবে সেই স্থানে যে সন চলন আছে তদনুযায়ি তারিখ নিয়ত লিখিতে হইবেক এবং বাদিপ্রতিবাদির ও পরগনার নাম যেখানে লিখিতে হয় তাহা নিঃসন্দিগ্ধ অক্ষরে নোক্তা অর্থাৎ বিন্দু সহিত লিখিতে হইবেক।

১৪। উক্ত বিধানের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ নানা আদালতে নিযুক্ত ডিক্রীনবীসেরদের উপদেশের নিমিত্তে দেশীয় ভাষায় প্রকাশ হইতেছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭ সাল ১২ ফেব্রুআরি।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

ফয়সলার সংক্ষেপ ও বাহুল্যের নিদর্শন।
নং ২৫ সন ১৮৪৪ সাল সরেমও।
যোত্রহীনতারূপে শ্রীল শ্রীযুক্ত জজ সাহেবের কাছারীর
অর্পিত দাবীর সংখ্যা ২৪২৪৲ টাকা।

ফয়সলা আদালতে দেওয়ানী জিলা অমুক বৈঠকে শ্রীযুক্ত অমুক অমুক পদাভিষিক্ত তারিখ ৩ অক্টোবর ১৮৪৪ সাল মোতাবেক।

গণপতিরাম যোত্রহীন বাদী রাম সিংহের পুত্র যশোবন্ত সিংহ ও ঠাকুরদয়াল সিংহের পুত্র দ্বিতীয় যশোবন্ত সিংহ প্রতিবাদিগণ।

রামচরণ লাল উকীল হোসেনবখ্শ ও রামনাথ উকীলদ্বয়

দাবী ফসলী ১২৪৯ সালের ১ আষাঢ় মোতাবেক ১৮৪২ সালের ২৩ জুনের লিখিত বয়নামাঅনুসারে জুনাবাদ পরগনার রামপুর মৌজায় দখল পাইবার ও স্বীয় স্বত্বের প্রতি সরকারী বহির্জমীদারীর ঘরে নাম দাখিল হইবার মৌজা মজকুরের এক বর্ষের উপস্বত্ব ২০০৲ টাকা পরিমাণে ও অবশেষ আরজীর দ্বারা বেদখলী সময়ের ওয়াসিলাৎ ৪২৪৲ টাকা আসল মায় সুদ আর আগামি কাল অর্থাৎ দখল পাইবার দিবসপর্য্যন্তের ওয়াসিলাৎ ও নালিশের পূর্ব্বের ও পরের ওয়াসিলাতের সুদ সহিত অবশেষ আরজীর তফসীলের লিখিতমত একুনে ২৪২৪৲ দুই হাজার চারি শত চব্বিশ টাকার পরিমাণে।

আরজীর খোলাসা।

অদ্য এই মোকদ্দমা বাদির উকীল রামচরণ লালের এবং প্রতিবাদির উকীল। হোসনবখ্শের সম্মুখে প্রতিবাদিগণের দ্বিতীয় উকীল রামনাথের অসাক্ষাতে উপস্থিত হইল বিবরণ এই যে বাদী ১৮৪৪ সালের ১ জানুআরি তারিখে ১ কেতা দরখাস্ত উপরোক্ত দাবীর নালিশ যোত্রহীনতা সূত্রে মঞ্জুর হইবার প্রার্থনায় শ্রীল শ্রীযুক্ত জজ সাহেবের সমীপে দাখিল করে আর উক্ত সনের ২ মার্চ তারিখে উহার দরখাস্ত গ্রাহ্য হয় তৎপরে ১৮৪৪ সালের ২৩ জুন মোতাবেক ফসলী ১২৫১ সালের ২৩ আষাঢ় তারিখে নালিশী আরজী উক্ত বিচারস্থলে দাখিল হয় আর মোকদ্দমা তৈয়ারী ও বিচার কারণ ১৮৪৪ সালের ২৪ জুন তারিখে অত্র বিচারস্থলে অর্পণ হয় বাদির দাবীর চুম্বক এই যে ফতেপুর কসবার মহল্যে আওরঙ্গ আবাদবাসি রাম সিংহের পুত্র যশোবন্ত সিংহ ও ঠাকুরদয়াল সিংহের পুত্র দ্বিতীয় যশোবন্ত সিংহ সাবেক কর্জ্জার বাকী বাবত যাহা হিসাব রুই মবলগে ৩৫০০৲ টাকা উহারদিগের দেনা ছিল তাহার পরিবর্ত্তে উপরোক্ত তারিখে আপন জমীদারী মৌজে রামপুরের বয়নামা আমার নাম বরাবর লিখিয়া রেজিষ্টরী করাইয়া দিয়াছে আর সাবেক তমসুক সকল ফেরত লইয়াছে এইক্ষণে উক্ত মৌজায় দখল দিতে ও আমি খরিদারের নাম সরকারী বহিতে দাখিল করাইতে টাল মটাল করিতেছে একারণ নালিশ করিতেছি আর জওয়াব দাবী দাখিলের পূর্ব্বে ১৮৪৪ সালের ১০ জুলাই তারিখে বাদী এক কেতা অবশেষ আরজী বেদখলী কালের ওয়াসিলাৎ আসল মায় সুদ ও আগামি কালের ওয়াসিলাৎ পাইবার জন্যে ও তাহা মঞ্জুরীর প্রার্থনায় দাখিল করে এবং উক্ত দিবসে তাহা হাকিমের মঞ্জুরীতে কাগজাতের শামিল হয়।

অবশেষ আরজীর বিবরণ।

তফসীল।

অবশেষ আরজীর নিম্নের লিখিত মত নালিশের দিনপর্য্যন্তের ওয়াসিলাৎ আসল মায় সুদ ৪২৪৲

১৮৪২ সালের ২৩ জুনঅবধি ১৮৪৪ সালের ২৩ জুনপর্য্যন্ত বিমজ্জীম জমাবন্দির কাগজ সরঞ্জামী বাদে আসল মুনফা ফিঃ সন ২০০৲ টাকার হিসাবে ৪০০৲	নালিশের দিবসপর্য্যন্ত গণিত এক বর্ষের সুদ ২০০৲ টাকার উপর যাহা আদায় করিতে নালিশের দিবসপর্য্যন্ত এক বৎসর গত হইয়াছে বৎসরে ১২৲ টাকার হিসাবে ২৪৲

জওয়াব দাবীর খোলাসা।

১৮৪৪ সালের ১৫ জুলাই তারিখে প্রতিবাদিদ্বয়ের পক্ষহইতে জওয়াব দাখিল হয় তাহার চুম্বক এই যে আমারা বাদির স্থানে না কিছু টাকা লইয়াছি ও না বাদির সাবেক কিছু পাওনা আমারদিগের স্থানে ছিল বরং আমরা রামপ্রসাদ ডিক্রীদারের ডিক্রীর দেনাহইতে আপন বস্তু রক্ষার্থে আপন দেনা বাদির পাওনা সাবেক কর্জ্জার প্রসঙ্গে উক্ত মৌজার বয়নামা বাদির নামে লিখিয়া দিয়া রেজিষ্টরী করাইয়া দিয়াছিলাম আর ১৮৪৪ সালের ২৩ জুন তারিখে বাদির স্থানে এইমধ্যে এক কেতা একরারনামা লেখাইয়া লইয়াছিলাম যে আমার উক্ত মৌজার যথার্থ স্বত্বের সহিত কোন সম্পর্ক নাই কোন হিত প্রয়োজনার্থে মৌজা মজকুরের বিক্রয়পত্র আমার নামে লেখা গিয়াছে যদি আগামিতে উক্ত বিক্রয়পত্রানুসারে কোন দাবী করি তাহা মিথ্যা আর ঐ একরার আমারদের নিকটে প্রস্তুত আছে উপস্বত্বের যাথার্থ্যাযাথার্থ্যের প্রতি কোন আপত্তি জওয়াবে করে নাই ইতি।

রদ্দ জওয়াবের খোলাসা।

১৮৪৪ সালের ১৭ জুলাই তারিখে রদ্দ জওয়াব প্রতিবাদিগণের এজহারের ও একরারনামা লিখিত হওয়া অস্বীকারের প্রসঙ্গে দাখিল হইল ইতি।

হদ্দ জওয়াবের খোলাসা।

১৮৪৪ সালের ১৯ জুলাই তারিখে হদ্দ জওয়াব জওয়াবের পোষকতায় দাখিল হইল ইতি।

১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারার মর্ম্মানুসারে রুবকারী হওনের বিষয়।

১৮৪৪ সালের ২২ সেপ্টেম্বর তারিখে ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারার মর্ম্মানুসারে মোকদ্দমা রুবকার হইয়া এই কথা লিখনের পর যে তৎকালীন বাদির উল্লিখিত বিক্রয়পত্র লিখিত হইতে প্রতিবাদিগণ অস্বীকার নহে বরং আপন দেনা হইতে অস্বীকৃত হইয়া এই কথা প্রকাশ করে যে বিক্রয়পত্র অন্য কিছু গ্রহণ বিনা

কেবল কোন হিত প্রয়োজনার্থে লেখা গিয়াছিল এস্থলে এই মোকদ্দমার এই বিষয়ের তদন্তাবশ্যক যে প্রতিবাদিগণ বাদির উল্লিখিত আপন সাবেক দেনার পরিবর্ত্তে যথার্থ উক্ত বিক্রয়পত্র লিখিয়া দিয়াছিল কি প্রতিবাদিগণের প্রকাশিত কেবল কোন হিত প্রয়োজনের মূলীভূত হইয়াছিল এমতে উভয়ের উচিত যে উপরোক্ত বিষয়ের প্রমাণ ও তাহা অন্যথার যে কিছু প্রমাণ প্রয়োগ রাখে দুই দিবস মধ্যে দাখিল করে ইতি।

বাদির প্রমাণের প্রসঙ্গ।

১৮৪৪ সালের ২৪ সেপ্টেম্বর তারিখে বাদী যে সকল প্রমাণ দাখিল করে।

১১ নং।

বাদির দেনা লেনার হিসাবী সাবেক পাওনা মবলগে ৩৫০০৲ সাড়ে তিন হাজার টাকা যাহা প্রতিবাদিগণস্থানে ছিল তাহার প্রমাণার্থে ১৮৯৮ সম্বতের উভয়ের দেনা লেনার হিসাবের নকল মায় তাহার তরজমা ও আসল খাতা বহী।

১২ নং।

দাবীর পোষকতার ১৮৪২ সালের ২৩ জুন তারিখের লিখিত বয়নামা ১ কেতা।

১৩ নং।

সাবেক দেনার পরিবর্ত্তে বয়নামার লিখিত ও উভয় বাদিপ্রতিবাদিতে হিসাব নিষ্পত্তি হওনের প্রমাণার্থে ৪ জনা সাক্ষির ইসামনবীসী।

চুনিলাল	১	বালমুকুন্দ	১
গৌরীলাল	১	দুর্গাদীন	১

বাদির প্রমাণের অন্যথাস প্রতিবাদির প্রমাণের প্রসঙ্গ।

২৪ সেপ্টেম্বর তারিখে বাদির প্রমাণের অন্যথার্থে যাহা দাখিল হয়।

১৬ নং।

বাদির উল্লিখিত বিক্রয়পত্র যাথার্থিক নহে কেবল কোন প্রয়োজনার্থে যে লেখা গিয়াছিল তাহার প্রমাণ জন্য ১৮৪২ সালের ২৩ জুন তারিখের লিখিত একবারনামা ১ কেতা।

১৭ নং।

একবারনামার লিখিত ৪ জনা সাক্ষির ইসামনবীসী।

সগ্গা সিংহ	১	দেবকীনন্দন	১
গোলজার সিংহ	১	ভবানী বখ্‌শ	১

বিচার।

মিছিল তরতীব ও প্রস্তুত হওনের পর এই মোকদ্দমায় যে বিচার হইল তাহার বিবরণ এই যে বাদী উপরোক্ত দাবীতে বয়নামাঅনুসারে নালিশ করিয়াছে আর প্রতিবাদিগণ বয়নামা লিখিয়া দেওয়া হইতে অস্বীকার নহে বরং ইহা প্রকাশ করে যে উক্ত দলীল কেবল কোন হিত প্রয়োজনার্থে বাদির নামে লিখিত হইয়াছিল আর এই বিষয়ের পোষকতার বাদী আমারদিগকে এক কেতা একরারনামা লিখিয়া দিয়াছে আর বাদির সাবেক পাওনা কোন টাকা আমারদিগের স্থানে ছিল না যে তাহার পরিবর্ত্তে এই দলীল যথার্থ পক্ষে লেখা যাইত এমতে এই মোকদ্দমার বিচার আসামীর ওজরের প্রমাণাপ্রমাণের প্রতি নির্ভর অস্মদের নিকটে মিছিলের অবস্থা দৃষ্টে প্রতিবাদিগণের আপত্তি নিম্নের লিখিত হেতু সকলে প্রমাণ হয় না।

প্রথম এই যে

[এই স্থলে ফয়সলার হেতু সকল বিস্তারিতরূপে লেখা আবশ্যক কিন্তু এই নমুনায় তাহার কিছু লেখার আবশ্যক নাই ইতি।]

এমতে হুকুম হইল যে বাদির দাবী বিরোধীয় তালুকে দখল ও আরজীর লিখিত ওয়াসিলাৎ যাহার সংখ্যার প্রতি প্রতিবাদিগণের কোন আপত্তি নাই আর আগামি কালের ওয়াসিলাৎ দখল পাইবার তারিখতক দেলাইবার আর সরকারী বহিতে ফরিয়াদীর নাম দাখিল হইবার নিমিত্তে বাদির পক্ষে ডিক্রী হয় আর মোকদ্দমার সমুদয় খরচা প্রতিবাদিগণের জিম্মায় লেখা যায় আর বাদী নালিশের দিবসহইতে ফয়সলার দিনপর্য্যন্ত আসল ওয়াসিলাতের সুদ ও ফয়সলার তারিখহইতে আসল ওয়াসিলাৎ ও তাহার সুদ মোট হইয়া তাহার সুদ ও খরচা মায় সুদ ফয়সলার তারিখহইতে উসুলের তারিখপর্য্যন্ত আর নালিশের পরের ওয়াসিলাৎ বাদির দখল পাওনের তারিখতক কালেক্টরীর কাছারির দাখিলী জমাবন্দী কাগজ রুই ফি শত সালিয়ানা দশ টাকা সরঞ্জামী বাদে আসল টাকা দেনা হওনের তারিখহইতে মায় সুদ ১৲ টাকার হিসাবে দেওয়ান যায়।

সেওয়ায় খরচা ফয়সলার তারিখপর্য্যন্ত মোট ডিক্রীর টাকা	৪৩৭ ।/৪
নালিশের তারিখ অর্থাৎ ১৮৪৪ সালের ২৩ জুনপর্য্যন্তের আসল ওয়াসিলাতের পরিমাণ ৪০০৲	ওয়াসিলাতের টাকার উপর সুদ ৩৭ ।/৪
নালিশের পূর্ব্বের দুই বৎসরের বাবত ২০০৲ দুই শত টাকার উপর ২৪৲	১৮৪৪ সালের ২৩ জুন নালিশের তারিখঅবধি উক্ত সনের ২৩ অক্টোবর ফয়সলার তারিখপর্য্যন্ত সুদ ৪০০৲ টাকার উপর শতকরা মাসিক ১৲ টাকার হিসাবে গণিত ৩।১০ তিন মাস দশ দিনের কাত কাত ১৩ ।/৪

[ইহা কেবল নক্‌শামাত্র আর ইহা সকল মোকদ্দমার হুকুমের প্রতি দস্তুরল আমল অর্থাৎ নিদর্শনস্বরূপ জ্ঞান হইবেক না যেমত সকল মোকদ্দমায় নালিশ উপস্থিত হওনের পূর্ব্বের ওয়াসিলাতের সুদ দেওয়ান যায় না যথা, সদর দেওয়ানী আদালতের চতুর্থ রিপোর্ট বহীর ১৭৬ পৃষ্ঠায় ছাপাহওয় আসমান সিংহদিগর বনাম পরমেশ্বরী

সহায়ের, মোকদ্দমা দৃষ্ট্যাবশ্যক কিম্বা কর্জ্জা টাকার অথবা কোন বিশেষ অস্থাবর ওয়াসিলাতের টাকার সুদ দেওয়ান যায় সেই মোকদ্দমা এই নক্শায় লিখিত হইবেক, আর যদি নালিশ উপস্থিতের পূর্ব্বের ওয়াসিলাতের সুদ দেওয়ান না যায় তবে এই নক্শার বিশেষ সেই ঘর খালি রাখা যাইবেক ইতি।]

উভয় বিবাদির তরফ মোকদ্দমার খরচার টাকার তফসীল।

বাদির খরচ। প্রতিবাদিগণের খরচ।

ফয়সলার পৃষ্ঠে যাহা লিখিতে হইবেক তাহার নমুনা।

১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখে আসল ফয়সলা প্রস্তুত হইল।

১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখে আসল ফয়সলা প্রস্তুত হওনের সম্বাদ উভয়ের উকীলগণকে দেওয়া গেল।

উক্ত মাহার ১১ তারিখে বাদির উকীল ৪ কেতা ইষ্টাম্প দাখিল করিলেক ইতি। (বাদির উকীল রামচরণ লাল প্রতিবাদির উকীল হোসেন বখ্শ।)

উক্ত সনের ৪ অক্টোবর তারিখে প্রতিবাদিগণের উকীল ১ কেতা ইষ্টাম্প দাখিল করিলেক উক্ত সনের ১০ অক্টোবর তারিখে প্রতিবাদিগণের উকীল সৈএদ হোসন বখ্শ সাকী তিন কেতা কাগজ দাখিল করিলেক।

উক্ত সনের ১৩ অক্টোবর তারিখে উভয়ের ডিক্রীর নকল প্রস্তুত হইয়া আদালতের মোহর ও হাকিমের দস্তখৎ হইল।

উক্ত সনের ১৪ অক্টোবর তারিখে প্রতিবাদিগণের উকীলকে ডিক্রীর নকল দেওয়া গেল। (প্রতিবাদিগণের উকীল হোসেন বখশ।)

উক্ত সনের ২০ অক্টোবর তারিখে বাদির উকীলকে ডিক্রীর নকল দেওয়া গেল আর বিলম্বের কারণ এই যে বাদির উকীল রোখ্সত লইয়া কাছারীতে হাজির ছিল না ইতি। (বাদির উকীল রাম চরণ লাল।)

নানা প্রকার মোকদ্দমা ভিন্ন২ রূপে প্রস্তুত এবং নিষ্পত্তি হওনের সম্ভব হেতু ফয়সলা লিখিবার কালীন শ্রেণীপূর্ব্বক যে সকল বিষয় দৃষ্ট্যাবশ্যক ডিক্রী লিখিবার সময় ডিক্রীনবিসের সম্মুখে থাকিবার জন্য তাহার এক ফিরিস্তি লেখা যাইতেছে।

১। ডিক্রীর শিরোভাগ এবং পার্শ্বের পরিমাণ।

২। ডিক্রীর উপরি ভাগে দস্তুরল আমলের ১ দফার মর্ম্মমত অর্থাৎ সরেনও কি আপীল আর প্রথমত উপস্থিত হওয়া কি সোপর্দ্দী মোকদ্দমার দাবীর সংখ্যাসংযুক্ত মোকদ্দমার নম্বর।

৩। ২ দফার লিখিত মতানুসারে ডিক্রীর শিরোভাগ লিখিবার দাঁড়া।

৪। দস্তুরল আমলের ৩ দফার লিখিতমত উভয় বিবাদির ও ওজরদারের নাম উকীলদিগের নামসম্বলিত লিখিতে হইবেক।

৫। দস্তুরল আমলের ৪ দফার লিখিতঅনুসারে দাবীর পরিমাণ ও দাবীর বস্তু ও দাবী লিখিবার দাঁড়া।

৬। ১০ দফার লিখিতমত ফয়সলার পার্শ্বে যে কিছু বিষয়ের চিহ্ন লিখিতে হইবেক।

৭। ৫ দফার মতানুসারে ফয়সলার প্রথমে উভয় বিবাদির ও ওজরদারের ও তাহারদিগের উকীলদিগের উপস্থিত ও অনুপস্থিতের প্রসঙ্গ।

৮। ৫ দফার লিখিত তারিখ সম্বলিত মোত্রহীনতার গ্রাহ্য হওনের প্রার্থনার দরখাস্ত দাখিলের প্রসঙ্গ।

৯। ৫ দফার লিখিত তারিখ সম্বলিত মোত্রহীনতারূপে নালিশ গ্রাহ্য হওনের প্রসঙ্গ।

১০। আরজী দাবী দাখিল হইবার তারিখ মোতাবক তারিখসংযুক্ত।

১১। ৫ দফামত ভিন্ন২ জিলা কি কাছারীর অধীনের স্থায়দাদের মোকদ্দমা এক কাছারীতে শ্রোতব্য হওনের অনুমতির প্রসঙ্গ।

১২। ৫ দফ অনুসারে সরকারের নামে নালিশের জওয়াব দিবার অনুমতির প্রসঙ্গ।

১৩। এক কাছারীহইতে অন্য কাছারীতে মোকদ্দমা অর্পণ হওনের প্রসঙ্গ হেতু সম্বলিত।

১৪। উভয় পক্ষের কাহার মৃত্যু হওনের ও অন্য ব্যক্তি তাহার স্থলাভিষিক্ত হওনের প্রসঙ্গ।

১৫। একতরফা বিচার সম্পূর্ণের প্রসঙ্গ যদ্যপি বাদির দাবীর কিঞ্চিৎ অংশ অথবা সমুদয় ডিক্রী হইয়া থাকে।

১৬। ৬ দফার লিখিতঅনুসারে আরজী দাবীর খোলাসা।

১৭। ৬ দফার লিখিতমত অবশিষ্ট আরজীর খোলাসা তাহার দাখিলের তারিখ সহিত।

১৮। ৬ দফার লিখনানুসারে জওয়াবের খোলাসা দাখিলের তারিখ এবং ভিন্ন২ জওয়াব দাখিলের স্থলে প্রতিবাদিগণের নাম সম্বলিত।

১৯। ৬ দফার মতানুসারে অবশিষ্ট আরজীর জওয়াবের খোলাসা দাখিলের তারিখ সংযুক্ত উপর উক্তমতে।

২০। ৬ দফার রীত্যনুসারে জওয়াবল জওয়াবের খোলাসা মায় দাখিলের তারিখ।

২১। ৬ দফার রীত্যনুসারে অবশিষ্ট আরজীর জওয়াবের জওয়াবল জওয়াবের খোলাসা মায় দাখিলের তারিখ।

২২। ৬ দফার লিখনানুসারে হদ্দ জওয়াব সকলের খোলাসা দাখিলের তারিখ ও আসামীগণের নাম সম্বলিত ভিন্ন২ জওয়াব দাবীর স্থলে।

২৩। ৬ দফার মত অবশিষ্ট আরজীর জওয়াবল জওয়াবের হদ্দ জওয়াব সকলের খোলাসা মায় দাখিলের তারিখ।

২৪। ৬ দফামত ওজরদারের ওজরের খোলাসা মায় দাখিলের তারিখ।

[*Government Gazette, 4th May*, 1847.]

২৫। ৭ দফামত সন ১৮১৪ সালের ২৬ আইনের দশ ধারার মর্ম্মানুসারে রুবকারির খোলাসা তারিখ সম্বলিত।

২৬। ৮ দফার মর্ম্মানুসারে বাদির পক্ষের দলীলসকলের আর সাক্ষিগণের ফিরিস্তি।

২৭। ৮ দফামত দাবীর মর্ম্মের অথবা পোষকতার দীলল সকলের নকলের খোলাসা মদিস্যাৎ ঐ দস্তাবেজের মজমুন ও এবারত বিরোধীয় মুলীভূত আর মোকদ্দমার বিচার তাহার তদন্তের উপর নির্ভর হয়।

২৮। ৮ দফামত প্রতিবাদির পক্ষের সাক্ষিগণ ও দস্তাবেজসকলের ফিরিস্তি।

২৯। উভয় পক্ষের কোন প্রমাণ প্রয়োগ লওনের দরখাস্ত যে হুকুমের দ্বারা নামঞ্জুর হয় এবং গরহাজিরি জন্য অথবা হাজির থাকিলেও কোন সাক্ষির এজহার যে কোন হুকুমের দ্বারা লিপিবদ্ধ না হয় তাহার খোলাসা হেতু সম্বলিত।

৩০। ৮ দফামতে সাদাকাগজে অথবা ন্যূন মূল্যের কাগজে দীলল দাখিল করণ হেতু উকীলের প্রতি জরিমানার হুকুমের খোলাসা মাস তারিখ।

৩১। উভয় পক্ষকে ইস্টাম্প করণের উপদেশে কোন দলীল ফেরত দেওনের প্রসঙ্গ তাহার হেতু সম্বলিত।

৩২। ৮ দফামত মোকদ্দমা পুনর্ব্বিচার সুবাদে নিষ্পন্ন হইলে পুনর্ব্বিচার গ্রাহ্য হওনের প্রসঙ্গ।

৩৩। মোকদ্দমা সালেস নামে সোপর্দ্দ হইবার প্রসঙ্গ উপরি বিচার স্থলের রুবকারির লিখিত হেতু সম্বলিত।

৩৪। ৮ দফামত আমিনের যে কৈফিয়তের উপর মোকদ্দমার বিচার নির্ভর হয় তাহার খোলাসা আর তদ্বিশেষ মোকদ্দমার তদন্তের বিষয় আমীনের স্থানে তলব হওনের প্রসঙ্গ।

৩৫। ৮ দফামত আদালতের ভাষার ব্যবস্থা ও ফতওয়ার নকল।

৩৬। ৮ দফামত সালিসের ফয়সলা অনুসারে মোকদ্দমা নিষ্পত্তি হইলে সালিসদিগের ফয়সলার লিখিত বিচারের নকল।

৩৭। ৮ দফামত মোকদ্দমা সোলেনামাঅনুসারে নিষ্পত্তি হইলে উভয় পক্ষের সোলেনামার নকল।

৩৮। ৮ দফামত উভয় পক্ষের কি উভয়ের উকীলের যে সওয়াল জওয়াবের উপর মোকদ্দমার বিচার সম্পর্ক রাখে ঐ সওয়াল ও জওয়াব তারিখ সম্বলিত।

৩৯। ৮ দফামত হাকিমের বিচারের হেতু সকল তাহার এবারত সহিত এবং ফয়সলার হুকুম সম্বলিত।

৪০। ৯ দফামত ফয়সলার হুকুমের এবারত শেষ হইলে যে টাকা ডিক্রী হয় তাহার আসল ও ফয়সলার তারিখপর্য্যন্ত সুদ সহিতের বিবরণ।

৪১। ৯ দফামত উভয়ের খরচা যাহা এইক্ষণে অথবা আপীলের অবস্থায় পরাজিত ব্যক্তির জিম্মা হইতে পারে তাহার তফসীল।

৪২। বিচার ও তজবীজ বিচারগারের ফয়সলা সকলে এগার দফার উপর দৃষ্ট্যাদেশ্যক।

ফয়সলার পৃষ্ঠ।

৪৩। ১১ দফামত আসল ফয়সল প্রস্তুত হওনের তারিখ আঙ্কিক ও অক্ষপাত সহিত কেবল অঙ্ক নহে

৪৪। ১১ দফামত উভয় পক্ষের উকীলকে আসল ডিক্রী প্রস্তুতের দিনহইতে সংবাদ দিবার তারিখ উপরি উক্ত মত উভয়বিধ লক্ষণযুক্ত

৪৫। ১১ দফার মত ইস্টাম্প কাগজ নকলের মত খানা দাখিল হয় তাহার দাখিলের তারিখ উপর উক্ত মত।

৪৬। ১১ দফামত নকল ডিক্রী প্রস্তুত হওনের তারিখ উপর উক্তমত।

৪৭। ১১ দফামত নকল ডিক্রী তাহার প্রাপক ব্যক্তিকে দেওনের তারিখ উপর উক্তমত।

৪৮। নকল ডিক্রী তাহার প্রাপক ব্যক্তিকে দেওনে যে বিলম্ব হইয়া থাকে তাহার হেতু।

৪৯। যে সকল তারিখ বিচারের সহিত সম্পর্ক রাখে তাহার মতানৈক্য আর উভয় বিবাদির ও মৌজা সকলের ও পরগণা সকলের নাম নিঃসন্দিগ্ধ অক্ষরে নোক্তা অর্থাৎ বিন্দু সহিতে লিখিতে হইবেক।

MEDICAL COLLEGE.

13th YEAR SESSION 1847 48

SUMMER TERM.

The first division of the Session will commence on Tuesday, the 15th of June 1847, and continue until the 15th November when lectures will be delivered on the following subjects.

Subject	Time
ANATOMY AND PHYSIOLOGY By *J. T. Pearson, Esq*	On Mondays, Tuesdays, Thursdays and Saturdays, at 11 A. M.
ANATOMICAL DEMONSTRATIONS … By *A. Webb, Esq*, …	On Mondays, Wednesdays and Fridays, from 12 to 1 P. M.
BOTANY, … By *J. McClelland, Esq.*	On Tuesdays and Thursdays, at 10 A. M. Weekly visits to the Gardens on Saturdays.
CHEMISTRY, … By *A. Robertson, Esq*, …	Daily, from 3 to 4 P. M.

মেডিকাল কালেজ।

ত্রয়োদশ বৎসর। সেশন ১৮৪৭। ৪৮।

গ্রীষ্মকালীন বৈঠক।

বৈঠকের প্রথমাংশ ১৮৪৭ সালের ১৫ জুন তারিখ মঙ্গলবারে আরম্ভ হইয়া নবেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত চলিবেক। সেই সময়ে এইং বিষয়ের শিক্ষা দেওয়া যাইবেক।

বিষয়	সময়
ব্যবচ্ছেদ বিদ্যার ও দ্রব্যের তত্ত্বজ্ঞানের শিক্ষা শ্রীযুত জে টি পিয়র্সন সাহেব দিবেন	সোমবার মঙ্গলবার বৃহস্পতিবার ও শনিবার বেলা ১১ ঘন্টার সময়ে।
ব্যবচ্ছেদ বিদ্যার প্রমাণ শ্রীযুত এ উএব সাহেব দিবেন	সোমবার বুধবার এবং শুক্রবার বেলা ১২ অবধি ১ পর্য্যন্ত।
উদ্ভিদ্বিদ্যা। শ্রীযুত জে মাক্লেলাণ্ড সাহেব	মঙ্গলবার ও বৃহস্পতিবার বেলা ১০ ঘন্টা। শনিবারে কোম্পানির বাগানে ভ্রমণ হইবেক।
কিমিয়া বিদ্যা। শ্রীযুত এ রাবর্টসন সাহেব …	প্রতিদিন ৩ ঘন্টাঅবধি ৪ ঘন্টাপর্য্যন্ত।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৪ মে।

৮৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২১ আপ্রিল।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেব (Mr. W. Ainslie,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr G C. Chapman,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৭ সাল ২৪ আপ্রিল।

শ্রীযুত জি এ পেপ্পর সাহেব (Mr G. A. Pepper,) বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত এফ জে কোর্বণ সাহেব (Mr F. J Cockburn,) চাম্পারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত এচ সি রেকস সাহেব (Mr H C Raikes,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৪৭ সাল ২৬ আপ্রিল।

শ্রীযুত ই বেন্টাল সাহেব (Mr. E. Bentall,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি জিলা চব্বিশপরগনার ও হুগলীর ও নদীয়ার ও পূর্ব্ব বর্দ্ধমানের অতিরিক্ত সেশন জজ হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৮ আপ্রিল।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ নেলসন সাহেবকে (Mr. H. Nelson,) গত জানুআরি মাসের ১০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি রহিত হইল। সেই তারিখে তিনি আপন কর্ম্মস্থানে প্রত্যাগমন করেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১৮ আপ্রিল।

শাহাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি ব্রৌনলো সাহেব (Mr. H B Brownlow) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে গ্রান্ট সাহেব (Mr Jas Grant,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমিনের প্রতি অর্পণ করেন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াএট সাহেব (Mr T. Wyatt,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার একটিং প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব (Mr. A. G. Macdonald,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত এ টি ডি কনিংহাম সাহেবের (Mr. A. T. D Cunyngham,) প্রতি অর্পণ করেন।

মালদহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) বর্ত্তমান মাসের ২০ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ৪ মে।]

৮৭৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৮ আপ্রিল।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সম্মতিক্রমে শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেব নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব (Sir Robert Barlow, Bart.) সদর আদালতের এক জন জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব (Mr. W. B. Jackson,) কিঞ্চিৎ কালের নিমিত্তে সদর আদালতের এক জন জজ হইবেন এবং ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত ডেপুটী গবরনর্ সাহেব নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত টি টেলর সাহেব (Mr T. Taylor,) ১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ এলাকার রাজস্বের কমিস্যনর হইবেন।

শ্রীযুত আর ই কনলিফ সাহেব (Mr. R. F. Cunliffe) ময়মনসিংহের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত সি টটনহাম সাহেব (Mr. C. Tottenham,) ঢাকার কালেক্টর হইবেন।

শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr R. Abercrombie,) ঢাকার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত বি এচ কুপর সাহেব (Mr. B. H. Cooper) পাবনাতে দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

উপরের লিখিত সকল নিয়োগ গত মাসের ১০ তারিখঅবধি চলিবেক।

শ্রীযুত এচ এফ জেমস সাহেব (Mr H. F James,) যশোহরের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ পিগু সাহেব (Mr A Pigou,) দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত উএল বর্ন সাহেব (Mr. Wale Byrne,) কলিকাতার ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত কলিকাতার জরীপী কর্ম্মের ভার কিঞ্চিৎ কালের নিমিত্তে গ্রহণ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২৮ আপ্রিল।

হুগলীর প্রধান সদর আমীন শ্রীযুত জে রাইলি সাহেব (Mr J. Reily,) গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত এ টি ডিক কনিংহাম সাহেবকে (Mr. A. T. Dick Cunyngham.) বর্ত্তমান মাসের ৫ তারিখে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১ মে।

ঢাকার কালেক্টর শ্রীযুত সি টটনহাম সাহেব (Mr C. Tottenham,) গত মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

ADVERTISEMENT OF THE SOONDERBUNS COMMISSIONER'S OFFICE.

NOTICE.—That the Pottah of the undermentioned* Lot situated within the limits of the Soonderbuns, the property of Government will be put up for Public Sale at noon of Monday the 10th day of May 1847, corresponding with 28th Bysack 1254, B. S. at the Office of the Soonderbuns Commissioner Allipore. The individual who will bid for the Pottah above the others, and will immediately pay to the Soonderbuns Commissioner the full amount of his Purchase Money, the Pottah will be drawn up in his name and will be made over to him with the confirmation of Government, and the said individual will become the Grantee of the said Lot in every respect, and he will be subject to the conditions of the Pottah. It is further notified that the intending purchaser wishing to see or be informed of the conditions of the Pottah, the present state of the Lot, Map, &c. can see and be informed with its particulars on their personal attendance or through Agent at the Office, and which will be moreover proclaimed at the time of Sale.

* Lot No. 66. (Signed) OMAKANT SEN, *Commissioner.*

ঘোষণাপত্র কাছারী কমিস্যনরী সুন্দরবন।

যেহেতুক সরকারের নিতান্ত স্বত্বাধিকার সুন্দরবনসংক্রান্ত নীচের * নম্বরের লাটের পাট্টা সন ১৮৪৭ সালের ১০ মে মোতাবেক সন ১২৫৪ সালের ২৮ বৈশাখ রোজ শনিবার বেলা দুই প্রহরের সময়ে মোকাম আলীপুর সুন্দরবনের কমিস্যনরী কাছারীতে প্রকাশস্থলে ডাকনীলামের দ্বারা বিক্রয় হইবেক। যে ব্যক্তি সর্ব্বোপরি ঐ পাট্টার অধিক মূল্য ডাকিবেক এবং তৎক্ষণাৎ স্বীয় স্বীকৃত মূল্যের বেবাক টাকা সুন্দরবনের কমিস্যনরের নিকট দাখিল করিবেক তাহার নামে সেই পাট্টা লিখিত এবং গবর্ণমেণ্টের মঞ্জুরীতে ঐ পাট্টা তাহাকে অর্পণ করা যাইবেক এবং ঐ ব্যক্তি সর্ব্বপ্রকারে সেই লাটের পাট্টাদার হইবেক। আর ঐ পাট্টার তাবৎ শরাএত সেই ব্যক্তির অর্থাৎ পাট্টাদারের প্রতি বর্ত্তিবেক আরো জানান যাইতেছে যে ঐ পাট্টার লিখিত শরতসকল এবং লাটের ভূমির অবস্থা ও ম্যাপ ইত্যাদি যে কোন গ্রাহকের জ্ঞাত হওয়া কি অবলোকন করা আবশ্যক হয় তিনি স্বয়ং অথবা প্রতিনিধির দ্বারা ঐ কাছারীতে জ্ঞাত হইতে দৃষ্টি করিতে পারেন বিশেষতঃ নীলামের সময়েও তাহা প্রকাশ করা যাইবেক ইতি ১৮৪৭ সাল ইং ১৯ আপ্রিল।

*লাট নং ৬৬ উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

INSOLVENT COURT. গোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the twelfth day of March last, in the matters of the Schedule of WOODOYCHUND GHOSE, of *Collypersaud Dutt's* street in the Town of Calcutta, Trader, and late a Cashier in the service of Messieurs Fandon, Campbell and Company, of Calcutta, Merchants, but at present residing at Chundytollah in the 24-Pergunnahs in the Province of Bengal, against whom an adjudication of Insolvency was made and pronounced by the Court, upon the application of one Punchanun Ghose, a creditor of the said Insolvent, are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of June next, at the hour of Eleven o'clock in the forenoon.

The names of the creditors of the said WOODOYCHUND GHOSE appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer. Dated the twenty-eighth day of April, one thousand eight hundred and forty-seven.

Calcutta, April 28th, 1847. PAUL and SMELT, *Insolvent's Attornies.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

পূর্ব্বে সওদাগর ফাডন কাম্বেল কোম্পানির ঘরে খাজাঞ্চী কলিকাতা নগরের কালীপ্রসাদ দত্তের রাস্তায় ব্যবসায়ী এক্ষণে বাঙ্গলা দেশের জিলা চব্বিশপরগনায় চণ্ডীতলানিবাসী উদয়চাঁদ ঘোষ গোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ তাঁহার মহাজন পঞ্চানন ঘোষের দরখাস্তমতে উক্ত আদালত কর্ত্তৃক করা গেল। তাঁহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত মার্চ মাসের ১২ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত উদয়চাঁদ ঘোষের তফসীলের মর্ম্ম আগামি জুন মাসের ৫ তারিখ শনিবার বেলা এগার ঘণ্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত উদয়চাঁদ ঘোষের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

১৮৪৭ সাল ২৮ আপ্রিল। পাউল ও স্মেল্ট। গোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order made in the matter of the petition of JOHN TURTON, an Insolvent, on the twenty-third day of April instant, it was ordered that unless cause be shewn to the contrary on Saturday, the third day of July next, the said Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the several debts due from him to the following persons (that is to say,) Thomas Perry, John Pigot, Messieurs Rankin and Company, Messieurs Gibson and Company, Messieurs David Wilson and Company, Messieurs Tuttle, and Charles, Mess of 3d Regiment Native Infantry, Lieutenant Augustus Turner, Madame Chevrot, W. H. Gilbert, Messieurs Thacker and Company, Mess of 1st Regiment Native Infantry, Motee Durjee, Messieurs J. Spence and Company, Messieurs Tulloh and Company, R. O'Dowda, Esquire, Nisbet and Company, Messieurs Manton, Arthur Pittar, and Robert John Lattey, Capt. R. G. McGregor, T. E. Thompson, George Grant, and Mr. Brierly.

Calcutta, 23d April, 1847. JUDGE and BURKINYOUNG, *Insolvent's Attornies.*

[*Government Gazette, 4th May,* 1847.]

যোত্রহীন জান টর্টন সাহেবের দরখাস্তের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ১৩ তারিখে হুকুম হইল যে আগামি জুলাই মাসের ৩ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে উক্ত যোত্রহীন নীচের লিখিত মহাশয়েরদের যে সকল টাকা ধারেন্ তাহার সমস্ত দায়হইতে সম্পূর্ণরূপে মুক্ত হন্। বিশেষতঃ তামস পেরি সাহেব, জান পিগট সাহেব, রাস্কিন কোং, গিবসন কোং, ডেবিড উইলসন কোং, টটল ও চার্লস সাহেব, এই দেশীয় তিন সংখ্যক পল্টনের ভোজ, লেপ্টেনেন্ট আগষ্টস টর্নর সাহেব, মাদাম সেব্রো, ডবলিউ এচ গিলবর্ট সাহেব, থাকর কোং, এই দেশীয় এক পল্টনের ভোজ, মতি দরজি, জে স্পেন্স কোং, টালা কোং, আর ওডৌড়া সাহেব, নিসবেট কোং, মান্টন ও আর্থর পিটর ও রাবর্ট জান লাটি সাহেব, কাপ্তান আর জি মাগ্রেগর সাহেব, টি ই তামসন সাহেব, জর্জ গ্রান্ট সাহেব, এবং ব্রিমলি সাহেব।

কলিকাতা। ১৮৪৭ সাল ২৩ আপ্রিল। জজ ও বর্কিণ্যং। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 30th day of April last, the matters of the petition of STEPHEN MORNAY, late of No. 31, Free School Street, in the town of Calcutta, Civil Architect and Builder, and now a prisoner confined for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the reign of his late Majesty King George the fourth, Chapter 73, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the 5th day of June next.

The names of the creditors of the said STEPHEN MORNAY appear in a Schedule filed with his said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 30th April, 1847. JUDGE and BURKINYOUNG, *Insolvent's Attornies*

কলিকাতা নগরের ফ্রিস্কুল ষ্ট্রিটের ৩১ নম্বরী ঘর নিবাসি ঘরনির্ম্মাত ষ্টিবন মর্ণে সাহেব সম্প্রতি কলিকাতা নগরে সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের ৭৩ অধ্যায়ের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ৩০ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাহার দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত ষ্টিবন মর্ণে সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাহার উক্ত দরখাস্তের সহিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৭ সাল ৩০ আপ্রিল। জজ ও বর্কিণ্যং। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the 26th day of April last in the matter of RAMRUTTON CHATTERJEE, and TEELUCK CHUNDER MITTER, late of Juggomohun Mullick's postah in Burro Bazar, in the Town of Calcutta, and now residing at Tullah in the Zillah of the 24-Purgunnahs in the province of Bengal, Merchants and Traders, against whom an adjudication of Insolvency was made and pronounced on the 7th day of April last, on the Petition of Rajcoomar Bose, a creditor of the said Insolvents, the same are appointed to be heard in the said Court on Saturday, the third day of July next, at the hour of 11 o'clock in the forenoon.

The names of the creditors of the said Ramrutton Chatterjee, and Teeluckchunder Mitter, appear in a schedule filed in the office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Fancy Lane, 1st May, 1847. G. O. BEEBY, *Insolvents' Attorney.*

পূর্ব্বে কলিকাতা নগরের বড়বাজারে জগন্মোহন মল্লিকের পোস্তায় এইক্ষণে বাঙ্গলা দেশের জিলা চব্বিশপরগনার টালানিবাসী সওদাগর ও মহাজন রামরত্ন চাটুর্য্যা ও তিলকচন্দ্র মিত্র যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ তাঁহারদের মহাজন রাজকুমার বসুর দরখাস্তমতে গত আপ্রিল মাসের ৭ তারিখে হইল তাঁহারদের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত আপ্রিল মাসের ২৬ তারিখের হুকুমক্রমে তাঁহারদের দরখাস্তের মর্ম্ম আগামি জুলাই মাসের ৩ তারিখ শনিবার বেলা এগার ঘণ্টার সময়ে শুনা যাইবেক।

উক্ত রামরত্ন চাটুর্য্যা ও তিলকচন্দ্র মিত্রের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ফান্সিলেন। ১৮৪৭ সাল ৩ মে। জি ও বিবি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 26th day of April last, in the matters of the Petition of ALEXANDER MACKENZIE MURDOCH, of No 107, Dhurrumtollah Street, in the town of Calcutta, Undertaker, carrying on business under the name and style of Murdoch and Company, and late a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court on Saturday, the 5th day of June next, at the hour of 11 o'clock in the forenoon.

The names of the creditors of the said ALEXANDER MACKENZIE MURDOCH appear in a schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer. Dated this 1st day of May, one thousand eight hundred and forty-seven.

PAUL and SMELT, *Insolvent's Attornies.*

মর্ডক কোম্পানির নামে মুর্দ্দাফরাস কলিকাতা নগরের ধর্ম্মতলার ১০৭ নম্বরী বাটীনিবাসি আলেকজাণ্ডর মাকেঞ্জি মর্ডক সাহেব সম্প্রতি কলিকাতা নগরের সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত আপ্রিল মাসের ২৬ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ৫ তারিখ শনিবার বেলা এগার ঘণ্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত আলেকজাণ্ডর মাকেঞ্জি মর্ডক সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

১৮৪৭ সাল ১মে। পাউল ও স্মেল্ট। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ৪ মে।

সুপ্রিম কোর্ট রিশীবর আফিস।

জমীদারীদিগর ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ১০ মে সোমবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময় শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব রিশীবর সুপ্রিম কোর্ট তাঁহার আফিসে নাবালক এন পী পোগস সাহেবের হকুক নীচের লিখিত জমীদারী ওগয়রহের ॥০ আ.ট আনা রকমের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনইচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জেলা ঢাকা

শহর ঢাকা ও তাহার অন্তঃপাতি বাটীচাস

৪ টা ১ তালা ঘর মোং মিরচাটার গলি
১ টা ২ তালা ঘর মোং নলগোলা
৩ টা ৩ তালা ঘর মোঃ ঐ
৪ টা ১ তালা ঘর মোঃ পাকুড়তলি
৩ টা ১ তালা ঘর মোঃ ঐ
১ টা দোতালা ঘর মোঃ মালুটুলি
১ টা একতালা ঘর মোঃ ঐ
১ টা ঐ ঐ মোঃ বংশাবাজার
১ টা পুরাণ ঐ ঐ মোঃ চকনাখাজ
১ টা বড় ঐ ঐ মোঃ সাক্ষিপণ্ডপা
১ টা ছোট ঐ ঐ মোঃ ঐ
১ টা প্রাচীর ঘেরা বাগান মোং ঐ
১ টা বাটীর এক আনা অংশ মোঃ পটুয়াটুলি
১ টা একতালা ঘর মোঃ সুতরাপুর
২ টা দোতালা ঘর মোঃ নাবাবপদহা
১ টা একতালা ঘর মোঃ ঐ
১ টা ঐ ঐ মোঃ মহালাদিগবাজার
১ টা পুরাণ ঐ ঐ মোঃ নার্গীনাবাদ
১ টা ঐ ঐ ছাংখোলা মোঃ পশরচাটা
১ টা একতালা ঘর ও বাগান মোঃ টাগাং
১ টা দোতালা ঘর মোঃ আরমানি টোলা

শহর ঢাকা ও তাহার অন্তঃপাতী জমীহায়

১ খণ্ড জমী মোঃ নয়া বাজার অথবা শ্রীশবগঞ্জ
১ খণ্ড জমী মোঃ নলগোলা
১ খণ্ড জমী মোং মোগলটুলি
১ খণ্ড ঐ মোঃ সক্ষিপণ্ডপা
১ খণ্ড ঐ মোঃ বৈরাগী টোলা
১ খণ্ড ঐ মোঃ হাড়ি টোলা
১ খণ্ড ঐ মোং বাগ চন্দিরা
১ খণ্ড ঐ মোঃ মাইসন্দী
৫ খণ্ড ঐ মোঃ রকমপুর
১১ খণ্ড ঐ মোঃ নাবাবপদহা অথবা নসের বাজার
১ খণ্ড ঐ মোঃ আগা সাদক বাজার
১ খণ্ড বাগান মোং ফীজগাং
১ খণ্ড জমী মোঃ মহলা পোস্তা
১ খণ্ড জমী মোঃ বারাটুলি
১ খণ্ড ঐ মোঃ ঢাকেশ্বরী ও চোয়াডের বাজার
১ খণ্ড ঐ মোঃ বাজার মনোহর খা
১ খণ্ড জমীর অর্দ্ধেক অংশ মোকাম মালি টোলা
১ খণ্ড জমী মোঃ নবাবপুর উত্তর নগর
খণ্ড ঐ মোঃ বংশাল
১ খণ্ড জমীর অর্দ্ধেক অংশ মোঃ খাজা দেওয়ান বাজার
১ খণ্ড জমী মোঃ পরগণ্ডীরিয়া
১ খণ্ড জমী মোঃ মহলা ফরিদাবাদ
১ খণ্ড ঐ মোঃ সুতরাপুর
১ খণ্ড ঐ মোঃ বংশী বাজার

জেলা ঢাকা জালালপুর।

১ তালুক মোং সালুয়া খারিজা পরগনে জোয়ান সাহি

জিলা ঢাকা।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 29th day of April instant, the matters of the Petition of MOONSHEE HUSSAIN ALLY, late of Misreguuge, a Gomasta in the service of Moonshee Golam Subdur, and now a prisoner for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court on Saturday, the 5th day of June next.

The names of the creditors of the said MOONSHEE HUSSAIN ALLY, appear in a Schedule filed with his said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 29th April, 1847. JUDGE and BURKINYOUNG, *Insolvent's Attornies.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

মুনশী গোলাম সফদরের গোমাশতা পূর্ব্বে মিস্রিগঞ্জনিবাসি মুনশী হুসেন আলী একণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আপ্রিল মাসের ২৯ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাহার দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত মুনশী হুসেন আলীর মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাহার উক্ত দরখাস্ত সমেত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৭। ২৯ আপ্রিল। জজ ও বর্কিণ্যং। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 26th day of April last in the matters of the Petition of ABRAHAM HARON COHEN, alias Abraham Cohen, otherwise A. Cohen of Doomtollah Street, in the town of Calcutta, Trader, and late a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George

the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court on Monday, the 7th day of June next, at the hour of 11 o'clock in the forenoon

The names of the creditors of the said ABRAHAM HARON COHEN, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer. Dated this 4th day of May, one thousand eight hundred and forty-seven.

PAUL and SMELT, *Insolvent's Attornies.*

পূর্ব্বে কলিকাতা নগরের ডোমতলার রাস্তানিবাসি সওদাগর আবরাহাম হারোণ কোহেন ওরফে আবরাহাম কোহেন অথবা এ কোহেন সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের দেওয়ানী ঋণির দর উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত আপ্রিল মাসের ১৬ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাহার দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ৭ তারিখ সোমবার বেলা এগার ঘণ্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত আবরাহাম হারোণ কোহেনের মহাজনেরদের নাম তফসীল লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পাবেন।

কলিকাতা। ১৮৪৭। ৪ মে।

পাউল ও স্মেল্ট। যোত্রহীনের উকীল।

— — — —

In the matter of ANDREW WILKIE late of Calcutta, but at present residing at Chandernagore, in Bengal, and lately carrying on trade and business in Calcutta, with William Nickol, and Henry Malcolm Low, in Copartnership, under the name, style or firm of Nickol, Wilkie and Co, Merchants and Agents

NOTICE is hereby given, that by an order of the said Court made on the 21st day of April last, it was adjudged that the petition of Madubchunder Ghose a creditor of the said ANDREW WILKIE, is true, and that the said Andrew Wilkie, had committed an Act of Insolvency and that by another order of the same date Robert O'Dowda, Esq, was appointed Assignee of the Estate of the said Insolvent.

Calcutta, 8th May, 1847. H C MEIKLEJOHN, *Atty for the Pet and R O Dowda, Esq*

সওদাগর ও এজেন্ট নিকল উইলকি কোম্পানির নামে উলিয়ম নিকল সাহেব ও হেনরি মালকম লো সাহেবের সঙ্গে পূর্ব্বে কলিকাতা নগরে কর্ম্মকারি ও সেই নগরনিবাসি এক্ষণে বাঙ্গলা দেশের চন্দননগরনিবাসি আন্দ্রু উইলকি সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আন্দ্রু উইলকি সাহেবের মহাজন মাধবচন্দ্র ঘোষ যে দরখাস্ত দাখিল করেন তাহা সত্য এবং উক্ত আন্দ্রু উইলকি সাহেব যোত্রহীন বটেন এতদ্বিষয় নিদ্ধারণ গত আপ্রিল মাসের ২১ তারিখে উক্ত আদালতে হইল এবং উক্ত তারিখের অন্য হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডোডা সাহেব উক্ত যোত্রহীনের ইষ্টেটের আসাইনি পদে নিযুক্ত হন।

কলিকাতা। ১৮৪৭ ৮ মে।

এচ সি মিকলজান। দরখাস্তকারির ও শ্রীযুত আর ওডোডা সাহেবের উকীল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ১১ মে।]

— —

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জন ক্লার্কমার্শমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 18, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ১৮ মে।

DRAFTS OF ACTS.

ACT No ——— OF 1847.

An Act for establishing a Court of Subordinate Civil Jurisdiction in the City of Calcutta.

(*Continued from page* 247.)

8. If the Commissioner is of opinion that the defendant and the matter of the suit are within the jurisdiction of the Subordinate Civil Court, he shall direct a writ of summons to be issued to the defendant.

9 The writ of summons shall contain a copy of the plaint, and an order to the defendant to appear before the Court on a specified day, and to bring with him any documents which he may have in his possession, of which the plaintiff, with the consent of the Commissioner, demands inspection, or which he the defendant may think conducive to his defence, and a list of such witnesses as he supposes may be necessary for his defence.

10. If the plaintiff satisfies the Commissioner that the defendant is likely to withdraw himself from the jurisdiction of the Subordinate Civil Court, the Commissioner may direct a warrant of arrest against the defendant to be issued together with the writ of summons.

11. If the defendant is arrested on the warrant he shall be brought with all convenient speed before the Commissioner, who may discharge him from custody if he gives sufficient security for his appearance, or if he deposits a sum which the Commissioner considers under all the circumstances of the case sufficient, or if he satisfies the Commissioner that he does not intend to withdraw himself from the jurisdiction

12. On every day in which any of the Commissioners shall sit for the purpose of receiving plaints, all the plaints received shall be laid before the

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল——আক্ট।

শহর কলিকাতার অধীন দেওযানী আদালত সংস্থাপনের আইন।

(২৪৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

৮। যদি কমিস্যনর বোধ করেন যে আসামী এবং মোকদ্দমার বিষয় অধীন দেওয়ানী আদালতের কর্ত্তৃত্বের মধ্যে তবে আসামীর নামে তলবচিঠী বাহির করিতে হুকুম দিবেন।

৯। ঐ তলবচিঠীর মধ্যে নালিশপত্রের এক নকল থাকিবেক এবং আসামীর প্রতি এই হুকুম হইবেক যে সেই ব্যক্তি নিরূপিত দিবসে আদালতে উপস্থিত হন এবং তাহার নিকটে থাকা যে কাগজপত্র ফরিয়াদী কমিস্যনরের অনুমতিক্রমে দেখিতে দাওয়া করিয়াছে তাহা অথবা যে কাগজপত্র আসামী আপন জওয়াবের উপকারক বোধ করে তাহা এবং তাহার জওয়াবের নিমিত্তে যে সাক্ষী আবশ্যক বোধ করে তাহারদের এক ইসমনবীসী আপনার সঙ্গে আনে।

১০। যদি ফরিয়াদী কমিস্যনরের এমত হৃদ্বোধ জন্মায় যে ঐ অধীন দেওযানী আদালতের এলাকাহইতে আসামীর স্থানান্তর হইবার সম্ভাবনা আছে তবে ঐ কমিস্যনর তলবচিঠীর সঙ্গে আসামীকে গ্রেফ্তার করণের পরওয়ানা দিবার হুকুম করিতে পারেন।

১১। যদি আসামী ঐ পরওয়ানাক্রমে গ্রেফ্তার হয় তবে তাহাকে যত শীঘ্র সাধ্য কমিস্যনরের নিকটে আনিতে হইবেক এবং যদি সেই ব্যক্তি উপযুক্ত হাজির জামিন দেয় অথবা কমিস্যনর মোকদ্দমার সমস্ত বিষয় বুঝিয়া যত টাকা প্রচুর বোধ করেন্ তত টাকা আমানৎ করে অথবা কমিস্যনরের এমত হৃদ্বোধ করে যে আদালতের এলাকাহইতে স্থানান্তর যাইতে তাহার মানস নাই তবে কমিস্যনর তাহাকে খালাস করিতে পারেন্।

১২। যে প্রত্যেক দিবসে কমিস্যনর নালিশ লইবার জন্যে বৈঠক করেন্ সেই দিবসে প্রাপ্ত সকল নালিশ প্রধান কমিস্যনরের নিকটে হুরপেশ হইবেক

Chief Commissioner, who will distribute them among all the Commissioners, including himself.

13. In distributing the plaints the Chief Commissioner will endeavour to give to all the Commissioners a share of business which will occupy an equal portion of the time of each, and to give to each Commissioner those kinds of suits which he thinks each best qualified to decide.

14. Every plaintiff and defendant in the said Subordinate Civil Court shall appear except as hereinafter excepted in person, on the day specified in the writ of summons, and on every other day fixed for the appearance by the Commissioner.

15. A plaintiff or defendant may be excused from appearing in person,

If ill.

If absent from Calcutta.

If engaged in the Public Service.

If exempted on account of rank by the Regulations from appearing in the Courts of the East India Company.

If of advanced age.

If of the female sex.

If there is a co-plaintiff who appears in person.

If there is a co-defendant defending jointly who appears in person.

If not personally cognizant of the matter in dispute

16. But in all these cases the Commissioner may refuse to hold the party excused from appearing in person if he is not satisfied that the excuse is made in good faith and that the matter of the excuse exists in a sufficient degree to justify him in admitting it.

17. Whenever an Agent has been admitted in place of a party, such Agent shall be permitted to do all that the party might have done had he appeared, and shall be liable to be examined and cross examined in the same manner.

18. And the Commissioner may if he thinks fit order that the party excused shall be examined in any way in which a witness may be examined.

19. When the Commissioner has refused to hold any party excused he may order the Agent who makes the excuse to summon the party on whose behalf it is made on a specified day, and adjourn the proceedings to that day, or he may make a decree against such party after examining his Agent.

XVI. And it is hereby enacted, that as soon as the plaintiff and defendant are together before the Commissioner to whom the suit has been assigned, he shall proceed to take the pleadings and settle the demurrers and issues of fact.

XVII. And it is hereby enacted, that the manner of pleading shall be as follows:

1. The defendant in answer to questions put by the Commissioner shall confess or deny each of the material allegations contained in the plaint, and shall state any matter whereby he proposes to avoid the plaintiff's right to a decree arising out of

এবং তিনি আপনার সহিত সকল কমিস্যনরের মধ্যে তাহা বন্টন করিয়া দিবেন।

১৩। প্রধান কমিস্যনর মোকদ্দমা বন্টন করণ সময়ে কর্ম্মের যে অংশ নির্ব্বাহ করণেতে প্রত্যেক কমিস্যনরের প্রায় সমান সময় লাগিবেক সেই অংশ যথাসাধ্য সকল কমিস্যনরকে দিবেন এবং যে২ প্রকার মোকদ্দমা তাঁহার বোধে প্রত্যেক কমিস্যনর অন্যেরদের অপেক্ষা উত্তম রূপে নিষ্পত্তি করিতে পারিবেন সেই২ প্রকার মোকদ্দমা প্রত্যেক কমিস্যনরকে দিবেন।

১৪। পশ্চাৎ লিখিত গতিক বর্জ্জিয়া প্রত্যেক ফরিয়াদী ও আসামী তলবচিঠীর নিরূপিত দিবসে এবং অন্যান্য যে প্রত্যেক দিবস হাজির হইবার নিমিত্ত কমিস্যনর নিরূপণ করেন সেই দিবসে স্বয়ং হাজির হইবেক।

১৫। ফরিয়াদী অথবা আসামী নীচের লিখিত গতিকে স্বয়ং হাজির হইতে ক্ষমা পাইতে পারে।

যদি পীড়িত হয়।

যদি কলিকাতায় বর্ত্তমান না থাকে।

যদি সরকারী কার্য্যে নিযুক্ত থাকে।

যদি আপনার মর্য্যাদাক্রমে আইনের দ্বারা কোম্পানি বাহাদুরের আদালতে হাজির হইতে ক্ষমা পায়।

যদি অধিকবয়স্ক হয়।

যদি স্ত্রী হয়।

যদি কোন সহযোগি ফরিয়াদী থাকে এবং সেই ব্যক্তি নিজে হাজির হয়।

যদি কোন সহযোগি আসামী সাধারণ জওয়াব দেয় এবং নিজে হাজির হয়।

যদি বিবাদি বিষয় তাহার নিজের জ্ঞাতসার না থাকে।

১৬। কিন্তু এই সকল গতিকে যদি কমিস্যনরের এমত স্ববোধ না হয় যে ঐ ওজর যথার্থমতে হইয়াছে এবং ঐ ওজরের কারণ এইমত প্রবল আছে যে তাহা গ্রাহ্য করা উচিত তবে তিনি সেই ব্যক্তিকে নিজে হাজির হইবার ক্ষমা করিবেন না।

১৭। যখন কোন বিবাদির প্রতিনিধিস্বরূপ কোন মোখ্তার উপস্থিত হইবার অনুমতি পাইয়াছে তখন বিবাদী স্বয়ং উপস্থিত হইলে যাহা করিতে পারিত সেই সকল করিতে ঐ মোখ্তারের প্রতি অনুমতি হইবেক, এবং সেইরূপে ঐ মোখ্তার জোবানবন্দী দিতে এবং প্রতিকূল জোবানবন্দী দিতে যোগ্য হইবেক।

১৮। এবং ঐ কমিস্যনর উচিত বোধ করিলে যেরূপে সাক্ষির জোবানবন্দী লওয়া যায় সেইরূপে যে বিবাদী হাজির হইবার ক্ষমা পাইয়াছে তাহার জোবানবন্দী লইতে হুকুম করিতে পারেন।

১৯। যখন কমিস্যনর কোন ব্যক্তিকে স্বয়ং হাজির-হওয়া ক্ষমা না করেন তখন যে মোখ্তার সেই ওজর করে তাহাকে এইমত হুকুম দিতে পারেন যে যে ব্যক্তির পক্ষে ওজর হইয়াছিল তাহাকে কোন নিরূপিত দিবসে তলব করেন এবং সেই দিবসপর্য্যন্ত মোকদ্দমার কার্য্য স্থগিত করিতে পারেন অথবা মোখ্তারের জোবানবন্দী লইয়া গরহাজির ব্যক্তির বিরুদ্ধে ডিক্রী করিতে পারেন।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মোকদ্দমা যে কমিস্যনরের নিকটে অর্পণ হইয়াছে তাঁহার সম্মুখে ফরিয়াদী এবং আসামী একত্র হইলে তিনি সওয়ালজওয়াব লইবেন এবং আপত্তি ধার্য্য করিবেন ও যে ক্রিয়ার বিষয়ে বিরোধ আছে তাহা নির্দ্ধার্য্য করিবেন ইতি।

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সওয়ালজওয়াব করণের রীতি এইরূপে হইবেক বিশেষতঃ

১। কমিস্যনর যে বিষয় জিজ্ঞাসা করেন তাহার জওয়াব দেওনসময়ে আসামী নালিশপত্রের লিখিত প্রত্যেক গুরুতর এজহার স্বীকার নতুবা অস্বীকার করিবেক এবং নালিশপত্রের লিখিত এজহার আসামীর কবুল করাপ্রযুক্ত ফরিয়াদীর ডিক্রী পাইবার যে হক জন্মে তাহা

such allegations contained in the plaint, as he has confessed

2. The defendant may demur if he thinks the plaint states a case insufficient to entitle the plaintiff to a decree.

3 The defendant shall not be precluded from demurring to any matter in the plaint because he has pleaded to it, nor shall he be precluded from pleading to any matter in the plaint because he has demurred to it.

4. The defendant shall not be precluded from denying as many of the allegations in the plaint as he does not know to be true.

5 The defendant shall not be precluded from avoiding the plaintiff's right to a decree arising out of any allegations in the plaint which the defendant has confessed by the statement of as many matters as he believes to be true.

6. The Commissioner in framing the pleadings from the statements of the parties will take care that pleas shall be kept distinct from demurrers, and that no plea shall be double.

7. The Commissioner will also take care that the pleadings shall not be argumentative and shall state matters of fact only and not evidence of matters of fact, and shall in other respects be such as to lead directly to distinct issues of law or fact, and that each issue shall have as much particularity as conveniently may be

8 All the above rules of pleading shall be applied, as far as they are capable of such application to the subsequent stages of the pleadings.

9. The Commissioner may examine the parties and permit them to cross-examine each other through himself for the purpose of framing the pleadings from their statements, which statements may also be used as evidence at any hearing for the decision of the cause, and the Commissioner may likewise examine the parties and permit them to cross-examine each other through himself at any hearing for the purpose of using their statements as evidence for the decision of the cause.

10. If any demurrer results from the pleadings which the Commissioner thinks fit for argument, he will after consultation with the parties fix a day for the argument on it.

11. If any issue of fact results from the pleadings upon which it is necessary to hear evidence the Commissioner will make a note of the names of the witnesses on both sides, and of the facts which each of them is expected to prove, and the documents which each of them is expected to produce, and will grant such subpœnas and subpœnas duces tecum as appear to him to be necessary for the purpose of justice, and will also direct

যে২ বিষয়ের দ্বারা এড়াইতে ইচ্ছা করে তাহা স্পষ্ট করিয়া জানাইবেক।

২। যদি আসামী বোধ করে যে নালিশপত্রের লিখিত মোকদ্দমার কারণ এমত প্রচুর না হয় যে ফরিয়াদীর পক্ষে ডিক্রী হওয়া উচিত তবে সে ব্যক্তি আপত্তি করিতে পারে।

৩। আসামী যদি নালিশপত্রের লিখিত কোন বিষয়ে জওয়াব দিয়া থাকে তবে তৎপ্রযুক্ত সেই বিষয়ের আপত্তি করিতে তাহার প্রতি নিষেধ হইবেক না এবং যদি নালিশপত্রের লিখিত কোন বিষয়ে আপত্তি করিয়া থাকে তবে তৎপ্রযুক্ত সেই বিষয়ের জওয়াব দিবার তাহার প্রতি নিষেধ হইবেক না।

৪। নালিশপত্রের লিখিত যত এজহার আসামী সত্য না জানে তত এজহার না কবুল করিতে তাহার প্রতি নিষেধ হইবেক না।

৫। নালিশপত্রের লিখিত যে২ এজহার আসামী স্বীকার করিয়াছে তৎপ্রযুক্ত ফরিয়াদীর ডিক্রী পাইবার যে হক হয় সেই হক এড়াইবার জন্যে যত বিষয় আসামী সত্য বিশ্বাস করে তাহা প্রস্তাব করিতে তাহার প্রতি নিষেধ হইবেক না।

৬। উভয় বিবাদির এজহার লইয়া কমিস্যনর যে সওয়ালজওয়াব প্রস্তুত করেন তাহাতে তিনি এই বিষয়ে সাবধান হইবেন যে আসল সওয়ালজওয়াব এবং আপত্তি স্বতন্ত্র করিয়া রাখা যায় এবং কোন আসল সওয়ালজওয়াব দোহারা না হয়।

৭। কমিস্যনর আরো সাবধান হইবেন যে কোন সওয়ালজওয়াব যুক্তিঘটিত না হয় এবং তাহাতে কেবল ক্রিয়া লেখা থাকে ও ক্রিয়ার প্রমাণ না থাকে এবং সমান্য বিষয়ে সওয়ালজওয়াব এইমত লিখিত হয় যে তাহার দ্বারা আইনবিষয়ক অথবা ক্রিয়াবিষয়ক বিবাদ স্পষ্ট নিষ্পত্তি হইতে পারে এবং প্রত্যেক নিষ্পত্তি অক্লেশে যত বিশেষ করিয়া লেখা যাইতে পারে তাহা করিতে হইবেক।

৮। সওয়ালজওয়াবের উক্ত সকল বিধান তৎপশ্চাতের কার্য্যের সওয়ালজওয়াবের বিষয়ে যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবেক।

৯। বাদিপ্রতিবাদির এজহার লইয়া সওয়ালজওয়াব প্রস্তুত করণার্থ কমিস্যনর তাহারদিগের জোবানবন্দী লইতে পারেন এবং আপনার দ্বারা পরস্পর তাহারদিগকে প্রতিকূল জোবানবন্দী লইতে অনুমতি দিতে পারেন। এবং মোকদ্দমার নিষ্পত্তি হওনার্থ যখন তাহার শুননি হয় তখন তাহারদের ঐ এজহার সাক্ষ্যস্বরূপ ব্যবহার হইতে পারে। এবং মোকদ্দমার নিষ্পত্তি করণার্থ তাহারদের এজহার সাক্ষ্যস্বরূপ ব্যবহার করিবার জন্যে মোকদ্দমার শুননি হওনের কোন সময়ে কমিস্যনর বাদিপ্রতিবাদিরদেরও সেইরূপ জোবানবন্দী লইতে পারেন এবং আপনার দ্বারা তাহারদিগকে পরস্পর প্রতিকূল জোবানবন্দী লইতে অনুমতি দিতে পারেন।

১০। যদি সওয়ালজওয়াবহইতে এইমত কোন আপত্তি জন্মে যে কমিস্যনর তাহার যুক্তি করণের উচিত বোধ করেন তবে বাদিপ্রতিবাদির সঙ্গে পরামর্শ করিয়া তাহার বিষয়ে যুক্তি শুনিবার দিবস স্থির করিবেন।

১১। যদি সওয়ালজওয়াবহইতে ক্রিয়ার বিষয়ে এইমত কোন বিরোধ উৎপন্ন হয় যে তাহার বিষয়ে প্রমাণ লওন আবশ্যক তবে কমিস্যনর উভয় পক্ষের সাক্ষিরদের নাম এবং যে২ ক্রিয়ার বিষয়ে প্রত্যেক জনের প্রমাণ দেওনের অপেক্ষা আছে এবং যে২ দলীল তাহারদের মধ্যে প্রত্যেক জনের উপস্থিত করণের অপেক্ষা আছে তাহা টুকিয়া রাখিবেন এবং যে সফীনা ও কাগজপত্র আনিবার হুকুম বিচারের যাথার্থ্যের নিমিত্তে তাঁহার মনে আবশ্যক বোধ হয় তাহাই দিবেন এবং বিচারের যাথ-

[*Government Gazette*, 18*th May*, 1847.]

each party to produce any document in his possession the production of which appears to the Commissioner necessary for the purposes of justice, and will after consultation with the parties, fix a day for the taking of evidence.

XVIII. And it is hereby enacted, that if any Commissioner, not being a Barrister, perceives while he is receiving a plaint, or while he is framing the pleadings, or in any subsequent stage, that the suit is one which in his opinion ought not to proceed before a Commissioner who is not a Barrister, he may hand over the suit to the Chief Commissioner and direct the parties to go before the said Chief Commissioner who shall proceed with the suit, or direct any other Commissioner who is a Barrister, to proceed with the suit.

XIX. And it is hereby enacted, that if it shall appear to the Commissioner at any stage of the suit, that justice cannot be done unless some person not a party to the suit be made a party thereto, the Commissioner may summon such person to appear, and may make a decree which shall be binding upon such person, making such order regarding the costs as shall be agreeable to justice.

XX. And it is hereby enacted, that if in the course of a suit the parties shall disagree as to the balance of an account, the Commissioner may direct that the account be referred to an Arbitrator nominated by the parties, or in default of such nomination to an Officer of the Court, and such Arbitrator or Officer will report the amount due on either side, subject to any exceptions which the Commissioner will hear and decide.

XXI. And it is hereby enacted, that in all suits for the breach of a contract which may be brought in the said Subordinate Civil Court, if it shall be made to appear to the Commissioner that the contract may be performed without prejudice to the plaintiff, and that the defendant is able to perform it, the Commissioner may direct a specific performance of the contract, and enforce it by attachment.

XXII And it is hereby enacted, that the Commissioner in his decree shall order how much of the amount of any fees which may have been paid or be payable to any Attorney or Barrister, shall be reckoned as costs between party and party, and what other expences incurred by the parties in prosecuting or defending the suit shall be reckoned as costs between party and party, and shall order in his decree which party shall pay cost to the other, and to what amount: provided that no fees which may have been paid or be payable to any Attorney or Barrister shall be reckoned as costs between party and party unless the Commissioner shall be satisfied that the assistance of such Attorney or Barrister was reasonably required.

XXIII. And whereas it is expedient that in-

র্থ্যের নিমিত্তে যে দলীল উপস্থিত করা কমিস্যনরের আবশ্যক বোধ হয় বাদিপ্রতিবাদির নিকটে থাকা এইমত দলীলদস্তাবেজ দাখিল করিতে হুকুম দিবেন এবং তাহারদের সঙ্গে পরামর্শ করিয়া সাক্ষ্য লইবার দিন নিরূপণ করিবেন ইতি।

১৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বারিষ্টর অর্থাৎ কৌন্সেলীছাড়া যদি কোন কমিস্যনর নালিশপত্র লওন সময়ে অথবা সওয়ালজওয়াব প্রস্তুত করণের সময়ে কি তৎপর কোন সময়ে এমত বোধ করেন্ যে সেই মোকদ্দমা বারিষ্টরছাড়া কোন কমিস্যনরের শুননির উচিত নহে তবে তিনি সেই নালিশ প্রধান কমিস্যনরের নিকটে অর্পণ করিতে পারেন এবং বাদিপ্রতিবাদিকে ঐ প্রধান কমিস্যনরের নিকটে যাইতে হুকুম দিতে পারেন এবং ঐ প্রধান কমিস্যনর সেই মোকদ্দমা স্বয়ং নির্ব্বাহ করিবেন অথবা অন্য যে কমিস্যনর বারিষ্টর হন তাঁহাকে সেই মোকদ্দমার বিচার করিতে হুকুম দিবেন ইতি।

১৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মোকদ্দমার কোন সময়ে যদি কমিস্যনরের এইমত বোধ হয় যে যে ব্যক্তি মোকদ্দমাসম্পর্কীয় নহে সেই ব্যক্তিকে মোকদ্দমাসম্পর্কীয় না করিলে যথার্থ বিচার হইবেক না তবে কমিস্যনর সেই ব্যক্তিকে তলব করিতে পাবেন্ এবং যে ডিক্রীর দ্বারা ঐ অন্য ব্যক্তি বদ্ধ হইবেক এইমত ডিক্রী করিতে পারেন্ এবং খরচার বিষয়ে যেমত যথার্থ হয় সেইমত হুকুম দিবেন ইতি।

২০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি মোকদ্দমার সময়ে উভয় বিবাদির হিসাবের বাকীর বিষয়ে অনৈক্য হয় তবে উভয় বিবাদির মনোনীত হওয়া এক জন সালিসকে সেই হিসাব অর্পণ করিতে কমিস্যনর হুকুম দিতে পারেন্ অথবা তাহারা যদি সেইরূপে কোন ব্যক্তিকে মনোনীত না করে তবে আদালতের কোন আমলার প্রতি তাহা অর্পণ হইবেক এবং ঐ সালিস অথবা আমলা উভয়ের যে কোন দিগে যত দেনা হয় তাহার রিপোর্ট করিবেক এবং তাহার বিষয়ে যদি কোন আপত্তি থাকে তবে কমিস্যনর তাহা শুনিয়া নিষ্পত্তি করিবেন ইতি।

২১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বন্দোবস্ত উল্লঙ্ঘনবিষয়ক যে সকল মোকদ্দমা ঐ অধীন দেওয়ানী আদালতে উপস্থিত করা যায় যদি কমিস্যনরের এইমত বোধ হয় যে সেই বন্দোবস্ত পূর্ণ করাতে ফরিয়াদীর কোন হানি হইবেক না এবং আসামী তাহা পূর্ণ করিতে পারে তবে কমিস্যনর ঐ বন্দোবস্ত পূর্ণ করিতে বিশেষরূপে হুকুম দিতে পারেন এবং তাহা না করা গেলে সেই অপরাধির জিনিস ক্রোক করিতে পারেন ইতি।

২২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন উকীল অথবা কোন বারিষ্টর অর্থাৎ কৌন্সেলী সাহেবকে যে কোন রসুম দেওয়া গিয়াছে কি দিতে হইবেক সেই রসুমের যে সংখ্যা উভয় বিবাদির পরস্পর খরচার ন্যায় জ্ঞান করিতে হইবেক তাহা এবং সেই মোকদ্দমা নির্ব্বাহ করিতে অথবা জওয়াব দিতে উভয় বিবাদির অন্য যে সকল খরচ বাদিপ্রতিবাদির পরস্পর খরচার ন্যায় গণ্য হইবেক তাহার বিষয়ে কমিস্যনর আপনার ডিক্রীতে হুকুম দিবেন এবং যে ব্যক্তি বিপক্ষের খরচ দিবেক এবং যেপর্য্যন্ত খরচ দিবেক তাহাও আপনার ডিক্রীতে লিখিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে কমিস্যনরের যদি এই মত হৃদ্বোধ না হয় যে ঐ উকীল অথবা বারিষ্টর অর্থাৎ কৌন্সেলী সাহেবের সাহায্যের যথার্থরূপে আবশ্যক ছিল তবে কোন উকীল অথবা বারিষ্টর অর্থাৎ কৌন্সেলী সাহেবকে যে কোন রসুম দেওয়া গিয়া থাকে বা দিতে হয় তাহা উভয় পক্ষের পরস্পর খরচার মধ্যে গণ্য হইবেক না ইতি।

২৩ ধারা। এবং যেহেতুক অবিবেচিত বিবাদ নি-

considerate litigation should be discouraged, and that those who sue or defend inconsiderately should contribute towards the expences of the Judicial Establishment :—It is hereby enacted, that in every suit in the said Subordinate Civil Court the party or parties, against whom the decree is made shall, if plaintiff or plaintiffs, pay a fee equal to one-twentieth of the value claimed in the plaint, and if defendant or defendants a fee equal to one twentieth of the value decreed.

XXIV. Provided that the Commissioner may remit such fee if he shall be satisfied that the party or parties against whom the decree is made, had reasonable ground for suing or defending.

XXV. And whereas it is expedient that parties to suits who prevaricate or wilfully make false statements should be punished :—It is hereby enacted, that whenever the Commissioner is satisfied that any party to a suit in the said Subordinate Civil Court has by himself or his Agent prevaricated or wilfully made a false statement, he may in his decree impose upon such party a fine not exceeding 200 Rs., and in default of payment may order such party to be imprisoned for a period not exceeding ——— .

XXVI. And it is hereby enacted, that the amount of the fees and fines aforesaid shall be paid monthly into the Treasury.

XXVII. And it is enacted, that the said Commissioners, or the majority of them, may from time to time make such Rules for the Regulation of the proceedings of the said Subordinate Civil Court as to them may seem meet, and as are not inconsistent with any thing in this Act contained; which Rules shall be in force from their date, and shall continue in force unless they shall be disallowed by the Governor General in Council within the space of three months from their date; provided that such Rules shall be laid before the Governor General in Council within the space of one month from their date

XXVIII. And it is enacted, that the Sheriff of Calcutta shall execute the process of the said Subordinate Civil Court, and shall, in respect to the execution of such process, be subject to the authority of the said Subordinate Civil Court, and shall for his trouble in executing such process receive from the Public Treasury such remuneration as to the Governor General in Council shall seem meet.

XXIX. Provided that such remuneration shall be proportioned to the quantity of labour imposed upon the said Sheriff in each month in the execution of the said process.

XXX And it is enacted, that any suitor in the said Subordinate Civil Court who shall feel himself aggrieved by any decree thereof, may move the Supreme Court for a Rule to shew cause why the decree should not be altered or reversed, or for a

রন্ধ করা উচিত বোধ হইয়াছে এবং যাহারা অবিবেচনামতে নালিশ করে বা জওয়াব দেয় তাহারা আদালতের সিরিশ্‌তার খরচার টাকা দিবেক ইহা বিহিত বোধ হইয়াছে। অতএব ইহাতে হুকুম হইল যে উক্ত অধীন দেওয়ানী আদালতের প্রত্যেক মোকদ্দমায় যে ব্যক্তির বা ব্যক্তিরদের প্রতিকূলে ডিক্রী হয় সেই ব্যক্তি বা ব্যক্তিরা ফরিয়াদী কি ফরিয়াদীরা হইলে নালিশেতে দাবীহওয়া মুল্যের টাকার বিশ ভাগের এক ভাগ রসুম দিবেক এবং আসামী বা আসামীরা হইলে ডিক্রীহওয়া জিনিসের মুল্যের বিশ অংশের এক অংশ রসুম দিবেক ইতি।

২৪ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে কমিস্যনরের যদি এইমত হৃদ্বোধ হয় যে যে ব্যক্তির বা ব্যক্তিরদের প্রতিকূলে ডিক্রী হইয়াছে তাহারদের নালিশকরণের বা জওবাব দেওনের উপযুক্ত কারণ ছিল তবে তিনি সেই রসুম ক্ষমা করিতে পারেন্ ইতি।

২৫ ধারা। এবং যেহেতুক মোকদ্দমার বিবাদিরদের মধ্যে যাহারা প্রতারণা অথবা জানিয়া শুনিয়া মিথ্যা এজহার করে তাহারদের দণ্ড করা উচিত অতএব ইহাতে হুকুম হইল যে কমিস্যনরের যদি এইমত হৃদ্বোধ হয় যে উক্ত অধীন দেওয়ানী আদালতের কোন মোকদ্দমায় বাদী বা প্রতিবাদী স্বয়ং অথবা তাহার মোখ্তার প্রতারণা করিয়াছে অথবা জানিয়া শুনিয়া মিথ্যা এজহার করিয়াছে তবে ঐ কমিস্যনর আপনার ডিক্রীতে সেই অপরাধির ২০০৲ টাকার অনূর্দ্ধ জরীমানা করিতে পারেন্ এবং যদি সেই টাকা না দেওয়া যায় তবে — সময়ের অনূর্দ্ধ কালপর্য্যন্ত তাহাকে কয়েদ করিতে পারেন ইতি।

২৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ সকল রসুম ও জরীমানার টাকা মাসে২ ত্রেজুরীতে জমা হইবেক ইতি।

২৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরা অথবা তাঁহারদের অধিকাংশ সময়ে২ উক্ত অধীন দেওয়ানী আদালতের কার্য্য নির্ব্বাহার্থ যে২ বিধি তাঁহারদের উচিত বোধ হয় এবং এই আইনের লিখিত কোন বিষয়ের বিরুদ্ধ না হয় সেই সকল বিধি করিতে পারেন এবং সেই২ বিধি যে তারিখে হয় সেই তারিখঅবধি তাহা প্রবল হইবেক এবং সেই তারিখের পর তিন মাসের মধ্যে যদি সেই২ বিধি শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে নামঞ্জুর না হয় তবে তাহা প্রবল থাকিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে সেই সকল বিধি করণের তারিখের পর এক মাসের মধ্যে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে তাহা দাখিল হইবেক ইতি।

২৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত অধীন দেওয়ানী আদালতের পরওয়ানা কলিকাতার সরিফ সাহেব জারী করিবেন এবং উক্ত পরওয়ানা জারী করণের বিষয়ে ঐ সরিফ সাহেব উক্ত অধীন দেওয়ানী আদালতের হুকুমমতে কার্য্য করিবেন এবং সেই পরওয়ানা জারী করণের মেহনতের জন্যে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে মেহনতানা উচিত বোধ করেন তাহা ঐ সরিফ সাহেব সরকারী খাজানাখানাহইতে পাইবেন ইতি।

২৯ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত পরওয়ানা জারী করণেতে মাসে২ উক্ত সরিফ সাহেবের যে মেহনৎ হয় সেই মেহনৎঅনুসারে তাঁহার মেহনতানা নির্দ্দিষ্ট হইবেক ইতি।

৩০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত অধীন দেওয়ানী আদালতের কোন ডিক্রীক্রমে যে কোন ফরিয়াদী আপনাকে অন্যায়গ্রস্ত বোধ করে সেই ফরিয়াদী সেই ডিক্রীর মতান্তর অথবা পরিবর্ত্ত করণের জন্যে কি উক্ত অধীন দেওয়ানী আদালতের সেই ডিক্রীর পুনর্ব্বি-

Rule to show cause why the said Subordinate Civil Court should not re-consider its decree, or for a Rule to shew cause why there should not be a new trial of the whole or any part of the facts on which its decree is founded

XXXI. And it is enacted, that the said Supreme Court shall at its discretion grant or refuse any such Rule.

XXXII Provided always and it is hereby enacted, that the Supreme Court shall not make absolute any such Rule if the decree of the Subordinate Civil Court be consistent with the Justice, Conscience and Equity of the case : that is to say, the Supreme Court shall be governed in its decision upon any motion to make any such Rule absolute by the principles by which an English Court of Law would be governed in its decision upon a motion to make absolute a Rule for a new trial, when there has been no misdirection in point of Law by the Judge before whom the cause was tried

XXXIII. And it is enacted, that any person deeming himself aggrieved by any commitment to prison or fine by the said Subordinate Civil Court, may appeal from such commitment or fine to the said Supreme Court, who shall thereupon make such order as justice may require.

XXXIV. And it is enacted, that any one of the Judges of the said Supreme Court may, when occasion shall so require, sit apart from the other Judges or Judge, as the case may be, of the same Court for the despatch of the business to be performed by the said Court under this Act, at the same time when the other Judge or Judges, as the case may be, of the said Court, shall be sitting for the despatch of business in the said Supreme Court, and that all proceedings whatsoever so had by and before such Judge, so sitting apart for the purpose aforesaid shall be good, valid and effectual in the Law to all intents and purposes, as fully as if the proceedings were had before all the Judges of the said Court.

XXXV. And it is enacted, that the Judges of the Supreme Court, or the majority of them, may from time to time make such Rules for the regulation of the proceedings on appeals and motions before them as to them may seem meet, and as are not inconsistent with any thing in this Act contained : which Rules shall be in force from their date and shall continue in force, unless they shall be disallowed by the Governor General in Council, within the space of three months from their date ; provided that such Rules shall be laid before the Governor General in Council within the space of one month from their date.

XXXVI. And whereas, although the several provisions hereinbefore contained for the constitution of the said Subordinate Civil Court are all copied, more or less exactly, from the provisions for the constitution of the several sorts of Courts used in the administration of English Law and Equity, yet the combination of the said several

চার করিবার জন্যে অথবা যে ক্রিয়ার উপর ধরিয়া ডিক্রী হইল সেই সমুদয় ক্রিয়া কি তাহার কোন অংশের গোড়াগুড়ি বিচার করিবার জন্যে হুকুম করিতে সুপ্রিম কোর্টে দরখাস্ত করিতে পারে ইতি।

৩১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত সুপ্রিম কোর্ট আপনার বিবেচনামতে উক্ত প্রকার হুকুম করিতে বা না করিতে পারেন্ ইতি।

৩২ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে উক্ত অধীন দেওয়ানী আদালতের ডিক্রী যদি যাথার্থ্য ও সদ্বিবেচনা ও ন্যায়মতে হইয়া থাকে তবে সুপ্রিম কোর্ট সেই প্রকার হুকুম দিবেন না অর্থাৎ ইঙ্গরেজী আইনসংক্রান্ত আদালতে যে জজ সাহেবের সম্মুখে মোকদ্দমার বিচার হয় সেই জজ সাহেব আইনসম্পর্কীয় কোন বিষয়ে যদি অশুদ্ধ উপদেশ না করিয়া থাকেন তবে মোকদ্দমার পুনর্ব্বিচারের দরখাস্ত হইলে ঐ আদালত যেং নিয়মানুসারে তাহা মঞ্জুর নামঞ্জুর করিতেন সেইং নিয়মানুসারে এই স্থলেও অধস্থ আদালতের ডিক্রী মঞ্জুর নামঞ্জুর করণের বিষয়ে সুপ্রিম কোর্ট কার্য্য করিবেন ইতি।

৩৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত অধীন দেওয়ানী আদালত কোন ব্যক্তিকে কয়েদ করিলে অথবা তাহার জরীমানা করিলে সেই ব্যক্তি যদি তাহাতে আপনাকে অন্যায়গ্রস্ত বোধ করে তবে ঐ কয়েদ অথবা জরীমানার বিষয়ে সুপ্রিম কোর্টে আপীল করিতে পারে এবং সুপ্রিম কোর্ট যেরূপ যথার্থ বোধ করেন্ সেইরূপে তাহার বিষয়ে হুকুম করিবেন ইতি।

৩৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আদালতের অন্য জজ বা জজেরা উক্ত সুপ্রিম কোর্টের কার্য্য নির্ব্বাহার্থ যখন বৈঠক করেন তখন উক্ত সুপ্রিম কোর্টের কোন এক জন জজ আবশ্যক হইলে এই আইনক্রমে ঐ আদালতের যে কার্য্য করিতে হয় সেই কার্য্য নির্ব্বাহ করিবার নিমিত্তে উক্ত আদালতের অন্য জজ বা জজেরদেরহইতে পৃথক হইয়া বৈঠক করিতে পারেন এবং পূর্ব্বোক্তমতে আলাহিদা বৈঠককারি ঐ এক জন জজের সম্মুখে বা তাঁহার দ্বারা যে কার্য্য হয় তাহা উক্ত আদালতের সকল জজ সাহেবের সম্মুখে হইলে যেরূপে আইনসম্পর্কীয় বিষয়ে সিদ্ধ ও বলবৎ হইত সেইরূপে সর্ব্বতোভাবে সিদ্ধ ও বলবৎ হইবেক ইতি।

৩৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত সুপ্রিম কোর্টের জজ সাহেবেরদের সম্মুখে যে আপীল অথবা দরখাস্ত হয় তাহার কার্য্য নির্ব্বাহ করিবার নিমিত্তে যেং বিধি তাঁহারা অথবা তাঁহারদের অধিকাংশ উচিত বোধ করেন এবং এই আইনের লিখিত কোন বিষয়ের বিরুদ্ধ না হয় সেইং বিধি ঐ সুপ্রিম কোর্টের জজ সাহেবেরা সময়েং করিতে পারেন এবং সেইং বিধি যে তারিখে হয় সেই তারিখঅবধি তাহা প্রবল হইবেক এবং সেই তারিখের পর তিন মাসের মধ্যে যদি সেই বিধি শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে নামঞ্জুর না হয় তবে তাহা প্রবল থাকিবেক কিন্তু জানা কর্ত্তব্য যে সেই সকল বিধি তাহার তারিখের পর এক মাসের মধ্যে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে দাখিল হইবেক ইতি।

৩৬ ধারা। এবং যেহেতুক উক্ত অধীন দেওয়ানী আদালত সংস্থাপনের নিমিত্ত যে নানা বিধান ইহার পূর্ব্বে লেখা আছে তাহা বিকলে অথবা অবিকলে ইঙ্গরেজী আইন ও একুটি নির্ব্বাহের নিমিত্ত যে নানা প্রকার আদালত আছে তাহার সংস্থাপনের বিষয়ি বিধিহইতে নকল হইয়াছে কিন্তু ঐ নানাপ্রকার বিধি ইহার পূর্ব্বে এক আদালতে সংযোগকরা হয় নাই এবং তাহা পরীক্ষার

provisions in one Court is new and experimental; and it might happen that suitors accustomed to the administration of Justice by Civil Action at Law in Her Majesty's Supreme Court, might feel aggrieved if they were deprived thereof. It is hereby declared and enacted, that nothing in this Act contained shall be construed to affect the jurisdiction now exercised by the said Supreme Court in Civil Actions at Law in the cases falling within the jurisdiction of the said Subordinate Civil Court.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 13th day of November next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

ন্যায় জ্ঞান করিতে হইবেক এবং এমত হইতে পারে যে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে যেং ফরিয়াদীর আইনসম্পর্কীয় দেওয়ানী নালিশের দ্বারা আপনারদের হক পাইবার ব্যবহার আছে তাহারা সেই ব্যবহার না হইলে আপনারদিগকে অন্যায়গ্রস্ত বোধ করিত অতএব ইহাতে হুকুম ও নির্দ্দিষ্ট হইল যে এই আইনের লিখিত কোন বিষয়ের এমত অর্থ করিতে হইবেক না যে উক্ত অধীন দেওয়ানী আদালতের এলাকার মধ্যে যেং বিষয় আইসে সেইং বিষয়ে আইনসম্পর্কীয় দেওয়ানী নালিশে উক্ত সুপ্রিম কোর্টের এক্ষণে যে কর্ত্তৃত্ব আছে সেই কর্ত্তৃত্বের কিছু হানি হয় ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৩ নবেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 9.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

The Court are pleased to direct that the separate paper containing the charges in the English and Vernacular, prescribed by Paragraph 16 of the Circular Order of the Nizamut Adawlut, No. 54, 16th July, 1830 be drawn up and signed by the Judge who may make a commitment for perjury or forgery brought to light in the course of any Civil proceeding.

W. KIRKPATRICK, *Deputy Register.*
Fort William, the 12th March, 1847.

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে সদর নিজামৎ আদালতের ১৮৩০ সালের ১৬ জুলাই তারিখের ৫৪ নম্বরী সরকুলর অর্ডরের ১৬ দফায় যে আলাহিদা কাগজে ইঙ্গরেজী ও দেশীয় ভাষায় অপরাধের বৃত্তান্ত লিখিবার হুকুম আছে সেই কাগজ কোন দেওয়ানী মোকদ্দমা রুজকার করণ সময়ে প্রকাশহওয়া মিথ্যা শপথ কিম্বা জালসাজীর অপরাধের বিষয়ে যে জজ সাহেব অপরাধিকে সোপর্দ্দ করেন সেই জজসাহেব তাহা প্রস্তুত ও তাহাতে সহী করিবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিস্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭ সাল ১২ মার্চ।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 3.

To the Criminal Authorities in the Lower Provinces.

Doubts having been entertained, as to whether the implication of a *Private* Chowkeedar or watchman in a burglary, renders his commitment to the Sessions Court compulsory under the provisions of Clause 2, Section 2, Regulation XII of 1818, the Court are pleased to direct the attention of the Criminal Authorities, to the terms of Clause 6, Section 11, Regulation XIV of 1807, and Clause 3, Section 21, Regulation XX of 1817, which declare, that "Private Watchmen, entertained by individuals for guarding their houses, shops, or other premises, within the Towns or Villages, where the Darogahs of Police or Officers of out posts may be stationed, and within the Cotwallee jurisdiction, shall be considered subject to the orders of the Police Officers, and are required to act in concert with them."

2d. The Provisions however of Clause 6, Section 11, Regulation XIV. of 1807, being declared by

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর

৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

কোন বিশেষ লোকের চৌকীদার সিঁধ দেওনের অপরাধের শরীক হইলে ১৮১৮ সালের ১২ আইনের ২ ধারার ২ প্রকরণের বিধানমতে তাহাকে সেশন আদালতে সোপর্দ্দ করা আবশ্যক কি না এই বিষয়ে সন্দেহ হওয়াপ্রযুক্ত সদর আদালতের সাহেবেরা ফৌজদারীর কার্য্যকারকদিগকে ১৮০৭ সালের ১৪ আইনের ১১ ধারার ৬ প্রকরণ এবং ১৮১৭ সালের ২০ আইনের ২১ ধারার ৯ প্রকরণের বিষয়ে মনোযোগ করিতে হুকুম দিতেছেন তাহাতে হুকুম আছে যে যে কোন কসবা কি গ্রামে পোলীসের দারোগা কি ফাড়িদার স্থাপন হয় সেই কসবা কি গ্রাম কোতওয়ালী এলাকাভুক্ত হইলে তাহাতে বিশেষ লোকের কোন দোকান কি বাটী ঘর অথবা গোলা ঘরের নিগাহবানীর নিমিত্তে চাকররাখা চৌকীদার লোক থানার দারোগার তাবে থাকিয়া তাহারদের সহায়তা করিবেক।

২। কিন্তু মফঃসলে কোন পোলীসের এলাকাভুক্ত কসবাতে কি গঞ্জে বা অন্য কোন স্থানে বিশেষ লো-

[*Government Gazette*, 18*th May*, 1847.]

Clause 4, Section 12, of the same Regulation applicable to "all Private Watchmen entertained by individuals for guarding their houses, &c." within the Towns, Gunges or other places forming part of any Mofussil Police jurisdiction, it follows that private watchmen, of whatever denomination and by whomsoever entertained, are "required by the Regulations to assist the Police Officers in preventing robbery or other crimes and in apprehending offenders;" and that being thus in the same category with the Chowkeedars and others, described in Section 4, Regulation III. of 1805, they come within the intent and meaning of the rule, contained in Clause 2, Section 2, Regulation XII. of 1818.

W. Kirkpatrick, *Deputy Register.*

Fort William, the 31st March, 1847.

EXAMINATION NOTICE.

With the sanction of Government, an Examination in Hindoo Law for Candidates for the situation of Law Officer, will be held at the Sanskrit College, at Ten o'Clock A. M., on Monday, the 31st of May 1847, corresponding with the 18th day of Joist 1254, Candidates are requested to present themselves at the Sanskrit College for the usual registering of their names and other particulars, three days previous to the above named date.

S. D. Riley, *Lieut.-Col.*

Examiner of Candidates for the Situation of Law Officer, &c &c. &c.

Calcutta, May 10th, 1847.

MEDICAL COLLEGE.

13th YEAR—SESSION 1847-48.

SUMMER TERM.

The first division of the Session will commence on Tuesday, the 15th of June 1847, and continue until the 15th November, when Lectures will be delivered on the following subjects:

Subject	Time
Anatomy and Physiology, By *J. T. Pearson, Esq* ...	On Mondays, Tuesdays, Thursdays and Saturdays, at 11 A. M.
Anatomical Demonstrations, ... By *A. Webb, Esq*, ...	On Mondays, Wednesdays and Fridays, from 12 to 1 P. M.
Botany, ... By *J. McClelland, Esq.* ...	On Tuesdays and Thursdays, at 10 A. M. Weekly visits to the Gardens on Saturdays.
Chemistry, ... By *A. Robertson, Esq.*, ...	Daily, from 3 to 4 P. M.
Principles and Practice of Medicine, ... By *J. Jackson, Esq., M. B.*,	On Tuesdays, Thursdays and Saturdays, from 2 to 3 P. M.
Principles of Surgery, ... By *R. O'Shaughnessy, Esq.*,	On Mondays and Wednesdays, from 2 to 3 P. M.

কেরা আপনারদের ঘরইত্যাদির নিগাহবানীর জন্যে যে চৌকীদারদিগকে রাখে তাহারদের বিষয়ে ১৮০৭ সালের ১৪ আইনের ১১ ধারার ৬ প্রকরণ খাটে এইমত হুকুম ঐ আইনের ১২ ধারার ৪ প্রকরণে আছে অতএব বিশেষ লোকেরদের চৌকীদারেরা যে কোন নামে খ্যাত হয় কিম্বা যে কোন লোকের দ্বারা নিযুক্ত করা যায় আইনমতে তাহারদের আবশ্যক যে চৌর্য্য এবং অন্য সকল দোষের নিবারণ করিতে ও অপরাধিদিগকে গ্রেপ্তার করিতে তাহারা পোলীসের আমলারদের সাহায্য করে এবং ১৮০৫ সালের ৩ আইনের ৪ ধারার লিখিত চৌকীদারওগয়রহের সঙ্গে গণিত হওয়াতে তাহারদের বিষয়ে ১৮১৮ সালের ১২ আইনের ২ ধারার ২ প্রকরণের লিখিত বিধানের ভাব ও অর্থ খাটে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৩১ মার্চ।

পরীক্ষার বিজ্ঞাপন।

গবর্ণমেন্টের আদেশক্রমে ইংরাজী ১৮৪৭ সালের ৩১ মে কিম্বা বাঙ্গলা ১২৫৪ সালের ১৮ জ্যৈষ্ঠ সোমবার বেলা দশ ঘটিকার সময়ে কলিকাতাস্থ সংস্কৃত কালেজে ব্যবস্থাসম্পর্কীয় কর্ম্মাকাঙ্ক্ষিদিগকে হিন্দু ব্যবস্থা শাস্ত্রে পরীক্ষা করা যাইবেক যাঁহারা পরীক্ষা দিবার বাসনা রাখেন তাঁহারা উক্ত নির্দ্ধারিত দিবসের তিন দিন পূর্ব্বে স্বং নাম লেখাইবার ও অন্যান্য নিয়মিত কর্ম্ম করিবার নিমিত্ত সংস্কৃত কালেজে উপস্থিত হইবেন।

এস ডি রাইলি। লেপ্টেনেন্ট কর্ণেল।

ব্যবস্থাসম্পর্কীয় ইত্যাদির কর্ম্মাকাঙ্ক্ষিরদের ব্যবস্থাশাস্ত্রের পরীক্ষক।

সংস্কৃত কালেজ।

১০ মে ১৮৪৭।

মেডিকাল কালেজ।

ত্রয়োদশ বৎসর। সেশন ১৮৪৭—৪৮।

গ্রীষ্মকালীন বৈঠক।

বৈঠকের প্রথমাংশ ১৮৪৭ সালের ১৫ জুন তারিখ মঙ্গলবারে আরম্ভ হইয়া নবেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত চলিবেক। সেই সময়ে এই২ বিষয়ের শিক্ষা দেওয়া যাইবেক।

বিষয়	সময়
ব্যবচ্ছেদ বিদ্যার ও দ্রব্যের তত্ত্বজ্ঞানের শিক্ষা শ্রীযুত জে টি পিয়র্সন সাহেব দিবেন	সোমবার মঙ্গলবার বৃহস্পতিবার ও শনিবার বেলা ১১ ঘন্টার সময়ে।
ব্যবচ্ছেদ বিদ্যার প্রমাণ শ্রীযুত এ উএব সাহেব দিবেন	সোমবার বুধবার এবং শুক্রবার বেলা ১২ ঘন্টাঅবধি ১ ঘন্টাপর্য্যন্ত।
উদ্ভিদ্বিদ্যা। শ্রীযুত জে মাক্লেলাণ্ড সাহেব	মঙ্গলবার ও বৃহস্পতিবার বেলা ১০ ঘন্টা। শনিবারে কোম্পানির বাগানে ভ্রমণ হইবেক।
কিমিয়া বিদ্যা। শ্রীযুত এ রাবর্টসন সাহেব	প্রতিদিন ৩ ঘন্টাঅবধি ৪ ঘন্টাপর্য্যন্ত।
ঔষধের মুল নিয়ম ও ব্যবহারের শিক্ষা। শ্রীযুত ডাক্তর জেক্সন সাহেব	মঙ্গলবার বৃহস্পতিবার ও শনিবার বেলা ২ ঘন্টাঅবধি ৩ ঘন্টা পর্য্যন্ত।
অস্ত্রচিকিৎসা বিদ্যার মুলনিয়ম। শ্রীযুত আর ওশাগনেসি সাহেব	সোমবার ও বুধবার বেলা ২ ঘন্টাঅবধি ৩ ঘন্টা পর্য্যন্ত।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ১৮ মে।]

CLINICAL SURGERY ... On Fridays, from 1 to 2 P. M.
By *R. O'Shaughnessy, Esq.*

MATERIA MEDICA AND THERAPEUTICS, ... Daily, from 10 to 11 A. M.
By *Dr. Mouat,* ...

MIDWIFERY, ... On Tuesdays, Wednesdays Fridays and Saturdays, at 3 P. M.
By *Dr. Stewart,* ...

শয্যাগত ব্যক্তিরদের অস্ত্র চিকিৎসা। শ্রীযুত আর ওশাগনেসি সাহেব। — শুক্রবারে বেলা ১ ঘন্টাঅবধি ২ ঘন্টা পর্য্যন্ত।

মাটিরিয়া মেডিকা এবং রোগের উপশমক বিদ্যা। শ্রীযুত ডাক্তর মৌআট সাহেব — প্রতিদিন বেলা ১০ ঘন্টাঅবধি ১১ ঘন্টা পর্য্যন্ত।

ধাত্রীত্ব বিদ্যা। শ্রীযুত ডাক্তর ষ্টুয়ার্ট সাহেব .. — মঙ্গলবার বুধবার শুক্রবার শনিবার বেলা ৩ ঘন্টা সময়ে।

HOSPITAL ATTENDANCE.

MALE HOSPITAL, *Medical Visit,* ... From 6 to 7 A. M. daily, and on Tuesdays, Thursdays and Saturdays, from 1 to 2 P. M.

Surgical Visit, ... At 1 P. M. daily

FEMALE AND LYING-IN HOSPITAL, ... Wednesdays and Fridays, from 1 to 2 P. M.

OUT-DOOR DISPENSARY, from 7 to 10 A. M. daily, and from 5 to 6 P. M.

A general introductory lecture will be delivered on the 15th June, by Professor STEWART, M. D., to open the Session

(By Order,)
FRED. J. MOUAT, *M. D.*,
Secretary.

Medical College, the 20th April, 1847.

হাসপাটালে রোগিরদের সেবা।

পুরুষেরদের হাসপাটালে চিকিৎসা করণার্থ গমন ... — প্রতিদিন পূর্ব্বাহ্ণে ৬ ঘন্টাঅবধি ৭ ঘন্টা পর্য্যন্ত এবং মঙ্গল ও বৃহস্পতি ও শনিবারে বেলা ১ ঘন্টাঅবধি ২ ঘন্টা পর্য্যন্ত।

অস্ত্র ব্যবহারার্থ গমন। ... — প্রতিদিন বেলা ১ ঘন্টা সময়ে।

স্ত্রীলোকেরদের ও ধাত্রী সম্বন্ধীয় হাসপাটাল। ... — মঙ্গলবার ও শুক্রবার বেলা ১ ঘন্টা অবধি২ ঘন্টাপর্য্যন্ত।

বাহিরের ঔষধালয়। — প্রতিদিন পূর্ব্বাহ্ণে ৭ ঘন্টাঅবধি ১০ ঘন্টা পর্য্যন্ত। অপরাহ্ণে ৫ ঘন্টাঅবধি ৬ ঘন্টা পর্য্যন্ত।

উক্ত বৈঠকের আরম্ভে জুন মাসের ১৫ তারিখে শ্রীযুত ডাক্তর ষ্টুয়ার্ট সাহেব শিক্ষার ভূমিকাস্বরূপ সাধারণ বক্তৃতা করিবেন।

(হুকুমক্রমে।)
এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৭ সাল ২০ আপ্রিল।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT
LEAVES OF ABSENCE.

The 7th May, 1847

Baboo Lukheenarain Mitter, Moonsiff of Kaguzpookooria, Nuddea, for one month, from the 5th instant, in extension of that granted before.

The 13th May, 1847

Baboo Kassissur Mitter, Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for seven days, from the 5th ultimo

B. J. COLVIN, *Offg Registr*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।
ছুটী।

১৮৪৭ সাল ৭ মে।

নদীয়াব কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু লক্ষ্মী নারায়ণ মিত্র পূর্ব্বে যে ছুটী পান্ তদতিরিক্ত বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১৩ মে।

জিলা নদীয়াব সুখসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র গত মাসের ৫ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৩১০ নম্বর।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেন্ট।

১৮৪৭ সাল ১৫ মে।

বিজ্ঞাপন।

এদেশীয় ৩৬ সংখ্যক পল্টনের কাপ্তান শ্রীযুত জান লাং সাহেব (Captain John Lang,) বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি ভারতবর্ষের হজুর কৌন্সেলের শ্রীযুত প্রসীডেন্ট সাহেবের এবং বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের নিজ সেক্রেটারী হইবেন।

[*Government Gazette,* 18*th May,* 1847.]

১০১২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ৭ মে।

শ্রীযুত এফ এ বিনসেন্ট সাহেব (Mr F. A. Vincent,) ১৮৪৩ সালের ১৫ আইনাঅনুসারে জিলা মুঙ্গেরে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

১৮৪৭ সাল ১০ মে।

মুঙ্গেরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত টি হেষ্টিংস সাহেব (Mr. T Hastings,) ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টরও হইবেন।

১৮৪৭ সাল ১২ মে।

জিলা চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব (Mr. W. G. Young,) ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

মান্দ্রাজের পদাতিক সৈন্যেরদের ৩০ পল্টনের মেজর শ্রীযুত ডবলিউ সি মাকলেড সাহেব (Major W. C. Macleod,) বাঙ্গলা রাজধানীর অন্তঃপাতি উড়িষ্যার পর্ব্বতীয় দেশে মরিয়ানামক নরবলি ও বালকহত্যা নিবারণার্থ এজেন্ট সাহেবের প্রধান আসিষ্টান্ট হইবেন।

মান্দ্রাজের পদাতিক সৈন্যেরদের ৪১ পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত জে মাকবিকার সাহেব (Lieut. J. MacViccar,) ঐ এজেন্ট সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৪৭ সাল ১৪ মে।

শ্রীযুত ব্রৌনলো সাহেবের (Mr. Brownlow,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (Mr. W. T. Trotter,) শাহাবাদের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১১ মে।

ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) গত ফেব্রুআরি মাসের ১০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ৭ মে।

ফোর্ট উলিয়ম কালেজের এক জন ছাত্র শ্রীযুত ডবলিউ ব্লন্ট সাহেব (Mr. W. Blunt,) চিকিৎসকের সর্টিফিকট ক্রমে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১৫ মে।

সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী শ্রীযুত জি প্লৌডন সাহেব (Mr. G. Plowden,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

নওয়াখালীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে উহলর সাহেব (Mr. J. Wheler,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেন্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশতিহার।

ADVERTISEMENT OF THE SOONDERBUNS COMMISSIONER'S OFFICE.

NOTICE.—That the Pottahs of the undermentioned Lots situated within the limits of the Soonderbuns the property of Government, will be put up for Public Sale at Noon of Monday, the 31st day of May, 1847, corresponding with 18th Joisto, 1254 B. S., at the Office of the Soonderbuns Commissioner, Allipore. The individual who will bid for the Pottah above the others, and will immediately pay to the Soonderbuns Commissioner the full amount of his purchase money, the Pottah will be drawn up in his name and will be made over to him with the confirmation of Government, and the said individual will become the Grantee of the said Lot in every respect, and he will be subject to the conditions of the Pottah. It is further notified that the intending purchaser wishing to see or be informed of the conditions of the Pottah, the present state of the Lot, Maps, &c., can see and be informed with its particulars on their personal attendance or through an Agent at the Office, and which will be moreover proclaimed at the time of sale.

Lots No. 18.
,, No. 90.
,, No. 122.

OOMAKANT SEIN, *Commissioner.*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 15th May, 1847.

ঘোষণাপত্র কাছারী কমিস্যনরী সুন্দরবন।

ডিক্রী জারীক্রমে কালেক্টর সাহেব যে নীলাম করিলেন তাহা ঢাকার জজ সাহেব ১৮৪৬ সালের ১১ ডিসেম্বর তারিখে অন্যথা করিতে হুকুম দিলেন সেই হুকুমের উপর এই আপীল হয়।

হুকুম হইয়াছিল যে ১৮৪৬ সালের ২৬ অক্টোবর তারিখে কালেক্টর সাহেবের কাছারীতে ঐ নীলাম হয়। সেই তারিখে ডিক্রীঅনুসারে যে ব্যক্তি কর্জদার সে ব্যক্তি এবং ডিক্রীদার উভয়ই জজ সাহেবের নিকটে উপস্থিত হইল এবং কর্জদার ডিক্রীর টাকা পরিশোধার্থ ৮৮১॥০ টাকা দিতে স্বীকার করিল কিন্তু ডিক্রীদার তাহাতে সম্মত হইল না পরে ডিক্রীদার ১৮৮৯৷/১০ টাকা লইতে সম্মত হইলে সেই টাকা তাহাকে দেওয়া গেল। পরে নীলাম রহিত করণের জন্যে কর্জদার দরখাস্ত দাখিল করিল এবং এই প্রার্থনা করিল যে আসল দরখাস্তের উপর জজ সাহেব আপনার হুকুম লিখিয়া অগৌণে তাহা পেয়াদার মারফৎ কালেক্টর সাহেবের নিকটে পাঠান যেহেতুক সেই দিনই নীলামের নিরূপিত দিন। জজ সাহেব তদনুসারে করিলেন এবং পর দিনে দরখাস্তের এক নকল এবং আপনার রুবকারী পাঠাইলেন। ঐ নীলাম অক্টোবর মাসের ২৬ তারিখে না হইয়া ২৭ তারিখে হইল। পেয়াদার মারফৎ যে দরখাস্ত কিম্বা হুকুম ২৬ তারিখে পাঠান গিয়াছিল তাহা কালেক্টর সাহেবের নিকটে পঁহুছিল না এবং ২৭ তারিখে জজ সাহেবের হুকুম পহুঁছিবার পূর্ব্বে নীলাম সম্পন্ন হইয়াছিল। কিন্তু খরীদারের রীতিমতে বায়নার টাকা আমানৎ করণের পূর্ব্বে কালেক্টর সাহেবের নিকটে ঐ হুকুম পঁহুছিল পরে ঐ বায়নার টাকা দাখিল হইল এবং খরীদের বাকী টাকাও দাখিল হইল।

নীলামের অন্যথা করিবার জন্যে আপীল হইলে জজ সাহেব তাহা অন্যথা করিলেন এবং জজ সাহেবের ঐ হুকুমের উপর সম্পত্তির খরীদার সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুক্ত টকর সাহেব হুকুম করিলেন যে "জজ সাহেবের রুবকারীর দ্বারা দৃষ্ট হয় না যে কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত পঁহুছনের বিষয়ে তিনি জুম্মন পেয়াদার এজহার লইলেন অতএব নীলামের পূর্ব্ব দিনে ডিক্রীর টাকা তাঁহার আদালতে দাখিল করা গিয়াছিল কেবল ইহা বিবেচনা করিয়া জজ সাহেব নীলাম অন্যথা করিলেন কিন্তু ইহা মাতবর কারণ নহে। কর্জদার জানিল না যে ঐ নীলাম ২৬ তারিখে না হইয়া ২৭ তারিখে হইবেক বরং তাহার বোধ ছিল যে মহাজনের সঙ্গে যে সময়ে জজ সাহেবের আদালতে বন্দোবস্ত করিতে উদ্যোগ করিতেছিল সেই সময়েতেই নীলাম হইতেছে যদি কর্জদার এই প্রকার বিলম্ব করে এবং দৈব ঘটনাপ্রযুক্ত কর্ম্মের বিফলতা হয় তবে সেই ব্যক্তি ভুগিবেক। নীলামের দিবসে জজ সাহেবের কাছারীতে গমন করা কর্জদারের কর্ত্তব্য ছিল না যেহেতুক ঐ নীলাম কালেক্টর সাহেবের কাছারীতে হইবেক এমত ইশ্তিহার দেওয়া গিয়াছিল এবং কর্জদার সুজ্ঞাত ছিল যে টাকা দাখিল না হইলে কিম্বা নীলাম রহিত করিতে আদালতের হুকুম উপযুক্ত সময়ে না পঁহুছিলে নীলাম নিতান্ত সম্পন্ন হইবেক। এই বিষয়ে খরীদারের কোন ভুল কি ত্রুটি দেখিতে পাই না জজ সাহেবের হুকুম পঁহুছনের পূর্ব্বে তাহার ডাক মঞ্জুর হইল এবং বায়নার টাকা দিয়া নীলাম সম্পন্ন করিতে তাহার নিতান্ত হক ছিল। অতএব জজ সাহেবের হুকুম রদ করিয়া নীলাম মঞ্জুর করিলাম।" তদনুসারে হুকুম হইল।

১৮৪৭ সাল ৫ আপ্রিল।

দেওয়ানী আদালতে কোন ব্যক্তির পক্ষে ভূমির

out notwithstanding its resumption and assessment.

Bhoobun Mye Debbea,—Petitioner.

This was an appeal from an order of the Judge of Zillah Mymensingh, dated 4th September, 1845, refusing to grant to Petitioner execution of a decree obtained by her against Raja Gobind Chunder Raee, on the 26th September, 1836.

The Petitioner, Zemindar of Pergunnah Alap Sing, sued the above individual who was the Talookdar of Pergunnah Pookooreea, for possession of 300 kors of land constituting Bund Deor Chur, in Perguunah Alap Sing, and obtained a decree. On steps being taken for its execution, it was discovered that the land had been resumed under Regulation II. 1819, as forming Boorar Chur pertaining to Pergunnah Pookooreea, and that the Collector was in possession of it. Reference being made by the Zillah Judge to the Special Commissioner, the latter authority, after permitting Petitioner to apply for a review of Judgment, declared that the resumption of the land as Boorar Chur could not affect her rights as proprietor, and there was no bar to the execution of the Civil decree which awarded to her a portion of it under the name of Bund Deor Chur. The Judge nevertheless would not grant execution of the decree, as it had not been given against the Collector the party in possession Hence the appeal.

By the Court, (present Mr. Tucker)

" The decree of the 26th September, 1836, must be executed. The Special Commissioner's order of 16th January, 1844, is to the same purport. The Resumption by Government does not touch the proprietary right, but merely extends to subjecting the lands to the payment of Revenue" Order accordingly.

April 13th, 1847.—Government cannot recover a fine under Section 11, Regulation XXVII 1793, from parties making illegal collections, until they have been successfully prosecuted by those aggrieved.

The Application of Government in such a case should be on a stamp of 8 annas, as for a Miscellaneous Petition.

Government—Petitioner.

This was an appeal from an order of the Judge of Jessore, dated 5th March, 1846, requiring an application by the Collector under Section 11, Regulation XXVII. 1793, for the punishment of persons levying illegal cesses, to be preferred on a full stamp.

Regarding this case Mr. Tucker, who heard the appeal, addressed the following Minute to his Colleagues for their opinion :

" Radha Mohun Chowdry having obtained a " decree against Prawnnath Chowdry, for certain

ডিক্রী হইলে সেই ভূমি বাজেয়াপ্ত হইলেও তাহার উপর কর ধার্য্য হইলেও সেই ডিক্রী জারী হইতে পারে।

ভুবনময়ী দেবী। দরখাস্তকারিণী।

দরখাস্তকারিণী ১৮৩৬ সালের ২৬ সেপ্টেম্বর তারিখে রাজা গোবিন্দচন্দ্র রায়ের বিরুদ্ধে ডিক্রী পাইল। ঐ ডিক্রী জারী করিতে জিলা ময়মনসিংহের জজ সাহেবের নিকটে দরখাস্ত করিল কিন্তু জজ সাহেব ১৮৪৫ সালের ৪ সেপ্টেম্বর তারিখে ডিক্রী জারী করিতে অস্বীকার করিলেন। জজ সাহেবের সেই হুকুমের উপর এই আপীল হইল।

দরখাস্তকারিণী পরগনা আলাপ সিংহের জমীদার। সেই স্ত্রী পরগনা আলাপসিংহের অন্তর্গত বন্দদেওরচর নামক তিন শত কর ভূমির দখল পাইবার জন্যে পরগনা পুকুরিয়ার তালুকদার পূর্ব্বোক্ত রাজার নামে নালিশ করিলে তাহার পক্ষে ডিক্রী হইল। সেই ডিক্রী জারী করিবার উদ্যোগ হইলে দৃষ্ট হইল যে ঐ ভূমি পরগনা পুকুরিয়াসংক্রান্ত বুরার চর হওয়াতে ১৮১৯ সালের ২ আইনানুসারে বাজেয়াপ্ত হইয়া কালেক্টর সাহেবের দখলে আছে। তাহাতে জিলার জজ সাহেব এই বিষয় স্পেসিয়ল কমিস্যনর সাহেবের নিকটে অর্পণ করিলে ঐ কমিস্যনর সাহেব দরখাস্তকারিণীকে পুনর্ব্বিচার করিবার দরখাস্ত করিতে অনুমতি দিয়া কহিলেন যে ঐ ভূমি বুরার চর বলিয়া বাজেয়াপ্ত হওনপ্রযুক্ত তাহাতে দখাস্তকারিণীর মালিকী স্বত্বের কোন ব্যাঘাত হইতে পারে না এবং বন্দদেওর চর নামে ঐ চরের অংশের তাহার পক্ষে যে ডিক্রী হইয়াছিল সেই দেওয়ানী ডিক্রী জারী করিবার কোন বাধা নাই। তথাপি ঐ ভূমি কালেক্টর সাহেবের দখলে আছে এবং ডিক্রী ঐ সাহেবের বিরুদ্ধে হয় নাই ইহা বলিয়া জজ সাহেব ডিক্রী জারী করিতে অস্বীকার করিলেন এবং সেইপ্রযুক্ত এই আপীল হয়।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব হুকুম করিলেন যে "১৮৩৬ সালের ২৬ সেপ্টেম্বর তারিখের ডিক্রী জারী করিতে হইবেক। স্পেসিয়ল কমিস্যনর সাহেবের ১৮৪৪ সালের ১৬ জানুআরি তারিখের হুকুমের সেই অভিপ্রায়। সরকারের দ্বারা ভূমি বাজেয়াপ্ত হইলে তাহাতে ভূমির মালিকী স্বত্বের কোন ব্যাঘাত হয় না বাজেয়াপ্তের ফল এইমাত্র যে ভূমি কর দেওনের যোগ্য হয়।" তদনুসারে হুকুম হইল।

১৮৪৭ সাল ১৩ আপ্রিল।

যে লোকেরা বেআইনী টাকা তহসীল করে তাহারদের নামে অন্যায়গ্রস্ত লোকেরা নালিশ করিয়া জয়ী না হইলে সরকার ১৭৯৩ সালের ২৭ আইনের ১১ ধারানুসারে তাহারদের স্থানে জরীমানা উসুল করিতে পারেন না।

এই মত মোকদ্দমায় সরকারের দরখাস্ত মুৎফরক্কা দরখাস্তের ন্যায় ॥০ আনা মূল্যের ইষ্টাম্প কাগজে হইবেক।

সরকার দরখাস্তকারী।

যশোহরের জজ সাহেব ১৮৪৬ সালের ৫ মার্চ তারিখে হুকুম করিলেন যে বেআইনী সায়েরাৎ যাহারা উসুল করে তাহাদের দণ্ডের নিমিত্ত কালেক্টর সাহেব ১৭৯৩ সালের ২৭ আইনের ১১ ধারানুসারে দরখাস্ত করিলে তাহা সম্পূর্ণ মূল্যের ইষ্টাম্পকাগজে লিখিতে হইবেক।

শ্রীযুত টকর সাহেব এই আপীলী মোকদ্দমা শুনিলেন এবং তিনি তদ্বিষয়ে আপন সহকারি জজ সাহেবেরদের মত পাইবার জন্যে নীচের লিখিত লিপি তাঁহারদের নিকটে পাঠাইলেন।

" প্রাণনাথ চৌধুরীর বিরুদ্ধে রাধামোহন চৌধুরী " কতক ভূমির মায় ওয়াসিলাতের ডিক্রী পাইলে তাহা-

" lands with wasilaut, an Ameen was deputed to
" put him in possession and to ascertain the a-
" mount wasilaut."

" When the Ameen's accounts came to be exa-
" mined, it appeared that the sum of Rupees 6,408
" had been realized by Prawnnath Chowdry, con-
" trary to the Provisions of Section 11, Regulation
" XXVII. 1793, and the Judge refused to allow
" the item to be entered in the account wasilaut
" payable to the decree-holder. This decision of
" the Zillah Judge was affirmed in appeal by the
" Sudder Dewanny Adawlut."*

" The Judge then gave information to the Col-
" lector of the District, that he might adopt such
" measures as he deemed proper for prosecuting
" Prawnnath Chowdry, on the part of Government.
" Accordingly the Collector filed through the Go-
" vernment Pleader a Petition on an eight anna
" Stamp paper, setting forth the circumstances
" above stated, and requesting that the Court
" would, on reference to the fact as exhibited in
" the proceedings held on the execution of the
" decree, summon the party, and after enquiry fix
" the amount fine to be paid to Government"

" The Judge non-suited the Collector, because
" instead of valuing the suit under Article No.
" 8, Schedule B, Regulation X 1829, he had en-
" grossed it on a paper of only eight annas value."

" A Summary appeal was then presented to this
" Court, and the Judge was called upon to explain
" the grounds on which he had acted in non-suit-
" ing the Plaintiff."

" He replied, that as the Plaintiff averred an ille-
" gal Collection to the extent of Rupees 6,408, he
" would have to establish that point before he
" could be entitled to any fine, and therefore the
" Stamp used should have been of value sufficient
" to cover that amount."

" The opinion of the Court is requested on the
" following points arising out of this case

1st. " Can the Government come in under
" Section 11, Regulation XXVII. 1793, and move
" the Court to impose a fine on the offender, when
" no prosecution has been instituted by the persons
" aggrieved ?"

2dly. " If Government can do so, on what
" valuation is the suit to be instituted ?"

" My own opinion is, on the first question, that
" Government cannot so come into Court. The law
" is a highly penal law and must be strictly cons-
" trued. The Government have no object in su-
" ing for the fine distinct from the protection the
" law affords to the subject from exaction, and the
" aggrieved party is left to bring forward his own
" complaint, and it is not until such complaint so
" preferred has been proved, that Government is
" entitled to the fine, which the Court may think

* See the case of Radha Mohun Ghose Chowdry, petitioner, decided 10th February, 1846, Reports of Summary Cases, Vol. I. Part II. Page 75.

" কে সেই ভূমির দখল দিতে এবং ওয়াসিলাতের টাকা
" নির্ণয় করিতে এক জন আমীনকে পাঠান গেল ।

"যখন আমীনের হিসাবের তজবীজ হইল তখন দৃষ্ট
" হইল যে প্রাণনাথ চৌধুরী ১৭৯৩ সালের ২৭ আইনের
" ১১ ধারার বিধানের বিপরীত ৬৪০৮৲ টাকা আদায়
" করিয়াছে এবং জজ সাহেব ডিক্রীদারের পাওনা ওয়া-
" সিলাতের হিসাবের মধ্যে সেই টাকা লিখিবার অনু-
" মতি দিতে অস্বীকার করিলেন । জিলার জজ সাহেবের
" এই নিষ্পত্তির উপর আপীল হইলে সদর দেওয়ানী
" আদালতের জজ সাহেবেরা তাহা মঞ্জুর করিলেন ।" *

" পরে জজ সাহেব জিলার কালেক্টর সাহেবকে এই
" বিষয়ের সম্বাদ এতদর্থে দিলেন যে তিনি সরকারের
" তরফে প্রাণনাথ চৌধুরীর নামে নালিশ করিতে যেং
" উদ্যোগ উপযুক্ত বোধ করেন তাহাই করেন তাহাতে
" কালেক্টর সাহেব সরকারী উকীলের দ্বারা ॥০ আনা
" মূল্যের ইষ্টাম্প কাগজে দরখাস্ত দাখিল করিলেন
" সেই দরখাস্তে উপরের উক্ত বিষয় লিখিয়া এই প্রার্থনা
" করিলেন যে ডিক্রী জারীর সময়ে যে রুবকারী হয়
" তাহাতে লিখিত বৃত্তান্ত দৃষ্টি করিয়া জজ সাহেব প্রাণ-
" নাথ চৌধুরীকে তলব করিয়া বিচারপূর্ব্বক সরকারে যে
" জরীমানা দিতে হয় তাহা নির্দ্ধার্য্য করেন ।"

" জজ সাহেব ইহা বলিয়া কালেক্টর সাহেবকে নন-
" সুট করিলেন যে তিনি ১৮২৯ সালের ১০ আইনের
" B চিহ্নিত তফসীলের ৮ দফাঅনুসারে মোকদ্দমার
" মূল্য না ধরিয়া কেবল ॥০ আনা মূল্যের কাগজে দর-
" খাস্ত দাখিল করিয়াছিলেন ।"

" তাহাতে এই আদালতে সরাসরী আপীল হইল এবং
" জজ সাহেব যে কারণে ফরিয়াদীকে নন্‌সুট করিলেন
" তাহা জানাইতে তাঁহার প্রতি হুকুম হইল ।"

" তিনি উত্তর করিলেন যে ফরিয়াদী ৬৪০৮৲ টাকা
" পর্য্যন্ত বেআইনী টাকা উসুল হইবার বিষয়ে দরখাস্ত
" লেখেন অতএব কোন জরীমানা পাইবার পূর্ব্বে সেই
" বিষয় তাঁহার সাব্যস্ত করিতে হইবেক এইপ্রযুক্ত তত
" টাকার নালিশে যে মূল্যের ইষ্টাম্প কাগজের আব-
" শ্যক সেই মূল্যের ইষ্টাম্প কাগজে দরখাস্ত লেখা
" তাঁহার উচিত ছিল ।"

" এই মোকদ্দমাসম্পর্কীয় নীচের লিখিত কএক বিষয়ে
" জজ সাহেবেরদের মতের প্রার্থনা হইতেছে ।"

প্রথম । " অন্যায়গ্রস্ত ব্যক্তিরা নালিশ না করিলে
" সরকার ১৭৯৩ সালের ২৭ আইনের ১১ ধারানুসারে
" নালিশ করিয়া অপরাধির জরীমানা করিতে আদালতে
" দরখাস্ত দিতে পারেন কি না ।"

দ্বিতীয় । "যদি সরকার তাহা করিতে পারেন তবে
" মোকদ্দমার কি মূল্য ধরিতে হইবেক ।"

" প্রথম বিষয়ে আমার মত এই যে সরকার সেই
" প্রকারে নালিশ করিতে পারেন না । উক্ত আইন ভারি
" দণ্ডবিশিষ্ট আইন এবং অতি আঁটাআঁটি করিয়া
" তাহার অর্থ করিতে হয় । জরীমানার বিষয়ে নালিশ
" করণেতে সরকারের এইমাত্র অভিপ্রায় যে প্রজারদিগকে
" বেআইনী টাকার দাওয়াহইতে আইন যে রক্ষা করি-
" তেছেন তাহা সম্পন্ন হয় এবং তদ্বিষয়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তির
" আপনার জন্যে নালিশ করিতে হয় এবং যাবৎ ঐ
" ব্যক্তির নালিশ সাব্যস্ত না হয় তাবৎ ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে
" আদালত যে টাকা ফিরিয়া দিতে এবং ক্ষতিপূরণের

* সরাসরী মোকদ্দমার রিপোর্টের ২ বালমের ১ খণ্ডের ৭৫ পৃষ্ঠায় রাধামোহন ঘোষ চৌধুরী দরখাস্তকারির যে মোকদ্দমা ১৮৪৬ সালের ১০ ফেব্রুআরি তারিখে নিষ্পত্তি হইল তাহা দেখ ।

"fit to award over and above the refund with damages to the party aggrieved. On the second question my opinion is, that it being conceded that Government can come into Court, under the circumstances, a Miscellaneous petition is sufficient."

"In the first place, the proceedings are of a Summary nature, the Judge being enjoined to dispose of the case in ten days, or as soon as the evidence to prove the charge can be collected. Secondly, Government are not concerned in the amount illegally collected and the fine is in the discretion of the Court, so that it is impossible for the Government to know before-hand what amount of fine will be awarded. To require a stamp sufficient to cover the amount alleged to have been exacted, is opposed to the ordinary principle that in cases not otherwise provided for, a man should lay his suit at the amount at which he values his interest in the subject of action. But in these cases Government have no interest in the subject of action, viz. the amount exacted, whilst the fine does not depend on the amount exacted, but on the circumstances in life of the offender."

The Court, Messrs. Rattray and Reid, having concurred with Mr. Tucker, the Zillah Judge was directed to restore the case to the file and dispose of it with reference to the opinion expressed, that Government could not apply for the imposition of the penalty, until the aggrieved parties had prosecuted on their own account and proved the exaction of illegal cesses.

April 26th, 1847.—A Civil Court cannot stay execution of an award under Act IV. 1840, pending the decision of a suit instituted to reverse it.

Musstt. Sermut Oonissa and others—Petitioners.

This was an appeal from an order of the Judge of Zillah Backergunge, dated 12th December, 1846, reversing that of the Principal Sudder Ameen, dated the 4th idem, directing the Magistrate to stop the execution of his award under Act IV. of 1840, pending the decision of an action to contest it, instituted in the Civil Court.

The Petitioners and Kunhaiee Lall Thakoor disputed about the possession of five Kanees of land. The Magistrate decided in favor of the latter under Act IV. 1840; on appeal his order was upheld by the Session Judge. The petitioners then sued in the Court of the Principal Sudder Ameen for its reversal and applied for an injunction, which the Principal Sudder Ameen issued to the Magistrate, to stop execution of his award till the suit in the Civil Court was determined. Dissatisfied with

"যে টাকা দিতে হুকুম করেন তদতিরিক্ত যে জরীমানা উচিত বোধ করেন সেই জরীমানা সরকার পাইতে পারেন না। দ্বিতীয় বিষয়ে আমার মত এই যে সকল বিষয় বুঝিয়া যদি সরকার আদালতে নালিশ করিতে পারেন তবে মুৎফরক্কা দরখাস্ত দিলে প্রচুর হইবেক।"

"প্রথমতঃ। এই প্রকার মোকদ্দমার কার্য্য সরাসরী যেহেতুক জজ সাহেবের প্রতি হুকুম আছে যে দশ দিনের মধ্যে কিম্বা নালিশ সাব্যস্ত করিবার জন্যে সাক্ষ্য যত শীঘ্র পাওয়া যাইতে পারে তত শীঘ্র মোকদ্দমার নিষ্পত্তি করেন। দ্বিতীয়তঃ। আইন বিরুদ্ধ যে টাকা আদায় হয় তাহাতে সরকারের কোন সম্পর্ক নাই এবং আদালত আপনার বিবেচনামতে জরীমানা করিবেন বা না করিবেন অতএব কিপর্য্যন্ত জরীমানার হুকুম হইবেক তাহা সরকার পূর্ব্বে জানিতে পারেন না। যত টাকা অন্যায়রূপে তহসীল হইয়াছে কথিত হয় তাহার উপযুক্ত ইষ্টাম্প কাগজে নালিশের দরখাস্ত করিতে যদি হুকুম হয় তবে তাহা এই সাধারণ নিয়মের বিপরীত হয় যে যে গতিকে কোন বিশেষ বিধি নাই এইমত গতিকে যে বিষয় লইয়া মোকদ্দমা হয় তাহাতে ফরিয়াদী আপন সম্পর্কতার যে মুল্য ধরে সেই মুল্যানুসারে নালিশ করিতে হইবেক। কিন্তু এই প্রকার মোকদ্দমাতে যে বিষয় লইয়া মোকদ্দমা হয় অর্থাৎ অন্যায়রূপে তহসীলহওয়া টাকা তাহাতে সরকারের কোন সম্পর্ক নাই। পুনশ্চ যে জরীমানা হয় তাহা অন্যায়রূপে তহসীলহওয়া টাকা বুঝিয়া হয় না কিন্তু অপরাধির সংস্থান বুঝিয়া হয়।"

সদর আদালতের জজ শ্রীযুত রেটরি সাহেব ও শ্রীযুত রীড সাহেব শ্রীযুত টকর সাহেবের মতে ঐক্য হইলেন এবং জিলার জজ সাহেবের প্রতি হুকুম হইল যে তিনি ঐ মোকদ্দমা পুনরায় নথীর শামিল করিয়া উপরের লিখিত মতে দৃষ্টি রাখিয়া মোকদ্দমা নিষ্পত্তি করেন অর্থাৎ অন্যায়গ্রস্ত ব্যক্তিরা যদি আপনারদের নিমিত্ত নালিশ না করে এবং বেআইনী টাকা তহসীল করণের প্রমাণ না দেয় তবে সরকার জরীমানার টাকার বিষয়ে দরখাস্ত করিতে পারেন না।

১৮৪৭ সাল ২৬ আপ্রিল।

১৮৪০ সালের ৪ আইনানুসারে যে হুকুম হয় তাহা অন্যথা করণার্থ মোকদ্দমা যাবৎ উপস্থিত থাকে তাবৎ দেওয়ানী আদালত ঐ হুকুম জারী স্থগিত করিতে পারেন না।

মসম্মাৎ শ্রীমৎউন্নিসা ওগয়রহ। দরখাস্তকারী।

জিলা বাকরগঞ্জের প্রধান সদর আমীন ১৮৪৬ সালের ৪ ডিসেম্বর তারিখে মাজিষ্ট্রেট সাহেবকে হুকুম করিলেন যে ১৮৪০ সালের ৪ আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করিলেন তাহা অন্যথা করণার্থ দেওয়ানী আদালতে যে মোকদ্দমা উপস্থিত হইয়াছে তাহার নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত সেই হুকুম জারী স্থগিত করেন। প্রধান সদর আমীনের সেই হুকুম ঐ জিলার জজ সাহেব ঐ মাসের ১২ তারিখে অন্যথা করেন। জজ সাহেবের সেই হুকুমের উপর এই আপীল হয়।

পাঁচ কানি ভূমির দখলের বিষয়ে কানাইলাল ঠাকুরের সঙ্গে দরখাস্তকারিরদের বিবাদ হইয়াছিল। মাজিষ্ট্রেট সাহেব ১৮৪০ সালের ৪ আইনানুসারে কানাইলাল ঠাকুরের পক্ষে তাহার বিষয়ের হুকুম করিলেন তাঁহার হুকুমের উপর আপীল হইলে সেশন জজ সাহেব তাহা বহাল রাখিলেন। পরে ঐ হুকুম অন্যথা হইবার জন্যে দরখাস্তকারিরা প্রধান সদর আমীনের আদালতে নালিশ করিয়া প্রার্থনা করিল যে প্রধান সদর আমীন মাজিষ্ট্রেট সাহেবের প্রতি এইমত হুকুম দেন যে দেওয়ানী আদালতে সেই মোকদ্দমার নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত আপনার হুকুম জারী না করেন এবং প্রধান সদর আমীন ১৮৪৬ সালের ৪

this order, which was dated the 4th December, 1846, Kunhaiee Lall Thakoor appealed to the Judge, who on the 12th idem, reversed it as contrary to the provisions of Act IV. 1840. The petitioners then appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (present Messrs. Tucker and Hawkins)

"Act IV. 1840 clearly declares that the party put in possession by the Magistrate is to be maintained in possession until the rights of the parties disputing be determined by a competent Court. The Principal Sudder Ameen was therefore not authorized to issue an order to suspend possession being given. The order of the Judge in reversal of that of the Principal Sudder Ameen is quite correct." Petition rejected.

May 11th, 1847.—A conviction under Section 27, Act XXIX 1838, is appealable to the Sudder Dewanny Adawlut only on special grounds as prescribed by Section 32, of the Act.

A conviction under the first named Section, is not vitiated by the omission to hold the local investigation prescribed by Section 99, Regulation X 1819.

Bishennath Biswas, and others—Petitioners

This was an application for a review of an order passed by Mr. Reid, late Judge of the Court, on the 27th May, 1845.

The petitioners had been convicted by the Judge of 24-Pergunnahs, under the provisions of Section 27, Act XXIX. of 1838, of not giving information of illicit salt works upon their estate, and fined to the extent of 12,000 Rupees, the number of Khalarees having been ascertained to have been twenty-four. From this order they appealed to the Sudder Dewanny Adawlut, but the Court, present Mr. Reid, rejected the appeal, as no special ground for its admission had been shewn, as required by Section 32, Act XXIX 1838.

The petitioners then appealed for a review of the order of this Court, on (among other reasons,) the ground that the investigation prescribed by Section 99, Regulation X. 1819, had not been made. Mr. Reid called upon the Judge to ascertain and report whether the enquiry had been made or not.

The return shewed that the investigation had been made as far as practicable, and that the only reason why every part of it, had not been carried out to the letter was the absconding of the ryots, which prevented the prescribed attestation of the report of the enquiry.

By the Court, (Mr. Tucker, Sir R. Barlow and Mr. Hawkins)

"Section 99, Regulation X 1819, prescribes a local enquiry in certain cases, and states that if any thing shall appear in the course of such to implicate the land-holder, he may be proceeded against. But the admission to hold such enquiry does not vitiate a conviction under Section

ডিসেম্বর তারিখে সেইরূপ হুকুম করিলেন ঐ হুকুমেতে কানাইলাল ঠাকুর অসম্মত হইয়া জজ সাহেবের নিকটে আপীল করিল তাহাতে ঐ হুকুম ১৮৪০ সালের ৪ আইনের বিধানের বিপরীত বলিয়া জজ সাহেব তাহা ঐ মাসের ১২ তারিখে অন্যথা করিলেন পরে দরখাস্তকারিরা সদর দেওয়ানী আদালতে আপীল করে।

সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব হুকুম করিলেন যে

১৮৪০ সালের ৪ আইনে স্পষ্টরূপে লেখা আছে যে বিবাদিবদের স্বত্ব যেপর্য্যন্ত উপযুক্ত ক্ষমতাবিশিষ্ট আদালতে নিশ্চয় করা না যায় সেইপর্য্যন্ত মাজিস্ট্রেট সাহেব যাহাকে দখল দেওয়ান সেই ব্যক্তির দখলে সেই বিষয় থাকিবেক অতএব তাঁহাকে দখল দেওয়া স্থগিত করিতে প্রধান সদর আমীনের হুকুম দিবার ক্ষমতা নাই। এবং জজ সাহেবের যে হুকুমক্রমে প্রধান সদর আমীনের হুকুম অন্যথা হয় তাহা যথার্থ। দরখাস্ত অগ্রাহ্য হইল।

১৮৪৭ সাল ১১ মে।

১৮৩৮ সালের ২৯ আইনের ২৭ ধারানুসারে যে দোষ সাব্যস্ত হয় তাহার বিষয়ে ঐ আইনের ৩২ ধারার নির্দ্দিষ্টমতে বিশেষ হেতু না থাকিলে সদর দেওয়ানী আদালতে আপীল হইতে পারে না।

১৮১৯ সালের ১০ আইনের ৯৯ ধারাতে যে সরেজমীনে তজবীজ করিবার হুকুম আছে তাহা না হইলেও ১৮৩৮ সালের ২৯ আইনের ২৭ ধারানুসারে যে দোষ সাব্যস্ত হয় তাহা অন্যথা হইতে পারে না।

বিশ্বনাথ বিশ্বাসওগয়রহ। দরখাস্তকারী।

এই আদালতের সাবেক জজ শ্রীযুত রীড সাহেব ১৮৪৫ সালের ২৭ মে তারিখে যে হুকুম করেন তাহার পুনর্ব্বিচার করিতে এই দরখাস্ত হইল।

জিলা চব্বিশপরগনার জজ সাহেব ১৮৩৮ সালের ২৯ আইনের ২৭ ধারার বিধানমতে দরখাস্তকারিরদের মহালে বিনাঅনুমতির লবণের খালাড়ীর বিষয়ি সম্বাদ না দেওনের বিষয়ে তাহারদিগকে দোষী করিলেন এবং তাহারদের ১২,০০০৲ টাকা জরীমানা করিলেন যেহেতুক দেখা গেল যে বিনাঅনুমতির ২৪ খান খালাড়ী ছিল। এই হুকুমের উপর তাহারা সদর দেওয়ানী আদালতে আপীল করিল কিন্তু ১৮৩৮ সালের ২৯ আইনের ৩২ ধারার নির্দ্দিষ্টমতে ঐ আপীল গ্রাহ্য করণের বিশেষ হেতু দর্শান যায় নাই বলিয়া সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব ঐ আপীল অগ্রাহ্য করিলেন।

তৎপরে দরখাস্তকারিরা নানা কারণে এই আদালতের হুকুমের পুনর্ব্বিচার হওনের বিষয়ে আপীল করিল তাহার মধ্যে বিশেষ কারণ এই যে ১৮১৯ সালের ১০ আইনের ৯৯ ধারায় যে তজবীজ করণের হুকুম আছে তাহা হয় নাই তাহাতে শ্রীযুত রীড সাহেব ঐ তজবীজ হইয়াছিল কি না এই বিষয় নিশ্চয় করিয়া রিপোর্ট করিতে জজ সাহেবের প্রতি হুকুম দিলেন।

রিপোর্টের দ্বারা দৃষ্ট হইল যে ঐ তজবীজ সাধ্যপর্য্যন্ত হইয়াছিল এবং অবিকল সম্পূর্ণরূপে না হওনের কারণ এইমাত্র যে রাইয়তেরা পলায়ন করিল তাহাতে ঐ তজবীজের রিপোর্টে নির্দ্দিষ্টমতে সাক্ষিরদের দস্তখৎ হইতে পারিল না।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত সর আর বার্লো সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব হুকুম করিলেন যে

১৮১৯ সালের ১০ আইনের ৯৯ ধারাতে হুকুম আছে যে কোন২ গতিকে সরেজমীনে তজবীজ করিতে হইবেক এবং ঐ তজবীজহওনের সময়ে যাহাতে ভূম্যধিকারির প্রতি দোষ পড়ে এমত কোন বিষয় দৃষ্ট হইলে তাহার নামে নালিশ হইতে পারে কিন্তু ঐ সরেজমীনে তজবীজ না হইলেও ১৮৩৮ সালের ২৯ আইনের ২৭ ধারার

27, Act XXIX. 1838, which is altogether independent of the provisions of Section 99, Regulation X. 1819. The petition for review is therefore rejected."

ঘোষ সাহেবের কিছু ব্যাঘাত হয় না যেহেতুক ঐ ধারার ১৮১৯ সালের ১০ আইনের ৯৯ ধারার বিধানের সঙ্গে কোন সম্পর্ক নাই। তাহাতে পুনর্ব্বিচারের দরখাস্ত নামঞ্জুর হইল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 18

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

Rajah Sutt Churn Ghosal Bahadoor having brought to the notice of the Government the omission on the part of its Officers, of the titles conferred on his late father, to which he has succeeded, I am directed by the Court in pursuance of the orders of the Government, (dated the 2nd instant,) to request that the style of address to which the Rajah is entitled, be observed by the several authorities in their future communications with him.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 9th June, 1847.

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

শ্রীযুত রাজা সত্যচরণ ঘোষাল বাহাদুর গবর্ণমেণ্টকে জানাইয়াছেন যে তাঁহার ৺ প্রাপ্ত পিতাকে যত্ন যে খ্যাতির উত্তরাধিকারী তিনি হইয়াছেন তাহা সরকারের কর্ম্মকারকেরা লেখেন না অতএব বর্ত্তমান মাসের ২ তারিখের গবর্ণমেণ্টের হুকুমানুসারে সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে রাজা বাহাদুরের যে খ্যাতি আছে সরকারী নানা কর্ম্মকারক লিখনপঠন সময়ে তাহা লেখেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৯ জুন।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 25th June, 1847.

Baboo Juggudanund Mookerjee, (who has obtained a Diploma,) to be Moonsiff of Rughoonathpore, in Manbhoom, vice Baboo Taruknath Sein promoted.

The 30th June, 1847.

Baboo Woomes Chunder Mookerjee, Moonsiff of Putneetullah, Zillah Dinagepore, to be Moonsiff of Aunundpore, Zillah Midnapore.

Roushun Ally, to be Moonsiff of Putneetullah, Zillah Dinagepore.

LEAVE OF ABSENCE.

The 25th June, 1847.

Ally Neas, Moonsiff of Bhutteearee, Zillah Chittagong, for seven days from the 15th instant.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৫ জুন।

শ্রীযুত বাবু তারকনাথ সেন উচ্চ পদ প্রাপ্ত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু জগদানন্দ মুখুয্যা মানভূমে রঘুনাথপুরের মুনসেফ হইবেন।

১৮৪৭ সাল ৩০ জুন।

জিলা দিনাজপুরের পত্নীতলার মুনসেফ শ্রীযুত বাবু উমেশচন্দ্র মুখুয্যা জিলা মেদিনীপুরে আনন্দপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত রৌশন আলী জিলা দিনাজপুরের পত্নীতলার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২৫ জুন।

জিলা চাটিগাঁর ভটিয়ারীর মুনসেফ শ্রীযুত আলী নিয়াজ বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৭২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ৯ জুন।

শ্রীযুত বাবু ধরণীধর রায় ময়মনসিংহের আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট মোকদ্দমার বিচারকরণের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৪৭ সাল ২১ জুন।

শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেব (Mr. F. J. Cockburn,) পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডাক্তর করবেট সাহেব (Dr. Corbett,) ও শ্রীযুত কিং সাহেবের (Mr. King,) পরিবর্ত্তে শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) ও শ্রীযুত ই এচ এনসন সাহেব (Mr. E. H. Anson,) পাটনাতে প্রদারাব নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত কাপ্তান ই আর লৈয়ন্স সাহেবের (Captain E. R. Lyons,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ব্রিবেট কাপ্তান জি বরনর সাহেব (Brevet Captain G. Verner,) কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৯ জুন।

ময়মনসিংহের আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি পি হোয়াইট সাহেব (Mr. C. P. White,) দুই মাসের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette, 6th July,* 1847.]

১৮৪৭ সাল ১৬ জুন।

ছিলটের একটিং মাজিস্ট্রেট শ্রীযুত ই জে সি বিচার্ড-সন সাহেব (Mr. E. J. C Richardson,) ঐ জিলার কালেক্টর সাহেবের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

নওগাঁর চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত ঔষধপ্রস্তুত-কারি শ্রীযুত জে এফ পিনগল্ট সাহেব (Mr. Apothecary J. F. Pingault,) পাঁচ মাসের ছুটী পাইয়াছেন। তাহার অনুপস্থানপর্য্যন্ত ঔষধপ্রস্তুতকারি শ্রীযুত সিমন্স সাহেব (Mr. Apothecary Simons,) তাহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ভাগলপুরের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখুয্যা দুই মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী নসরুদ্দীন হয়দর বর্ত্তমান মাসের ২ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২১ জুন।

কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান ই আর লৈয়ন্স সাহেব (Captain E. R. Lyons,) যে তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত মাকিলপ সাহেবের (Mr. Mackillop,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২৩ জুন।

ছিলটের কালেক্টর শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand,) বর্ত্তমান মাসের ৪ তারিখে ঐ জিলার মাজিস্ট্রেটী কর্ম্মের ভার গ্রহণ করেন্।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত ই ডিডস সাহেব (Mr. E. Deedes,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

১৩৮৮ নম্বর।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৩ জুন।

শ্রীযুত এচ এফ জেম্স সাহেব (Mr. H. F. James,) গত মে মাসের ২৪ তারিখঅবধি যশোহরের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত সি এস বেল্লাই সাহেব (Mr. C. S. Belli,) ও শ্রীযুত সি ডেবরিন সাহেব (Mr. C. Deverinne,) ও শ্রীযুত এম ষ্টডার্ট সাহেব (Mr M. Stoddart,) যশোহরে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

নওগাঁর গোলাঘাটে আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত জে ডবলিউ মাষ্টর্স সাহেব (Mr J. W. Masters,) ও লক্ষ্মীপুরে ঐ ঐ শ্রীযুত এচ ড্রৈবর সাহেব (Mr. H. Driver,) আসামে মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন এবং দেওয়ানী মোকদ্দমার বিচার করণার্থ বিধির ক্রোড়পত্রের ৩ প্রকরণের নির্দ্দিষ্ট দেওয়ানী ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২৩ জুন।

ফোর্ট উলিয়ম কালেজের ছাত্র শ্রীযুত জি এচ রিকেট্স সাহেব (Mr. G. H. Ricketts,) গত আপ্রিল মাসের ১৯ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সেণ্টজেম্স নামক ভজনালয়ের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর বি বসওএল সাহেব (Revd. R. B. Boswell,) স্বীয় স্বাস্থ্যার্থে কেপে গমনার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৬ জুলাই।]

চব্বিশপরগনার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ময়নুদ্দীন সফদর খাঁ চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ মহামিদকে ঐ জিলার জজ সাহেব যে দশ দিনের ছুটী দেন তাহা মঞ্জুর হইল।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪১৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৬ জুন।

শ্রীযুত বাবু জনার্দ্দন বসু পূরণিয়ার ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৪৭ সাল ২৩ জুন।

শ্রীযুত এচ হৌ সাহেব (Mr. H. Howe,) কলিকাতার মাষ্টর এটেণ্ডেণ্ট সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট হইবেন।

১৮৪৭ সাল ২৮ জুন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট আর বি টৈলর সাহেব (Lieut. R. B. Taylor,) গত মার্চ মাসের ১৬ তারিখঅবধি দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের ছোট আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত মৌলবী জহুরালী শাহাবাদের ফতওয়াদায়ক হইবেন।

১৮৪৭ সাল ৩০ জুন।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত ই ডিডস সাহেব (Mr. E. Deedes,) কটক এলাকাতে ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরও হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৩০ জুন।

ত্রিপুরার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবচন্দ্র চাটুয্যা এক মাসের ছুটী পাইয়াছেন।

কটকের মাজিস্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr. M. S. Gilmore,) বর্ত্তমান মাসের ৯ তারিখে যে এক মাসের ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ৩০ জুন।

গোআলপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের একটিং প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট সি এস রেনাল্ডস সাহেব (Lieut. C. S. Reynolds,) গত মাসের ২১ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

পাবনার জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ আথর্টন সাহেব (Mr. H. Atherton,) গত মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT. নিমক।

NOTIFICATION.

In modification of the rules for bonding Salt, promulgated on the 28th September, 1841, under the authority of the Board of Customs, Salt and Opium, it is hereby notified, that parties, desirous of bonding imported Salt in private Warehouses, may apply to the Collector of Customs for a license in the Form C. appended to Act No. XXV. of 1836.

If the Board are satisfied, on the Collector's report, that the Warehouses mentioned in the application are well adapted for the secure custody of the Salt, a license will be granted under Section XIX. of the above mentioned Act, and Salt may then be bonded therein under the restrictions provided by the Act in respect of any other Article of Merchandize bonded in a private Warehouse.

A portion of the Government Golahs at Sulkea, will be set apart from the 15th Proximo, as a public Warehouse for the reception of Salt on the same terms at a fixed rent, and will continue to be available for that purpose until required by Government.

The rate of wastage allowed upon Salt, so warehoused, will be at the rate of four per cent. per annum, upon the quantity weighed over the ship's side, but the import duty will be settled on the quantity so delivered, according to the provisions of Section XVIII. Act XXV. of 1836.

Warehouses, licensed for the reception of Salt under bond, will not be available for goods of any other description.

All expenses attending the receipt, storage, custody and delivery of Salt at Warehouses licensed as above, or in the Sulkea Golahs, will be borne by the parties availing themselves of the privilege.

Parties who are unable to provide Warehouses so constructed and situated as, in the opinion of the Board, effectually to provide for the secure custody of Salt while under bond, will be allowed, as before, to warehouse their Salt under the Rules of the 28th September, 1841, which otherwise remain in full force, except in so far as they are modified by this Notification.

By order of the Board of Customs, Salt and Opium, the 30th June, 1847.

(Signed) C. BEADON, *Offg. Secretary.*

বিজ্ঞাপন।

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের হুকুমক্রমে ১৮৪১ সালের ২৮ সেপ্টেম্বর তারিখে একরারনামা-অনুসারে লবণ রাখণের যে বিধি প্রকাশ হইয়াছিল তাহা মতান্তর হইল এবং ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে যে ব্যক্তিরা সামান্য গুদামে আমদানীহওয়া লবণ একরার করিয়া রাখিতে চাহেন তাঁহারা ১৮৩৬ সালের ২৫ আইনের নীচের লিখিত C চিহ্নিত পাঠানুসারে অনুমতিপত্র পাইবার জন্যে হাসিলের কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারেন।

কালেক্টর সাহেবের রিপোর্টের দ্বারা যদি বোর্ডের সাহেবেরদের এমত হৃদ্বোধ হয় যে ঐ দরখাস্তের নির্দিষ্ট গুদাম লবণ নির্ব্বিঘ্নে থাকিবার উপযুক্ত তবে উপরের উক্ত আইনের ১৯ ধারানুসারে তাঁহারা অনুমতিপত্র দিবেন এবং সামান্য গুদামে অন্য যে কোন বাণিজ্য দ্রব্য একরার মতে রাখা যায় তাহার বিষয়ে উক্ত আইনেতে যে নিয়ম ও নিষেধ আছে তদনুসারে লবণ একরারমতে সেই গুদামে রাখা যাইতে পারে।

আগামি মাসের ১৫ তারিখঅবধি শালিখার সরকারী গোলার এক ভাগ সেই নিয়মমতে নির্দ্দিষ্ট ভাড়া দিয়া লবণ রাখিবার জন্যে সরকারী গোলার ন্যায় ধার্য্য হইবেক এবং তাহাতে সরকারের যাবৎ প্রয়োজন না হয় তাবৎ সাধারণ লোকেরদের লবণ রাখিবার জন্যে ব্যবহার হইতে পারিবেক।

এইমতে গোলাজাত যত লবণ জাহাজহইতে ওজন করিয়া উবরা করা যায় তাহার পরিমাণানুসারে বৎসরে শতকরা ৪৲ টাকার হারে কমী ধরা যাইবেক কিন্তু এইমতে যত লবণ দাখিল হয় তাহার উপর আমদানীর মাসুল ১৮৩৬ সালের ২৫ আইনের ১৮ ধারার নির্দ্দিষ্ট বিধিমতে ধরা যাইবেক।

একরারক্রমে যে গুদামে লবণ রাখিবার অনুমতি হয় সেই গুদামে অন্য কোন প্রকার দ্রব্য রাখা যাইতে পারিবেক না।

উক্ত প্রকারে অনুমতিহওয়া গুদামে কিম্বা শালিখার গোলাতে লবণের আমদানী করণ ও গুদামজাত করণ ও রক্ষা করণ ও রুপ্তানী করণে যত খরচ হয় তাহা যে ব্যক্তি ঐ গোলাতে লবণ রাখেন সেই ব্যক্তির দিতে হইবেক।

যে গুদাম এমত নির্ম্মিত হয় এবং এমত স্থানে থাকে যে বোর্ডের বিবেচনায় একরারী অবস্থায় লবণ সেখানে নির্ব্বিঘ্নে থাকিতে পারে এমত গুদাম যাঁহারা পাইতে পারেন্ না তাঁহারা ১৮৪১ সালের ২৮ সেপ্টেম্বর তারিখের বিধিমতে লবণ গোলাজাত করিতে পূর্ব্বের ন্যায় অনুমতি পাইবেন। এবং ঐ বিধির যেং বিষয় এই বিজ্ঞাপনের দ্বারা মতান্তর করা গেল না তাহা পূর্ব্ববৎ সম্পূর্ণরূপে প্রবল থাকিবেক।

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের হুকুমক্রমে। ১৮৪৭। ৩০ জুন।

সি বীডন। একটিং সেক্রেটারী।

[*Government Gazette, 6th July,* 1847.]

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারা অনুসারে জেলা রাজশাহির নীচের লিখিত মহাল ইংরেজী ১৮৪৭ সালের জুন মাসের ২৯ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারি নিমিত্তে ইংরেজী ১৮৪৭ সনের ২৪ জুলাই মোতাবেক বাঙ্গলা ১২৫৪ সনের ৯ শ্রাবণ শনিবারের দিবস দিবা দুই প্রহরের পর কালেক্টর সাহেবের কাছারিতে নিলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৭ ইংরেজী তারিখ ৩০ জুন মোতাবেক বাঙ্গলা ১২৫৪ সাল তারিখ ১৭ আষাঢ়।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৪৭ সনের ২৯ জুন তারিখপর্য্যন্ত পাওনা বাকী	মন্তব্য কথা
১	ইস্তুমরারি জমা ধার্য্যের মহাল	৫১৭	কিং অর্জ্জুন পাণ্ড পং লস্করপুর	কালীকান্ত লাহিড়ি কালীশঙ্কর চৌধুরী	১৭৭৬১১	২১৷৷৮	

A FORBES, *Collector.*

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে দিনাজপুর জেলার নীচের লিখিত মহাল ১২৫৪ সনের জ্যৈষ্ঠ মাসের কিস্তিপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইংরেজী ১৮৪৭ সনের জুলাই মাসের ২০ মোতাবেক ১২৫৪ সনের শ্রাবণ মাসের ৫ রোজ মঙ্গলবার কালেক্টর সাহেবের কাছারিতে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি ১৮৪৭ সাল তারিখ ৩০ জুন মোতাবেক ১২৫৪ সাল তারিখ ১৭ আষাঢ়।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	১২৫৪ সনের জ্যৈষ্ঠ মাসপর্য্যন্তের বাকী	মন্তব্য কথা
১	চিরস্থায়ি বন্দোবস্তী মহাল	৩১১	কিসমত পরগনে বার্কিকপুর	কৃষ্ণমণি ও রাধামণি চৌধুরাণী ও রামধন দাস ও কৃষ্ণকুমার নন্দী ও মহাভারত নন্দী	৩৪০৷৩৷	২৫৷৮	

C STEER, *Collector.*

NOTICE.

The Supreme Government having sanctioned the holding of a Fair on the British side of the Bootan Frontier, for the revival and encouragement of Trade, and peaceable intercourse between the inhabitants of Bootan, Sikim, and Nipal, and the people of Rungpoor, Dinajpoor, Malda, Purneah, and of the British Provinces generally, it is hereby notified for general information, that the Fair will take place annually at Titalya, during the full moon of the Hindu month of Pous, and that every protection to the persons, and property of Foreigners, and our own subjects will be secured by the contemplated arrangements, as well as every facility afforded to Trade, and Barter at this new Mart.

The Fair will commence on Saturday, the 18th December, 1847, and continue till Saturday, the 25th idem.

A. Campbell, M. D.,
Superintendent of Darjeeling, and in charge of Bootan Frontier.

Darjeeling, 9th June, 1847.

ইশতিহার।

রঙ্গপুর ও দিনাজপুর ও মালদহ ও পূরণিয়া এবং সাধারণমতে ইঙ্গলণ্ডীয়েরদের অধীন দেশীয়েরদের সঙ্গে ভোটান ও সিকীম ও নেপালীয় লোকেরদের বাণিজ্য এবং শান্তিপূর্ব্বক ব্যবসা পুনঃ স্থাপন করিবার ও তাহাতে উৎসাহ দিবার অভিপ্রায়ে সুপ্রিম গবর্ণমেণ্ট অনুমতি দিয়াছেন যে ভোট দেশের যে অঞ্চল ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারে আছে সেই অঞ্চলে মেলা হয়। অতএব সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বৎসরেং পৌষ মাসের পূর্ণিমাতে তিতালিয়া স্থানে মেলা হইবেক এবং যে নিয়ম করা যাইবেক তাহার দ্বারা বিদেশীয় লোকেরদের এবং ইঙ্গলণ্ডীয় প্রজারদের ও তাহারদের সম্পত্তির রক্ষা হইবেক এবং এই নূতন মেলাতে যাহাতে বাণিজ্যব্যবসার সুগম হয় এমত উপায় করা যাইবেক।

ঐ মেলা ১৮৪৭ সালের ১৮ ডিসেম্বর তারিখ শনিবারে আরম্ভ হইয়া ঐ মাসের ২৫ তারিখ শনিবারপর্য্যন্ত চলিবেক।

এ কাম্বেল।
দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট ও ভোটান অঞ্চলের অধ্যক্ষ।

দারজিলিঙ্গ ১৮৪৭। ৯ জুন।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the fifth day of June instant, in the matter of the petition of LEWIS BERNARD D'MELLO, late of Ballygunge, in the Suburbs of Calcutta, an Assistant in the Military Board Office, and late a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the seventh day of August next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said LEWIS BERNARD D'MELLO appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer. Dated this 29th day of June, 1847.

W. H. Duff, *Insolvent's Attorney.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

মিলিটারী বোর্ড আফিসের আসিষ্টাণ্ট কলিকাতার শহরতলী বালীগঞ্জ নিবাসি লুইস বর্ণার্ড ডিমেলো সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুন মাসের ৫ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবার বেলা এগার ঘন্টার সময়ে শুনা যায়।

উক্ত লুইস বর্ণার্ড ডিমেলো সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

১৮৪৭। ২৯ জুন। ডবলিউ এচ ডফ। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the twenty-eighth day of the month of June, 1847, the matters of the petition of JOHN DAVIDSON, late of Weston's Lane, in the town of Calcutta, Broker, and lately a prisoner confined for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the seventh day of August next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said JOHN DAVIDSON appear in a Schedule filed by him in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

Calcutta, 30th June, 1847. Shaw and Lyons, *Attornies for the Insolvent.*

[*Government Gazette, 6th July*, 1847.]

কলিকাতা নগরের ওএষ্টন লেন নিবাসি পোদ্দার জান ডেবিডসন সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৭ সালের ২৮ জুন তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবার বেলা এগার ঘণ্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত জান ডেবিডসন সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

কলিকাতা ১৮৪৭। ৩০ জুন। শা ও লায়ন্স। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, the matter of the Petition of CHARLES WAGENTRIEBER, of Dacca, in the Province of Bengal, Sugar Manufacturer, but formerly of Soopore Soorool, in the District of Beerbhoom, and Burdwan, Trader, and late a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the seventh day of August next.

The names of the Creditors of the said Insolvent appear in a Schedule filed with the said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

15th June, 1847. W. H. OWEN, *Attorney for the said Insolvent.*

পূর্ব্বে জিলা বীরভূমে সুপুরসুরুলে ও বর্দ্ধমানে বাণিজ্যকারী পরে বাঙ্গলা দেশের ঢাকা শহরে চিনি প্রস্তুত কারি চার্লস ওএগণ্ট্রিবর সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবার বেলা এগার ঘণ্টার সময়ে শুনা যায়।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

১৮৪৭। ১৫ জুন। ডবলিউ এচ ওএন। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ৬ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 13, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ১৩ জুলাই।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশতিহার।

OPIUM.

আফিম।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪৭ সাল তারিখ ২৫ জুন মোতাবকে বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ১২ আষাঢ়।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৭ সাল তারিখ ১২ জুলাই মোতাবকে বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ২৯ আষাঢ় সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৫।'৪৬ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় করা যাইবেক। বেহারের পয়দায়শী আফিম ১৬৮৫ বানারসের পয়দায়শী আফিম ৭২৪ জুমলা সিন্দুক ২৪০৯

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিমসকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপে রপ্তানিভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲ টাকা দরে চলিতমতে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক যদিস্যাৎ এমত কোন ঘটনা উপস্থিত না হয় যে ঘটনার জন্যে এই নীলামের শরতের ১২ দফায় বিশেষ নিয়ম নির্দ্ধারিত করা গেল।

৩ দফা। ঐ নীলাম পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময় আরম্ভ হইবেক এবং অপরাহ্নে দুই প্রহর পাঁচ ঘন্টার পর স্থগিত হইবেক কিন্তু যদি ঐ ঘড়িতে যে সকল লাটহায় বিক্রয়ের কারণ ইশতেহার হইল তাহার কতক লাট গর বিক্রী থাকে তবে সাহেবান বোর্ডের বিবেচনানুসারে তৎপর দিবস যদি সে দিবস রবিবার কিম্বা কোন পর্ব্বাহ না হয় তবে বেলা এগার ঘন্টার সময় পুনশ্চ বিক্রয় করিতে আরম্ভ করা যাইবেক এই রীতিক্রমে যাবৎ সমুদয় লাট বিক্রীত না হয় তাবৎ নীলাম করা যাইবেক। আর যে দিবসে বিক্রয়ের ইশতেহার হইল সে দিবস যদি ঐ সমুদয় ২৪০৯ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে যে সকল লাট হাতে থাকিবেক তাহা সাহেবান বোর্ড ভবিষ্যৎ কোন নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। নীলাম ঘরের ভিতর খরিদারের নাম রেজিষ্টরী হওনের পূর্ব্বে প্রত্যেক লাট যে দরে ডাক মঞ্জুর হইবেক সেই দরের মোটের উপর ফিশত ২৫৲ টাকার হিসাবে খরিদারকে আমানৎ পেশগীর বাবৎ প্রমিস্যরী নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৭ সালের ১৫ জুলাই বৃহস্পতিবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রমিস্যরী নোট সকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটতাবের আমানৎ পেশগী হিসাবে টাকা অথবা সবট্রেজরর সাহেবের রসিদ কিম্বা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময় ও সেই নিয়মানুসারে ছানী নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানৎ পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জমা হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রমিস্যরী নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত ১৮৪৭ সালের ১৫ জুলাই তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবৎ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবৎ আমানৎ পেশগীর টাকা ঐ ১৫ জুলাই দিবা দুই প্রহর চারিঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে ইশতাহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখ হইতে পুরা পনের দিনের মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৭ সালের ২৭ জুলাই মঙ্গলবার দিবা দুই প্রহর চারি ঘন্টার পর উক্ত কিম্মতের বাবত ট্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না যদিস্যাৎ ঐ আফিমের কোন লাটের টাকা দাখিল হইয়া হিসাব নিষ্পত্তি না হয় তবে যে দরে লাট ডাক মঞ্জুর হইয়া থাকে তাহার মোট টাকার উপর ফিশত ২৫৲ টাকার হিসাবে যথার্থ পরিমাণে যে টাকা আমানৎ হইয়া থাকিবেক অথবা কোন রকম

কোম্পানির কাগজ যাহা ঐ লাট ফি সিন্দুকের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক। পরে বোর্ড পরমিট ও নেমক ও আফিমের সাহেবান আলিশানের দ্বারা যে তারিখে যে প্রকারে নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেইপ্রকারে ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক তাহাতে ছানী নীলামে যে লাভ হইবেক তাহাতে মাদাওয়া হইয়া পহিলা খরিদারকে প্রথম খরিদ দরহইতে ছানী নীলামের খরিদ দরে যত টাকা নোকসান অথবা তফাবৎ হইবেক তাহা আদায় করিতে হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকটের মধ্যে কত লাট দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই ইশ্‌তেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেলবহীতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানৎ পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুরা খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ সরকারী যে সাহেব নীলামের সুপ্রিমন্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিআর আছে যে তিনি আপন বিবেচনা অনুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ সে ব্যক্তি যে ডাক করিবেক তাহার মোট টাকার উপর ফিশতে ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে বাঙ্গালব্যঙ্ক নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ তলব করিবা মাত্র দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলাম বদকরণের মানসে কেহ কৃত্রিম ডাক করিলে তাহা রহিত করণার্থে এই ইশ্‌তেহারের দ্বারা বিজ্ঞাপন করা যাইতেছে যে সরকারের কার্য্যকারক যে সাহেব নীলামের কর্ম্ম সম্পাদন করিবেন তিনি নীলাম কালে যে কোন সময়ে হউক আপন এক্তিয়ারে কোন গরবিক্রী লাটের নীলাম রহিত করিয়া পুনর্ব্বার তৎক্ষণাৎ সেই লাট উচ্চপূরিমিত মূল্যে ধরিতে পারিবেন তাহাতে সেই দরক্রমে কম করিতে থাকিবেন যাবৎ কেহ ডাক নাকরে তদনন্তর প্রথমে যে ব্যক্তি পূর্ব্বোক্ত মতে কোন লাটের নিমিত্তে অকৃত্রিম ডাক করিবেক সেই ব্যক্তি ঐ লাটের খরিদাররূপে গণ্য হইবেক এবং ঐ নীলামের কার্য্য সম্পাদক সাহেবের আরো এক্তিয়ার রহিল যে তাহার পর যত লাট উচিত বুঝিবেন তত লাট ঐ রূপে বিক্রয় করিতে পারিবেন কিন্তু এই শরতের ২ দফার লিখিত ন্যূন সংখ্যা ৪০০৲ টাকা মূল্যের কমে কোন লাট বিক্রয় হইবেক না।

১৩ দফা। নীলামি খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বর হইতে যত লাট সেই এজেন্সির আফিম খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে ২৫ লাটপর্য্যন্ত ঊর্দ্ধ সংখ্যা খরিদ করিতে পারিবেক এবং এইরূপে যত লাট খরিদ হইবেক তত লাটের বাবৎ পহিলা লাটের মোট দরের উপর ২৫৲ টাকার হিসাবে যত টাকা হয় সেই হিসাবে সমান পরিমাণে টাকা আমানত করিতে হইবেক এবং পহিলা লাট ফি সিন্দুক যত টাকা দরে খরিদ করিয়া থাকে সেই হিসাবে কিম্মতের টাকা দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ ঐ আফিমের এত লাট গরবিক্রী থাকে যে তাহাতে ২৫ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

যে শেষ তারিখে ত্রুটি হওনের অভিযোগ হইয়াছিল সেই তারিখপর্য্যন্ত উক্ত মোকদ্দমার নানা কার্য্যের বৃত্তান্ত এইরূপে উপরে লেখা গেল এবং সেই মোকদ্দমা ১৮৪১ সালের ২৯ আইনের বিধানমতে ডিসমিস হইয়াছে। আমার বোধ হয় যে প্রধান সদর আমীন ঐ আইনের অভিপ্রায় বুঝিতে পারেন নাই। তাহাতে হুকুম আছে যে ফরিয়াদী আপন মোকদ্দমা চালাইতে ত্রুটি করিলে মোকদ্দমা ডিসমিস হইবেক কিন্তু তাহাতে এমত হুকুম নাই যে ফরিয়াদী অন্যান্য বিষয়ে আপনার মোকদ্দমা চালাইতে২ কেবল এক বিষয়ে তাহার চুক বা ভুল হইলে মোকদ্দমা ডিসমিস হইবেক। যদি ফরিয়াদী ছয় সপ্তাহপর্য্যন্ত আপন মোকদ্দমার বিষয়ে নিতান্ত কোন কার্য্য না করে তবে ডিসমিসের দণ্ড হইবেক কিন্তু উক্ত মোকদ্দমায় আরম্ভঅবধি শেষপর্য্যন্ত ফরিয়াদীর উদ্যোগের কোন ত্রুটি দৃষ্ট হয় না।

প্রথম দৃষ্ট হইতেছে যে জওয়াব দাখিল করণের সময়অবধি জওয়াবের জওযাব দাখিল করণপর্য্যন্ত মোকদ্দমা শুননির জন্যে প্রস্তুত হওনার্থ যে২ উদ্যোগ না হইলে নয় সেই২ উদ্যোগ ফরিয়াদী করিতেছিল। দ্বিতীয় ও তৃতীয় জওয়াবের বিষয়ে দৃষ্ট হইতেছে যে ফরিয়াদী প্রধান সদর আমীনের করা নিজ হুকুমানুসারে আপনার দাওয়ার পোষক সাক্ষ্য আনাইতে উদ্যুক্ত ছিল। কিন্তু দৃষ্ট হয় না যে কোন কালে আপনার মোকদ্দমা চালাইবার জন্যে এক মাসের অধিক কাল উদ্যোগহীন ছিল অতএব মোকদ্দমা চালাইতে যে ত্রুটি না করিয়াছিল এমত কেবল নহে কিন্তু তাহা চালাইতে অত্যন্ত মনোযোগী ছিল। অতএব

in proceeding. The order of the Principal Sudder Ameen is reversed. He will readmit the suit on his file, and decide it upon its merits."

May 18th, 1847.—Under the Circular Order of 26th January, 1844, a suing out of attachment is essential to a decree-holder being permitted to share in the proceeds of sale. It is competent to the Courts to exercise a discretion in awarding costs of execution before distribution of assets.

Ram Lall—Petitioner.

This was an appeal from an order of the Judge of Sarun, dated 21st May, 1846, amending that of the Principal Sudder Ameen of the district of the 7th idem, passed on the application of the petitioner.

The petitioner had obtained a decree against one Munglo Koonwur, and on execution had caused the sale of her property which realized a considerable sum of money. While the execution was in course of progress, a number of other decree-holders also applied for execution and attachment, some also applied to share in the proceeds after the sale had been effected. The Principal Sudder Ameen ordered a rateable distribution among those who had applied for execution before the sale; but rejected the applications of those who had only applied for a share in the proceeds after the sale. On appeal this order was amended by the Judge, who directed a rateable distribution among *all* the applicants on the ground that, under the Circular of the 26th January, 1844, all were entitled to share without reference to the fact of their having sued out attachment or not. From this order the petitioner appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (Messrs. Tucker and Hawkins.)

"The Circular requires an attachment, and if the judgment creditor fails to take out an attachment of the property, he cannot come in after the sale, merely upon an application to be permitted to share in the assets. The order of the Principal Sudder Ameen is, therefore, confirmed, and so much of the Judge's order as reverses that of the Principal Sudder Ameen, in regard to the applications of those who came in after the sale, set aside. We further think the petitioner entitled to all the expences of execution before distribution is made." Order accordingly.

May 25th, 1847.—In a case in which a Principal Sudder Ameen ordered the attachment of a share in certain shops and mercantile establishments under Section 5, Regulation II, 1806, he was instructed to limit himself to the issue of notices forbidding the alienation of the share.

Must. Parbuttea Dossea and others—Petitioners.

This was an appeal from an order of the Prin-

প্রধান সদর আমীনের হুকুম অন্যথা করা গেল। তিনি এই মোকদ্দমা পুনরায় নথির শামিল করিয়া এই মোকদ্দমার দোষ গুণ বিবেচনা করিয়া নিষ্পত্তি করিবেন।

১৮৪৭ সাল ১৮ মে।

১৮৪৪ সালের ২৬ জানুআরি তারিখের সরক্যুলর অর্ডরক্রমে ডিক্রীদার যদি সম্পত্তি ক্রোকের জন্যে দরখাস্ত না করে তবে নীলামের উৎপন্ন টাকার কোন অংশ পাইতে পারিবেক না। ঐ নীলামের টাকা বণ্টন করণের পূর্ব্বে আদালতের বিচারকেরা ডিক্রী জারীর খরচার বিষয়ে আপনারদের বিবেচনামতে হুকুম করিতে পারেন।

রামলাল দরখাস্তকারী।

জিলা সারণের প্রধান সদর আমীন দরখাস্তকারির প্রার্থনামতে ১৮৪৬ সালের ৭ মে তারিখে যে হুকুম করিলেন তাহা ঐ জিলার জজ সাহেব উক্ত সনের ২১ মে তারিখে মতান্তর করেন। জজ সাহেবের ঐ হুকুমের উপর এই আপীল হয়।

মঙ্গলু কুঙার নাম্নী স্ত্রীর বিরুদ্ধে দরখাস্তকারী ডিক্রী পাইয়াছিল এবং ঐ ডিক্রী জারী করিয়া তাহার সম্পত্তি নীলাম করাইল তাহাতে অনেক টাকা উৎপন্ন হইল। ঐ ডিক্রী জারী হইতেং অন্যান্য অনেক ডিক্রীদার ডিক্রী জারী ও সম্পত্তি ক্রোকের নিমিত্ত দরখাস্ত করিল অন্য কএক ব্যক্তি ঐ নীলাম হইলে পর তাহার উৎপন্ন টাকার অংশ পাইতে প্রার্থনা করিল। তাহাতে প্রধান সদর আমীন হুকুম করিলেন যে নীলামের পূর্ব্বে যাহারা ডিক্রী জারীর দরখাস্ত করিয়াছিল তাহারদের মধ্যে ঐ টাকা তাহারদের দাওয়ার অনুসারে বণ্টন করা যাইবেক কিন্তু নীলাম হইলে পর যাহারা টাকার অংশ পাইবার দরখাস্ত করিল তাহারদের দরখাস্ত অগ্রাহ্য করিলেন। এই বিষয়ে জজ সাহেবের নিকটে আপীল হইলে তিনি ঐ হুকুম মতান্তর করিয়া হুকুম করিলেন যে সকল দরখাস্তকারির দাওয়াঅনুসারে তাহারদের মধ্যে ঐ টাকা বণ্টন করা যায় যেহেতুক ১৮৪৪ সালের ২৬ জানুআরি তারিখের সরক্যুলর অর্ডরক্রমে ডিক্রীদারেরা সম্পত্তি ক্রোকের জন্যে দরখাস্ত করিলে কি না করিলে সকলেরই ঐ টাকার অংশ পাইবার অধিকার আছে। এই হুকুমের উপর দরখাস্তকারী সদর দেওয়ানী আদালতে আপীল করে।

সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব হুকুম করিলেন যে উক্ত সরক্যুলর অর্ডরঅনুসারে সম্পত্তি ক্রোকের আবশ্যক আছে এবং ডিক্রীপ্রাপ্ত মহাজন যদি সম্পত্তি ক্রোকের হুকুম বাহির করিতে ত্রুটি করে তবে সম্পত্তি নীলাম হইলে পর তাহার উৎপন্ন টাকার অংশের দরখাস্ত করিলে তাহা পাইতে পারে না। অতএব প্রধান সদর আমীনের হুকুম মঞ্জুর হইল এবং নীলামের পরে যাহারা দরখাস্ত করিল তাহারদের দরখাস্তের বিষয়ে জজ সাহেবের হুকুমের যে অংশে প্রধান সদর আমীনের হুকুম মতান্তর হইল সেই অংশ নামঞ্জুর হইল। আরো আমরা বোধ করি যে ঐ টাকা বণ্টন করণের পূর্ব্বে ডিক্রী জারী করণের সকল খরচা দরখাস্তকারির হক পাওনা। তদনুসারে হুকুম হইল।

১৮৪৭ সাল ২৫ মে।

প্রধান সদর আমীন ১৮০৬ সালের ২ আইনের ৫ ধারানুসারে কএক দোকান ও বাণিজ্য কুঠীর অংশ ক্রোক করণের হুকুম করিলেন তাহাতে তাঁহাকে হুকুম দেওয়া গেল যে ঐ অংশ কেবল হস্তান্তর নিবারণের এত্তেলা দেন।

মসম্মাৎ পার্ব্বতী দাসী ওগয়রহ দরখাস্তকারী।

যে মোকদ্দমাতে বিজলী দাসী ফরিয়াদী এবং দরখাস্ত-

cipal Sudder Ameen of Mymensingh, dated the 7th April, 1847, in a suit in which Beemla Dassee was plaintiff and the petitioners defendants.

The plaintiff sued for recovery of an estate, consisting of landed and personal property, together with a share in certain shops and mercantile establishments. After filing her plaint she prayed for a demand of security from the defendants, or, in case of their default, for attachment of the property under Section 5, Regulation II. 1806. After making the prescribed enquiry, the Principal Sudder Ameen ordered proclamations to be issued, forbidding the alienation of the real property; and further called upon the defendants to give security to the amount of the value of the personal property, and of the share in the shops, &c adding that in default of giving security, process for the attachment of these was to issue.

By the Court (Messrs. Tucker and Hawkins.)

"The Principal Sudder Ameen's order cannot stand in its present form. He has issued proclamations of attachment against the real property, before calling for the security as required by the Regulation under which he acts, and he has ordered attachment, in default of security, of the shares of the shops, &c. a 12 anna share of which belongs to other parties. This cannot be done if by attachment is meant the seizure of the shops and mercantile establishments, with their account books, &c., which is what the plaintiff prays for. The proper course of the Principal Sudder Ameen to pursue, in regard both to the real property and the shops, is to call upon the plaintiff for Mal Zamin as prescribed, and in default of furnishing security to issue notices forbidding alienation. To this extent the order of the Principal Sudder Ameen is amended; and he will proceed as above indicated."

May 25th, 1847.—The provisions of Sections 4, and 5, Regulation V. 1799, apply only to cases of disputed succession among heirs at law, and not to those of parties claiming upon special grounds.

Rani Bhobun Mye Debbea —Petitioner.

This was an application for a review of an order passed by this Court on the 28th July, 1846, on the petitioner's appeal from an order of the Principal Sudder Ameen of Rajshahye, in a case in which Huriadur Narain Roy was plaintiff, and the petitioner and others were defendants.

The plaintiff instituted the action to recover the estate of Rajah Juggut Nerrain Roy on the ground of adoption. When the Rajah died, many years ago, he left his widow and a son. The latter recently died, on which the plaintiff claimed the Rajah's estate, on the ground that he had been adopted to succeed, in the event of the death of the Rajah's own son, and with this view instituted the present action, the alleged adoption being denied by the defendants. After filing his petition of

কারিণীরা আসামী ছিল সেই মোকদ্দমায় ময়মনসিংহের প্রধান সদর আমীন ১৮৪৭ সালের ৭ আপ্রেল তারিখে যে হুকুম করেন তাহার উপর এই আপীল হয়।

ফরিয়াদী স্থাবর ও অস্থাবর সম্পত্তি এবং কএক দোকান ও বাণিজ্য কুঠীর অংশ ফিরিয়া পাইবার দরখাস্ত করিল। আরজী দাখিল করণের পরে ফরিয়াদী প্রার্থনা করিল যে আসামীরদের স্থানে জামিন তলব হয় এবং তাহারা তাহা না দিলে ১৮০৬ সালের ২ আইনের ৫ ধারানুসারে তাহারদের সম্পত্তি ক্রোক হয়। প্রধান সদর আমীন নির্দ্দিষ্টমতে অনুসন্ধান করণের পরে স্থাবর সম্পত্তি হস্তান্তর নিবারণের ঘোষণা দিলেন এবং আরো অস্থাবর সম্পত্তি ও দোকানপ্রভৃতির অংশের মূল্যের অনুসারে জামিন দিতে আসামীরদিগকে হুকুম করিলেন এবং আরো হুকুম করিলেন যে জামিন না দেওয়া গেলে ঐ সম্পত্তির ক্রোকের হুকুম হইবেক।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব হুকুম করিলেন যে প্রধান সদর আমীনের হুকুম যে প্রকার হইয়াছে সেই প্রকারে বলবৎ থাকিতে পারে না যেহেতুক তিনি যে আইনমতে কার্য্য করিতেছেন সেই আইনমতে না করিয়া জামিন তলব করিবার পূর্ব্বে স্থাবর সম্পত্তি ক্রোক করণের ঘোষণা করিয়াছেন এবং জামিন দিবার ত্রুটি হইলে দোকানপ্রভৃতির অংশ ক্রোক করিতে হুকুম দিয়াছেন কিন্তু সেই দোকানপ্রভৃতির বারো আনা অংশ অন্য লোকের। অতএব ক্রোক করণের যদি এই অভিপ্রায় হয় যে দোকান ও কুঠী ও সকল হিসাব কিতাবইত্যাদি ক্রোক হয় তবে তাহা হইতে পারিবেক না অথচ তাহাই ফরিয়াদীর প্রার্থনা। স্থাবর সম্পত্তি ও দোকানের বিষয়ে প্রধান সদর আমীনের কর্ত্তব্য ছিল যে ফরিয়াদীকে নির্দ্দিষ্টমতে মালজামিন দাখিলের হুকুম দেন এবং জামিন দাখিল করিতে ত্রুটি করিলে সম্পত্তি হস্তান্তর নিবারণের এস্তেহার দেন। অতএব এইপর্য্যন্ত প্রধান সদর আমীনের হুকুম মতান্তর করা গেল এবং উপরের লিখিতমতে তাঁহার কার্য্য করিতে হইবেক।

১৮৪৭ সাল ২৫ মে।

১৭৯৯ সালের ৫ আইনের ৪ ও ৫ ধারার বিধি আইনমতে যাহারা উত্তরাধিকারী তাহারদের মধ্যে উত্তরাধিকারিত্ব বিষয়ে বিরোধ হইলে খাটে বিশেষ হেতুপ্রযুক্ত যাহারা দাওয়া করে তাহারদের বিরোধের বিষয়ে খাটে না।

রাণী ভুবনময়ী দেবী দরখাস্তকারিণী।

যে মোকদ্দমাতে হরেন্দ্রনারায়ণরায় ফরিয়াদী ও দরখাস্তকারিণীওগয়রহ আসামী সেই মোকদ্দমায় রাজশাহীর প্রধান সদর আমীনের হুকুমের উপর দরখাস্তকারিণী আপীল করিল তদ্বিষয়ে এই আদালতে ১৮৪৬ সালের ২৮ জুলাই তারিখে যে হুকুম হয় তাহার পুনর্বিচার হইবার নিমিত্তে এই দরখাস্ত হইল।

ফরিয়াদী আপনাকে রাজা জগৎনারায়ণ রায়ের পোষ্যপুত্র বলিয়া তাহার সম্পত্তি পাইবার জন্যে নালিশ করিল। অনেক বৎসর হইল রাজা স্ত্রী ও এক পুত্র রাখিয়া মরিল সম্প্রতি ঐ পুত্র মরিয়াছে তাহাতে ফরিয়াদী ইহা বলিয়া রাজার সম্পত্তির দাওয়া করিল যে রাজার ঔরস পুত্র যদি মরে তবে আমি পোষ্যপুত্ররূপে তাঁহার উত্তরাধিকারী হই এমত স্থির হইয়াছিল। অতএব সেই জন্যে এই মোকদ্দমা করিল। কিন্তু আসামীরা কথিত পোষ্যপুত্রত্বের বিষয় অস্বীকার করিল। ফরিয়াদীর দরখাস্ত দাখিল হওনের পরে সে ব্যক্তি আদালতে প্রার্থনা করিল

plaint, he applied to the Court praying either that security be called for, under Section 5, Regulation II. 1806, or that the contested property be attached, under the provisions of Sections 4 and 5, Regulation V. 1799. The Principal Sudder Ameen on the 8th June, 1846, ordered the latter, and his order was confirmed by Mr. Reid, late a Judge of this Court, on the 28th July, 1846.

By the Court (Messrs. Tucker and Hawkins.) "We are of opinion that the provisions under which the Principal Sudder Ameen has acted, bear no reference to the present suit. This is not the suit of an heir, under the circumstances contemplated by the Regulation cited, which clearly refers to cases of disputed succession among several claimants, claiming as heirs under the right of succession according to the Hindu or Mahomedan laws. In the present case the plaintiff is not an heir at law by reason of blood-relationship, but an heir conditionally upon proof of a previous fact, to wit, his adoption, which is denied by the opposite party, The Regulation does not apply to claimants upon specialties or upon pleas of this kind, and the order of the Principal Sudder Ameen and of this Court in affirmation of it, must be set aside." Order accordingly.

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 9.

From the Offg. Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of———.

With reference to the enclosed extracts from the Report* for 1845-46, submitted to Government by the Superintendent and Remembrancer of Legal Affairs, and the orders† of Government dated the 19th instant (No. 390), I am directed by the Sudder Board of Revenue to request that you will issue the necessary orders for the immediate discontinuance of the levy of the fees alluded to therein.

(Signed) G. Plowden,
Offg. Secretary.

Sudder Board, of Revenue,
Fort William, the 29th May, 1847.

Extract from a letter from the Superintendent and Remembrancer of Legal Affairs to the Secretary to the Government of Bengal, in the Revenue Department, No. 627, dated the 14th December, 1846.

Para. 115. I have remarked in my letter to the Accountant General, that "the only pauper suits in "which any Legal expences are recoverable on account of Government over and above the Stamp "duty are those to which Government itself is a "party." I am aware, I have said, "that the Collectors are in the habit of realizing the fees of

* Para. 115. † Para. 2, in part.

যে ১৮০৬ সালের ২ আইনের ৫ ধারামতে জামিন তলব হয় অথবা বিরোধি সম্পত্তি ১৭৯৯ সালের ৫ আইনের ৪ ও ৫ ধারার বিধানমতে ক্রোক করা যায়। প্রধান সদর আমীন ১৮৪৬ সালের ৮ জুন তারিখে এই শেষ দরখাস্তঅনুসারে হুকুম করিলেন এবং আদালতের জজ শ্রীযুত রীড সাহেব ১৮৪৬ সালের ২৮ জুলাই তারিখে প্রধান সদর আমীনের ঐ হুকুম মঞ্জুর করিলেন।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন যে আমরা বোধ করি "প্রধান সদর আমীন যে বিধিমতে কার্য্য করিলেন তাহাতে এই মোকদ্দমার কোন সম্পর্ক নাই যেহেতুক ঐ আইনের বিধি যে নানা দাওয়াদার হিন্দু ও মুসলমানের শাস্ত্র ও শরার অনুসারে অধিকারিত্বের স্বত্বক্রমে আপনারদিগকে অধিকারি বলিয়া দাওয়া করে তাহারদের উত্তরাধিকারিত্বের বিরোধি বিষয়ে খাটে কিন্তু ইহা সেইপ্রকার উত্তরাধিকারির মোকদ্দমা নহে। এই গতিকে ফরিয়াদী আইনমতে ঐ রক্তসম্বন্ধে উত্তরাধিকারী নহে কিন্তু যদি সে ব্যক্তি পূর্ব্বের এক ক্রিয়ার প্রমাণ দিতে পারে অর্থাৎ সে ব্যক্তি পোষ্য পুত্র হইয়াছিল তবে সে ব্যক্তি উত্তরাধিকারী হইতে পারে কিন্তু বিপক্ষেরা তাহা স্বীকার করে না। এইরূপ বিশেষ বিষয়ে অথবা এই প্রকারে যাহারা দাওয়াদার হয় তাহারদের বিষয়ে আইন খাটে না অতএব প্রধান সদর আমীনের হুকুম এবং এই আদালতের যে হুকুমে তাহা মঞ্জুর হইল তাহা উভয়ই অন্যথা করিতে হইবেক। তদনুসারে হুকুম হইল।

John C. Marshman, *Bengalee Translator.*

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের পত্র।

আইনসম্পর্কীয় কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেব গবর্ণমেণ্টের নিকটে ১৮৪৫। ৪৬ সালের যে রিপোর্ট * পাঠাইয়াছিলেন তাহার নীচের লিখিত চুম্বকের বিষয়ে এবং গবর্ণমেণ্টের বর্ত্তমান মাসের ১৯ তারিখের ৩৯০ নম্বরী নীচের লিখিত হুকুমের † বিষয়ে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে আদেশ করিতেছি যে তুমি তাহার মধ্যে লিখিত রসুম আদায় করণ নিবারণার্থ অবিলম্বে উপযুক্ত হুকুম দেও।

জি প্লৌডন। এক্টিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২৯ মে।

রেবিনিউ ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি আইনসম্পর্কীয় কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেবের ১৮৪৬ সালের ১৪ ডিসেম্বর তারিখের ৬২৭ নম্বরী পত্রের চুম্বক।

১১৫ দফা। আকৌণ্টেণ্ট জেনরল সাহেবকে আমি আপন পত্রে জানাইয়াছিলাম যে " যোত্রহীনেরদের যে "মোকদ্দমাতে ইষ্টাম্পের মাসুল ছাড়া সরকারের নিমিত্ত "আদালতসম্পর্কীয় কোন খরচা আদায় হইতে পারে "তাহা কেবল যে মোকদ্দমায় সরকার এক পক্ষ হন তা- "হাতে আরো আমি কহিয়াছি যে কালেক্টর সাহেবেরা "সকল মোকদ্দমাতে নাজিরের পেয়াদারদের রসুম আদায়

* ১১৫ দফা। † ২ দফার এক অংশ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২০ জুলাই।]

"the Nazir's peons in all cases; but it may be "doubted, first, whether the practice is not opposed to Section VII. Regulation XXVIII. of 1814, "which declares that all processes shall be served "through the Chuprassees of the Court without "any expence to the pauper, and secondly, whether "sums due or realized on this account should be included in a Statement intended to show only "the amount leviable on account of Government." Since writing this, I have learnt that these fees though realized under the head of costs of process, do not go to the Nazir of the Civil Court, but are credited to Government.* As Government are at no expense on account of the issue of processes in those cases in which they are not themselves concerned, I conceive the practice only requires to be known to ensure an order for its abandonment.

Extract from a letter from the Offg. Under Secretary to the Government of Bengal, in the Revenue Department, to the Offg. Secretary to the Sudder Board of Revenue, No. 390, dated the 19th May, 1847.

Para. 2. With reference to the remark in paragraph 115, on the subject of the fees of Nazir's Peons in Pauper suits, His Honor is of opinion that their realization, being opposed to the existing law, should be at once prohibited, and the Board are requested accordingly to convey instructions to that effect to the Subordinate Revenue Authorities. A communication on the subject has been addressed to the Sudder Court.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 29th May, 1847.

No. 11.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——— .

Under instructions from Government, I am desired by the Sudder Board of Revenue to request, that the Revenue Authorities, in their communications with Rajah Suttchurn Ghosal Bahadoor, will observe the style of address to which he is entitled, viz. Rajah Suttchurn Ghosal Bahadoor.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 10th June, 1847.

---

* The practice with regard to the realization and crediting of these fees appears to vary considerably in different Collectorates, but this I understand to be the general rule.

[*Government Gazette, 20th July*, 1847.]

"করিয়া থাকেন ইহা আমি অবগত আছি কিন্তু প্রথমতঃ "১৮১৪ সালের২৮ আইনের ৭ ধারাতে হুকুম আছে যে "সকল হুকুমনামা আদালতের চাপরাসীরদের দ্বারা জারী "হইবেক এবং তাহাতে যোত্রহীনের কোন খরচা লাগি- "বেক না অতএব এই হুকুম কালেক্টর সাহেবেরদের "উক্ত ব্যবহারের বিপরীত কি না এই বিষয়ে সন্দেহ হইতে "পারে এবং দ্বিতীয়তঃ যে কৈফিয়তের অভিপ্রায় গবর্ণমে- "ন্টের নিমিত্তে উসুল করণের যোগ্য টাকা দর্শান এইমত "কৈফিয়তে উক্ত নিমিত্ত যে টাকা পাওনা হয় বা আদায় "হয় তাহা লেখা উচিত কি না এই বিষয়েও সন্দেহ হইতে "পারে।" এই পত্র লিখনের পরে আমি অবগত হইলাম যে এই রসুম যদ্যপি হুকুমনামার খরচা বলিয়া উসুল হয় তথাপি তাহা দেওয়ানী আদালতের নাজিরকে দেওয়া যায় না কিন্তু সরকারের নামে জমা হয়*। পরন্তু যে২ মোকদ্দমাতে সরকারের কোন সম্পর্ক নাই এমত মোকদ্দমাতে হুকুমনামা জারী করিবার কোন খরচা গবর্ণমেন্টের লাগে না এইপ্রযুক্ত বোধ করি যে এই ব্যবহার প্রকাশ হইলেই তাহা রহিত করিবার হুকুম অবশ্য দেওয়া যাইবেক।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের প্রতি রেবিনিউ ডিপার্টমেন্টে বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের শ্রীযুত একটিং ছোট সেক্রেটারী সাহেবের ১৮৪৭ সালের ১৯ মে তারিখের ৩৯০ নম্বরী পত্রের চুম্বক।

২ দফা। যোত্রহীনেরদের মোকদ্দমাতে নাজিরের পেয়াদারদের রসুমের বিবরি ১১৫ দফায় যাহা লেখা আছে তদ্বিষয়ে শ্রীযুত বোধ করেন যে সেই রসুম উসুলকরা চলিত আইনের বিরুদ্ধ অতএব অগৌণে তাহা নিবারণ করিতে হইবেক এবং বোর্ডের সাহেবদিগকে আদেশ করা যাইতেছে যে তাঁহারা রাজস্বসম্পর্কীয় অধীন কার্য্যকারকদিগকে তদ্বিষয়ের হুকুম দেন। সেই বিষয়ের এক পত্র সদর আদালতে পাঠান গিয়াছে।

জি প্লৌডন।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম ১৮৪৭। ২৯ মে।

---

১১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে আমি সদর বোর্ড রেবিনিউর হুকুমমতে আদেশ করিতেছি যে রাজস্বের কার্য্যকারকেরা যখন শ্রীযুত রাজা সত্যচরণ ঘোষাল বাহাদুরের নিকটে পত্র লেখেন তখন তাঁহার উপযুক্ত খ্যাতি অর্থাৎ "রাজা সত্যচরণ ঘোষাল বাহাদুর" এই শিরনামা দেন।

জি প্লৌডন।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ১০ জুন।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

* বোধ হয় যে এই রসুম আদায় করণ ও জমা করণের বিষয়ে নানা কালেক্টরীতে নানা প্রকার ব্যবহার আছে কিন্তু উপরে যাহা লিখিলাম সেই সাধারণ নিয়ম।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 17.

To the Zillah Judges in the Lower Provinces.

The Court are pleased to promulgate for general information the following rule which has received the sanction of the Supreme Government.

Suits for the proprietary right in Muafee estates in cases where the jumma, payable by the proprietors to the Muafeedar, has been fixed by the Government Officer, may be instituted according to the Rule laid down in Note 1, Article 8, to Schedule B, Regulation X. 1829.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 4th June, 1847.

No. 20.

To the Civil Authorities in the Lower Provinces.

The Courts of Sudder Dewanny Adawlut for the Lower and North Western Provinces direct that the following be substituted for the 4th Paragraph of a letter, addressed by the Presidency Sudder Dewanny Adawlut, to the Judge of Zillah Jungul Mehals, under date the 16th July, 1819, and printed in Appendix to Circular Order Sudder Dewanny Adawlut, No. 61, dated 31st August, 1832.

Para. 4. "Should the original bond be brought into question, and its validity need to be determined, the Moonsiff cannot have jurisdiction, unless the sum, which forms the subject of sui , together with the sum of all instalments, subsequently claimable under the Bond, be within the legal competence of a Moonsiff. If the suit be instituted to recover the *balance* of Principal with interest, due on a Bond, for more than 300 Rs., and the amount claimed be within the competence of a Moonsiff, the Moonsiff will have jurisdiction, and the plaint will be engrossed on a stamp of value, sufficient to cover the *claim;* if the suit be instituted for the recovery of an instalment, with or without interest, and the sum thereof, together with the sum of all other instalments, subsequently claimable under the Bond, be within the competence of a Moonsiff, the Moonsiff will have jurisdiction, and the plaint will be engrossed on a stamp equal to the aggregate amount of the instalment and interest claimed, and of the sum of all instalments subsequently due."

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 14th May, 1847.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ২০ জুলাই।]

সদর দেওয়ানী আদালতের সরকুল্যার অর্ডর।

১৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জিলার জজ সাহেব বরাবরেষু।

নীচের লিখিত যে বিধানে সুপ্রিম গবর্ণমেণ্টের সম্মতি হইয়াছে তাহা সদর আদালতের সাহেবেরা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করিতেছেন।

মাফী মহালের যে জমা মাফীদারকে মালিকেরদের দিতে হয় সেই জমা যদি সরকারী কর্ম্মকারকের দ্বারা নির্দ্ধার্য্য হইয়াছে তবে সে মাফী মহালের মালিকী স্বত্ববিষয়ক মোকদ্দমা ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৮ দফার ১ মন্তব্য কথার লিখিত বিধানমতে উপস্থিত করা যাইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৪ জুন।

২০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং উত্তর পশ্চিম দেশের সদর দেওয়ানী আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে জিলা জঙ্গল মহালের জজ সাহেবের প্রতি কলিকাতার সদর দেওয়ানী আদালতের ১৮১৯ সালের ১৬ জুলাই তারিখের পত্রের ৪ দফার পরিবর্ত্তে নীচের লিখিত দফা পাঠ করা যায়। সেই ৪ দফা সদর দেওয়ানী আদালতের ১৮৩২ সালের ৩১ আগষ্ট তারিখের ৬১ নম্বরী সরকুল্যর অর্ডরের আপেণ্ডিক্সের মধ্যে ছাপা হইয়াছে।

৪ দফা। যদি আসল খতের বিষয়ে বিরোধ হয় এবং তাহার মাতবরীর বিষয় নিশ্চয় করিতে হয় তবে যে টাকা লইয়া মোকদ্দমা হয় তাহা এবং সেই খতঅনুসারে তৎপরে যত কিস্তীর দাওয়া হইতে পারে সেই সমুদয় টাকার মোট যদি মুনসেফের আইনমতে বিচার্য্য মোকদ্দমার মুল্যের মধ্যে না পড়ে তবে মুনসেফ তাহা শুনিতে পারেন না। যে খতের সংখ্যা ৩০০৲ টাকার অধিক হয় এইমত খতের আসল টাকার বাকী মায় সুদ পাইবার বিষয়ে যদি মোকদ্দমা উপস্থিত করা যায় এবং যে টাকার দাওয়া হয় তাহা যদি মুনসেফের বিচার্য্য মোকদ্দমার মুল্যের মধ্যে পড়ে তবে মুনসেফ সেই মোকদ্দমা শুনিতে পারেন্ এবং সেই দাওয়ার টাকার উপযুক্ত মুল্যের ইষ্টাম্প কাগজে নালিশী আরজী লিখিতে হইবেক। যদি ঐ মোকদ্দমা মায় সুদ বা সুদ ছাড়া এক কিস্তী ফিরিয়া পাইবার নিমিত্তে উপস্থিত করা যায় এবং যদি সেই কিস্তীর সংখ্যা এবং তৎপরে সেই খতঅনুসারে যত কিস্তীর দাওয়া হইতে পারে সেই সকলের মোট যদি মুনসেফের বিচার্য্য মোকদ্দমার মুল্যের মধ্যে পড়ে তবে মুনসেফ সেই মোকদ্দমা শুনিতে পারেন্ এবং যে কিস্তীর ও সুদের দাওয়া হয় এবং তৎপরে যে সকল কিস্তীর পাওনা হইবেক তাহার সংখ্যার মোটের তুল্য ইষ্টাম্প কাগজে নালিশের আরজী লিখিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭ সাল ১৪ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

SALT. নিমক।

NOTIFICATION.

In modification of the rules for bonding Salt, promulgated on the 28th September, 1841, under the authority of the Board of Customs, Salt and Opium, it is hereby notified, that parties, desirous of bonding imported Salt in private Warehouses, may apply to the Collector of Customs for a license in the Form C. appended to Act No. XXV. of 1836.

If the Board are satisfied, on the Collector's report, that the Warehouses mentioned in the application are well adapted for the secure custody of the Salt, a license will be granted under Section XIX. of the above mentioned Act, and Salt may then be bonded therein under the restrictions provided by the Act in respect of any other Article of Merchandize bonded in a private Warehouse.

A portion of the Government Golahs at Sulkea will be set apart from the 15th Proximo, as a public Warehouse for the reception of Salt on the same terms at a fixed rent, and will continue to be available for that purpose until required by Government.

The rate of wastage allowed upon Salt, so warehoused, will be at the rate of four per cent. per annum, upon the quantity weighed over the ship's side, but the import duty will be settled on the quantity so delivered, according to the provisions of Section XVIII. Act XXV. of 1836.

Warehouses, licensed for the reception of Salt under bond, will not be available for goods of any other description.

All expenses attending the receipt, storage, custody and delivery of Salt at Warehouses licensed as above, or in the Sulkea Golahs, will be borne by the parties availing themselves of the privilege.

Parties who are unable to provide Warehouses so constructed and situated as, in the opinion of the Board, effectually to provide for the secure custody of Salt while under bond, will be allowed, as before, to warehouse their Salt under the Rules of the 28th September, 1841, which otherwise remain in full force, except in so far as they are modified by this Notification.

By order of the Board of Customs, Salt and Opium, the 30th June, 1847.

(Signed) C. BEADON, *Offg. Secretary.*

বিজ্ঞাপন।

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের হুকুমক্রমে ১৮৪১ সালের ২৮ সেপ্টেম্বর তারিখে একরারনামা-অনুসারে লবণ রাখণের যে বিধি প্রকাশ হইয়াছিল তাহা মতান্তর হইল এবং ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে যে ব্যক্তিরা সামান্য গুদামে আমদানীহওয়া লবণ একরার করিয়া রাখিতে চাহেন তাঁহারা ১৮৩৬ সালের ২৫ আইনের নীচের লিখিত C চিহ্নিত পাঠানুসারে অনুমতিপত্র পাইবার জন্যে হাসিলের কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারেন।

কালেক্টর সাহেবের রিপোর্টের দ্বারা যদি বোর্ডের সাহেবেরদের এমত হৃদ্বোধ হয় যে ঐ দরখাস্তের নির্দ্দিষ্ট গুদাম লবণ নির্ব্বিঘ্নে থাকিবার উপযুক্ত তবে উপরের উক্ত আইনের ১৯ ধারানুসারে তাঁহারা অনুমতিপত্র দিবেন এবং সামান্য গুদামে অন্য যে কোন বাণিজ্য দ্রব্য একরারমতে রাখা যায় তাহার বিষয়ে উক্ত আইনেতে যে নিয়ম ও নিষেধ আছে তদনুসারে লবণ একরারমতে সেই গুদামে রাখা যাইতে পারে।

আগামি মাসের ১৫ তারিখঅবধি শালিখার সরকারী গোলার এক ভাগ সেই নিয়মমতে নির্দ্দিষ্ট ভাড়া দিয়া লবণ রাখিবার জন্যে সরকারী গোলার ন্যায় ধার্য্য হইবেক এবং তাহাতে সরকারের যাবৎ প্রয়োজন না হয় তাবৎ সাধারণ লোকেরদের লবণ রাখিবার জন্যে ব্যবহার হইতে পারিবেক।

এইমতে গোলাজাত যত লবণ জাহাজহইতে ওজন করিয়া উতরা করা যায় তাহার পরিমাণানুসারে বৎসরে শতকরা ৪৲ টাকার হারে কমী ধরা যাইবেক কিন্তু এইমতে যত লবণ দাখিল হয় তাহার উপর আমদানীর মাসুল ১৮৩৬ সালের ২৫ আইনের ১৮ ধারার নির্দ্দিষ্ট বিধিমতে ধরা যাইবেক।

একরারক্রমে যে গুদামে লবণ রাখিবার অনুমতি হয় সেই গুদামে অন্য কোন প্রকার দ্রব্য রাখা যাইতে পারিবেক না।

উক্ত প্রকারে অনুমতিহওয়া গুদামে কিম্বা শালিখার গোলাতে লবণের আমদানী করণ ও গুদামজাত করণ ও রক্ষা করণ ও রপ্তানী করণে যত খরচ হয় তাহা যে ব্যক্তি ঐ গোলাতে লবণ রাখেন সেই ব্যক্তির দিতে হইবেক।

যে গুদাম এমত নির্ম্মিত হয় এবং এমত স্থানে থাকে যে বোর্ডের বিবেচনায় একরারী অবস্থার লবণ সেখানে নির্ব্বিঘ্নে থাকিতে পারে এমত গুদাম যাঁহারা পাইতে পারেন্ না তাঁহারা ১৮৪১ সালের ২৮ সেপ্টেম্বর তারিখের বিধিমতে লবণ গোলাজাত করিতে পূর্ব্বের ন্যায় অনুমতি পাইবেন। এবং ঐ বিধির যেং বিষয় এই বিজ্ঞাপনের দ্বারা মতান্তর করা গেল না তাহা পূর্ব্ববৎ সম্পূর্ণরূপে প্রবল থাকিবেক।

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের হুকুমক্রমে। ১৮৪৭। ৩০ জুন।

সি বীডন। একটিং সেক্রেটারী।

[*Government Gazette, 20th July,* 1847.]

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এহলানামা কাছারী কালেক্টরী জিলা যশোহর।

সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারামত সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত রাজস্ব বাকীপড়া মহালাত এই কালেক্টরী কাছারিতে শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে সন ১৮৪৭ সালের ২৮ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৫৪ সালের ১৩ শ্রাবণ রোজ বুধবার নিয়মিত সময়ে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৪৭ সাল তারিখ ৮ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ২৫ আষাঢ়।

শ্রেণীর নম্বর	মহালের প্রকার	তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	তাঞ্জীন বাকী লাং সন ১২৫৩	কৈফিয়ৎ
৪	ইস্তমুরারি জমা ধার্য্য ন হওয়া মহাল	২৯৬	চক পরগণে গোবিন্দপুর বিনাম মস্তফাপুর ...	জঙ্গলবুরি আবাদকারি বেবানী পাট্টাদার ভৈরবচন্দ্র রায় ..	৫৫০৲	৫৫০৲	এই মহাল খোস আম নীলামে বিক্রী হইবেক
ঐ	ঐ	•	কিস্মত শিবরামপুর পং মামুদশাহী শামিলে তালুকদার ...	গাতি জমা কলিমদ্দী বিশ্বাস ওং	১৫০৲	২৪৲	অন্য মহালের খেশারত নীলামী টাকা আদায় কারণ এই মহালের তিন হিস্যার এক হিস্যা নীলামে বিক্রী হইবেক ইতি
ঐ	ঐ	•	কিশমত ধুনিহর পং দাতিয়া	গাতি জমা নৃসিংহচন্দ্র রায়দিগর	১১৮৲	৬০ ৶	অন্য মহালের বাকী নিমিত্ত এই মহাল নীলামে বিক্রী হইবেক ইতি।

C D Russell *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২০ জুলাই।]

NOTICE.

The Supreme Government having sanctioned the holding of a Fair on the British side of the Bootan Frontier, for the revival and encouragement of Trade, and peaceable intercourse between the inhabitants of Bootan, Sikim, and Nipal, and the people of Rungpoor, Dinajpoor, Malda, Purneah, and of the British Provinces generally, it is hereby notified for general information, that the Fair will take place annually at Titalya, during the full moon of the Hindu month of Pous, and that every protection to the persons, and property of Foreigners, and our own subjects will be secured by the contemplated arrangements, as well as every facility afforded to Trade, and Barter at this new Mart.

The Fair will commence on Saturday, the 18th December, 1847, and continue till Saturday, the 25th idem.

Duties or taxes will not be levied on persons or merchandize coming to the Fair which will be in all respects a Free Mart

A. Campbell, M. D,
Superintendent of Darjeeling, and in charge of Bootan Frontier.

Darjeeling, 9th June, 1847.

ইশতিহার।

রঙ্গপুর ও দিনাজপুর ও মালদহ ও পূরণিয়া এবং সাধারণমতে ইঙ্গলণ্ডীয়েরদের অধীন দেশীয়েরদের সঙ্গে ভোটান ও সিকীম ও নেপালীয় লোকেরদের বাণিজ্য এবং শান্তিপূর্ব্বক ব্যবসা পুনঃ স্থাপন করিবার ও তাহাতে উৎসাহ দিবার অভিপ্রায়ে সুপ্রিম গবর্ণমেন্ট অনুমতি দিয়াছেন যে ভোট দেশের সীমাবর্ত্তি ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারে এক মেলা স্থাপন হয়। অতএব সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বৎসরেং পৌস মাসের পূর্ণিমাতে তিতালিয়া স্থানে মেলা হইবেক এবং যে নিয়ম করা যাইবেক তাহার দ্বারা বিদেশীয় লোকেরদের এবং ইঙ্গলণ্ডীয় প্রজারদের ও তাহারদের সম্পত্তির রক্ষা হইবেক এবং এই নূতন মেলাতে যাহাতে বাণিজ্যব্যবসার সুগম হয় এমত উপায় করা যাইবেক।

ঐ মেলা ১৮৪৭ সালের ১৮ ডিসেম্বর তারিখ শনিবারে আরম্ভ হইয়া ঐ মাসের ২৫ তারিখ শনিবারপর্য্যন্ত থাকিবেক।

যে লোকেরা মেলাতে গমন করে তাহারদের কিম্বা তাহারদের স্থানে কি তাহারদের মালের বাবৎ কোন মাসুল কি টেক্স লওয়া যাইবেক না সকল বিষয়ে ঐ মেলা সম্পূর্ণরূপে মাসুল রহিত হইবে।

এ কাম্বেল।
দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেন্ট ও ভোটান অঞ্চলের অধ্যক্ষ।

দারজিলিঙ্গ ১৮৪৭। ৯ জুন।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 30th day of the said month of June last, the Schedule of RADAMOHUN MITTER, of Guranhattah, in the Town of Calcutta, and now residing at Barnagore in the district of 24 Pergunnahs, in the Province of Bengal, Merchant and Trader, and late a Writer in the service of Messieurs Colvin, Ainslie, Cowie and Company, of Calcutta, Merchants and Agents, against whom an adjudication of Insolvency was made, and pronounced by the said Court, on the 21st day of the said month of June, on the application of one Sumboochunder Doss, a creditor of the said Radamohun Mitter, has been filed in the said Court, and that the matters of the said Schedule and application are appointed to be heard on Saturday, the 4th day of September next, at the hour of 11 o'clock in the forenoon.

The names of the creditors of the said RADAMOHUN MITTER appear in his said Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 13th July, 1847. Paul and Smelt, *Insolvent's Attornies.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

পূর্ব্বে কলিকাতা নগরের সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারি কলবিন এন্সলি কৌই কোম্পানির কেরাণী পরে বাঙ্গলা দেশের জিলা চব্বিশপরগনার বরাহনগর নিবাসি সওদাগর ও ব্যবসায়ী কলিকাতা নগরের গরানহাটার রাধামোহন মিত্র যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ উক্ত রাধামোহন মিত্রের মহাজন শম্ভুচন্দ্র দাসের দরখাস্তমতে গত জুন মাসের ২১ তারিখে উক্ত আদালতে হইল অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত জুন মাসের ৩০ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত রাধামোহন মিত্রের তফসীল উক্ত আদালতে দাখিল হয় এবং উক্ত তফসীল ও উক্ত দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৪ তারিখ শনিবার বেলা এগার ঘন্টার সময়ে শুনা যাইবেক।

উক্ত রাধামোহন মিত্রের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা ১৮৪৭। ১৩ জুলাই। পাউল ও স্মেল্ট। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the third day of the present month of July instant, the matters of the petition of WILLIAM JOHN TWENTYMAN, sued by the name of "W. John Twentymen," late of Jaun Bazar First Lane in Jaun Bazar, in the town of Calcutta, heretofore Head Master in the English Department of the Calcutta Mahomedan College, and late a prisoner confined for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled "an Act to provide for the Relief of

Insolvent Debtors in the East Indies," are appointed to be heard on Saturday, the fourth day of September next.

The names of the creditors of the said WILLIAM JOHN TWENTYMAN appear in a Schedule filed in the Office of the Chief Clerk, to which any creditor may refer.

Calcutta, 13th July, 1847. **PAUL and SMELT, *Insolvent's Attornies.***

কলিকাতা নগরের মহম্মদী কালেজের ইঙ্গরেজী ডিপার্টমেন্টে প্রধান শিক্ষক কলিকাতা নগরের জানবাজারের প্রথম গলিনিবাসি ডবলিউ জান টুএন্টিমান নামে সর্ব্বনাশ হওয়া উলিয়ম জান টুএন্টিমান সাহেব ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতে বর্ত্তমান জুলাই মাসের ৩ তারিখে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৪ তারিখ শনিবারে শুনা যায়।

উক্ত উলিয়ম জান টুএন্টিমান সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৭। ১৩ জুলাই। পাউল ও স্মেল্ট। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 5th day of July instant, the matters of the Petition of HENRY JACOB TONSON, formerly of Meredith's Lane in Calcutta, and lately of Sibtollah Lane in Calcutta, (sued by the name of H. Tonson,) an Assistant in the Office of the Government Lithographic Press, and late a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an "Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the 4th day of September next, and that in and by the said order it was (amongst other things) also directed that personal service of the Notice of the day so appointed for hearing as aforesaid be dispensed with in respect to all former creditors of the said Insolvent, whose names are inserted in the Schedule of the said Insolvent, filed on the 1st day of July instant, and in lieu thereof Notice of the day so appointed as aforesaid be published once in each of the English and Bengallee Newspapers of Calcutta.

The names of the creditors of the said HENRY JACOB TONSON appear in the Schedule filed by him in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

4, Old Post Office Street, Calcutta, 17th July, 1847. W. G. CAMPION, *Insolvent's Attorney.*

পূর্ব্বে কলিকাতা নগরে মেরিডিথলেন নিবাসী পরে কলিকাতা নগরে শিবতলা গলি নিবাসী গবর্ণমেণ্টের পাথরিয়া ছাপাখানার আসিষ্টাণ্ট এচ টনসন নামে সর্ব্বনাশ হওয়া হেনরি জেকব টনসন সাহেব সম্প্রতি কলিকাতা নগরের সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনদ্বারা উপকার প্রার্থনা করিয়াছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুলাই মাসের ৫ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৪ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়। আরো অন্যান্য বিষয়ের মধ্যে এই বিষয়ের হুকুম হইয়াছিল যে বর্ত্তমান জুলাই মাসের ১ তারিখে উক্ত যোত্রহীনের যে তফসীল দাখিল হয় তাহাতে উক্ত যোত্রহীনের যে সকল পূর্ব্বকার মহাজনেরদের নাম লিখিত হইয়াছিল তাহারদের প্রতি জনের নিকটে উক্ত শুননির দিবসের বিষয়ে স্বতন্ত্র এত্তেলা না দেওয়া যায় কিন্তু তাহার পরিবর্ত্তে উক্ত নিরূপিত দিবসের বিষয়ি সম্বাদ কলিকাতা নগরের ইঙ্গরেজী ও বাঙ্গলা সম্বাদপত্রেতে একবার প্রকাশ করা যায়।

উক্ত হেনরি জেকব টনসন সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

৪ নম্বর ওল্ড পোষ্ট আফিস ষ্ট্রিট। কলিকাতা ১৮৪৭ সাল ১৭ জুলাই। ডবলিউ জি কাম্পিয়ন যোত্রহীনের উকীল।

In the matter of GEORGE URE ADAM and JAMES STEWART BLAIKIE SCOTT, lately carrying on business together in copartnership at Calcutta, under the style or firm of Adam, Scott and Company.

NOTICE is hereby given, that Saturday, the 7th day of August next, is appointed for the further hearing in this matter, for the purpose of declaring a Dividend and that an account in detail of receipts and disbursements of the Assignee from the 1st day of June, 1846, to the 30th day of June last, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents will be heard, Notice having been given at the Office of the Chief Clerk three days before the hearing.

FRITH and SANDES, *Attornies.*

আডাম স্কট কোম্পানির নামে কলিকাতা নগরে সৌতায় কর্ম্মকারী জর্জ ইউর আডম সাহেব ও জেম্স ষ্টুয়ার্ট ব্লেকি স্কট সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের জন্যে এই বিষয়ের শুননি আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবারে হইবেক এবং ১৮৪৬ সালের ১ জুন তারিখঅবধি গত জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের সকল জমাখরচের হিসাব দাখিল হইয়াছে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়েতে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন বা প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের তিন দিন পূর্ব্বে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২০ জুলাই।]

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 6.

To the Several Session Judges in the Lower Provinces.

The Courts of Nizamut Adawlut for the Lower and Western Provinces notify for general information that it has been ruled by them, that Assistants with special powers, are competent to dispose of cases under Regulation VII. of 1819

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 21st May, 1847.

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও উত্তর পশ্চিম দেশের নিজামৎ আদালতের সাহেবেরা সকল লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ করিতেছেন যে তাঁহারা নির্দ্ধারণ করিয়াছেন যে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টান্ট সাহেবেরা ১৮১৯ সালের ৭ আইনানুসারে মোকদ্দমার নিষ্পত্তি করিতে পারেন।

ডবলিউ কর্কপাট্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭ সাল ২১ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 2d July, 1847.

Moonshee Ally Neaz, Moonsiff of Bhutteearee, Zillah Chittagong, for six days from the 22d, in extension of that granted on the 25th ultimo.

The 9th July, 1847.

The leave of absence for seven days granted on the 18th ultimo to Munmohun Baboo, Moonsiff of Nowabgunge, Zillah 24 Pergunnahs, is cancelled at his own request.

The 15th July, 1847.

Moonshee Khodabuksh, Moonsiff of Mungulcote, for 4 months, from 11th instant.

B J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৭ সাল ২ জুলাই।

জিলা চাটিগাঁর ভটিয়ারীর মুনসেফ শ্রীযুত মুনশী আলী নিয়াজ গত মাসের ২৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ২২ তারিখঅবধি ছয় দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ৯ জুলাই।

জিলা চব্বিশ পরগনার নবাবগঞ্জের মুনসেফ শ্রীযুত মনমোহন বাবু গত মাসের ১৮ তারিখে যে সাত দিনের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

১৮৪৭ সাল ১৫ জুলাই।

মঙ্গলকোটের মুনসেফ শ্রীযুত মুনশী খোদাবকশ বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি চারি মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৪৬০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ৩০ জুন।

শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr A. E Russel,) ও শ্রীযুত বাবু শিবচন্দ্র দেব ও শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু মেদিনীপুরে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G Balfour,) ও শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) -বেহারে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ময়মুনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জি ই লান্স সাহেব (Mr. G. E. Lance,) ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৭ সাল ৩০ জুন।

গোবিন্দপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বি উড সাহেব (Mr. B Wood,) পনের দিনের ছুটী পাইয়াছেন।

চব্বিশপরগনার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ময়নউদ্দীন সফদর খাঁকে গত মাসের ২৩ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ২৬ তারিখে রহিত হইল। সেই তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ৭ জুলাই।

ঢাকার মাজিষ্ট্রেট শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব

[*Government Gazette,* 20th *July,* 1847.]

(Mr. R. Abercrombie,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চাপ সাহেব (Mr. G. C. Cheap,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ গত মাসের ১৮ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেমস গ্রাণ্ট সাহেব (Mr. James Grant,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ গত মাসের ১৯ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

ঢাকার সিবিল ও সেশন জজ শ্রীযুত হেনরি সুইটনহাম সাহেব (Mr. Henry Swetenham,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ গত মাসের ২৬ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব (Mr. W. S. Alexander) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ বর্ত্তমান মাসের ১ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৭৬ নম্বর

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ৫ জুলাই।

শ্রীরামপুরের সদর আমীন শ্রীযুত এ ডেবিডসন সাহেব (Mr. A. Davidson,) ১৮১১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৪৭ সাল ৭ জুলাই।

শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেবের (Mr. E. J. C. Richardson,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ছিলটের কালেকটর শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand,) ঐ জিলার মাজিস্ট্রেটী কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

ঢাকার কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত সি এ ব্রুস সাহেব (Mr. C. A. Bruce,) আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডাক্তর গ্রিন সাহেবের (Dr. Green,) পরিবর্ত্তে কাবক্তার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ সি মাক্রে সাহেব (Dr. A. C. Macrae,) ঐ জিলাতে নাগর্য্য কার্য্য নির্ব্বাহার্থ কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৭ জুলাই।

আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত সি ব্রুস সাহেব (Mr. C. Bruce,) আপনার কর্ম্ম স্থানে গমনের পূর্ব্বে স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২০ জুলাই।]

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১০ জুলাই।

ত্রিপুরার সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ব্রুস সাহেব (Mr. T. Bruce,) দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৯১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১২ জুলাই।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বি এচ কূপর সাহেব (Mr. B. H. Cooper,) ছিলটের মাজিস্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কাপ্তান টানর সাহেবের (Captain Tanner) পরিবর্ত্তে মুঙ্গেরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি হেষ্টিংস সাহেব (Mr. T. Hastings,) ঐ জিলাতে নাগর্য্য কার্য্য নির্ব্বাহার্থ কমিটির মেম্বর হইবেন।

ছুটী

১৮৪৭ সাল ১০ জুলাই।

ছিলটের সাবেক এক্টিং মাজিস্ট্রেট শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেব (Mr. E. J. C. Richardson,) গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে পাঁচ মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১২ জুলাই।

মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ পি রসেল সাহেব (Mr. H. P. Russell,) গত মে মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চারি দিনের ছুটী পাইয়াছেন।

শ্রীরামপুরের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকটরের ক্ষমতানুসারে কার্য্যকারি আসিষ্টাণ্ট শ্রীযুত এল এস জাকসন সাহেব (Mr. L. S. Jackson,) গত মাসের ৭ তারিখে যে ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি রহিত হইল সেই তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১৪ জুলাই।

আসামের কমিস্যনর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ই টি ডাল্টন সাহেব (Lieut. E. T. Dalton,) বর্ত্তমান মাসের ১ তারিখে গৌহাটী এলাকার অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেম্‌স গ্রাণ্ট সাহেব (Mr. James Grant,) বর্ত্তমান মাসের ৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বর্দ্ধমানের রাজবাটীর এলাকার যে সকল পত্তনি ও মোকররি মহল খাসতহসীলে আছে তন্মধ্যে নীচের লিখিত মহলাত আগামি শ্রাবণ মাহার মধ্যে নূতন বন্দবস্ত হইবেক অতএব সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে যে কেহ লওনেচ্ছুক থাকেন স্বয়ং বা মোক্তারের দ্বারা বর্দ্ধমানের রাজবাটীতে উপস্থিত হইয়া বন্দবস্ত করিয়া লইবেন প্রতি সপ্তাহের বুধ ও শনিবারে বন্দবস্তের দিন স্থির হইয়াছে।

জেলার শামিল মহল	যে রকমের মহল	মহলের নাম		মহলের শামিল যত মৌজা আছে তাহার সংখ্যা	জমা কোং সালিআনা	যে বাকীর নিমিত্তে খাসে আসিয়াছে	কৈঃ
জেলা বর্দ্ধমান	পত্তনি মহল	লাট নাখুরিয়া	১	১	২২৫/১	১২৯ ।/৬	এই মহল পত্তনি বিলি হইবেক
ঐ	ঐ	লাট পিণ্ডিরা	১	১	১০৩৫ ॥/৯	৬৯৪/৯	ঐ
জেলা বীরভূমি	ঐ	লাট তেওড়া	১	১১	৫৪৫০৲	৩৬০৭/৩	ঐ
ঐ	ঐ	লাট কৃষ্ণহাটী	১	৪	১২৯০৲	১৫২৮৲৩	ঐ
জেলা বর্দ্ধমান	ঐ	লাট সাঁতাহাটী	১	২	৭৮৯ ।/৪	৫১৬ ।৬	ঐ
ঐ	ঐ	লাট চণ্ডীপুর	১	৫	২২৪০৲	১৪৯৪ ।৶৪	ঐ
ঐ	ঐ	লাট আমডাঙ্গা	১	৩	১১৭৮ ॥৶৯	৬৪৯৸৴	ঐ
ঐ	ঐ	লাট যোতভবানী	১	১	১৭২ ॥৶৯	৮০৸৴	ঐ
জেলা হুগলী	ঐ	লাট শ্যামসুন্দরচক	১	১	৮০০৲	৪১৬ ।/৬	ঐ
ঐ	ঐ	লাট ছত্রশালী	১	১	৯৬০৲	৪৯৯৶	ঐ
ঐ	ঐ	লাট কিৎ সাঙরা	১	২	৪১০ ॥৶৮	২১৪ ॥০	ঐ
ঐ	ঐ	লাট ডিঙ্গনহাটা	১	৪	২১৬০৲	১৪৪৫ ॥৬	ঐ
জেলা বর্দ্ধমান	ঐ	লাট কানপুর	১	১	৩৯৮৸/১১	২১০ ।০	ঐ
জেলা হুগলী	ঐ	লাট পশ্চিমপাড়া	১	১	২৮৯/১	১৪৩ ।০	ঐ
জেলা বীরভূমি	ঐ	আয়মা রাধামোহনপুর	১	১	৯১ ।৶৬	৬৪৸/৮	ঐ
জেলা হুগলী	ঐ	লাট পোল	১	১	৬৪৩৯৲	৪২৬১ ॥৶৫	ঐ
ঐ	ঐ	লাট আলুই	১	১১	৫৫০০৲	২৮৫০ ॥৶১০	ঐ
জেলা হুগলী	পত্তনি মহল	লাট বালেশ্বরপুর	১	১	৫০১৲	৩৩২৶২	পত্তনি বিলি হইবেক
জেলা জঙ্গলমহল	ঐ	লাট মাজিপুষ্করিণী	১	২০	১৪৪৭৲	৯৪৭/৬	ঐ
ঐ	ঐ	লাট বালিআড়া	১	৬৩	১৬৮০৲	১৯০৭॥/	ঐ
ঐ	ঐ	লাট পুড়াকোন্দা	১	১	৫৯ ॥৶৯	৮৩ ।০	ঐ
ঐ	ঐ	লাট কোড়রপুর	১	৩	১৪০০৲	৯৩৩ ॥৴	ঐ
জেলা বর্দ্ধমান	ঐ	লাট সেড়ুগ্রাম	১	১৭৸৶	৪৬৯৪ ॥৶৮	৩১২৬ ॥৶৭	ঐ
জেলা হুগলী	ঐ	লাট বাকুইপাড়া	১	৪২	১৪৮১০৶১১	৭৭০০৲	ঐ
জেলা বর্দ্ধমান	ঐ	লাট বলরামপুর	১	৫	৪৯২৩ ॥৶৯	২৫৮০ ।৶২	ঐ
জেলা হুগলী	ঐ	লাট ভলচর মাযান	১	৬	১৪০০৲	৯৩০ ॥৶৫	ঐ
ঐ	ঐ	লাট পাড়ু।	১	১	৩৭১১ ।/৪	০	ঐ
জেলা বর্দ্ধমান	ঐ	লাট পুরুষোত্তমবাটী	১	১	১১৫৲	৮৫৸১	ঐ
জেলা বর্দ্ধমান	পত্তনি মহাল	লাট রসুলতপুর	১	১	৬৩৬৸১০	৫৪৭ ॥/	পত্তনি বিলি হইবেক
জেলা বীরভূমি	মোকররী মহল	লাট নৈহাটী	১	৯	১১৬৯৸/১১	১৫১৪৸১১	মুদামী বন্দবস্ত হইবেক
ঐ	পত্তনি মহল	লাট নিমা	১	১	১৩৮৶১	১১৫৸/০	পত্তনি বিলি হইবেক
ঐ	ঐ	লাট উদয়পুর	১	১	৬৩৩ ॥৶৯	৩২৯ ॥৶৮	ঐ
জেলা হুগলী	ঐ	লাট আদড়া	১	৫	৭৫৫৮॥৶১০	৪৪৭৯ ।/৪	মুদামী বন্দবস্ত হইবেক
ঐ	ঐ	লাট বৃন্দাবনপুর	১	৩	৬৪৩১ ॥৶১০	৬১৬০ ।৪	ঐ
ঐ	ঐ	লাট মোহনপুর	১	১৬	৫২৮৴/১	৩৫০৭৸৶৯	পত্তনি বিলি হইবেক

রিশীবর আফিস।

তালুকাতদিগর ইজারা

আশুতোষ দেদিগর বাদী ভোলানাথ রায় চক্রবর্ত্তীদিগর প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামী ২১ জুলাই বুধবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময় শ্রীযুত রাবর্ট ওর্ডৌয়া সাহেব রিশীবর তাঁহার আফিসে উপরোক্ত প্রতিবাদী ভোলানাথ রায় চক্রবর্ত্তির নীচের লিখিত তালুকদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন এ সময় তাঁহার আফিসে উপস্থিত হইবেন ইতি।

১ খণ্ড।

জেলা হুগলী মোতালক পরগনে বোরো তালুক মানকুণ্ডদিগর রকম ৸০ বারো আনা ১

জেলা নদীয়া মোতালক পরগনে মুলঘড় ডিহি কাগজ পুখুরিয়ার দুই নীলের কুঠী পালপাড়া ও হমকুড়া	১
জেলা চব্বিশপরগনা মোতালক তালুক হাত্তিয়াড়া মায় তাবৎ কিসমত রকম ৵১৬॥ গণ্ডা	১
ঐ জেলা মোতালক পরগনে বালিয়া তালুক শ্রীকৃষ্ণপুর মায় তাবৎ কিসমত রকম ॥০ আনা ২ খণ্ড।	১
ঐ জেলা মোতালক মোকাম বরাহিনগর এক বসত বাটী জমী ॥৪৵ কাটা	১
ঐ মোকাম এক বসত বাটী জমী ১/২ বিঘা	১

আর বৃত্তান্ত বিশীষ আফিসে তজ্জ করিলে জানিতে পারিবেন ইতি সন ১৮৪৭ সাল তারিখ ৭ জুলাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২০ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 27, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ২৭ জুলাই।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 26TH JUNE, 1847.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th of June, 1847.

ACT No. —— OF 1847.

An Act for repealing parts of Section III. Regulation IV. 1793, and Section III. Regulation III. 1803, of the Bengal Code.

It is hereby enacted, that so much of Section III. Regulation IV. 1793, and of the corresponding part of Section III. Regulation III. 1803, of the Bengal Code, as requires the transcription of plaints, be repealed.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 26th day of August next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE.
THE 3D JULY, 1847.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 3d of July, 1847;

ACT No. —— OF 1847

An Act for remedying a defect in the Law regarding undiscovered defaults in the prosecution of Suits.

Whereas inconvenience has resulted from the

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ২৬ জুন।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ২৬ জুন তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের চলিত ১৭৯৩ সালের ৪ আইনের ৩ ধারার এবং ১৮০৩ সালের ৩ আইনের ৩ ধারার কতক ভাগ রদ করণের আইন।

ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের চলিত ১৭৯৩ সালের ৪ আইনের ৩ ধারার এবং তদনুযায়ি ১৮০৩ সালের ৩ আইনের ৩ ধারার যে ভাগে নালিশের আরজীর নকল বহীতে লেখা যাইবার হুকুম আছে তাহা রদ হইল ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠ করা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৬ আগষ্ট তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ৩ জুলাই।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ৩ জুলাই তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্ট।

মোকদ্দমা নির্ব্বাহকরণের সময়ে প্রকাশ না হওয়া ত্রুটির বিষয়ে আইনে যে দোষ আছে তাহা শুধরাইবার আইন।

যেহেতুক এমত বিধান আছে যে বাঙ্গলা ও মান্দ্রাজ

rule that the discovery of defaults in the prosecution of suits and appeals brought in any Court of the East India Company, within the Territories subject to the Presidencies of Bengal and Madras, invalidates all proceedings in such suits and appeals, which may have been had since the occurrence of such default:

It is hereby enacted, that in the said Courts every default of a plaintiff or appellant, in all suits or appeals now pending or hereafter to be brought, and in all suits which have been decided but are still open to appeal, shall be held to be cured whenever the opposite party, passing over the default, shall have taken any step in the suit or appeal, and whenever the Court shall have passed judgment in the suit or appeal, whether such opposite party shall or shall not have taken any such step.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 3d day of October next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 3D JULY, 1847.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 3d of July 1847.

ACT No. —— OF 1847.

An Act to amend the Law regarding the taking of Mochulkas or Penal Recognizances.

I. It is hereby enacted, that Section 4, Regulation IV. of 1825, of the Bengal Code, is repealed.

II. And it is hereby enacted, that in the Territories subject to the Presidency of Bengal, it shall be lawful for the Zillah and City Magistrates and Joint Magistrates to take Mochulkas or Penal Recognizances according to established usage in all cases wherein it may appear just and necessary to require the same for the maintenance of the peace in their respective jurisdictions, although the party to be bound in such recognizances may not have been convicted of any specific offence, provided that the amount of the recognizance in all such cases shall be proportionate to the condition in life of the said party and to the circumstances of the case.

III. And it is hereby enacted, that in cases of an aggravated nature wherein it may appear necessary to require security for keeping the peace in addition to the recognizance of the party, it shall be lawful for such Magistrates to direct the same and to fix a reasonable amount for the security bond to be executed by the surety or sureties.

IV. And it is hereby enacted, that whenever

রাজধানীর অধীন দেশস্থ কোম্পানি বাহাদুরের কোন আদালতে উপস্থিত হওয়া কোন মোকদ্দমার কিম্বা আপীলের বিষয়ে যদি এমত দৃষ্ট হয় যে তাহা নির্ব্বাহ করণেতে ত্রুটি হইয়াছিল তবে ঐ ত্রুটি হওনের পরে ঐ মোকদ্দমার কিম্বা আপীলের যে সকল কার্য্য হয় তাহা অসিদ্ধ এবং যেহেতুক এই বিধানেতে অনেক ক্লেশ হইতেছে।

অতএব ইহাতে হুকুম হইল যে উক্ত আদালতে যে সকল মোকদ্দমা কিম্বা আপীল এক্ষণে উপস্থিত আছে কিম্বা উত্তর কালে উপস্থিত করা যায় এবং যে সকল মোকদ্দমা নিষ্পত্তি হইয়াছে কিন্তু তাহার উপর আপীল হইতে পারে সেই সকল মোকদ্দমায় ফরিয়াদী কিম্বা আপেলাণ্ট কোন ত্রুটি করিলে যদি অন্য পক্ষ সেই ত্রুটি না ধরিয়া মোকদ্দমার কিম্বা আপীলের কোন কার্য্য করে অথবা সেই অন্য পক্ষ সেইমত কোন কার্য্য করিলে বা না করিলে যদি সেই মোকদ্দমায় কিম্বা আপীলে আদালত ডিক্রী করিয়াছেন তবে ঐ ত্রুটি খণ্ডন হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩ অক্টোবর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ৩ জুলাই।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ৩ জুলাই তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্ট।

মুচলকা লওনের বিষয়ি আইন শুধরিবার আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের চলিত ১৮২৫ সালের ৪ আইনের ৪ ধারা রদ হইল ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা রাজধানীর অধীন দেশে জিলা ও শহরের মাজিষ্ট্রেট ও জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবেরা আপন২ এলাকার মধ্যে যে সকল ব্যক্তিকে শান্তি রক্ষা করিবার নিমিত্তে মুচলকা লওয়া যথার্থ ও আবশ্যক বোধ করেন সেই সকল ব্যক্তিকে চলিত ব্যবহারমতে মুচলকা লইতে পারেন এবং যে ব্যক্তির স্থানে সেই মুচলকা লওয়া যায় তাহার বিশেষ কোন অপরাধের প্রমাণ না হইলেও তাহা লইতে পারেন কিন্তু ঐ মুচলকার লিখিত টাকা মুচলকাদেওনিয়ার অবস্থা ও মোকদ্দমার বিষয় বিবেচনা করিয়া ধার্য্য করিতে হইবেক ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি এমত কোন ভারি অপরাধ হয় যে দেশের শান্তি রক্ষা পাইবার নিমিত্তে ঐ অপরাধির মুচলকার অতিরিক্ত তাহার স্থানে ঐ নিমিত্তে জামিনী লওয়াও আবশ্যক বোধ হয় তবে উক্ত মাজিষ্ট্রেট সাহেবেরা ঐ জামিনী লইবার হুকুম দিবেন এবং জামিন কিম্বা জামিনেরদের জামিনীতে যত টাকার নিয়ম লেখা যাইবেক তাহার উপযুক্ত সংখ্যা নিরূপণ করিবেন ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মাজিষ্ট্রেট

it shall appear to the Magistrate that the period for which the party should be bound to keep the peace with or without additional security, need not exceed one year, it shall be lawful for him without reference to superior authority to give directions accordingly, and in default of such recognizance or additional security, to commit the party to prison in the Civil Jail until he shall do what has been required of him.

V. And it is hereby enacted, that whenever it shall appear to the Magistrate that the period for which the party should be bound to keep the peace with or without additional security ought to exceed the period of one year the Magistrate shall record his opinion to that effect with an order specifying the amount of recognizance and security as well as the number of sureties which should in his judgment be required, and the period for which the recognizance and security should be required, which however shall in no case exceed three years. If the party shall not furnish the recognizance and security so required, the proceedings shall be laid before the Sessions Judge, who after examining them and calling for any further information which he may think necessary, shall pass orders on the case confirming, modifying or annulling the orders of the Magistrate and if the orders so passed by the Sessions Judge confirm to any extent the requisition for recognizance or securities the Sessions Judge shall direct the Magistrate to commit the party to prison in the Civil Jail until he shall do what has been required of him.

VI. Provided always and it is hereby enacted, that no party shall be kept in prison under this Act for a longer period than that for which the recognizance and securities have been required from him.

VII. And it is hereby enacted, that the Provisions contained in Sections 5, 6 and 7, of Regulation VIII. of 1818, of the Bengal Code, shall be applicable to all persons confined under this Act, and to all sureties who shall have given security under this Act.

VIII. And it is hereby enacted, that all sentences and orders passed under this Act shall be appealable subject to the general provisions which regulate appeals.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India after the 3d day of September next.

G. A BUSHBY,
Secy. to the Govt of India

REPORTS OF SUMMARY CASES DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

1st June, 1847.—*A* having borrowed money in one district, dies without leaving any property in

সাহেবের যখন বোধ হয় যে অতিরিক্ত জামিনী লইয়া কিম্বা না লইয়া শান্তি রক্ষা পাইবার জন্যে সেই অপবাদগ্রস্ত ব্যক্তির স্থানে এক বৎসরের অধিক কালপর্য্যন্ত মুচলকা লওনের আবশ্যক নাই তখন ঐ সাহেব উপরিস্থ কার্য্যকারক সাহেবের নিকটে কিছু জিজ্ঞাসা না করিয়া তদনুসারে হুকুম করিতে পারেন। এবং অপবাদগ্রস্ত ব্যক্তি ঐ মুচলকা কিম্বা অতিরিক্ত জামিনী না দিলে তাহার প্রতি যে কার্য্য করিবার হুকুম হয় তাহা যাবৎ না করে তাবৎ মাজিষ্ট্রেট সাহেব তাহাকে দেওয়ানী জেলখানায় কয়েদ করিতে পারেন ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি মাজিষ্ট্রেট সাহেবের এমত বোধ হয় যে অতিরিক্ত জামিনী লইয়া কি না লইয়া অপবাদগ্রস্ত ব্যক্তির স্থানে এক বৎসরের অধিক কালপর্য্যন্ত শান্তি রক্ষা পাইবার জন্যে মুচলকা লওনের আবশ্যক আছে তবে মাজিষ্ট্রেট সাহেব সেই বিষয়ে আপনার মত এক হুকুম সমেত লিখিবেন সেই হুকুমের মধ্যে মুচলকা ও জামিনীর সংখ্যা এবং তাঁহার বিবেচনাতে যত জামিন লইতে হইবেক তাহারদের সংখ্যা এবং যত কালের মুচলকা ও জামিন লইতে হয় তাহা লিখিবেন কিন্তু তিন বৎসরের অধিক কালপর্য্যন্ত মুচলকা কি জামিনী লইতে হইবেক না। যদি সেই ব্যক্তি উক্ত প্রকারে হুকুম হওয়া মুচলকা ও জামিনী না দেয় তবে তাহার রুবকারী সেশন জজ সাহেবের নিকটে অর্পণ হইবেক তিনি সেই বিষয়ের তজবীজ করিয়া এবং অতিরিক্ত যে বৃত্তান্ত আবশ্যক বোধ করেন তাহা তলব করিয়া সেই বিষয়ের হুকুম দিয়া মাজিষ্ট্রেট সাহেবের হুকুম বহাল কি মতান্তর কিম্বা বাতিল করিবেন। এবং সেশন জজ সাহেব যে হুকুম করেন তাহাতে যদি মুচলকা কিম্বা জামিনীর বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের হুকুমের অনেক অংশ মঞ্জুর হয় তবে সেশন জজ সাহেব মাজিষ্ট্রেট সাহেবকে এমত হুকুম দিবেন যে ঐ ব্যক্তিকে যে কর্ম্ম করিবার হুকুম হইয়াছে তাহা যাবৎ না করে তাবৎ দেওয়ানী জেলখানায় কয়েদ করেন ইতি।

৬ ধারা। পরন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে যত কালের মুচলকা এবং জামিনী ঐ ব্যক্তির স্থানে লওয়া যায় তাহার অধিক কালপর্য্যন্ত সেই ব্যক্তিকে এই আইনমতে কয়েদে রাখিতে হইবেক না ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে যে সকল ব্যক্তি কয়েদ হয় তাহারদের বিষয়ে এবং এই আইনানুসারে জামিনীদেওনিয়া সকল জামিনের বিষয়ে বাঙ্গলা দেশের চলিত ১৮১৮ সালের ৮ আইনের ৫ ও ৬ এবং ৭ ধারার বিধান খাটিবেক ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে যে সকল দণ্ডের হুকুম ও অন্যান্য হুকুম হয় তাহার উপর আপীল করণের সাধারণ নিয়মমতে আপীল হইতে পারিবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩ সেপ্টেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৭ সাল ১ জুন।

A নামক ব্যক্তি এক জিলাতে টাকা কর্জ্জ করে

the district in which he borrowed, and is succeeded by heirs resident in another district Held that the heirs may be sued either in the *locus contractus*, or in that of their domicile.

Kali Tara Mujmoodar and another—Petitioners.

This was an appeal from an order of the Judge of 24-Pergunnahs, dated 3d February, 1847, confirming that of the Principal Sudder Ameen of the same district, of the 26th November, 1846, non-suiting the petitioners in an action for debt, preferred by them under the following circumstances.

One, Muddun Mohun Roy, had borrowed a sum of money from the petitioners, within the local jurisdiction of the 24-Pergunnahs He died, and was succeeded by his brother, Punchanun Roy, (against whom the action was brought,) who resided in the district of Hooghly It did not appear that the present defendant had succeeded to any property of the borrower within the jurisdiction of the 24-Pergunnahs. Under these circumstances, the Principal Sudder Ameen and Zillah Judge were of opinion, that the Courts of the 24-Pergunnahs had no jurisdiction in the matter

Mr Hawkins (Temporary Judge,) by whom the case was heard, submitted the question of jurisdiction for the opinion of the Court at large

The Court were of opinion, that, under Section 8, Regulation III 1793 the suit might be heard either in the district in which the debt was incurred, or in that in which the defendant resided. The order of the Zillah authorities was accordingly reversed.

—

1st June, 1847 —In a case in which the principals, who had obtained an order for possession of property under Regulation V 1799, made over such property temporarily to their sureties, it was held that the Civil Court could not summarily interfere in a dispute between the principals and sureties, in regard to the proper discharge of the trust.

Dwarka Doss—Petitioner.

The petitioner appealed from an order of the Judge of Patna, dated 12th February, 1847, confirming that of the Principal Sudder Ameen of the 28th March, 1846

The petitioner, together with his brothers, had obtained an order for possession of the estate of one Asoon Bibi, on her death, under the provisions of Regulation V. 1799, on giving security to stand the result of an action, about to be brought against them by certain other parties, who claimed an interest in the property. It appears that the sureties stipulated with their principals, that they should have the possession and management of the property while the litigation was pending. The action was dismissed; and it was now alleged by

এবং যে জিলাতে কর্জ্জ করে তাহাতে কোন সম্পত্তি না রাখিয়া মরে এবং অন্য জিলানিবাসি তাহার উত্তরাধিকারিরা তাহার সম্পত্তির অধিকার প্রাপ্ত হয়। তাহাতে বিধান হইল যে যে জিলাতে কর্জ্জ হইয়াছিল অথবা যে জিলাতে উত্তরাধিকারিরা বাস করে তাহার কোন এক জিলাতে তাহারদের নামে নালিশ হইতে পারে।

কালীতারা মজুমদার এবং অন্যেরা দরখাস্তকারী।

চব্বিশপরগনার প্রধান সদর আমীন ১৮৪৬ সালের ২৬ নবেম্বর তারিখে কর্জ্জের বাবৎ যে নালিশ পশ্চাৎ লিখিত গতিকে উপস্থিত করা গেল তাহাতে দরখাস্তকারিরদিগকে ননসুট করিলেন। ১৮৪৭ সালের ৩ ফেব্রুআরি তারিখে ঐ জিলার জজ সাহেব প্রধান সদর আমীনের হুকুম বহাল রাখিলেন। জজ সাহেবের ঐ হুকুমের উপর এই আপীল হয়।

চব্বিশপরগনার বিশেষ এলাকার মধ্যে মদনমোহন রায়নামক ব্যক্তি দরখাস্তকারিরদের স্থানে কিছু টাকা কর্জ্জ করিয়াছিল পরে সে মরিল এবং তাহার ভ্রাতা যে পঞ্চানন রায়ের নামে এই নালিশ হইল সে তাহার উত্তরাধিকারী হইল। পঞ্চানন রায় জিলা হুগলীতে বাস করে। তাহাতে দৃষ্ট হইল না যে এই মোকদ্দমার আসামী চব্বিশপরগনার এলাকার মধ্যে ঐ খাতকের (অর্থাৎ আপনার ভ্রাতার) কোন সম্পত্তির অধিকারী হইয়াছিল। এইমত গতিকে প্রধান সদর আমীন ও জিলার জজ সাহেবের মত এই হইল যে এই বিষয়ে চব্বিশপরগনার আদালতের কোন এলাকা নাই।

তাহাতে ক্ষণেক কালের জজ শ্রীযুত হকিন্স সাহেব এই মোকদ্দমা শুনিলেন এবং সদরের সকল জজ সাহেবের মত পাইবার জন্য এলাকাবিষয়ক জিজ্ঞাসা তাঁহারদের নিকট অর্পণ করিলেন।

আদালতের জজ সাহেবেরদের এই বিবেচনা হইল যে ১৭৯৩ সালের ৩ আইনের ৮ ধারানুসারে এ মোকদ্দমা যে জিলাতে কর্জ্জ হইয়াছিল তাহাতে অথবা যে জিলাতে আসামী বাস করে তাহাতে শুনা যাইতে পারে। অতএব ঐ জিলার আদালতের জজ সাহেব ও প্রধান সদর আমীনের হুকুম অন্যথা হইল।

— —— --

১৮৪৭ সাল ১ জুন।

যে গতিকে কর্ত্তা ব্যক্তিরা ১৭৯৯ সালের ৫ আইনানুসারে সম্পত্তির দখলের বিষয়ে হুকুম পাইয়াছিল এবং কিছু কালের জন্য ঐ সম্পত্তি আপনারদের জামিনেরদের হাতে অর্পণ করিয়াছিল সেই গতিকে এই বিধান হইল যে কর্ত্তা ব্যক্তিরদের ও তাহারদের জামিনেরদের মধ্যে গচ্ছিত বিষয়ের উচিত মত সরবরাহ করণের বিষয়ে বিরোধ হইলে দেওয়ানী আদালত সরাসরীমতে তাহাতে হস্তক্ষেপ করিতে পারেন না।

দ্বারকাদাস দরখাস্তকারী।

১৮৪৬ সালের ২৮ মার্চ তারিখে পাটনার প্রধান সদর আমীন যে হুকুম করিলেন তাহা ১৮৪৭ সালের ১২ ফেব্রুআরি তারিখে পাটনার জজ সাহেব বহাল রাখিলেন। পাটনার জজ সাহেবের ঐ হুকুমের উপর দরখাস্তকারী আপীল করিল।

আসূন বিবিনামক এক স্ত্রীর মরণোত্তর তাহার সম্পত্তির দখলের জন্যে দরখাস্তকারী এবং তাহার ভ্রাতারা এক হুকুম ১৭৯৯ সালের ৫ আইনের বিধির অনুসারে পাইয়াছিল এবং তৎসময়ে অন্য যে কএক ব্যক্তি সেই সম্পত্তিতে আপনারদের লাভের বিষয়ে দাওয়া করিয়া ঐ ভ্রাতারদের নামে নালিশ করিতে উদ্যত ছিল সেই মোকদ্দমার হুকুম প্রতিপালনের জন্যে দরখাস্তকারিপ্রভৃতি জামিন দিয়াছিল। দৃষ্ট হইল যে ঐ জামিনেরা কর্ত্তা ব্যক্তির সঙ্গে এই বন্দোবস্ত করিয়াছিল যে মোকদ্দমা যত কাল চলিবেক তত কাল ঐ সম্পত্তির দখল ও সরবরাহ কার্য্য আমারদের প্রতি থাকিবেক। পরে ঐ মোকদ্দমা

the petitioner, that the sureties had failed to render a faithful account of the property, which he prayed they might be compelled to do.

The Principal Sudder Ameen and Zillah Judge held, that the Civil Court could not interfere summarily between the principals and their sureties; and that the proper remedy was a regular action. The Court (present Mr. Hawkins,) concurred with the Zillah Authorities and rejected the appeal.

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No 727.

To the Collectors of the Districts of Cuttack S. D., Cuttack N. D., Cuttack C. D., Backergunge, Tipperah, Chittagong, Rungpore, Rajshahye, Moorshedabad, Beerbhoom, Shahabad, Sarun, Behar, Patna, Burdwan, Hooghly, Jessore, Nuddea, Bhaugulpore, Tirhoot, Monghyr, Purneah, Dinagepore, Gowalparah, Sylhet, Mymensing, Dacca, Maldah, Bograh, Pubnah, Bulloah, Furreedpore, Barraset, Bancoorah, Hazareebaugh, Lohardugga Dn., Singbhoom Dn., Maunbhoom Dn., Calcutta, 24-Pergunnahs.

In continuation of Mr. Acctt. Walker's Circular letter of the 24th November last, No. 715 A, I have the honor to acquaint you, that Government has approved of a proposition submitted by the Accountant, through the Superintendent and Remembrancer of Legal Affairs, to the effect that you should furnish to that functionary, annually, a statement of the demands, collections, and balances, on account of law expences over and above those on account of stamp duty recoverable from suitors in formâ pauperis under the provisions of Section 9, Regulation XXVIII. of 1814. This statement is to be drawn up in a form similar to that prescribed for the stamp duty leviable in such suits, and the results contained in it are, after examination in the Remembrancer's Office, to be incorporated in a General Abstract to be forwarded to this Department for eventual check. You are accordingly requested, in bringing to credit in your Treasury Account the recoveries on this account, to enter them separately under the head of "Profit and Loss" in the manner shewn in the margin,* taking care that the collections, as per your Treasury Accounts, invariably correspond with those shewn in your Annual Returns.

(Signed) W. MAPLES,

Offg. Extra Asstt. Acctt. Govt. of Bengal.

Fort William, Acctt's. Office,
Revenue Departt., the 8th July, 1847.

* "To Profit and Loss" — Amount received from suitors in formâ pauperis on account of law expences under Section 9, Regulation 28, of 1814, ... Rs. 00 0 0

[*Government Gazette, 27th July*, 1847.]

ডিসমিস হইল এবং দরখাস্তকারী এক্ষণে এই প্রার্থনা করিল যে ঐ জামিনেরা সম্পত্তির বিশ্বাসযোগ্য হিসাব দিতে ত্রুটি করিয়াছে অতএব তাহা দিবার বিষয়ে তাহারদের প্রতি হুকুম হয়।

তাহাতে প্রধান সদর আমীন ও জিলার জজ সাহেব হুকুম করিলেন যে কর্ত্তা ব্যক্তি ও তাহার জামিনেরদের মধ্যে বিরোধ হইলে দেওয়ানী আদালত সরাসরীমতে তাহাতে হস্তক্ষেপ করিতে পারেন না এবং জাবেতামত মোকদ্দমা তাহার উপযুক্ত প্রতিকার। সদর দেওয়ানী আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব প্রধান সদর আমীন ও জিলার জজ সাহেবের মতে ঐক্য হইয়া আপীল ডিসমিস করিলেন।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর পত্র।

৭২৭ নম্বর।

কটকের দক্ষিণ অংশ ও উত্তর অংশ ও মধ্যম অংশ ও বাকরগঞ্জ ও ত্রিপুরা ও চাটিগাঁ ও রঙ্গপুর ও রাজশাহী ও মুরশিদাবাদ ও বীরভূম ও শাহাবাদ ও সারণ ও বেহার ও পাটনা ও বর্দ্ধমান ও হুগলী ও যশোহর ও নদীয়া ও ভাগলপুর ও ত্রিহুত ও মুঙ্গের ও পূরণিয়া ও দিনাজপুর ও গোআলপাড়া ও ছিলট ও ময়মনসিংহ ও ঢাকা ও মালদহ ও বগুড়া ও পাবনা ও বলুয়া ও ফরিদপুর ও বারাসত ও বাঁকুড়া ও হাজারীবাগ ও লোহারডগা এলাকা ও সিংহভূম এলাকা ও মানভূম এলাকা ও কলিকাতা ও চব্বিশপরগনার শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

শ্রীযুত আকৌণ্টেণ্ট ওয়াকর সাহেবের গত ২৪ নবেম্বর তারিখের ৭১৫ A নম্বরী সরকুলর পত্রের অনুক্রমে তোমাকে জ্ঞাত করিতেছি যে শ্রীযুত আকৌণ্টেণ্ট সাহেব মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেবের দ্বারা যে প্রস্তাব করিয়াছিলেন তাহাতে গবর্ণমেণ্ট সম্মত হইয়াছেন সেই প্রস্তাব এই যে ইষ্টাম্পের মাসুল ছাড়া ও তাহার অতিরিক্ত আদালতসম্পর্কীয় যে খরচা যোত্রহীন ফরিয়াদীর স্থানে ১৮১৪ সালের ২৮ আইনের ৯ ধারানুসারে আদায় হইতে পারে তাহার দাওয়া ও আদায় হওয়া টাকা ও বাকী টাকার এক কৈফিয়ৎ বৎসরে২ তুমি ঐ কর্ম্মকারক সাহেবের নিকটে পাঠাও। ঐ প্রকার মোকদ্দমাসম্পর্কীয় ইষ্টাম্পের মাসুলের নিমিত্তে যে পাঠ নির্দ্দিষ্ট আছে এই কৈফিয়ৎ সেই পাঠানুসারে প্রস্তুত করিতে হইবেক এবং সেই কৈফিয়তের বৃত্তান্ত মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দফ্তরখানায় তজবীজ হইলে পর এক সাধারণ খোলাসার মধ্যে অর্পণ করিতে হইবেক এবং তৎপরে চূড়ান্ত তজবীজ হইবার জন্যে এই সিরিশ্তায় পাঠাইতে হইবেক। অতএব তোমার প্রতি হুকুম হইতেছে যে তোমার খাজানাখানার হিসাবে এই বাবৎ প্রাপ্ত সকল টাকা জমা করণের সময়ে নীচের নির্দ্দিষ্টমতে* তাহা "লাভ নোকসানের" খাতায় স্বতন্ত্র করিয়া লেখ। এবং তুমি এই বিষয়ে সাবধান হইবা যে তোমার খাজানাখানার হিসাবে আদায় হওয়া যে টাকা লেখা যায় তাহা নিয়ত তোমার বার্ষিক কৈফিয়তে লিখিত হিসাবের সঙ্গে মেলে।

ডবলিউ মেপল্‌স।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের একটিং অতিরিক্ত আসিষ্টাণ্ট।

ফোর্ট উলিয়ম। আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট ১৮৪৭। ৮ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

* "লাভনোকসান",— ১৮১৪ সালের ২৮ আইনের ৯ ধারানুসারে মোকদ্দমার খরচার জন্যে যোত্রহীন ফরিয়াদীর স্থানে প্রাপ্ত ... টাকা •••

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 9 A.

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——.

The Sudder Board of Revenue, having had under their consideration the important subject of the proper treatment of Law suits in the Country Courts connected with the Land Revenue Department, have directed me to issue the following Rules for your future observance. You will perceive that they have mostly been in force hitherto, and are now only brought together, and rendered more complete in some respects.

2d. Whenever you receive notice of an action against Government in any Zillah Court, if you should be of opinion that it would not be proper or advisable to defend it, you will submit the Plaint and papers of the case, together with a circumstantial report, giving your opinion thereon, to the Superintendent and Remembrancer of Legal Affairs. If on the other hand, you should be of opinion that the action admits of being, and ought to be, defended, you will, in addition, submit a draft of the Pleading you would file, as well as an abstract, in English, of the Plaint, and your proposed reply in parallel columns

3d. In like manner, whenever you desire to institute an action on behalf of Government in any Zillah Court, you will submit, to the same Officer, the papers of the case, with a circumstantial report giving the grounds of your opinion, and a draft of your proposed Pleading

4th. Whenever a suit, Regular or Miscellaneous, is decided against Government in a Zillah Court, which is open to an appeal to the Zillah Judge, you will, without loss of time, report on the merits of the decision to the Legal Remembrancer, stating whether in your opinion, an appeal should be preferred or not, and submitting a copy of the decree, or, if a Miscellaneous case, of the order

5th. Whenever an appeal is instituted to the Zillah Judge against a decision passed by a lower tribunal in favor of Government, and the Government, as respondent, is summoned by the Court to answer the appeal, you will immediately report on the appeal to the Legal Remembrancer, submitting a copy of the Court's proceeding and a copy of your proposed reply.

6th. Whenever a decision, passed by a lower tribunal in favor of Government, is reversed in appeal by the Zillah Judge or the Principal Sudder Ameen to whom the appeal may have been referred, you will immediately report to the Legal Re-

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৯ A. নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ভূমির রাজস্বের সিরিশ্‌তাসম্পর্কীয় যে মোকদ্দমা দেশীয় আদালতে উপস্থিত হয় তাহার উপযুক্তমতে নির্ব্বাহকরণের অতিগুরুতর বিষয় সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের বিবেচনার অধীন হওয়াতে তাঁহারদের আদেশক্রমে পশ্চাৎ লিখিত বিধি তোমার উত্তর কালে কার্য্য সাধনের জন্যে পাঠাইতেছি। তোমার দৃষ্ট হইবেক যে এই বিধির অধিকাংশ পূর্ব্বাবধি চলন আছে একণে কেবল সংগ্রহ করা গেল এবং কোন২ বিষয় পূর্ব্বাপেক্ষা অধিক সম্পূর্ণ হইল।

২। কোন জিলা আদালতে সরকারের বিরুদ্ধে নালিশ উপস্থিত হওনের এত্তেলা তোমার নিকটে পঁহুছিলে যদ্যপি তোমার এমত বোধ হয় যে তাহার জওয়াব দেওয়া উপযুক্ত অথবা পরামর্শসিদ্ধ নহে তবে তুমি সেই মোকদ্দমার নালিশী আরজী এবং সকল কাগজপত্র এবং তদ্বিষয়ে আপনার অভিপ্রায় এক বেওরাযুক্ত রিপোর্টে লিখিয়া মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেবের নিকটে পাঠাইবা। পক্ষান্তরে যদ্যপি তোমার এমত বোধ হয় যে ঐ নালিশের জওয়াব দেওয়া যাইতে পারে এবং তাহার জওয়াব দেওয়া উচিত তবে উক্ত কাগজপত্রের অতিরিক্ত যে সওয়াল জওয়াব দাখিল করিতে চাহ তাহার এক মুসাবিদা এবং নালিশী আরজীর ইঙ্গরেজী ভাষায় লিখিত এক স্থূলাংশ এবং তাহার পাশাপাশি তোমার প্রস্তাবিত উত্তর লিখিবা।

৩। এবং সেইরূপে যখন জিলার কোন আদালতে সরকারের পক্ষে তুমি কোন নালিশ উপস্থিত করিতে ইচ্ছা কর তখন তুমি উক্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে ঐ মোকদ্দমার কাগজপত্র এবং তোমার মতের হেতু এক বেওরাযুক্ত রিপোর্টে লিখিয়া তাহা এবং তোমার প্রস্তাবিত নালিশী আরজীর এক মুসাবিদা পাঠাইবা।

৪। যখন কোন জাবেতামত অথবা মুৎফরক্কা মোকদ্দমা কোন জিলার মধ্যস্থিত আদালতে সরকারের বিরুদ্ধে ডিক্রী হয় এবং জিলার জজ সাহেবের নিকটে তাহার আপীল হইতে পারে তখন তুমি অগৌণে ঐ নিষ্পত্তির দোষগুণের রিপোর্ট মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেবের নিকটে পাঠাইবা এবং তাহাতে লিখিবা যে তোমার মতে তাহার উপর আপীলকরা উচিত কি না এবং ঐ রিপোর্টের সঙ্গে ঐ ডিক্রীর এক নকল অথবা মুৎফরক্কা মোকদ্দমা হইলে ঐ হুকুমের এক নকল পাঠাইবা।

৫। যখন কোন অধস্থ আদালতে সরকারের পক্ষে নিষ্পত্তি হয় এবং তাহার উপর আপীল জিলার জজ সাহেবের নিকটে হয় এবং ঐ আপীলের জওয়াব দেওনার্থ গবর্ণমেণ্টের রেস্পাণ্ডেণ্টস্বরূপ ঐ আদালতে তলব হয় তখন তুমি ঐ আপীলের বিষয়ে এক রিপোর্ট এবং আদালতের রুবকারীর এক নকল এবং তোমার প্রস্তাবিত উত্তরের এক নকল অগৌণে মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেবের নিকটে পাঠাইবা।

৬। যখন অধস্থ আদালতে গবর্ণমেণ্টের পক্ষে হওয়া কোন ডিক্রীর উপর প্রধান সদর আমীনের অথবা জিলার জজ সাহেবের নিকটে আপীল হয় এবং ঐ ডিক্রী তাঁহারদের দ্বারা অন্যথা করা যায় তখন তুমি তৎক্ষণাৎ ঐ অন্যথা করণের হুকুমের দোষগুণের বিষয়ের এক রিপোর্ট মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে

membrancer on the merits of the reversal, submitting a copy of the decree passed in appeal.

7th. In all the foregoing categories, if the Legal Remembrancer should concur in the opinion expressed by yourself, the course in which you both agree may at once be followed, without the necessity of any previous reference to or communication with the Board. If, on the other hand, the Legal Remembrancer should see reason to differ from your view of the case and of the course proper to be pursued, he will report on the case for the orders of the Board; provided always, that every case shall be reported to the Board by the Legal Remembrancer, in which, in consequence of the reversal by the Zillah Judge of the decision passed by a lower tribunal in favor of Government, it may be considered advisable to proceed in the Sudder Dewanny Adawlut

8th. In like manner, during the progress of a suit, or an appeal, in any of the Zillah Courts, you will advise with the Legal Remembrancer in regard to all interlocutory orders which may be passed, or any petitions which it may be deemed advisable to file, or to answer, and be guided by his instructions on such occasions, as well as in the conduct of the suit, or appeal generally.

9th. It may sometimes be necessary, in cases decided by an Uncovenanted Judge, that you should lodge an appeal in the Judge's Court at once without waiting for a reply to your reference to the Remembrancer, only thirty days being allowed for appealing to the Zillah Judge against the decision of a lower tribunal, but on such occasions the appeal can be withdrawn if, in reply to your reference, it should be ruled that an appeal ought not to be preferred.

10th. Whenever an original suit is decided against Government in the Court of the Zillah Judge, or in that of the Principal Sudder Ameen, if the appeal from his decision lies to the Sudder Dewanny Adawlut, you will immediately report on the merits of the decision, and submit a copy of the decree, and the draft of a petition of appeal, if you should be of opinion that an appeal ought to be preferred to the Legal Remembrancer who will take the orders of the Board as to whether an appeal shall or shall not be instituted.

11th. In like manner, whenever the Board may receive notice of an appeal in the Sudder Dewanny Adawlut against an original decision passed in favor of Government in the Court of the Zillah Judge or Principal Sudder Ameen, you will be required by the Legal Remembrancer to report on the merits of the decision, and to submit a copy of the decree and the draft of a reply to that officer, who will take the orders of the Board as to whether the appeal shall be defended or not—and all suits and proceedings in the Sudder Dewanny Adawlut will be conducted by the Legal Remembrancer under the direction and controul of the Board.

[*Government Gazette, 27th July*, 1847.]

পাঠাইবা এবং ঐ আপীলমুখে যে ডিক্রী হয় তাহার এক নকলও পাঠাইবা।

৭। উপরের উক্ত কসল গতিকে যদি মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তোমার মতে ঐক্য হন তবে কার্য্যের যে রীতির বিষয়ে তোমরা উভয়ে সম্মত হইয়াছ তদনুসারে একেবারে কার্য্য আরম্ভ করিতে পার এবং কার্য্য করণের পূর্ব্বে বোর্ডের সাহেবেরদের নিকটে সেই বিষয় অর্পণ করণের অথবা ঐ সাহেবেরদের সঙ্গে কোন লিখনপঠন করণের আবশ্যক হইবেক না। কিন্তু পক্ষান্তরে যদি সেই মোকদ্দমায় এবং তাহাতে যাহা কর্ত্তব্য সেই বিষয়ে মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তোমার বিবেচনাতে সম্মত না হওনের কোন কারণ দেখেন তবে তিনি সেই মোকদ্দমায় বোর্ডের সাহেবেরদের হুকুম পাইবার নিমিত্তে তথায় রিপোর্ট করিবেন। কিন্তু তোমার ইহা বিশেষ জানা কর্ত্তব্য যে যে প্রত্যেক গতিকে অধীন আদালতের সরকারের পক্ষে করা নিষ্পত্তি জিলার জজ সাহেবের দ্বারা অন্যথা হওয়াপ্রযুক্ত সেই বিষয় সদর দেওয়ানী আদালতে উপস্থিত করা উপযুক্ত বোধ হয় এমত প্রত্যেক গতিকে মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব বোর্ডে রিপোর্ট করিবেন।

৮। সেইরূপে জিলার কোন আদালতে কোন মোকদ্দমা বা কোন আপীলের নির্ব্বাহ হওনের সময়ে যে সকল হুকুম দেওয়া যায় অথবা যে কোন দরখাস্ত দাখিল করিতে বা যে কোন দরখাস্তের জওয়াব দিতে উপযুক্ত বোধ হয় সেই সকল বিষয়ে মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সঙ্গে তুমি পরামর্শ করিবা এবং সেই২ বিষয়ে এবং সামান্যতঃ মোকদ্দমা কি আপীল চালাওনের বিষয়ে তাঁহার উপদেশানুসারে কার্য্য করিবা।

৯। কোন২ গতিকে অচিহ্নিত বিচারকের দ্বারা মোকদ্দমার নিষ্পত্তি হইলে মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে তুমি যাহা জিজ্ঞাসা করিয়াছ তাহার উত্তরের অপেক্ষা না করিয়া একেবারে আপীল দাখিল করণের আবশ্যক হইতে পারে যেহেতুক অধস্থ আদালতের নিষ্পত্তির উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল করণার্থ কেবল ত্রিশ দিন মিয়াদ নির্দ্দিষ্ট আছে কিন্তু এই২ গতিকে তোমার জিজ্ঞাসার উত্তরে যদি আপীল না করণের আদেশ হয় তবে সেই আপীল উঠান যাইতে পারে।

১০। কোন আসল মোকদ্দমা জিলার জজ সাহেবের অথবা প্রধান সদর আমীনের আদালতে সরকারের বিরুদ্ধে ডিক্রী হইলে যদি ঐ নিষ্পত্তির উপর আপীল সদর দেওয়ানী আদালতে করিতে হয় এবং যদ্যপি তোমার বোধে সেইরূপ আপীলকরা উপযুক্ত তবে তুমি অগৌণে ঐ নিষ্পত্তির দোষগুণ এবং ডিক্রীর নকল এবং আপীলী আরজীর এক মুসাবিদা মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পাঠাইবা এবং আপীল উপস্থিত করণ কি না করণের বিষয়ে তিনি বোর্ডের সাহেবেরদের হুকুম চাহিবেন।

১১। সেইরূপে যখন বোর্ডের সাহেবেরদের নিকটে এইমত সম্বাদ পঁহুছে যে জিলার জজ সাহেবের অথবা প্রধান সদর আমীনের আদালতে সরকারের পক্ষে হওয়া কোন আসল ডিক্রীর উপর সদর দেওয়ানী আদালতে আপীল হইয়াছে তখন মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব সেই নিষ্পত্তির দোষগুণের বিষয়ের এক রিপোর্ট এবং ঐ ডিক্রীর এক নকল এবং তাহার উত্তরের এক মুসাবিদা তোমার নিকটে চাহিবেন এবং সেই আপীলের জওয়াব দেওন কি না দেওনের বিষয়ে তিনি সদর বোর্ডের হুকুম লইবেন। এবং সদর দেওয়ানী আদালতে সকল মোকদ্দমা ও কার্য্য বোর্ডের সাহেবেরদের হুকুম ও কর্ত্তৃত্বাধীনে মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব নির্ব্বাহ করিবেন।

12th. These rules imply of course previous communication between yourself and the Collector, with whom the immediate conduct of suits in the Zillah Courts, subject to your supervision and controul, lies— and you will be pleased to issue such instructions to the several Collectors subordinate to you, as may be necessary to enable you to act up to the present rules, giving them specially to understand that all drafts of Plaints, Pleadings, and Petitions are to be prepared by the Government Pleader from materials furnished by the Collector, the latter being responsible for the facts, and the former for the law and style. But the Collector, of course, will always be at liberty to submit also a draft of his own, if he should disapprove of the one furnished by the Pleader

13th. A copy of this Circular will be forwarded to the Legal Remembrancer for his information and guidance.

(Signed) G. PLOWDEN, *Secretary.*

Sudder Board of Revenue,

Fort William, the 29th May, 1847.

১২। এই বিধির দ্বারা সুতরাং এই বোধ হইতেছে যে তোমার ও কালেক্টর সাহেবের মধ্যে মোকদ্দমা হওনের পূর্ব্বে লিখনপঠন হইবেক যেহেতুক জিলা আদালতে সকল মোকদ্দমার নির্ব্বাহ করণের ভার কালেক্টর সাহেবের প্রতি আছে। কিন্তু তাহা তোমার দৃষ্টি ও কর্ত্তৃত্বের অধীন অতএব এই বিধির অনুসারে তোমার কার্য্য করিতে পারিবার নিমিত্ত তোমার অধীন নানা কালেক্টর সাহেবকে যে২ উপদেশ দেওয়া আবশ্যক বোধ হয় তাহা তাঁহারদিগকে দিবা এবং তাঁহারদিগকে বিশেষরূপে জানাইবা যে সকল নালিশী আরজীর ও সওয়াল জওয়াবের ও দরখাস্তের মুসাবিদা কালেক্টর সাহেবের দেওয়া উপদেশানুসারে সরকারের উকীল প্রস্তুত করিবেন তন্মধ্যে বৃত্তান্তের বিষয়ে কালেক্টর সাহেব দায়ী কিন্তু আইন ও কথার বিন্যাসের বিষয়ে ঐ উকীল দায়ী। পরন্তু সুতরাং কালেক্টর সাহেব যদি উকীলের প্রস্তুত করা মুসাবিদাতে সম্মত না হন তবে আপনার লিখিত এক মুসাবিদা দাখিল করিতে পারেন।

১৩। এই সরকুলর অর্ডরের এক নকল মোকদ্দমার সুপরিন্টেণ্ডেন্ট ও রিমেম্ব্রান্সর সাহেবের উপদেশ ও বিজ্ঞাপনের নিমিত্তে পাঠান যাইবেক।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২৯ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 19

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

The Court anticipating that prosecutions for forgery brought to light in the course of Civil Judicial proceedings, may become more frequent, as the expediency of using every lawful means for the suppression of that offence becomes more obvious, think it useful to notify, that the provisions of Section 4, Regulation III. of 1804, have been held by both Courts of Nizamut Adawlut, to be capable of enforcement by the Civil Judges against any party who may abscond, being at the time under a charge of forgery, brought to light in the course of Civil Judicial proceedings. It will be the duty of the Civil Judge, in such cases, to call upon the Magistrate of the district to perform the acts described in Section 4, Regulation III. of 1804, and the corresponding Section of Regulation XX. of 1817, with a view to the apprehension of the absconding party, and it will be incumbent on the Magistrate to obey such requisitions, and to proceed as he would do, were the absconding party in question charged with a Criminal offence, primarily cognizable in his Court. The principle, set forth in the 3rd Para. of Construction No. 648, is declared applicable to attachment of property directed to be made under the sanction of the law above cited, and these instructions.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 17th May, 1847.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৭ জুলাই।]

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা বোধ করেন্ যে জাল করণ দোষ নিবারণ করিবার জন্যে সর্ব্ব প্রকার উপযুক্ত উপায় করা উচিত এই বিষয় যেমন সকলের অধিক বোধ হয় তেমন দেওয়ানী মোকদ্দমার নির্ব্বাহ হওন সময়ে ধরা পড়া সেই দোষের বিষয়ে নালিশ ক্রমে২ বাড়িবেক অতএব তাঁহারা ইহা জানাইতে উচিত বোধ করেন্ যে বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং উত্তর পশ্চিম দেশের নিজামৎ আদালতের সাহেবেরা নির্দ্ধারণ করিয়াছেন যে দেওয়ানী মোকদ্দমার নির্ব্বাহ হওন সময়ে জাল করণ দোষ ধরা পড়িলে যে ব্যক্তির প্রতি অভিযোগ হয় সে ব্যক্তি যদি নালিশগ্রস্ত হইয়া পলায়ন করে তবে দেওয়ানীর জজ সাহেব ১৮০৪ সালের ৩ আইনের ৪ ধারামতে কার্য্য করিতে পারেন্। এমত গতিকে দেওয়ানীর জজ সাহেবের কর্ত্তব্য যে ঐ রূপোশহওয়া ব্যক্তিকে গ্রেপ্তার করিবার জন্যে ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবকে ১৮০৪ সালের ৩ আইনের ৪ ধারা ও ১৮১৭ সালের ২০ আইনের তদনুযায়ি ধারার নির্দ্দিষ্ট কার্য্য করিতে হুকুম করেন এবং সেই হুকুমমতে মাজিষ্ট্রেট সাহেবের কার্য্য করিতে হইবেক এবং ফৌজদারী যে দোষ প্রথমতঃ ঐ মাজিষ্ট্রেট সাহেবের আদালতে বিচার্য্য হয় সেই দোষে অভিযুক্ত ব্যক্তি রূপোশ হইলে যে প্রকার করিতেন মাজিষ্ট্রেট সাহেব সেই প্রকার কার্য্য করিবেন। আরো হুকুম হইল যে উক্ত আইনানুসারে সম্পত্তি ক্রোক করিবার বিষয়ে যে হুকুম আছে তাহার প্রতি এবং এই বিধানের প্রতি ৬৪৮ নম্বরী আইনের অর্থের ৩ দফার মুল নিয়ম খাটে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৭। ১৭ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 16th July, 1847.

APPOINTMENT.

Baboo Doorgapersad Bose to be Acting Moonsiff of Sooksagur, Nuddea, until further orders.

LEAVE OF ABSENCE.

Baboo Kassissur Mitter, Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for one month from the 23d instant, in extension of that granted on the 24th ultimo.

B J COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৭ সাল ১৬ জুলাই।

নিয়োগ।

শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ বসু অন্য হুকুম না হওনপর্য্যন্ত নদীয়াতে সুখসাগরের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

জিলা নদীযার সুখসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্রকে গত মাসের ২৪ তারিখে যে ছুটী দেওয়া যায় তদতিরিক্ত বর্ত্তমান মাসের ২৩ তারিখঅবধি এক মাসের ছুটী দেওয়া গেল।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৪৪৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিযোগ।

১৮৪৭ সাল ১৪ জুলাই।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr R J Richardson,) ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইযাছেন।

শ্রীযুত সি টি ইমলে সাহেব (Mr C T Imlay,) মৌলমেনের সব আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু হরনাথ মিত্র বাকরগঞ্জে অবৈতনিক হাসপিটাল ও ঔষধালযের অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

জিলা চব্বিশপরগনার ডিপুটী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাচাঁদ ঘোষ দ্বিতীয় শ্রেণী ভুক্ত হইযাছেন।

১৮৪৭ সাল ১৯ জুলাই।

শ্রীযুত টেট সাহেবের (Mr Tait,) পরিবর্ত্তে শ্রীযুত ডি টি মর্টন সাহেব (Mr D T Morton,) মৌলমেনের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু বৈদ্যনাথ ব্রহ্ম চাটিগাঁয়ে গবর্ণমেন্টের ঔষধালয়ের অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৯ জুলাই।

যশোহরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর ডবলিউ এচ বি রস সাহেব (Dr W H. B Ross,) চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ ফারুক খাঁ গত মে মাসের ২৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চারি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২১ জুলাই।

পুলোপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার শ্রীযুত গবরনর্ সাহেব মলাকার চিকিৎসক শ্রীযুত জে এ রাটন সাহেবকে (Mr. J. A. Ratton,) যে ছুটী দেন্ তাহা বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব ১৮৪৭ সালের ৩১ মার্চ ও ৯ জুন তারিখে মঞ্জুর করেন্ তাহার অবশিষ্ট কাল গত আপ্রিল মাসের ২৮ তারিখঅবধি রহিত হইল সেই তারিখে শ্রীযুত রাটন সাহেব আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১০ জুলাই।

শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব ও শ্রীযুত এচ রোস সাহেব (Messrs. E. C. Craster, and H Rose,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ৬ তারিখে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮৪৭ সাল ২১ জুলাই।

মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ পি রসেল সাহেব (Mr H P. Russell,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৫৭৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৯ জুলাই।

শ্রীযুত ডি রিচার্ডসন সাহেব (Mr. D. Richardson,) জিলা হুগলীতে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

১৮৪৭ সাল ২০ জুলাই।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র মুখুয্যা জিলা মুরশিদাবাদে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

১৮৪৭ সাল ২১ জুলাই।

শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr G G. Balfour,) ও শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) গয়াতে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত মোলবী ইকরামুল হক পশ্চিম বর্দ্ধমানের ক্তওয়াদায়ক হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১০ জুলাই।

গোবিন্দপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বি উড সাহেব (Mr B Wood,) গত মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২১ জুলাই।

কলিকাতার ডেপুটী কালেক্টর শ্রীযুত ডি ডবলিউ ফ্রেজর সাহেব (Mr D W. Fraser,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইযাছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১৯ জুলাই।

শ্রীযুত জে এস স্পেঙ্কি সাহেব (Mr J. S. Spankie,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ১৫ তারিখে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্।

১৪৮৬ নম্বর।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৪ জুলাই।

শ্রীযুত পাদরি এফ ডবলিউ বন্স সাহেব (Reverend

F. W. Vaux,) মুঙ্গেরে ও ভাগলপুরে ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত পাদরি জে এচ এ রড সাহেব (Reverend J. H. A. Rudd,) চুঁচুড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত পাদরি টি উড সাহেব (Reverend T. Wood,) কিঞ্চিৎ কালপর্য্যন্ত কলিকাতা নগরের সেণ্ট জেম্‌সনামক ভজনালয়ের একটিৎ ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত পাদরি জে বেল সাহেব (Reverend J. Boll,) হাবড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত পাদরি এচ এস ফিশর সাহেব (Reverend H. S. Fisher,) ও শ্রীযুত পাদরি টি উড সাহেব (Rev. T. Wood,) আগামি অক্টোবর মাসের ৮ তারিখঅবধি অথবা সেণ্ট পালনামক প্রধান গ্রিজাঘরের প্রতিষ্ঠা হওনের তারিখঅবধি তথাকার ধর্ম্মোপদেশক হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্ণর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the fifteenth day of the present month of July, the matters of the petition of DAVID PITCAIRN THOMS, lately of Doomtollah Street in the town of Calcutta, and who carried on business in the same place as a Merchant and Agent, in copartnership with one Edward Touche, under the style and firm of Thoms, Touche and Company, and late of Moocheeparrah Lane, in Calcutta aforesaid, and now a prisoner confined for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the fourth day of September next, at the hour of eleven o'clock in the forenoon

The names of the creditors of the said DAVID PITCAIRN THOMS appear in a Schedule filed by him in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 20th July, 1847. SHAW and LYONS, *Attornies for the Insolvent.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

টম্‌স টুশ কোম্পানির নামে এডুার্ড টুশ সাহেবের সঙ্গে কলিকাতা নগরে সওদাগরী ও এজেণ্টী কর্ম্মকারি পূর্ব্বে ঐ কলিকাতা নগরের মুচিপাড়া গলিনিবাসি পরে ডোমতলার রাস্তানিবাসি ডেবিড পিটকের্ণ টম্‌স সাহেব কলিকাতা নগরের সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুলাই মাসের ১৫ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৪ তারিখ শনিবার বেলা এগার ঘণ্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত ডেবিড পিটকের্ণ টম্‌স সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

কলিকাতা ১৮৪৭। ২০ জুলাই। শা ও লায়ন্স। যোত্রহীনের উকীল।

In the matter of GEORGE FRASER RAILEY, heretofore carrying on trade, and business in Waterloo Street in Calcutta, in copartnership with William Newson, late of Calcutta aforesaid, and now residing in Great Britain under the name, style and firm of W. Newson and Company, as Wine Merchants and Commission Agents, and since carrying on trade and business as a Wine Merchant and Commission Agent, in Waterloo Street aforesaid, on his own account under the said name, style and firm of W. Newson and Company, and now residing in the French Settlement of Chandernagore, in the Province of Bengal.

NOTICE is hereby given, that by an order of this Court, made on this nineteenth day of July instant, it was adjudged that the Petition of John Holmes, a creditor of the said GEORGE FRASER RAILEY, presented to the said Court, was true, and that the said George Fraser Railey had committed an Act of Insolvency, and by another order of the said Court, made in this matter, and bearing date the said 19th July instant, Robert O'Dowda Esquire, was duly appointed Assignee of the estate and effects of the said George Fraser Railey.

W. D. H OEHME, *Solicitor for John Holmes, Petitioning Creditor and for Robert O'Dowda, Esq. Assignee of the said Estate.*

19th July, 1847, 8, Old Post Office Street, Calcutta.

ডবলিউ নিউসন কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরনিবাসি এক্ষণে গ্রেটব্রিটনদেশ নিবাসি উলিয়ম নিউসন সাহেবের সঙ্গে কলিকাতা নগরের ওয়াটর্লু ষ্ট্রিটে সরাবওয়ালা ও কমিস্যন এজেণ্টী কর্ম্মকারী পরে উক্ত ডবলিউ নিউসন কোম্পানির নামে উক্ত ওয়াটর্লু ষ্ট্রিটে আপনার তরফে সরাবওয়ালা ও কমিস্যন এজেণ্টী কর্ম্মকারী এক্ষণে বাঙ্গলা দেশের চন্দননগরনামক ফ্রান্সীয়েরদের অধীন নগরনিবাসি জর্জ ফ্রেজর রেলি সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুলাই মাসের ১৯ তারিখে উক্ত আদালতে নির্দ্ধারণ হইল যে উক্ত জর্জ ফ্রেজর রেলি সাহেবের মহাজন জান হোম্‌স সাহেব যে দরখাস্ত উক্ত আদালতে দাখিল করেন তাহা সত্য এবং উক্ত জর্জ ফ্রেজর রেলি সাহেব যোত্রহীন বটেন এবং বর্ত্তমান জুলাই মাসের ১৯ তারিখে উক্ত আদালতের অন্য হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডৌড়া সাহেব উক্ত জর্জ ফ্রেজর রেলি সাহেবের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন।

১৮৪৭ সাল ১৯ জুলাই। কলিকাতা। ডবলিউ ডি এচ ওমি।

পুরাতন ডাকঘরের রাস্তার ৮ নং। দরখাস্তকারি মহাজন জান হোম্‌স সাহেবের এবং উক্ত ইষ্টেটের আসৈনি শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৭ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশম্যন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 3, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ৩ আগষ্ট।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 10TH JULY, 1847.

The following extract from the proceedings of the Honourable the President of the Council of India in Council, in the Legislative branch of the Home Department, under date the 10th July, 1847, is published for general information:

Read a second time the Draft of a proposed Act, dated the 7th November, 1846, and published in the *Bengalee Government Gazette* of the 8th December, 1846, for the Survey and Assessment of Lands in the Town of Calcutta, within the local limits of the jurisdiction of Her Majesty's Supreme Court of Judicature.

Resolution.—The Honourable the President in Council resolves, that the following amended Draft on the subject be published for general information.

ACT No. —— OF 1847.

An Act for the Survey of Lands in the Town of Calcutta, within the Local Limits of the Jurisdiction of Her Majesty's Supreme Court of Judicature.

Whereas it is expedient that a correct Survey should be made of all lands in the Town of Calcutta within the local limits of Her Majesty's Supreme Court of Judicature:

It is therefore hereby enacted, that it shall be lawful for the Governor of Bengal to appoint an Officer to survey the lands situate within the said local limits, and such Officer shall proceed to survey the same and to register the names of the owners and occupiers thereof as far as they can be ascertained, and such Officer shall, by public notification, invite

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১০ জুলাই।

দেশীয় ডিপার্টমেণ্টের লেজিসলেটিব সিরিশতার ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৭ সালের ১০ জুলাই তারিখের কার্য্যের নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

১৮৪৬ সালের ৭ নবেম্বর তারিখের শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের মধ্যে কলিকাতা শহরের ভূমির জরিপ ও কর ধার্য্য করণের বিষয়ি প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৪৬ সালের ৮ ডিসেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিয়াছেন যে সেই বিষয়ে নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্ট।

শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের মধ্যে কলিকাতা শহরের ভূমির জরিপ করণের আইন।

যেহেতুক শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের বিশেষ সীমাসরহদ্দের মধ্যে কলিকাতা শহরের সকল ভূমির যথার্থ জরিপ করা উচিত বোধ হইয়াছে।

সরকারী উকীলদিগকে লিখিবার কাগজ দিবার বিষয়ে এবং মধ্যেং তাহারদিগকে এক মুহুরীর দেওনের বিষয়ে ১১১ দফায় তুমি যে প্রস্তাব করিয়াছ তাহাতে শ্রীযুত সম্মত হইয়াছেন অতএব আদেশ করিতেছি যে তদ্বিষয়ে সদর আদালত নানা জিলার জজ সাহেবদিগকে যে আজ্ঞার আবশ্যক হয় তাহা প্রেরণ করেন্।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৭। ২ জুলাই।

---

২৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জিলার জজ সাহেব বরাবরেষু।

১ নম্বরী দেওয়ানী কৈফিয়ৎ এইমত মতান্তর হইয়াছে যে প্রধান সদর আমীন ৫০০০৲ টাকার অধিক কিম্বা কম মূল্যের মোকদ্দমার যে ফয়সলা করেন তাহা আলাহিদা করিয়া দর্শান যায় অতএব ১৮৪০ সালের ২৮ ফেব্রুআরি তারিখের ৭১ নম্বরী সরকুলর অর্ডরের নির্দ্দিষ্ট মন্তব্য কথার আর আবশ্যক নাই এবং ঐ সরক্যুলর অর্ডর রদ হইল এমত জ্ঞান করিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২১ জুন।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১৮১৭ সালের ২০ আইনের ১৪ধারার ৫ প্রকরণেতে আঘাতি অথবা মৃত ব্যক্তির শরীরের ক্ষতের লম্বাই ও চওড়াই ও গহরা তজবীজ করিবার হুকুম আছে তাহাতে বোধ হইয়াছে যে পোলীসের আমলা ক্ষতের মধ্যে শলা দিতে পারে অতএব সদর আদালত সেই ব্যবহার নিবারণ করিয়া হুকুম করিতেছেন যে পোলীসের আমলারা কেবল ঘা দর্শন করিয়া যত লম্বা ও চওড়া ও গহরা দৃষ্ট হয় তাহার রিপোর্ট করিবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৭। ২৫ জুন।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

অশুদ্ধশোধন।

বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের ৪৫৩ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৪৭ সালের ২১ মে তারিখের ২২ নম্বরী সরক্যুলর অর্ডরের ১ দফায় "১৮৪২ সালের ১০ জানুআরি তারিখ" এই কথার পরিবর্ত্তে "১৮৪২ সালের ১০ জুন তারিখ" পাঠ করিতে হইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 30th July, 1847.

The leave of absence for two weeks granted on the 25th ultimo, to Baboo Mudoosoodun Banerjee, Moonsiff of Attyah, Mymensingh, is cancelled at his own request.

Gholam Furreed, 1st Grade Moonsiff of Hurhurparah, Moorshedabad, for eight days from the 16th proximo

B. J. COLVIN, *Register*

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৭ সাল ২৬ জুলাই।

পাটনা ও দানাপুরের ডাকের অধ্যক্ষ শ্রীযুত জে আর রস সাহেব (Mr. J R. Ross,) আপন কর্ম্মের ভার সিবিল চিকিৎসক শ্রীযুত ডাক্তর আর এচ আর্বিন সাহেবের (Dr. R. H Irvine,) প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৭ জুলাই।

ত্রিহুতের জাইন্ট মাজিস্ট্রেট শ্রীযুত ই সাণ্ডিস সাহেব (Mr. E. Sandys,) গত মাসের ১ তারিখে যে ছুটী পান তাহা অতীতহওনের তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ৩১ জুলাই।

মালাকার রেসিডেন্ট কৌন্সেলর শ্রীযুত জে ডবলিউ সামণ্ড সাহেব (Mr. J. W Salmond,) গত মাসের ১০ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন এবং শ্রীযুত ডবলিউ টি লুইস সাহেব (Mr W. T. Lewis) ঐ মাসের ১১ তারিখে পিনাঙ্গে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৬৫৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ৪ আগষ্ট।

এদেশীয় ৪৬ পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত জি এন ওক্স সাহেব (Lieutenant G. N. Oakes,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের ছোট আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette, 10th August*, 1847.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৭ সাল ৩০ জুলাই।

ময়মনসিংহের আটীয়ের মুনসেফ শ্রীযুত বাবু মধুসূদন বাঁড়ুয্যাকে গত মাসের ২৫ তারিখে যে দুই সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

মুরশিদাবাদের হরিহরপাড়ার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত গোলাম ফরীদ আগামি মাসের ১৬ তারিখঅবধি আট দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

১৬৭৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২ আগষ্ট।

হুগলীর ডেপুটী কালেক্টরের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ জে লংমোর সাহেব (Mr. W. J. Longmore,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

মুরশিদাবাদের মাজিস্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr. C. Limond,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ত্রিহুতের মাজিস্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ আর মাডক্স সাহেব (Mr H R Madocks,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শাহাবাদের মাজিস্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত অকটেবিয়স টুগুড সাহেব (Mr. Octavius Toogood,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত কমল ওরফে শ্রীযুত নালিয়া গোঁসাই অন্য হুকুম না হওনপর্য্যন্ত দেবকগড়ের সদর আমীন হইবেন।

১৮৪৭ সাল ৪ আগষ্ট।

কলিকাতার আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এ লশিংটন সাহেব (Mr C A. Lushington,) গত মাসের ১৫ তারিখঅবধি ইষ্টাম্পের কালেক্টর হইবেন। ঐ তারিখে তিনি সেই কর্ম্মের ভার গ্রহণ করেন।

নীচের লিখিত ডেপুটী কালেক্টরেরা উচ্চ পদপ্রাপ্ত হইয়াছেন।

হুগলীর শ্রীযুত মৌলবী সলামৎউল্লা।
চট্টগ্রামের শ্রীযুত বাবু গোবিন্দকিশোর রায়
ও শ্রীযুত বাবু রামদাস রায় .. } প্রথম শ্রেণী।

ত্রিপুরার শ্রীযুত এল বারবর সাহেব।
(Mr L. Barber,) ... .. } দ্বিতীয় শ্রেণী।

ছুটী।

১৮৪৭ সাল ২ আগষ্ট।

শান্তিপুরের ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত ডবলিউ টি লা সাহেব (Mr W. T Law,) পনের দিনের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT. নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নিমক মায় ৪ পরসেণ্ট গোল শুক্তি বাবৎ লাগাদ ৩১ জুলাই ১৮৪৭ সাল প্রত্যেক এজেন্সীর ও খালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমক বিঃ গত ইষ্টেটমেণ্ট।

এজেন্সীর নাম।	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪ ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	মৌজুদ নমকের একুন
হিজলী।						
দক্ষিণ কালীনগর।	৮,২৫,৯৭৪/	৩,৪২,১০৮/	২,৭৯,৯৭৪/	৩,৮৩,৫৫৭৸০	২,৭২.৭৭২/	২১,০৪,৮৮৫৸০
ঐ ঐ কৃষ্ণনগর।	০	২৫,৪৮৫৸০	০	০	১.৩৯,৫৫৩/	১,৬৫.০২৮৸০
ঐ ঐ তের পাইক।	১,৮৯,৫১৮/	১,১০,৭৭৫/	১.১১,৯৫৭/	১,৪১,১৫৫/	১,৪৫,০৬১/	৮,৮৮,৪৬৬/
ঐ ঐ রামনগর।	০	০	০	০	১,৩৭,২৯৫/	১,৩৭,২৯৫/
গাছ নমক।	১১,৩৪৯॥০	১৫,২৩৪/	০	০	০	২৮,৫৮৩॥০
একুন।	১০,২৮,৮৪১॥০	৫,০৪,১০২৸০	৪,৭১,৯৩১/	৬,২৪,৭১১৸০	৬,৯৪ ৬৭১/	৩৩.২৪,২৫৯/
তমলুক।						
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর।	০	০	৭৪.১৪৫।৮	২,২১.২৭৩।৮	৪,১২.৩৬৪।০	৭,০৯,৪৮৩।৬
ক্রোম্বি নমক।	০	০	০	০	০	৯৪/৭৸৶১০
একুন।	০	০	৭৪.১৪৫।৮	২.২২.৯৭৩।৮	৪,১২.৩৬৪।০	৭.০৯,৫৭৭॥৩৸৶১০
২৪ পরগনা।						
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর বাহিরবুনি।	৩০৫।০	০	৫,৩৩৯,৫	৫,২৩৭।০	০	১০,৮৮১৸৫
ঐ ঐ ঐ তাফাল।	৬.৮৭৯/	১৬/	৭১,১০৮/	২.৬৭,৫৬১ ০	০	৩,৪৭,০৬৪॥০
ঐ ঐ বলিয়া ঘাট।	০	০	০	১৫০।৫	০	১৫০।৫
ঐ ঐ বৈঁওতা।	০	০	০	০	০	০
ঐ ঐ গোবদা	০	০	০	১৫৬৸৭	০	১৫৬৸৭
ঐ ঐ ডাইমণ্ড হারবর।	০	০	১.৪৩৮/	৩৯,৪৩৬/	২০,২৮৭/	৬১,১৬১/
ঐ ঐ বাগুণ্ডী।	০	০	২,৬১৮/	১৮,৯০৬/	০	২১,৫২৪/
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের পহিলা রকম।	০	০	০	০	০	০
ঐ ঐ মিশ্রিত।	০	৪,১১৮।০	৫,৮৫৬॥০	৭,৭৪১/	৯,১৩৯/	২৭,৩৩৪৸০
ঐ ঐ মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	৫৫৪/
ঐ ঐ মিশ্রিত ইংলিস।	০	০	০	০	০	৫,৫৭৩/
একুন।	৭,১৮৪।০	৪,১৩৪ ০	৮৭,৮৫৯।৫	৩,৩৯,১৮৯।২	২৯,৪২৬/	৪,৭৪,৪৩০।৭

এজেন্সীর নাম।	সন ১২৪৯ সাল মতাবেক ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবেক ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবেক ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবেক ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবেক ইং ১৮৪৬। ৪৭ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।						
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	•	১.১৪,২৮৩৸৫	১,৪৩,৭৫০।৫	•	•	৩,০৮,০৩৪।০
ঐ সদর ঘাট।	•	•	•	•	২,৫৭,১১৫॥০	২,৫৭,১১৫॥০
ঐ আরাকিন।	•	•	১,১৪,৮৭৫।৬	১,৯৫,৬৬৯।০	৪,১১,৪৭২৸৫	৭,৩০,০১৭॥৬
ক্রোকি নেমক।	•	•	•	•	•	•
একুন।	•	১,১৪,২৮৩৸৫	২,৫৮,৬২৫৸১	১,৯৫,৬৬৯।০	৬,৭৬,৫৮৮।৫	১২,৯৫,১৬৭।১
ভুলুয়া।						
পাঙ্গা ঘাট কাঁকড়া আবাকিন।	•	•	•	১,২০,১২৪৸০	•	১,২৭,২২৪৸০
ক্রোকি নেমক।	•	•	•	০	•	•
একুন।	•	•	•	১,২৭,২২৪৸০	•	১,২৭,২২৪৸০
শালিখা।						
পাঙ্গা নেমক। কটক।	•	১,৪০,৩০৮৸০	৩,০০,১১১॥০	১,৭৯,১২২	৬,০৫২	৬,২৬,৬৪৯।০
ঐ বালেশ্বর।	১,১৫.১০৩ ৭	৭৭,৪১০।০	১,৫০ ৯০২॥০	৭১,৮১৩।০	•	৪,৭৩,৪২৯॥৭
ঐ খোরদা।	•	•	২০,৯৮১৷০	৪১,৩৫৯	•	৬২,৩৪০॥০
ঐ চিলকা।	১,১৫,১১৯	৯০,৭৮৮	১,২২,৩১৪৷০	৫৫,৩২৯।০	•	১,৮৩,৫৯১
করকচ নেমক মান্দ্রাজ পরমিট ১ পহিলা রকম।	•	১৪,৯৮২।৷০	৪১,৪২০	১,১০,৫০৩	২,৪৭৪	১,৬৯,৩৭৯॥০
ঐ ঐ ২ দোসরা রকম।	১,৯৯,৩২৯।০	১৮২,৯৭২।০	২.৫৫,০৪৫৸০	৭৭ ৭০৮	২ ১১৯	৭,১৬.৮৫১॥০
ঐ ঐ ৩ তেসরা রকম।	•	৪৮	•	•	•	৪৮
মিশ্রিত পাঙ্গা।	•	•	•	•	•	১৬,৫২৬॥৭
ক্রোকি করকচ।	•	•	•	•	•	•
ক্রোকি সৈন্ধব।	•	•	•	•	•	•
ক্রোকি নেমক।	•	•	•	•	•	•
মোট	৪,৭৯,৭৫১।৭	৫,০৬,১১০	৮,১৮,৩৪০৸০	৫,৩৭,৩৩৫	১০.৭২২	২৪৪৮৮১১/৪
পাঙ্গা ঘাট কৈফিবৎ। আরাকিন।	•	•	•	•	•	•
একুন।	•	•	•	•	•	•
মোট একুন।	১৫,১৫,৭৭৭।৭	১১,৭৯,১৪০৸৫	১৭,৯০ ৯০২॥৪	২০,৪৭,১৩৪৸০	১৮,২৩,৭৭১॥৫	৮৩,৭৯,৪৭৫/৫৸৵১০

সি বিডন। একটিং সেক্রেটারী।

[*Government Gazette, 10th August, 1847.*]

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারার বিধিমতে জিলে ঢাকা জালালপুরের নীচের লিখিত মহাল সন ১২৫১ সনের ১ বৈশাখের তলবি পাওনা বাকী আদায় কারণ ইংরেজী ১৮৪৭ সনের ২০ আগষ্ট মোতাবেক ১২৫৪ সনের ৫ ভাদ্র শুক্রবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক, ইতি সন ১৮৪৭ ইং ৩০ জুলাই।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের মালেক	সদর জমা	পাওনা বাকী	মন্তব্য কথা
৪	অন্য মহালের বাকী পাওনা বাকী মালগুজারির নিমিত্ত যে মহলের নীলাম হয় তাহা	১৬৯৪	জিলে দেলত পুর শাং বাঞ্ছ কৃষ্ণ ঘোষ	নন্দকুমার ঘোষ	২১। ৪	২৫২।৶৪	এই মহাল সরকারি বাজেআপ্তী চর তিলা মদার বকায়া খাজানার জন্যে নীলাম হইবেক ইতি

C. TOTTENHAM, *Collector.*

INSOLVENT COURT যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of the petition of JOHN FRASER LANE, late of the Steamer *Damodah*, in the port of Calcutta, Mariner, adjudged entitled on Saturday, the sixth day of February, one thousand eight hundred and forty-six, to the benefit of the Act of the Ninth George the Fourth, Chapter Seventy-three, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies

NOTICE is hereby given, that by an order made in this matter on the thirty-first day of July, one thousand eight hundred and forty-seven, it was ordered that the said Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the several debts due from him to the following persons, (that is to say,) Bulram Bisswas, D Wilson and Co, Currie and Co, Mr J. M. Edmond, Townsend, Smith and Co, Messrs. Mandy and Co, Weaver and Co, Pittar and Co, Lattey Brothers, Messrs. Hamilton and Co, Bright and Co, T E Thompson, Mrs West or to Messrs Goldsworthy and Co., Messrs. Willis, Earle and Co, Messrs Mackenzie, Lyall and Co, Mrs Carbery, Jervain and Co, Holway and Co, Monteith and Co their Assignee Mr R O'Dowda, Gilbert and Co, David and Co, Mr McNair, Mrs Palmer, Mrs Phipps, Bennet and Co, W Spink Esq, Mr C Keelan, Ramhurry Doss, Wallis and Co, Bindabun Paul and Co, Bon Mally Naun, Gobindchunder Seal, Sonatun Seal, Money Mohun Dutt, Bunksedar Ghose, Bhoobun Mohun Odegerry, Gungahurry Bose, Sibram Paul, Kullee Muddee, Muddoosooden Sain Auley Chinaman or Burgees Muckeedon Bodelis, Mr. E J. Holmes, Surroopchunder Seal, Arson and Co, Bulloram Law, Ramchund Ghose, Shibchunder Seal, Kistnomohun Doss, Executor to the Estate of the late Minesty deceased, Nemechurn Paul, Syncarr Sing, Muddoo, Spence and Co, Mrs. Lowe, Meer Abdool Koodoo, Attorney for Prince Yaaseen Sooltan, Ram Ghose, Mr J M. Dove, Mr Anderson, Messrs DeSouza and Co, Samuel Smith and Co, and Messrs. Scott Thomson and Co, unless cause be shewn to the contrary on Saturday, the fourth day of September next

Calcutta, 3d August, 1847

R. GRAHAM, *Insolvent's Attorney*

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতা নগরের দামোদরনামক বাষ্পীয় জাহাজের নাবিক জান ফ্রেজর লেন সাহেব ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনের দ্বারা উপকার পাইবার যোগ্য আছেন এমত নিষ্কারণ ১৮৪৬ সালের ৬ ফেব্রুআরি তারিখ শনিবারে হইল।

তাঁহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৭ সালের ৩১ জুলাই তারিখে হুকুম হইয়াছিল যে আগামি সেপ্টেম্বর মাসের ৪ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে উক্ত যোত্রহীন নীচের লিখিত মহাশয়েরদের যে টাকা ধারেন তাহার সমস্ত দায়হইতে সম্পূর্ণরূপে মুক্ত হন বিশেষতঃ বলরাম বিশ্বাস, ডি উইলসন কোং, করি কোং, জে এম এডমণ্ড সাহেব, টৌনসেণ্ড স্মিথ কোং, মেণ্ডি কোং, উইবর কোং, পিটার কোং, লাটি ব্রাদর, হামিল্টন কোং, ব্রাইট কোং, টি ই তামসন সাহেব, বিবি ওএষ্ট কিম্বা গোল্ডসউয়ার্দি কোং, উইলিস আরল কোং, মাকেঞ্জি লায়ল কোং, বিবি কারবরি, জর্বেন কোং, হলোএ কোং, মণ্টিথ কোম্পানির আসৈনি শ্রীযুত আর ওডৌডা সাহেব, গিলবর্ট কোং, ডেবিড কোং, মাকনের সাহেব, বিবি পামর, বিবি ফিপ্‌স বেনেট কোং, ডবলিউ স্পিঙ্ক সাহেব, সি কীলন সাহেব, রামহরি দাস, ওয়ালিস কোং, বৃন্দাবন পাল কোং, বনমালী নান, গোবিন্দচন্দ্র শীল সনাতন শীল, মণিমোহন দত্ত, বংশীধর ঘোষ, ভুবনমোহন অধিকারী, গঙ্গাহরি বসু, শিবরাম পাল, কালী মুদি, মধুসূদন সেন, আলিচাঁনা কিম্বা বুর্গিস মকীডন বডেলিস, ই জে হোম্‌স সাহেব সরূপচন্দ্র শীল, আরসন কোং, বলরাম লাহা, রামচাঁদ ঘোষ, শিবচন্দ্র শীল, মৃত মীনেষ্টির ইষ্টেটের অছি কৃষ্ণমোহন দাস, নিমাইচরণ পাল, শঙ্কর সিংহ, মধু, স্পেন্স কোং, বিবি লো, রাজা ইয়াসিন সুলতানের উকীল মীর আবদুল কুদু, রাম ঘোষ, জে এম ডব সাহেব, আণ্ডর্সন সাহেব, ডিসুজা কোং, সামুএল স্মিথ কোং, এবং স্কট তামসন কোং।

আর গ্রেহাম।
যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৭। ৩ আগষ্ট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ১০ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্ট আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 17, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ১৭ আগষ্ট।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 14.

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———.

In continuation of the Circular No. 9, issued from this Office under date the 29th May, I am desired by the Sudder Board of Revenue, under directions* from Government, to request that you will issue the necessary instructions to your subordinates, for carrying into effect, experimentally, the arrangement suggested in the annexed Extract (paragraphs 121 and 122,) of the Report for 1845-46, submitted to Government by the Superintendent and Remembrancer of Legal Affairs.

2d. You will be pleased to instruct the several Collectors of your Division to furnish the Legal Remembrancer with a Quarterly Statement of unexecuted decrees in such form as he may prescribe, and you will be good enough to submit to this Office a half yearly Statement of the nature indicated in the 122d paragraph of that Officer's Report

(Signed) G. PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 21st July, 1847.

Extract from a Report from the Superintendent and Remembrancer of Legal Affairs to the Secretary to the Government of Bengal, dated the 14th December, 1846, No. 627

Para. 121. I addressed the Board on this subject on the 29th of April last, and as my letter has not been forwarded to Government, owing to the

* Letter No. 472, dated the 16th ultimo.

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

১৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

গত ২৯ মে তারিখের ৯ নম্বরী যে সরকুলর অর্ডর এই সিরিশ্তাহইতে প্রেরিত হইয়াছিল তাহার অনুক্রমে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে* হুকুম করিতেছেন যে মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেব ১৮৪৫। ৪৬ সালের যে রিপোর্ট গবর্ণমেণ্টের নিকটে পাঠাইয়াছেন তাহার ১২১ এবং ১২২ দফার পশ্চাৎ লিখিত চুম্বকে যে নিয়মের পরামর্শ দেওয়া গিয়াছে তাহা পরীক্ষাস্বরূপ আমলে আনিবার নিমিত্তে তোমার অধীন কার্য্যকারকদিগকে যেং উপদেশ দেওয়া আবশ্যক বোধ হয় তাহা দেও।

২। মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন্ সেই পাঠানুসারে জারী না হওয়া ডিক্রীর এক ত্রৈমাসিক কৈফিয়ৎ ঐ সাহেবকে দিতে তোমার এলাকার নানা কালেক্টর সাহেবকে তুমি আদেশ কর এবং ঐ কর্ম্মকারক সাহেবের রিপোর্টের ১২২ দফাতে যে প্রকার কৈফিয়ৎ নির্দ্দিষ্ট আছে তাহা ছয়২ মাসান্তরে এই সিরিশ্তায় তোমার পাঠাইতে হইবেক।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২১ জুলাই।

মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেব ১৮৪৬ সালের ১৪ ডিসেম্বর তারিখের ৬২৭ নম্বরী যে রিপোর্ট বাঙ্গলাপ্রভৃতি দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে করেন্ তাহার চুম্বক।

১২১ দফা। গত ২৯ আপ্রিল তারিখে আমি এই বিষয় বোর্ডের সাহেবেরদের নিকটে লিখিয়াছিলাম কিন্তু ঐ সাহেবেরদের বোধ ছিল যে সেই বিষয় সামা-

* গত মাসের ১৬ তারিখের ৪৭২ নম্বরী পত্র।

Board having understood that I intended to notice the matter generally in my Report, I may be permitted to quote it here. After some remarks on another subject, I said, "I take this opportunity "of drawing the Board's attention to the subject "of the realization of decrees in favour of the Revenue Department. The list of unexecuted decrees is a very long one, and against a large proportion of the cases I observe the remark 'struck "off the file for want of Assets.'

"To every one acquainted with the subject, it is "notorious that the means at present taken to ascertain these assets are most unsatisfactory. If "the Collector's book should show no property "registered in the name of the defendant, a Perwannah is issued to the Nazir, who usually deputes a Bukshee or a peon to make enquiries. "These men have no interest in establishing the "claims of the Government to any particular assets, and it may happen, and often does happen "no doubt, that the opposite party furnishes them "with very strong inducements not to be over-"active in their search.

"To remedy this it has been determined by Government in special instances to sanction remuneration to Pleaders in the form of a percentage "on sums realized by them under decrees of Court "in favour of Government. But although I certainly think that the reward thus held out to "them will have the effect of stimulating the exertions of the Government Pleaders in particular "cases of unexecuted decrees, I doubt if the measure will be attended with any marked success, "and for this reason, that the Government Pleaders, in the majority of instances, have not the "means of ascertaining the assets of the parties "against whom the Government may obtain decrees. "They have no time to hunt through the records "of the Collector's Office, nor have they the command of an establishment through means of "which the details of fictitious sales and transfers "may be ferretted out and proof obtained of the "real interest of the debtor in this or that particular property.

"The Nazir of the Collectorate is clearly, of all "the Native employees in the Mofussil, the one "most competent to afford us aid in the realization "of these decrees. From the nature of his situation and the large establishment under him, composed of men from every part of the district, he "must necessarily either have, or be able to acquire, a knowledge of the pecuniary affairs of any "particular resident with much greater facility "than any other person

"I consider it of the greatest importance that "we should make the interests of this functionary "in the execution of decrees, identical with our "own. I would therefore propose that in all cases "where the percentage previously alluded to is "sanctioned by Government, three-fifths should as "a general rule be allowed to the Nazir, and two

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ১৭ আগষ্ট।]

ন্যতঃ আমার রিপোর্টে লিখিতে মানস ছিল। এই নিমিত্তে তাঁহারা আমার পত্র গবর্ণমেণ্টের নিকটে পাঠাইলেন না অতএব আমার পত্রের সেই ভাগ এই স্থানে লিখিতে অনুমতি প্রার্থনা করি। অন্য এক বিষয়ে কতক মন্তব্য কথা লিখনের পর আমি লিখিয়াছিলাম যে "এই "সুযোগে রাজস্বের সিরিশতার পক্ষে যে ডিক্রী হইয়া "থাকে তাহার টাকা আদায় করণের বিষয়ে বোর্ডের সা-"হেবেরদের মনোযোগ করিতে নিবেদন করি। অনেক২ "ডিক্রী জারী হয় নাই এবং এই প্রকার ডিক্রীর অনেক "অংশের এক পার্শ্বে এই কথা লেখা আছে যে 'স্থিতের "অভাবে ডিক্রী নথীহইতে উঠান গেল।'

"এই বিষয় যে ব্যক্তি অবগত আছেন তাঁহার এই প্র-"ত্যক্ষ হইবেক যে স্থিত থাকন না থাকনের বিষয় নির্ণয় "করণের যে উদ্যোগ এক্ষণে হইতেছে তাহাতে কিছু "খাতিরজমা হয় না। যদি কালেক্টর সাহেবের বহীতে "দৃষ্ট হয় যে আসামীর নামে কোন সম্পত্তির রেজিষ্টরী "নাই তবে নাজিরের উপর পরওয়ানা দেওয়া যায় "এবং নাজির সামান্যতঃ সেই বিষয়ের তহকীককরণার্থ "এক বকশী কি পেয়াদা পাঠান। কিন্তু কোন বিশেষ "সম্পত্তিতে সরকারের দাওয়া সাব্যস্ত করণেতে ঐ ব্যক্তির-"দের কিছু লাভ নাই এবং হইতে পারে যে অন্য পক্ষ "ব্যক্তি অনুসন্ধানের বিষয়ে মনোযোগ না করিতে "তাহারদিগকে বিলক্ষণ প্রবোধ দেয় এবং এইরূপ বার-"ম্বার হইতেছে সন্দেহ নাই।

"ইহার প্রতিকার করিবার নিমিত্তে গবর্ণমেণ্ট কোন "বিশেষ২ গতিকে সরকারের পক্ষে হওয়া আদালতের "ডিক্রীক্রমে উকীলেরা যে টাকা উসুল করেন তাহার "উপর শতকরার হিসাবে পারিতোষিক দিতে অনুমতি "করিয়াছেন। কিন্তু যদ্যপি আমার নিতান্ত বোধ "হয় যে এই পারিতোষিক পাইবার ভরসায় সরকারী "উকীল জারী না হওয়া কোন২ ডিক্রীর টাকা আদায় "করণার্থ অধিক উদ্যোগ করিবেন তথাপি ইহাতে যে "কোন বিশেষ ফল হইবেক ইহাতে আমার সন্দেহ হই-"তেছে এবং তাহার কারণ এই যে যে ব্যক্তিরদের "বিরুদ্ধে সরকারের পক্ষে ডিক্রী হয় সেই২ ব্যক্তির "সম্পত্তি নির্ণয় করিবার উপায় সরকারী উকীলেরদের "অধিকাংশের প্রায় নাই। কালেক্টর সাহেবের দপ্তর-"খানায় রোয়দাদ খুজিতে তাঁহারদের সময় নাই এবং "তাঁহারদের এইমত কোন কর্ম্মকারকের সিরিশতা নাই "যে তাহারদের দ্বারা তাঁহারা কৃত্রিম নীলাম ও কৃত্রিম "খারিজদাখিলের বৃত্তান্ত অনুসন্ধান করেন এবং কোন "বিশেষ সম্পত্তিতে খাতকের যথার্থ সম্পর্কতার প্রমাণ-"প্রাপ্ত হন।

"সপষ্ট দৃষ্ট হইতেছে যে মফঃসলে এতদ্দেশীয় যে আম-"লারা নিযুক্ত আছে তাহারদের মধ্যে কালেক্টর সা-"হেবের নাজির এই ডিক্রীর টাকা আদায় করণার্থ আ-"মারদের সাহায্য করিতে অধিক ক্ষমতাপন্ন। নাজিরের "পদের ভাবপ্রযুক্ত এবং তাঁহার অধীন নানা কর্ম্মকার-"কের মধ্যে জিলার প্রত্যেক ভাগের ব্যক্তি থাকন-"প্রযুক্ত ঐ জিলানিবাসি কোন ব্যক্তির কি বিষয় বিভব "তিনি যেমন জ্ঞাত আছেন বা জ্ঞাত হইতে পারেন "তেমন অন্য কোন ব্যক্তির সাধ্য নাই।

"অতএব ডিক্রী জারী করণেতে আমারদের যে লাভ "আছে তাঁহাকে সেই লাভের অংশী করা আবশ্যক "বোধ হইতেছে। অতএব আমি এই প্রস্তাব করি যে যে "সকল গতিকে পূর্ব্বের উল্লিখিত শতকরা দেওনের বি-"ষয়ে গবর্ণমেণ্টের অনুমতি হইয়াছে সেই সকল গতিকে "এই সাধারণ নিয়ম হয় যে ঐ টাকার পাঁচ অংশের "তিন অংশ নাজিরকে দুই অংশ উকীলকে দেওয়া যায়।

"fifths to the Government Pleader—this rule being of course subject to modification, whenever it should appear that the successful result of any case was wholly, or in a very disproportionate degree, owing to the exertions of one party only. Thus it will be the interest of the Nazir to see that the Pleader does his duty in Court, and of the Pleader to take care that the Nazir does not relax in his labours out of doors. Between the two I think there can be no danger of our decrees being allowed to fall through from negligence, as has hitherto been not unfrequently the case.

"There is still another point which I consider of very great importance, and that is the surveillance which the Collectors should exercise over these cases. This I am inclined to think is frequently little more than nominal. I need not observe that when such is the case, it is in vain to expect any great amount of zeal from subordinate officers. It is necessary that these cases should be kept constantly under the eye of the Collector, and the readiest mode of ensuring this appears to me to be by requiring from him the submission to this Office of a Quarterly Statement of unexecuted decrees, distinguishing the pauper suits from the others, and explaining in each case, under the column of Remarks, the reasons why the amount due has not yet been realized, and the steps which have been taken for that purpose

"If the attention of the Collector were thus periodically drawn to these cases, and an incentive to exertion held out to his subordinates as recommended in the previous part of this letter, I have sanguine hopes that the result would be a very rapid diminution of the amount of our outstanding decrees."

122. To this I would add, that the efficiency of my plan would be much increased were Government to leave to the discretion of the Commissioners the task of deciding in what cases a percentage should be awarded to the Nazir and the Pleader If a reference to Government be insisted on in each instance, much valuable time will be lost, and so far as I can perceive there will be no corresponding advantage, for it is on the Commissioner's opinion as to the necessity of the measure, that the decision of Government must, in almost every case, be ultimately grounded. A Half-yearly Return from the Commissioner, with a note against each case specifying the grounds on which a percentage has been granted, will, it appears to me, answer every purpose which could have been effected by a prior application for sanction.

(True Extract)

(Signed) G. PLOWDEN,
Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 21st July, 1847.

"সুতরাং যদ্যপি কখন এইমত দৃষ্ট হয় যে কোন ডিক্রীর টাকা আদায়করা কেবল এই উভয়ের এক জনমাত্রের উদ্যোগের দ্বারা হইয়াছে কিম্বা এক ব্যক্তির অধিক উদ্যোগে হইয়াছে তবে ঐ নিয়মের কিঞ্চিৎ মতান্তর হইতে পারে। এইরূপ নিয়ম করিলে নাজির আপন লাভের জন্যে দেখিবেন যে উকীল আদালতের মধ্যে আপন কর্ম্ম উচিত মত করেন এবং উকীল আপনার লাভের জন্যে মনোযোগ করিবেন যে নাজির টাকা আদায় করণার্থ কোন শৈথিল্য না করেন। এইরূপ দুই জনের উদ্যোগ হইলে আমারদের পক্ষে হওয়া ডিক্রী শৈথিল্যপ্রযুক্ত এইপর্য্যন্ত যেরূপ বারম্বার ব্যর্থ হইতেছে সেইরূপ আর ব্যর্থ হওনের আশঙ্কা থাকিবেক না।

"আরো এক বিষয় নিবেদন করি যে এই সকল মোকদ্দমার বিষয়ে কালেক্টর সাহেবের তত্ত্বাবধারণ করা আমি অতিগুরুতর জ্ঞান করি। বোধ হয় যে কালেক্টর সাহেবের এই তত্ত্বাবধারণ কেবল বারম্বার নামমাত্র হইতেছে। সুতরাং যখন কালেক্টর সাহেবের এইরূপ শৈথিল্য হইতেছে তখন তাঁহার অধীন কর্ম্মকারকেরা যে বড় মনোযোগ করিবেন ইহার কিরূপে ভরসা হইতে পারে। ইহা অতিআবশ্যক যে এই সকল মোকদ্দমা নিয়ত কালেক্টর সাহেবের দৃষ্টিগোচরে থাকে। এবং আমার বোধে ইহার সর্ব্বাপেক্ষা সদুপায় এই যে এই জারী না হওয়া ডিক্রীর ত্রৈমাসিক কৈফিয়ৎ এই দপ্তরে পাঠাইতে তাঁহার প্রতি হুকুম হয় ঐ কৈফিয়তের মধ্যে পাপর মোকদ্দমা এবং অন্য২ মোকদ্দমা পৃথক্ করিয়া লেখা থাকে এবং প্রত্যেক মোকদ্দমায় যে টাকা প্রাপ্য তাহা আদায় না হওনের কারণ এবং আদায় জন্যে যে২ উদ্যোগ হইয়াছে তাহা মন্তব্য কথার ঘরে স্পষ্ট করিয়া লেখা যায়।

"যদি সময়ক্রমে এই মোকদ্দমার প্রতি কালেক্টর সাহেবের এইরূপ মনোযোগ হয় এবং এই পত্রের পূর্ব্ব ভাগে যেরূপ পরামর্শ দেওয়া গিয়াছে সেইরূপে যদি তাঁহার আমলারদের উদ্যোগ করণের প্রবোধ দেওয়া যায় তবে আমার বড় ভরসা হইবেক যে অপ্রাপ্ত টাকার ডিক্রীর সংখ্যার অতিশীঘ্র ন্যূনতা হইবেক।"

১২২। আমার আরো ইহা মন্তব্য যে যে২ মোকদ্দমায় শতকরার হিসাবে টাকা নাজির ও উকীলকে দেওয়া উচিত তাহা নিশ্চয় করণের ভার যদি কমিস্যনর সাহেবের প্রতি থাকে তবে আমার এই নিয়ম অধিক সফল হইবেক। যদি প্রত্যেক গতিকে গবর্ণমেণ্টকে জিজ্ঞাসা করিতে হয় তবে অনেক বহুমূল্য সময় হরণ হইবেক এবং আমার বোধে তত্তুল্য কোন উপকার হইবেক না যেহেতুক প্রায় প্রত্যেক গতিকে শতকরা টাকা দেওন না দেওনের বিষয়ে কমিস্যনর সাহেবের যে মত হয় তদ্দৃষ্টে গবর্ণমেণ্ট হুকুম দিতেছেন। যদি কমিস্যনর সাহেব ছয়২ মাসান্তরে এক রিপোর্ট করেন্ এবং প্রত্যেক মোকদ্দমার পার্শ্বে যে হেতুতে শতকরা টাকা দেওয়া গিয়াছে তাহা বিশেষ করিয়া লেখেন তবে আমার বোধে গবর্ণমেণ্টের অনুমতির নিমিত্তে পূর্ব্বে, দরখাস্ত করণেতে যে ফলের সম্ভাবনা ইহাতেও সেই ফল হইবেক।

(যথার্থ চুম্বক।)

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২১ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 27.

To the Civil Authorities, in the Lower Provinces.

The Court having been informed that some of the Judicial Officers in these Provinces have been in the habit of admitting claims to property advertised for sale in execution of Decree, after the period of the Proclamation prescribed by Clause 2, Section 3, Regulation VII. of 1825, has expired, deem it advisable to point out that such practice is both illegal and inexpedient.

2d. Clause 6, Section 3, Regulation VII. of 1825, enacts, that if any claim be preferred to the property advertised for sale in execution of a Decree, or any objection offered to the proposed sale, "within the period of the Proclamation," it shall be enquired into, provided that the representation thereof shall not appear to have been designedly or unnecessarily delayed, with a view to obstruct the ends of justice. If the Court observe, a sale be postponed, pending the investigation of a claim or objection preferred within the period limited, it is obviously proper that, on the said claim or objection being disposed of, another Proclamation (the term of which should not be less than 15 days) fixing the time and place of sale, with particulars of the property to be sold, and of the amount for the recovery of which the sale is ordered, should be issued for the information of intending purchasers, but it is not competent to the Courts to receive new claims or objections to the sale, within the period of *that* Proclamation, or in fact, at any time after the expiry of 30 days from the date of the first, and only Proclamation, contemplated by the Law. The representation of such claim or objection, after the period of the first Proclamation of the intended sale has elapsed, can only be regarded as having been "designedly and unnecessarily delayed with a view to obstruct the ends of justice," and the only proper course is to proceed to the sale, leaving the claimant in the words of the Law "to prosecute his claim, after the sale, by a regular Civil Suit."

3d. Where such a practice prevails, a sale may be postponed time after time, pending enquiry into pretended and unfounded claims, and the decree-holder be defeated in his endeavour to realize that, which has been judicially declared to be his due.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 11th July, 1847.

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

সদর দেওয়ানী আদালত অবগত হইয়াছেন যে বাঙ্গলাপ্রভৃতি দেশে আদালতসম্পর্কীয় কোন২ কর্ম্মকারক ডিক্রী জারীকরণার্থ যে সম্পত্তির ইশ্‌তিহার হয় তাহার বিষয়ি দাওয়া ১৮২৫ সালের ৭ আইনের ৩ ধারার ২ প্রকরণের নির্দ্দিষ্ট ঘোষণার মিয়াদের পর গ্রাহ্য করিয়া থাকেন অতএব সদর আদালত জানাইতেছেন যে এই ব্যবহার বেআইনী এবং অনুপযুক্ত।

২। ১৮২৫ সালের ৭ আইনের ৩ ধারার ৬ প্রকরণে হুকুম আছে যে ডিক্রী জারীকরণার্থ যে ভূম্যাদি নীলাম হইবার ইশ্‌তিহার দেওয়া যায় সেই ভূম্যাদির কোন দাওয়া উপস্থিত হইলে কিম্বা "ইশতিহারনামার লিখিত মিয়াদের মধ্যে" কোন আপত্তি উপস্থিত হইলে যদি এমত দৃষ্ট না হয় যে ন্যায়ের প্রতিবন্ধকতার নিমিত্তে ঐ দাওয়াদির আরজী দিতে ইচ্ছাপূর্ব্বক অনাবশ্যক বিলম্ব হইয়াছে তবে তাহার তজবীজ হইবেক। তাহাতে সদর আদালতের সাহেবেরা কহেন যে নিরূপিত মিয়াদের মধ্যে যে দাওয়া অথবা আপত্তি হয় তাহার তজবীজ হওনসময়ে যদি ঐ নীলাম স্থগিত হয় তবে উক্ত দাওয়া কি আপত্তির নিষ্পত্তি হইলে যাহারদের ঐ বিষয় খরীদ করিবার মানস আছে তাহারদের বিজ্ঞাপনের নিমিত্তে অন্য এক ইশ্‌তিহার দেওয়া স্পষ্টতঃ উচিত হয় এবং তাহার অন্যূন পনের দিনের মিয়াদ দিতে হয় এবং যে সময়ে ও যে স্থানে নীলাম হইবেক তাহা এবং যে সম্পত্তি বিক্রয় হইবেক তাহার বৃত্তান্ত এবং যত টাকা আদায় করিবার নিমিত্তে নীলামের হুকুম হয় তাহার সংখ্যা ঐ ইশতিহারনামাতে নির্দ্দিষ্ট হইবেক। কিন্তু ঐ দ্বিতীয় ইশ্‌তিহারনামার মিয়াদের মধ্যে ফলতঃ আইনে যে একমাত্র ইশ্‌তিহারনামার হুকুম আছে অর্থাৎ প্রথম ইশ্‌তিহারনামা তাহার তারিখঅবধি ত্রিশ দিন গত হওনের পর কোন সময়ে কোন নূতন দাওয়া অথবা নীলামের বিষয়ে কোন নূতন আপত্তি গ্রাহ্য করিতে আদালতের ক্ষমতা নাই। যদি ঐ প্রস্তাবিত নীলামের প্রথম ইশতিহারের মিয়াদের পর কোন দাওয়া অথবা আপত্তি উপস্থিত হয় তবে তাহা "ন্যায়ের প্রতিবন্ধকতার নিমিত্তে ইচ্ছাপূর্ব্বক ও অনাবশ্যক বিলম্ব হইয়াছে" ইহামাত্র বোধ করা যাইতে পারে এবং সেই গতিকে কেবল ইহা উচিত যে ঐ নীলাম একেবারে সম্পন্ন হয় এবং আইনে যেরূপ লেখা আছে সেইরূপে "দাওয়াদার আপনার দাওয়া নীলামের পর জাবেতামত দেওয়ানী মোকদ্দমার দ্বারা সাব্যস্ত করুক।"

৩। যে স্থানে এই ব্যবহার চলন আছে সেই স্থানে কল্পিত এবং অমূলক দাওয়ার তজবীজ করণার্থ নীলাম দফায়২ স্থগিত হইবার সম্ভাবনা আছে এবং ডিক্রীদারের যে যথার্থ পাওনা আদালতে নিশ্চয় হইয়াছে তাহা আদায় করণার্থ তাহার সকল উদ্যোগ মিথ্যা হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ১১ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 26.

To the Civil and Session Judges and Magistrates and the Authorities in the Extra-Regulation Provinces.

As applications for forms of Civil and Criminal

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

২৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব ও শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

এই দফ্তরখানাহইতে নানা স্থানের কর্ম্মকারকেরদের

Statements, Warrants, &c. which have been usually supplied to the Local Authorities from this Office, are occasionally made at uncertain intervals, I am directed to request that in future an Indent in the following form be submitted on the 1st October of every year, for forms that will be required for the ensuing year, to allow of the timely despatch of the requisite supply.

Indent of Lithographed Forms for the year 1848.

Description of Form.	Number last applied for.	Number in store on the 1st October, 1847.	Number now indented for.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 9th July, 1847.

নিকটে সামান্যতঃ দেওয়ানী ও ফৌজদারীর কৈফিয়ৎ ওয়ারেণ্টপ্রভৃতির যে আলেখ্য নক্শা কেবল যাইত তাহার বিষয়ি দরখাস্ত পাঠাওনের কোন নিশ্চিত সময় ন্যাই অতএব তোমাকে আমি হুকুম দিতে আদেশ পাইয়াছি যে আগামি বৎসরের জন্যে যেং আলেখ্য নক্শার আবশ্যক হইবেক তাহার বিষয়ে পশ্চাৎ লিখিত পাঠানুসারে দরখাস্ত প্রতিবৎসরের ১ অক্টোবর তারিখে দিতে হইবেক তাহার অভিপ্রায় এই যে উপযুক্ত সময়ের মধ্যে তোমারদের নিকটে তাহা পঁহুছিতে পারে।

১৮৪৮ সালের পাতরিয়া ছাপাহওয়া নক্সার জন্যে দরখাস্ত।

নক্শার প্রকার	গতবারে কতখান নক্শার জন্যে দরখাস্ত হয়	১৮৪৭। ১ অক্টোবরে যত মৌজুদ ছিল।	এইক্ষণে যত নক্শার জন্যে দরখাস্ত হয়।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৯ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 8

To the Several Criminal Authorities, in the Lower Provinces.

The Court finding that the Circular Order, dated 21st August last, has misled the Criminal Authorities, and induced the belief that the being "accessary" and the being "privy" to a felony, are intended by the Court to be regarded as similar offences, are pleased to rescind it.

2d. The Court desire, before prescribing the use of any corresponding terms in the Vernacular, to observe, that the Act which constitutes what is called "Privity" in this country corresponds with "Misprison of Felony" in English Law, viz the concealment, or the procuring the concealment of a felony which a man knows, but never assented to, or the observing silently the commission of a felony, without using any endeavors to apprehend the offender; it is therefore, strictly an offence of a negative kind, consisting in the concealment of something that ought to be revealed. Accessaryship, on the other hand, is an offence of a positive kind, and of a higher degree of criminality, implying an active participation, either by procuring, counselling, commanding, or abetting another to commit a felony, or, with a knowledge that a felony has been committed by another, by receiving, relieving, comforting, or assisting the felon. The distinction between the two offences is marked; the one is a misdemeanor in English law, the other is a felony; the one is in its kind negative, requiring nothing but silent, passive acquiescence in the commission of felony to constitute it;

[*Government Gazette, 17th August,* 1847.]

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত নানা ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা দেখিয়াছেন যে গত বৎসরের ২১ আগষ্ট তারিখের সরক্যুলর অর্ডরের দ্বারা ফৌজদারীর কর্ম্মকারকেরদের কিঞ্চিৎ ভ্রম হইয়াছে এবং তাঁহারা বোধ করিয়াছেন যে ফেলোনী অপরাধের "সহকারিহওয়া" এবং "জ্ঞাতসারহওয়া" সদর আদালতের সাহেবেরা একি প্রকার অপরাধ জ্ঞান করিয়াছেন অতএব তাঁহারা সেই সরক্যুলর অর্ডর রহিত করিতেছেন।

২। দেশীয় ভাষাতে ঐ দুই অপরাধের কোন বিশেষ সংজ্ঞা ব্যবহার করিবার হুকুম দেওয়ার পূর্ব্বে সদর আদালতের সাহেবেরা জানাইতেছেন যে এই দেশে যে কর্ম্মেতে "জ্ঞাতসারনামক" অপরাধ হয় তাহা ইঙ্গলণ্ডীয় আইনের "ফেলোনী ছাপাইয়া রাখণ" অপরাধের তুল্য। তাহা এই যে যে ফেলোনী অপরাধ কোন ব্যক্তি জানে কিন্তু তাহাতে সম্মত নয় সেই অপরাধ ছাপাইয়া রাখণ অথবা অন্যের দ্বারা তাহা ছাপান কি চুপচাপে কোন ফেলোনী অপরাধ করিতে দেখিয়া অপরাধিকে গ্রেপ্তার করণের কোন উদ্যোগ না করণ। অতএব এই অপরাধ কর্ম্ম না করণরূপ অপরাধ অর্থাৎ যাহা প্রকাশকরা উচিত তাহা প্রকাশ না করা। পক্ষান্তরে "সহকারিতা" কর্ম্মকরণরূপ দোষ এবং তাহা পূর্ব্বের অপরাধঅপেক্ষা অধিক ভারী এবং তাহা এই যে কোন ফেলোনী অপরাধ করণার্থ অন্যকে প্রবৃত্তি দেওনের বা পরামর্শ দেওনের বা হুকুম দেওনের কি সহায়তা করণের দ্বারা সেই অপরাধের ভাগি হওন অথবা কোন ব্যক্তি ফেলোনী অপরাধ করিয়াছে ইহা জানিয়া তাহাকে আশ্রয় দেওন বা উপকার করণ কি আশ্বাস দেওন কিম্বা সাহায্য করণ। এই দুই প্রকার অপরাধের ভেদ অতিস্পষ্ট প্রথম অপরাধ ইঙ্গলণ্ড দেশের আইনে "মিসডিমিনরের" মধ্যে গণ্য দ্বিতীয় অপরাধ "ফেলোনী" প্রথম অপরাধ কর্ম্ম না করণরূপ দোষ এবং ফেলোনী অপরাধ করণেতে চুপচাপে নিরুদ্যোগিমতে সম্মত হইলে সেই দোষ হয়। অপর

the other is a positive participation in the commission of a felony, either by counsel and command before the fact, or by relief, and assistance given to the felon after the fact.

3d. It is therefore necessary, that these offences should be represented by different terms in the Vernacular language; but there is some difficulty in doing this, because, accessaryship, as contradistinguished from complicity on the one hand, and from privity on the other, not being recognized by the Mahomedan Law, there is no *one* word in the Arabic or Persian language, by which it can be appropriately rendered, still the Court think the distinction will be sufficiently marked, if, in selecting corresponding terms in the Vernacular, regard be had to the facts, that, as either the constructive or actual *presence* of the accused at the time when the crime is committed, is necessary to constitute *complicity* on his part, so the *absence* of the accessary is essential to the charge of being an "accessary," or, in other words, he, who is present, aiding and abetting in the commission of a felony, may be an accomplice, or a principal, but he cannot, in the legal sense of the words, be either accessary, or privy to its commission. The following terms are therefore prescribed for general use, in translating the charges referred to.

Accomplice will be rendered by the words সঙ্গী

Accessary before or after the fact; or before and after the fact, as the case may be, will be rendered by the words অপরাধের পূর্ব্ব সহকারী। or অপরাধের পর সহকারী।

"Privity" by the word জ্ঞাতসারিতা

4th. It only remains for the Court to remark, that accessaries before and after the fact being felons in consideration of Law, the privilege of commuting labor to a fine should not be extended to them, as to those who may be convicted of "Privity," which is a misdemeanor only.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 7th June, 1847.

দোষ ফেলোনী করণের পূর্ব্বে পরামর্শ বা আজ্ঞার দ্বারা অথবা তাহা সম্পন্ন হওনের পর অপরাধির সাহায্য ও উপকার করণের দ্বারা সেই ফেলোনী অপরাধ করণের নিতান্ত ভাগি হওন।

৩। অতএব এই ভিন্ন২ অপরাধের দেশীয় ভাষাতে ভিন্ন২ নাম দেওয়া আবশ্যক কিন্তু ইহা করা সহজ নহে যেহেতুক মুসলমানের শরাতে "সহকারির" এইমত কোন সংজ্ঞা নাই যে তাহা এক পক্ষে অপরাধের "সঙ্গী" বুঝাইবেক না অন্য পক্ষে "জ্ঞাতসার" বুঝাইবেক না। অতএব আরবী অথবা ফারসী ভাষাতে এমত কোন এক কথা নাই যে তদ্দ্বারা সেইপ্রকার অপরাধ নির্ণয় হইতে পারে তথাপি সদর আদালত বোধ করেন যে দেশীয় ভাষাতে তদনুযায়ি কথা নিশ্চয় করণের সময়ে যদি এই বিষয়ে মনোযোগ হয় তবে এই অপরাধের বিভিন্নতা স্পষ্ট করিয়া নিশ্চয় হইতে পারে অর্থাৎ যে সময়ে অপরাধ হয় সেই সময়ে যদি অপরাধি ব্যক্তি নিতান্ত অথবা উপলক্ষণীয়রূপে উপস্থিত না ছিল তবে "সঙ্গির" দোষ হইতে পারে না এবং যদি অপরাধি ব্যক্তি অবর্ত্তমান না ছিল তবে "সহকারির" দোষ হইতে পারে না বিশেষতঃ যে ব্যক্তি উপস্থিত থাকিয়া ফেলোনী অপরাধ করণেতে সহায়তা বা সাহায্য করিয়াছিল সেই ব্যক্তি "সঙ্গী" হইতে পারে বা "আসল" অপরাধী হইতে পারে কিন্তু সেই কথার আইনসম্পর্কীয় অর্থানুসারে সেই ব্যক্তি "সহকারী" বা "জ্ঞাতসারী" হইতে পারে না। অতএব ঐ প্রকার নালিশ তরজমাকরণেতে সাধারণ ব্যবহারের জন্যে পশ্চাৎ লিখিত কথা নির্দ্দিষ্ট হইল।

Accomplice will be rendered by the words সঙ্গী

Accessary before or after the fact; or before and after the fact, as the case may be, will be rendered by the words অপরাধের পূর্ব্ব সহকারী। or অপরাধের পর সহকারী।

"Privity" by the word জ্ঞাতসারিতা।

৪। আদালতের সাহেবেরদের আরো কেবল ইহা মন্তব্য যে অপরাধের পূর্ব্ব বা পরের "সহকারিরা" আইনের বিবেচনায় ফেলোনী অপরাধী অতএব তাহারদের পরিশ্রমের দণ্ডের পরিবর্ত্তে তাহারদের জরীমানা করা উপযুক্ত নহে কিন্তু "জ্ঞাতসারিতা" ইহা কেবল "মিসডিমিনরনামক" অপরাধ অতএব সেই অপরাধের দণ্ডের পরিবর্ত্তে জরীমানা হইতে পারে না।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৭ জুন।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 9th August, 1847.

Gholam Abed, Moonsiff of Mahomedpore, Zillah Jessore, for one month from the 23d ultimo.

The 12th August, 1847.

Mr. Samuel Wright, Moonsiff of Chintamun, Zillah Dinagepore, from the 15th proximo to the 10th November next.

Moonshee Khyroollah, Moonsiff of Nittrokona, Zillah Mymensingh, for sixteen days from the 16th proximo.

Syud Mahomed Idris, Moonsiff of Begumgunge, Zillah Tipperah, for one month from the 15th September next.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ১৭ আগষ্ট।]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৭ সাল ৯ আগষ্ট।

জিলা যশোহরের মহমদপুরের মুনসেফ শ্রীযুত গোলাম আবেদ গত মাসের ২৩ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১২ আগষ্ট।

জিলা দিনাজপুরের চিন্তামনের মুনসেফ শ্রীযুত সামুএল রাইট সাহেব আগামি মাসের ১৫ তারিখঅবধি ১০ নবেম্বরপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা ময়মুনসিংহের নেত্রকোণার মুনসেফ শ্রীযুত মুনশী খয়রুল্লা আগামি মাসের ১৬ তারিখঅবধি ষোল দিনের ছুটী পাইয়াছেন।

জিলা ত্রিপুরার বেগমগঞ্জের মুনসেফ শ্রীযুত সৈয়দ মহম্মদ ইদ্রিস আগামি সেপ্টেম্বর মাসের ১৫ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

The 13th August, 1847.

Mahomed Salim, Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, for nine days, in extension of that granted before

Baboo Koonjalaul Banerjee, Moonsiff of Chougong, Zillah Rajshahye, for two weeks from the 4th instant

B. J COLVIN, *Register*

১৮৪৭ সাল ১৩ আগষ্ট।

জিলা ছিলটের সোনামগঞ্জের মুনসেফ শ্রীযুত মহম্মদ সালিম পূর্ব্বে যে ছুটী পান তদতিরিক্ত নয় দিনের ছুটী পাইয়াছেন।

জিলা রাজশাহীর চৌগাঁর মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ৪ আগষ্ট।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের শ্রীযুত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শমতে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব হুকুম করিয়াছেন যে জিলা বারাসতের নীচের লিখিত গ্রাম এক থানাহইতে উঠিয়া অন্য থানাভুক্ত হয়।

থানা বসির হাটহইতে উঠিয়া থানা কদম্বগাছীতে ভুক্ত।

১। গোবরা।
২। নগলা।
৩। বরজাদ বালটিয়া।
৪। শালিপুর।
৫। খলাসিটা।
৬। অর্জ্জুনতলা।
৭। ডেগাছি মজ্দপুর।
৮। খাস বালাণ্ডা।
৯। খাসপুর।
১০। সুধাওয়াল।

থানা কদম্বগাছীহইতে উঠিয়া থানা বসির হাটভুক্ত।

১। শাকবাড়িয়া।

থানা কদম্বগাছীহইতে উঠিয়া ফাঁড়ি চৈতন্য বসরাভুক্ত।

১। বোলেরা।
২। রাধানগর কুণ্ডারগাটি।
৩। হুগোলী।
৪। ভানি কচুয়া কিম্বা ভমরু।
৫। চিনিপুকুরিয়া রামপুর।
৬। নিমকুড়িয়া।
৭। বাড়াপুর।
৮। চালতা বাড়িয়া।
৯। দয়ারি সানপুকুরিয়া।
১০। কচুয়া।
১১। রামণিয়া গণগাটি।
১২। সিকারপুর কাঁসপুকুরিয়া।

থানা বসির হাটহইতে উঠিয়া ফাঁড়ি চৈতন্য বসরাভুক্ত।

১। চিলাতলা।
২। কাঁটালিয়া।
৩। পানাপুকুরিয়া।
৪। জয়পুর।
৫। পার কাঁটালিয়া।
৬। রঘুনাথপুর।
৭। জামীর গাছী।
৮। কিসমৎ হুগলী।

ফাঁড়ি চৈতন্য বসরাহইতে উঠিয়া থানা বসিরহাটভুক্ত।

১। জলসরিয়া কোণনগর।
২। খানা শাদলপুর।
৩। বাজাপুর।
৪। গোবিন্দপুর।
৫। ভাবরা সাতগাছী।
৬। ছাতাবাড়িয়া।
৭। সিউড়ি জয়কৃষ্ণপুর দিকন।
৮। ভালিয়া।
৯। কাউগাছি বলাদিয়া পাটা।
১০। নওপাড়া।
১১। বার পাটা।
১২। খানার বনসল্লাপুর ও পালকীপড়া।
১৩। চাঁপলি।
১৪। হবান্দিয়া রামানন্দপুর।
১৫। কাবমপুর কাতরিয়া পাড়া।
১৬। ভবানীপুর।
১৭। আবাদ ভবানীপুর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette*, 17*th August*, 1847.]

১৬৯৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১১ আগষ্ট।

নওয়াখালির জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ জে লংমোর সাহেব (Mr W J Longmore,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

যেশোহরের মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr W. T Tucker,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৭ সাল ৪ আগষ্ট।

হুগলীর অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ ওসমানালি সরকারী কর্ম্মোপলক্ষে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের ডেপুটী কালেকটর শ্রীযুত পণ্ডিত রামনারায়ণ রায় দুই মাসের ছুটী পাইয়াছেন।

সুন্দরবনের কমিসনর শ্রীযুত বাবু উমাকান্ত সেনকে গত মাসের ২৪ তারিখে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় বর্জ্জিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২৩ জুলাই।

সদর আদালতের পরামর্শমতে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব হুকুম করিয়াছেন যে রাজশাহীতে টানোরের মুনসেফী মৌকুফ হয় এবং ঐ মুনসেফীর অধীন যে গ্রাম ছিল তাহা ঐ জিলার ভবানীগঞ্জ ও ছাপাইর মুনসেফীর অধীন হয়।

১৮৪৭ সাল ৪ আগষ্ট।

সিবিলসম্পর্কীয় সিবিশতার শ্রীযুত ই ই উডকক সাহেব (Mr F E Woodcock,) বেণ্টিঙ্কনামক বাষ্পীয় জাহাজে নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন এ জাহাজ বর্ত্তমান মাসের ৩ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৭ সাল ১১ আগষ্ট।

ছিলটের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত বি এচ কুপর সাহেব (Mr. B H. Cooper,) গত মাসের ২৯ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নদিয়ার কালেক্‌টরির তৌজিভুক্ত নীচের লিখিত মহালাতের সন ১২৫৪ সালের লাৎ কীস্তি জ্যৈষ্ঠের বাকী শ্রীযুত সরকার বাহাদুরের পাওনার নিমিত্তে সন ১৮৪৭ সালের ২৮ আগষ্ট মোং সন ১২৫৪ সালের ১৩ ভাদ্র শনিবার উক্ত জেলার কালেক্‌টরির কাছারিতে শ্রীযুত কালেক্‌টর সাহেবের হজুরে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৪৭ ইং ৯ আগষ্ট।

নম্বর তৌজির	মহালের হাল	নম্বর রেজেষ্টরী.	মহালের নাম	মালিকে জমির নাম	সদর জমা. মায় পুলিস	বাকী ১২৫৪ সাল লাৎ কীস্তি জ্যৈষ্ঠ খাজানা পুলিস	কৈং
১	কাইমি তৌজি ভুক্ত		কিসমত পর গনে খোসদহ	তালুকদার ভগবানচন্দ্র মুনশী	২৯২২ ॥৶৯	৯৯ ।৮৵	

D. J. Money, *Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, the hearing of the matters of the petition of COLLYCAUNTO DEB, sued by the name of Coleekunto Deb, Sircar, late of Mirzapore, in the Town of Calcutta, first Mohurrer Bariepore Salt Chokie, and late a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the second day of October next.

The names of the Creditors of the said Collycaunto Deb appear in the Schedule filed by him in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

R. M. Thomas, *Insolvent's Attorney.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

বারুইপুরের নিমকচৌকীর প্রধান মুহুরির কলিকাতা নগরের মির্জাপুরনিবাসি কালীকান্ত দেব সরকার নামে সর্ফানা হওয়া কালীকান্ত দেব সম্প্রতি কলিকাতা নগরের সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনদ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্‌টোবর মাসের ২ তারিখ শনিবারে শুনা যাইবেক।

উক্ত কালীকান্ত দেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

আর এম তামস। যোত্রহীনের উকীল।

That by an order of the said Court, the matter of the Petition and Schedule of MIRZA MAHOMED HADDEE, late of Doomtollah in Calcutta, Merchant, and now a prisoner confined for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors, in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the fourth day of September next.

The names of the creditors of the said MIRZA MAHOMED HADDEE appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, August, 1847. E. Panioty, *Insolvent's Attorney.*

কলিকাতা নগরের ডোমটোলানিবাসি সওদাগর মির্জা মহম্মদ হাদী কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৪ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত মির্জা মহম্মদ হাদীর মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৭। আগষ্ট। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ১৭ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 381. ৩৮১) (৪৭৩)

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 24, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ২৪ আগষ্ট।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 14TH AUGUST, 1847.

The following draft of a proposed Act was read in Council for the first time on the 14th of August 1847 :

ACT No. —— OF 1847.

An Act for curing the invalidity in the Registration of Deeds arising from the fact of having been registered by persons not duly appointed or on other than Court days.

Whereas instances have occurred of persons exercising the office of Register of Deeds, who have not been duly appointed, and whereas in some cases registration of Deeds has been made on other than Court days, that is, on days other than those on which the Zillah or City Court has been open for business, and doubts may therefore arise as to whether the registration of any Deed registered by such persons not duly appointed, or registered on other than a Court day, is valid in law :

I. It is therefore hereby enacted, that acts which may have been done in that capacity in any Zillah, subject to the Presidency of Bengal, by persons who have had charge of the office of Register of Deeds without being duly appointed to the said office, shall be and shall be taken to have always been as valid in law as such acts would have been if the said persons had been duly appointed to have charge of the said office.

II. And it is enacted, that all acts which may have been done on other than Court days by the Register of Deeds, or by the person having charge of the office without being duly appointed in any Zillah subject to the Presidency of Bengal, shall

আইনের মুসাবিদা

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৪ আগষ্ট।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ১৪ আগষ্ট তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্ট।

রীতিমতে নিযুক্ত না হওয়া ব্যক্তিরদের দ্বারা কিম্বা আদালতের দিবসভিন্ন অন্য দিবসে দলীলদস্তাবেজের রেজিষ্টরী হওনপ্রযুক্ত অসিদ্ধতার যে দোষ হইয়াছে তাহা খণ্ডনের আইন।

The petitioner sued Hurdial Sahoo Bhenuk Lal and others, for the balance of an account While the suit was pending, the plaintiff took out an attachment against the defendants property under Section 5, Regulation II 1806 Ram Doss Konwur and others had also obtained a decree against the same defendants, with the exception of Bhenuk Lal. Execution of both decrees was taken out, and the property of the whole of the defendants, including Bhenuk Lal s, was sold in a joint lot in satisfaction of both decrees. Bhenuk Lal then brought an action for the reversal of the sale of his one-fifth of the property, on the ground that he was not a defendant in the case of Ram Doss Konwur; and that no account of the sum due by him was made in the case of the present petitioner, and obtained judgment in his favour on the 15th July, 1841. The petitioner then applied for execution on his own decree against the share of Bhenuk Lal, for the balance due by him In course of execution, Hur Sahee Singh and others, claimed the share of Bhenuk Lal, under a deed of sale, dated 8th May, 1843. The Principal Sudder Ameen rejected the claim, and ordered execution against the property. His order was reversed by the Zillah Judge. From the order of the Judge, the petitioner has preferred the present appeal.

By the Court (present Mr Hawkins) "The "property was originally attached under the provi- "sions of Section 5, Regulation II. 1806, and the "subsequent decree in favour of Bhenuk Lal does "not, under the circumstances, in any way affect "the attachment. The Judge's order must be set "aside, and that of the Principal Sudder Ameen "upheld."

17th July, 1847.

A party considering himself aggrieved by an order of the Resumption Courts defining boundaries, of a resumed Mehal, cannot apply to the Civil Courts for redress.

Hur Gobind Ghose—Petitioner.

This was an application for a special appeal presented by petitioner, against an order of the

তিন জনের বিরুদ্ধে এক ডিক্রী পাইল। ঐ দুই ডিক্রী জারীকরণার্থ ঐ চারি জনেরি সম্পত্তি নীলাম হইল। চতুর্থ ব্যক্তি কহিল যে B নামক ব্যক্তির মোকদ্দমাতে আমি আসামী ছিলাম না অতএব এই হেতুতে এবং অন্যান্য হেতুতে সেই নীলাম অন্যথা করিবার জন্যে নালিশ করিল এবং তাহার পক্ষে ফয়সলা হইল। তাহাতে বিধান হইল যে A নামক ব্যক্তি আপনার মোকদ্দমা উপস্থিত থাকন সময়ে ঐ চতুর্থ ব্যক্তির সম্পত্তি ১৮০৬ সালের ২ আইনের ৫ ধারানুসারে যে ক্রোক করাইয়াছিল সেই ক্রোক ঐ ফয়সলার দ্বারা অন্যথা হইল না।

সুন্দর শাহী। দরখাস্তকারী।

১৮৪৪ সালের ১৩ জুন তারিখে জিলা সারণের প্রধান সদর আমীন যে হুকুম করিয়াছিলেন তাহা ঐ জিলার জজ সাহেব ১৮৪৭ সালের ১৩ মার্চ তারিখে রদ করিলেন। জজ সাহেবের ঐ হুকুমের উপর এই আপীল হয়।

দরখাস্তকারী হরিদয়াল শাহু ও ভিনক লাল ও অন্যের-দের নামে হিসাবের বাকীর বাবতে নালিশ করিল। ঐ মোকদ্দমা উপস্থিত থাকিতে ফরিয়াদী ১৮০৬ সালের ২ আইনের ৫ ধারানুসারে আসামীর সম্পত্তি ক্রোক করাইল। রামদাস কোঙর এবং অন্যেরাও ভিনক লালছাড়া সেই আসামীরদের বিরুদ্ধে এক ডিক্রী পাইয়াছিল। উভয় ডিক্রী জারীর হুকুম হইল এবং সমস্ত আসামীর ও তাহারদের মধ্যের ভিনক লালের সম্পত্তি দুই ডিক্রী জারীকরণার্থ একি লাটে নীলাম হইল। তাহাতে ভিনক লাল ঐ সম্পত্তির পাঁচ অংশের তাহার যে এক অংশ ছিল তাহার নীলাম অন্যথা করিবার জন্যে নালিশ করিল তাহার নালিশের হেতু এই যে রামদাস কোঙরের মোকদ্দমায় আমি আসামী ছিলাম না এবং এক্ষণকার দরখাস্তকারির মোকদ্দমায় আমার স্থানে যে টাকা পাওনা ছিল তাহার কোন হিসাব দেওয়া যায় নাই এবং ১৮৪১ সালের ১৫ জুলাই তারিখে ভিনক লালের পক্ষে ডিক্রী হইল। তৎপরে দরখাস্তকারী যে বাকী টাকা ভিনক লালের স্থানে পাওনা ছিল তাঁহার জন্যে ঐ ভিনক লালের অংশের বিরুদ্ধে আপনার ডিক্রী জারী করিবার দরখাস্ত করিল। ডিক্রী জারীকরণ সময়ে হরশাহী সিংহ এবং অন্যেরা ১৮৪৩ সালের ৮ মে তারিখের এক বিক্রয়পত্রানুসারে ভিনক লালের অংশের দাওয়া করিল। প্রধান সদর আমীন ঐ দাওয়া নামঞ্জুর করিলেন এবং সম্পত্তির বিরুদ্ধে ডিক্রী জারীকরণের হুকুম দিলেন। পরে জিলার জজ সাহেব সেই হুকুম অন্যথা করিলেন এবং জজ সাহেবের হুকুমের উপর দরখাস্তকারী এই আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব হুকুম করিলেন যে "ঐ সম্পত্তি প্রথমে ১৮০৬ সালের ২ "আইনের ৫ ধারার বিধানানুসারে ক্রোক হইয়াছিল "এবং এই বিষয় বিবেচনা করিয়া বোধ হয় যে ভিনক "লালের পক্ষে তৎপরে যে ডিক্রী হয় তাহার দ্বারা ঐ "ক্রোকের কোন প্রকার অন্যথা হয় নাই। অতএব জজ "সাহেবের হুকুম অন্যথা করিতে হইবেক এবং প্রধান "সদর আমীনের হুকুম বহাল রাখিতে হইবেক।

১৮৪৭ সাল ১৭ জুলাই।

বাজেয়াপ্তী আদালতের যে হুকুমের দ্বারা এক বাজেয়াপ্তী মহালের সীমাসরহদ্দ নির্ণয় হইল সেই হুকুমেতে যদি কোন ব্যক্তি আপনাকে ক্ষতিগ্রস্ত বোধ করে তবে সেই ব্যক্তি প্রতিকারের জন্যে দেওয়ানী আদালতে নালিশ করিতে পারে না।

হরগোবিন্দ ঘোষ। দরখাস্তকারী।

২০০০/ বিঘা বেবাজ্ঞা ভূমি দরখাস্তকারী আপনার মৌজা রায়পুর হোসনপুরের শামিল বলিয়া দাওয়া

Judge of Patna, dated 3d September, 1845, confirming an order of the Additional Principal Sudder Ameen, dated 16th December, 1844, dismissing, for want of jurisdiction, his suit against Musst. Emam Bandee for the proprietary right to 2000 Beegahs of Deeara lands, claimed by him as appertaining to Mouzah Raepoor Hosseinpoor, under the following circumstances.

A case to resume Mouzah Subbulpore, held under a Lakeraj grant, was instituted under Regulation II. 1819, against Saadut Ali.

The Mouzah was declared open to assessment on the 3d April 1837; and this decision was affirmed by the Special Commissioner on 25th September, 1839.

Afterwards, a dispute arose between the petitioner and Emam Bandee, the widow of the above-mentioned Saadut Ali, regarding a Deeara of about 2000 Beegahs, which, the Magistrate, before whom it was brought, at the representation of Emam Bandee that the Deeara formed part of Subbulpore, which had been resumed by Government and was then in the hands of the Superintendent of Khass Mehals for settlement, referred, under Clause 1, Section 2, Regulation IV. 1828, for adjustment to the said Superintendent, who referred it for investigation to a Native Deputy Collector acting under him. This Native Deputy Collector, on the 4th May, 1841, declared Hur Gobind Ghose to be in possession; but that the Deeara, under the regulations, was clearly the right of the proprietor of Subbulpore, and ought to be included in the settlement then pending. His decision was upheld by the Special Deputy Collector, on the 31st August following.

Hur Gobind Ghose acknowledged to be in possession, and claiming the Deeara as appertaining to his village of Raepoor Hosseinpoor, appealed from this order to the Special Commissioner, who confirmed it, on the 25th January, 1843, and ordered the settlement to be made with Emam Bandee. Hur Gobind Ghose thus dispossessed, and not having been a party to the resumption suit, instituted a suit in the Civil Court at Patna, for the proprietary right and possession of the Deeara as appertaining to his Mouza Raepoor Hosseinpoor.

The suit was thrown out in the lower Courts (Principal Sudder Ameen's and Judge's) for want of jurisdiction.

The petitioner then preferred a special appeal to the Sudder Dewanny Adawlut, and in support of his application produced a decision of Mr Henry Moore, Special Commissioner, admitting that such suits were admissible in the ordinary Courts. He likewise referred to the orders of Government, dated 8th August, 1839, issued through the Sudder Board of Revenue, on the 11th September, 1839, of which paragraph 3 is as follows :

করিল এবং তাহার মালিকী স্বত্বের খিলাফে মসম্মাৎ ইমাম বাঁদীর নামে নালিশ করিল। ১৮৪৪ সালের ১৬ ডিসেম্বর তারিখে পাটনার অতিরিক্ত প্রধান সদর আমীন এইমত মোকদ্দমা আমার এলাকার মধ্যে নহে বলিয়া নালিশ ডিসমিস করণের হুকুম দিলেন। এবং ১৮৪৫ সালের ৩ সেপ্টেম্বর তারিখে পাটনার জজ সাহেব ঐ অতিরিক্ত প্রধান সদর আমীনের হুকুম বহাল রাখিলেন। জজ সাহেবের ঐ হুকুমের উপর দরখাস্তকারী এই খাস আপীল করিল। মোকদ্দমার বৃত্তান্ত এই।

লাখেরাজ সনদক্রমে ভোগদখল হওয়া মৌজা সবলপুর বাজেয়াপ্ত করিবার জন্যে ১৮১৯ সালের ২আইনানুসারে সাদত আলীর নামে মোকদ্দমা হয়।

১৮৩৭ সালের ৩ আপ্রিল তারিখে ঐ মৌজা কর দেওনের যোগ্য এমত ধার্য্য হইল এবং ঐ ফয়সলা ১৮৩৯ সালের ২৫ সেপ্টেম্বর তারিখে স্পেসিয়ল কমিস্যনর সাহেব মঞ্জুর করিলেন।

তৎপরে পূর্ব্বোক্ত সাদত আলীর বিধবা ইমাম বাঁদীর এবং দরখাস্তকারির মধ্যে ২০০০/ বিঘা দেয়াড়া ভুমির বিষয়ে এক বিরোধ হইল। সেই বিষয় মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করা গেল। ইমাম বাঁদী কহিল যে ঐ দেয়াড়া ভূমি মৌজা সবলপুরের এক অংশ ঐ মৌজা সর্কারে বাজেয়াপ্ত হইয়াছে এবং তাহার বন্দোবস্ত করিবার জন্যে তাহা এক্ষণে খাস মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের হাতে আছে। তাহাতে মাজিষ্ট্রেট সাহেব ১৮২৮ সালের ৪ আইনের ১ ধারার ৪ প্রকরণানুসারে সেই বিষয় নিষ্পত্তির জন্যে উক্ত সুপরিণ্টেণ্ডেণ্টের নিকটে অর্পণ করিলেন এবং ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সেই বিষয়ের তজবীজ করণার্থ তাঁহার অধীন এক এদেশীয় ডেপুটী কালেকটরের নিকটে অর্পণ করিলেন। ঐ এদেশীয় ডেপুটী কালেক্টর ১৮৪১ সালের ৪ মে তারিখে এই ফয়সলা করিলেন যে ঐ দেয়াড়া হরগোবিন্দ ঘোষের দখলে আছে কিন্তু আইনানুসারে তাহা অতিস্পষ্টতঃ সবলপুরের জমীদারের স্বত্ব এবং এক্ষণে ঐ মৌজার যে বন্দোবস্ত হইতেছে তাহার শামিলকরা উচিত। তাঁহার ঐ ফয়সলা তৎপরের ৩১ আগষ্ট তারিখে স্পেসিয়ল ডেপুটী কালেক্টর সাহেব বহাল রাখিলেন।

হরগোবিন্দ ঘোষের দখলে সেই ভূমি ছিল ইহা রাজস্বের কর্ম্মকারকেরা স্বীকার করিলেন এবং ঐ ঘোষ সেই দেয়াড়া আপনার মৌজা রায়পুর হোসনপুরের শামিল বলিয়া দাওয়া করিল এবং ঐ হুকুমের উপর স্পেসিয়ল কমিস্যনর সাহেবের নিকটে আপীল করিল তিনি ১৮৪৩ সালের ২৫ জানুআরি তারিখে সেই হুকুম বহাল রাখিয়া ইমাম বাঁদীর সঙ্গে তাহার বন্দোবস্ত করিতে হুকুম দিলেন। হরগোবিন্দ ঘোষ এইরূপ বেদখল হইল এবং সেই ব্যক্তি ঐ বাজেয়াপ্তী মোকদ্দমার বাদী প্রতিবাদী ছিল না অতএব ঐ দেয়াড়া ভুমি আপনার মৌজা রায়পুর হোসনপুরের শামিল বলিয়া তাহার মালিকী স্বত্ব ও দখলের বিষয়ে পাটনার দেওয়ানী আদালতে নালিশ করিল।

ঐ মোকদ্দমা অধস্থ আদালতে অর্থাৎ প্রধান সদর আমীন ও জজ সাহেবের আদালতে ইহা বলিয়া অগ্রাহ্য হইল যে এই মোকদ্দমাতে আমারদের কোন ক্ষমতা নাই।

তৎপরে দরখাস্তকারী সদর দেওয়ানী আদালতে খাস আপীল করিল এবং আপন দরখাস্তের পোষকতার নিমিত্তে স্পেসিয়ল কমিস্যনর শ্রীযুত হেনরি মোর সাহেবের এক ফয়সলা দাখিল করিল সেই ফয়সলাতে ঐ সাহেব স্বীকার করিলেন যে ঐ প্রকার মোকদ্দমা দেওয়ানী আদালতে গ্রাহ্য হইতে পারে। দরখাস্তকারী আরো ১৮৩৯ সালের ৮ আগষ্ট তারিখে গবর্ণমেণ্টের যে হুকুম ১৮৩৯ সালের ১১ সেপ্টেম্বর তারিখে সদর বোর্ড রেবিনিউর দ্বারা প্রকাশ হইয়াছিল তাহা উত্থাপন করিল ঐ হুকুমের ৩ দফাতে এইরূপ লেখা আছে।

"The Resumption Courts must, of course, carry into execution their own decrees in the mode prescribed by the regulations But if land denied to be included in such decrees, were not in the occupation of the lakerajdar when the suit against him was instituted, but in the occupation of some other person, who was not a party to the resumption suit, such land cannot be subjected to assessment by the Revenue Authorities, without the institution of a new resumption suit, against the party actually in possession ?

Mr. Tucker, who heard the application for a Special appeal, having laid the above statement of the case before Sir R Barlow and Mr Hawkins, observed —

"The only question is, can the Courts receive an appeal from the orders of the Special Commissioner, however apparently illegal they may be ?

"It is clear Hur Gobind Ghose was in possession of the Deeara, as part of his mouza *Raepoor Hosseinpoor*, a *Nizamut Village* This is admitted; but after the resumption of *Subbulpore*, without *any previous definition of its boundaries or extent*, the Deeara is declared to form a part of it and Hur Gobind Ghose the occupant of it is dispossessed"

By the Court (Mr. Tucker, Sir R. Barlow, Bart. and Mr Hawkins). "To decide on the "question of assessment is peculiarly the province of the Resumption Courts to decide on "the question of proprietary right is peculiarly the "province of the Judicial Courts Thus, in the "case of a suit to resume a lakeraj tenure, the Re "sumption Courts would pronounce upon the validity or invalidity of the tenure, but the Civil "Courts might still entertain a suit between parties "claiming the proprietary right, and desirous of being admitted to enter into the settlement with Government Again, in the case of a *chur* declared by "the Resumption Courts liable to assessment, without specification of the estate to which it was attached, the Civil Courts might entertain an action "between parties contending for the proprietary "right, and willing to take the lands at the assessment fixed by Government

"But there are other cases in which the question "of assessment and proprietary right are so mixed "up together, as to render it impossible to separate "them, in which, for the Resumption Courts to declare the land liable to assessment is essentially to "decide the question of proprietary right, and in "which, for the Courts to pronounce upon the proprietary right, is essentially to pronounce upon "the question of assessment ?

"Take the case of two estates originally assessed "upon an ascertainment of the extent of land comprised in them, with a stream running between "them as the boundary line. After a lapse of years, "the Resumption officers obtaining intelligence of a "considerable accretion to one of the estates proceed to make the usual enquiries. The proprietor

বাজেয়াপ্তী আদালত সুতরাং আপনারদের ডিক্রী আইনের নির্দ্দিষ্ট প্রকারে জারী করিবেন। কিন্তু যদি কেহ কহে যে কোন ভূমি ঐ ডিক্রীর লিখিত ভূমির মধ্যে নাই এবং লাখেরাজদারের বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করণের সময়ে সেই ভূমি ঐ লাখেরাজদারের দখলে ছিল না কিন্তু ঐ বাজেয়াপ্তী মোকদ্দমার অসম্পর্কীয় অন্য কোন ব্যক্তির দখলে ছিল তবে যে ব্যক্তির দখলে সেই ভূমি এক্ষণে নিতান্ত আছে তাহার বিরুদ্ধে নূতন বাজেয়াপ্তী মোকদ্দমা উপস্থিত না করিলে রাজস্বের কর্ম্মকারকেরা সেই ভূমির উপর কর বসাইতে পারেন না

শ্রীযুত টকর সাহেব এই খাস আপীলের দরখাস্ত শুনিলেন এবং তিনি মোকদ্দমার উক্ত সকল বৃত্তান্ত লিখিয়া শ্রীযুত সর রাবর্ট বালো সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেবের নিকটে পাঠাইলেন ও ইহা লিখিলেন

"এই মোকদ্দমায় কেবল এই এক জিজ্ঞাস্য যে সেপসিযল কমিস্যনর সাহেবেরদের হুকুম দৃষ্টতঃ বেআইনী হইলেও দেওয়ানী আদালত তাহার উপর আপীল লইতে পারেন কি না।

"সপষ্ট দৃষ্ট হইতেছে যে হরগোবিন্দ ঘোষের মৌজা রায়পুর হোসনপুর নামক এক নিজামৎ গ্রামের অংশস্বরূপ ঐ দেয়াড়া তাহার দখলে ছিল। ইহা স্বীকৃত হইয়াছে। কিন্তু সবলপুর মৌজা বাজেয়াপ্ত হওনের পর তাহার পরিমাণ অথবা সীমানার কোন নির্ণয় না হইয়াও ঐ দেয়াড়া সেই মৌজার অংশ এইমত হুকুম হইল এবং তাহার দখীলকার হরগোবিন্দ ঘোষ বেদখল হইল।"

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত সর রাবর্ট বালো সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন

"ভূমির কর নিরূপণকরণের বিষয় নিষ্পত্তি করিতে "বাজেয়াপ্তী আদালতের বিশেষ এলাকা। মালিকী স্বত্বের "বিষয় নিষ্পত্তি করিতে দেওয়ানী আদালতের বিশেষ "এলাকা। যথা কোন লাখেরাজ ভূমি বাজেয়াপ্ত করণের "মোকদ্দমা হইলে তাহার সনদের সিদ্ধতা অথবা অ- "সিদ্ধতার বিষয় বাজেয়াপ্তী আদালত নির্ণয় করিবেন "কিন্তু যে২ ব্যক্তি সেই লাখেরাজ ভূমির মালিকী স্বত্বের "দাওয়া করে এবং সরকারের সঙ্গে বন্দোবস্ত করিতে "গ্রাহ্যহওনের ইচ্ছুক হয় এইমত ব্যক্তিরদের মধ্যে যে "মোকদ্দমা থাকে তাহা দেওয়ানী আদালত বিচার করিতে "পারেন। পুনশ্চ যদি বাজেয়াপ্তী আদালত কোন চর "করের যোগ্য নিরূপণ করেন কিন্তু তাহা কোন্ মহা- "লের শামিল এই বিষয় বিশেষরূপে নির্ণয় না করেন "তবে যে২ ব্যক্তি তাহার মালিকী স্বত্বের বিষয়ে পরস্পর "বিবাদ করিতেছে এবং সরকার যে কর নির্ণয় করেন "তাহা দিয়া ঐ চর লইতে ইচ্ছুক থাকে তাহারদের মধ্যে "যে মোকদ্দমা হয় তাহা দেওয়ানী আদালত গ্রাহ্য "করিতে পারেন।

"কিন্তু অন্যান্য প্রকার মোকদ্দমা আছে তাহাতে "কর ধার্য্য করণের বিষয় এবং মালিকী স্বত্বের বিষয় "এইমত মিশ্রিত আছে যে তাহা পৃথক করা অসাধ্য। "সেই মোকদ্দমায় যদি বাজেয়াপ্তী আদালত হুকুম করেন্ "যে ভূমি করের যোগ্য তবে তাঁহারদের ঐ ফয়সলাতে "মালিকী স্বত্বের বিষয়ও নিষ্পত্তি হয়। এবং সেই প্রকার "অন্য মোকদ্দমাতে যদি দেওয়ানী আদালত মালিকী "স্বত্বের বিষয়ে কোন নিষ্পত্তি করেন তবে সেই নিষ্প "ত্তিতে কর ধার্য্য করণ না করণের বিষয়ও নিরূপণ হয়।

"সেই প্রকার মোকদ্দমার এই উদাহরণ দেখ। দুই "মহালের শামিল যে ভূমি আছে তাহার পরিমাণ "নির্ণয় হইয়া তাহার কর প্রথমে ধার্য্য হয় উভয় মহালের "মধ্য দিয়া এক জল প্রবাহ আছে তাহা উভয় মহালের "সীমা। কতক বৎসরানন্তর বাজেয়াপ্তী কর্ম্মকারকেরা "সম্বাদ পান্ যে তাহার এক মহালেতে অনেক নূতন "ভূমি লাগাও হইয়াছে এবং তাঁহারা রীতিমত তাহার

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৫ অক্টোবর।]

" on one side of the river claims the lands under " Clause 2, Section 4, Regulation XI. 1825, as a por- " tion of his estate, separated from it by a change " in the course of the river ; the proprietor on the " other side claims it under Clause 1 of the same " Section, as an increment to his estate. This may " be no uncommon case. In order to ascertain this " point, reference is made to the extent of lands com- " prised in each estate at the period of the Decennial " Settlement. The proprietor, who claims under " Clause 2, Section 4, Regulation XI 1825, on the " ground that the lands are capable of identification " as his, is found to possess fully as much land as he " did when his estate was originally settled The " Resumption officers then proceed to declare the " land liable to assessment, as an increment to the " estate of the proprietor on the opposite side of the " stream. This is essentially a determination of the " proprietary right.

" Another class of cases is that of which the pre- " sent is an instance

" A Lakeraj tenure is resumed , but disputes oc- " cur as to the extent of lands comprised within it, " and a specific portion of land is claimed by two " parties – one the proprietor of the resumed tenure, " the other the proprietor of a neighbouring assessed " estate In such a dispute for the Resumption of- " ficers to decide, whether the contested lands are, " or are not, liable to assessment, is in fact to decide " the question of proprietary right.

" Now the question is, whether in these cases of " mixed jurisdiction, there is allowed any resort to " the Courts of Justice to contest the proceedings of " the Resumption Courts

" There is no doubt that the decisions of the lat- " ter, respecting the assessment of lands are beyond " the control of the Judicial authorities But in the " cases supposed, there is a Judicial question to be " decided as an essential preliminary to the question " of assessment, can the Resumption Courts decide " this Judicial question ? We are of opinion that " they can. There is nothing in the regulations " enacted for their guidance, which requires a re- " ference or resort to the Courts of Justice before " they can proceed in any class of cases to discharge " their own peculiar functions On the contrary, the " general tenor of such regulations is to invest those " Courts with full power to take all measures ne- " cessary for the attainment of the object they have " in view, to wit, the determination of the question " of liability to assessment We are therefore of " opinion, that the principle laid down in the cases " of the Sudder Board *v* Dilawur Ali, page 256, " Volume VII. Sudder Dewanny Adawlut Reports, " and of Mohunt Monohur Doss *v* Mohunt Jygram " Doss, page 413 of the Decisions of the Sudder De- " wanny Adawlut for 1846 is correct ; and that such " cases are not cognizable by the ordinary Courts of

[*Government Gazette, 5th October*, 1847.]

" তদারক করিতে আরম্ভ করেন। নদীর এক দিকস্থ " মহালের অধিকারী ১৮২৫ সালের ১১ আইনের ৪ " ধারার ২ প্রকরণানুসারে ইহা বলিয়া তাহার দাওয়া " করে যে এই ভূমি আমার মহালের খণ্ড কেবল " নদীর স্রোতের কিঞ্চিৎ বৈলক্ষণ্য হওয়াতে আমার " মহালহইতে পৃথক হইয়াছে। নদীর অন্য দিকস্থ " মহালের অধিকারী ঐ ধারার ১ প্রকরণানুসারে ইহা " বলিয়া তাহার দাওয়া করে যে ঐ ভূমি আমার জমী- " দারীর লাগাও হইয়াছে। হইতে পারে যে এই প্রকার " অনেক মোকদ্দমা আছে। ঐ বিবাদ ভঞ্জনের জন্যে " দশসনী বন্দোবস্তের সময়ে প্রত্যেক মহালে যত ভূমি " ছিল তাহার পরিমাণ অনুসন্ধান করা যায়। তাহাতে " দৃষ্ট হয় যে যে ভূম্যধিকারী ১৮২৫ সালের ১১ আ- " ইনের ৪ ধারার ২ প্রকরণানুসারে ইহা বলিয়া ভূমির " দাওয়া করে যে এই ভূমি আমার মহালের ভূমি চিনা " যাইতে পারে সেই ভূম্যধিকারির জমীদারীতে দশসনী " বন্দোবস্ত সময়ে যত ভূমি ছিল এখনও তত ভূমি " আছে। তাহাতে বাজেয়াপ্তী কর্ম্মকারকেরা সেই চর " ভূমি করের যোগ্য ধার্য্য করিয়া স্রোতের অপর দিগের " ভূম্যধিকারির মহালে লাগাও হইয়াছে বলিয়া নির্ণয় " করেন। ইহাতে সেই ভূমির মালিকী স্বত্বও নির্ণয় " হইল।'

" অন্য প্রকার মোকদ্দমা আমারদের নিকটে এক্ষণে " উপস্থিত মোকদ্দমার ন্যায়।

" যথা এক লাখেরাজ মহাল বাজেয়াপ্ত হয় কিন্তু " তাহার মধ্যে যত ভূমি আছে তাহার পরিমাণের " বিষয়ে বিরোধ জন্মে এবং দুই ব্যক্তি সেই ভূমির এক " বিশেষ অংশের বিষয়ে দাওয়া করে এক ব্যক্তি সেই " বাজেয়াপ্তী মহালের ভূম্যধিকারী অপর ব্যক্তি তাহার " নিকটস্থ খেরাজী এক মহালের অধিকারী। এইমত বি- " রোধে যদি বাজেয়াপ্তী কর্ম্মকারকেরা ঐ বিবাদি ভূমি " কর দেওনের যোগ্য কি অযোগ্য ইহা ধার্য্য করেন তবে " ফলতঃ তাহাতে মালিকী স্বত্বের বিষয় নিশ্চয় হয়।'

"অতএব এই জিজ্ঞাস্য হইতেছে যে এই প্রকার মিশ্রিত " এলাকার মোকদ্দমায় বাজেয়াপ্তী আদালতের নিষ্পত্তি " অন্যথা করণার্থ দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত " করণের অনুমতি আছে কি না।"

" বাজেয়াপ্তী আদালত ভূমির কর দেওনের বিষয়ে " যে নিষ্পত্তি করেন তাহাতে দেওয়ানী আদালত " হস্তক্ষেপ করিতে পারেন না ইহাতে সন্দেহ নাই। " কিন্তু উক্ত কল্পিত মোকদ্দমায় কর নিরূপণ করণ বা " না করণের পূর্ব্বে দেওয়ানী আদালতের বিচার্য্য " এক বিষয় নিষ্পত্তি করণের আবশ্যক আছে। " অতএব জিজ্ঞাস্য এই যে দেওয়ানী আদালতের এই " বিচার্য্য বিষয় বাজেয়াপ্তী আদালত নিষ্পত্তি করিতে " পারেন কি না। আমারদের বোধ আছে যে তাঁহারা " নিষ্পত্তি করিতে পারেন। তাঁহারদের কার্য্য নির্ব্বাহার্থ " যে২ আইন হইয়াছে তাহার মধ্যে এমত কোন কথা " নাই যে কোন প্রকার মোকদ্দমায় তাঁহারদের বিশেষ " কার্য্য নির্ব্বাহ করণের পূর্ব্বে কোন বিষয় দেওয়ানী " আদালতে তাঁহারদের অর্পণ বা জিজ্ঞাসা করিতে হয়। " বরং সকল বাজেয়াপ্তী আইনের সাধারণ ভাব এই যে " সেই আদালতের বিশেষ অভিপ্রায় সিদ্ধ করণার্থ অর্থাৎ " ভূমির কর দেওনের যোগ্যতা নিশ্চয় করণার্থ যে সকল " কার্য্যের আবশ্যক আছে তাহা করিতে তাঁহারদিগকে " সম্পূর্ণ ক্ষমতা দেওয়া গিয়াছে। অতএব আমার- " দের মত এই যে সদর দেওয়ানী আদালতের রিপো- " র্টের সপ্তম বালমের ২৫৬ পৃষ্ঠার লিখিত যে মো- " কদ্দমায় সদর বোর্ড ফরিয়াদী ও দেলাবর আলী আ- " সামী এবং ১৮৪৬ সালের সদর দেওয়ানী আদালতের " নিষ্পত্তির ৪১৩ পৃষ্ঠায় লিখিত যে মোকদ্দমায় মোহন্ত " মনোহর দাস ফরিয়াদী এবং মোহন্ত যোগ্যরাম দাস

"justice, which cannot interfere directly or indirectly "with the Government Revenue. It is urged, that, in "the present instance, there has been a violation of "the orders of Government of the 8th August, 1839, "above quoted, the plaintiff having been disturbed "in his possession, without having had an opportuni-"ty given to him to state his objections to the pro-"ceedings of the Resumption Courts. This may be "true; but the irregularity of the proceedings of the "Resumption Courts, will not invest the Courts of "Justice with a jurisdiction which they do not other-"wise possess. The plaintiff's remedy is by applica-"tion to the Resumption Courts, the established "Courts have no power to afford him redress." The application for a special appeal was accordingly rejected.

17th July, 1847.

A guardian cannot be appointed under Regulation I 1800, to an alleged adopted minor, whose adoption is disputed. This, however, does not prevent an action by his friend to establish the minor's right.

Sheebchunder Kur—Petitioner.

This was an appeal from an order of the Judge of Dacca, dated 17th April, 1847.

An application had been preferred to the Judge, under Regulation I. 1800, to appoint a guardian to Heera Lal, a minor, the alleged adopted son of Kasheenath Roy. The adoption was denied by the heirs of the deceased. The Zillah Judge investigated the plea of adoption; and, pronouncing against it as invalid, rejected the application. From this order an appeal was preferred to this Court.

By the Court (present Mr. Tucker, Sir R. Barlow and Mr Hawkins). "The Judge was wrong "in investigating summarily into the question of the "validity or otherwise of the adoption which can on-"ly be done in a regular suit. We do not however, "think that the Regulation I 1800, applies to a case "of this kind, in which succession is claimed upon a "special ground; such special ground being denied "and contested by the heirs at law. This, however, "does not prevent any friend of the minor suing on "his behalf to establish his right." The order of the Judge was accordingly confirmed, but on grounds altogether different from those on which he had proceeded.

19th July, 1847.

A male native of rank, wishing to institute a suit in formâ pauperis, must appear in person for examination under Clauses 1 and 3, Section 5, Regulation XXVIII. 1814, and cannot be examined by his agent.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ৫ অকটোবর।]

"আসামী সেই দুই মোকদ্দমার যে মূল বিধান ধার্য্য "হইল তাহা ঠিক এবং এই প্রকার মোকদ্দমা দেওয়ানী "আদালতের বিচার্য্য নহে কেননা ঐ আদালত সরকারী "রাজস্বের কোন বিষয়ে স্পষ্টরূপে কি অস্পষ্টরূপে "হস্তক্ষেপ করিতে পারেন না। এই মোকদ্দমায় এই "ওজর হইয়াছে যে পূর্ব্বের লিখিত ১৮৩৯ সালের ৮ "আগষ্ট তারিখের গবর্ণমেন্টের হুকুমের উল্লঙ্ঘন হই-"য়াছে অর্থাৎ বাজেয়াপ্তী আদালতের কার্য্যের বিষয়ে "আপনার ওজর জানাইতে ফরিয়াদীর কোন সুযোগ না "হইয়া সে ব্যক্তি আপনার ভূমিহইতে বেদখল হইয়াছে। "ইহা সত্য হইতে পারে কিন্তু দেওয়ানী আদালতের "যে ক্ষমতা নাই সেই ক্ষমতা বাজেয়াপ্তী আদালতের "কার্য্যে কিছু বেদাঁড়া হওয়াতে তাঁহারা প্রাপ্ত হন না। "ফরিয়াদীর উচিত যে বাজেয়াপ্তী আদালতে প্রতিকারের "দরখাস্ত করে দেশের সংস্থাপিত দেওয়ানী আদাল-"তের তাহাকে কোন প্রতিকার দেওনের ক্ষমতা নাই।

অতএব খাস আপীলের দরখাস্ত নামঞ্জুর হইল।

১৮৪৭ সাল ১৭ জুলাই।

যে নাবালগের দত্তক পুত্রত্ব হওনের বিষয়ে বিরোধ আছে এইমত কথিত দত্তক নাবালগের ১৮০০ সালের ১ আইনানুসারে কোন সংসারাধ্যক্ষ নিযুক্ত হইতে পারে না কিন্তু ইহাতে এ নাবালগের হক স্থাপনের জন্যে তাহার কোন মিত্রের মোকদ্দমা উপস্থিত করিতে নিষেধ নাই।

শিবচন্দ্র কর। দরখাস্তকারী।

১৮৪৭ সালের ১৭ আপ্রিল তারিখে ঢাকার জজ সাহেব যে হুকুম করিলেন তাহার উপর এই আপীল হয়।

কাশীনাথ রায়ের কথিত দত্তক পুত্র নাবালগ হীরালালের সংসারাধ্যক্ষ নিযুক্ত করিতে ১৮০০ সালের ১ আইনানুসারে জজ সাহেবের নিকটে দরখাস্ত হইয়াছিল। মৃত ব্যক্তির উত্তরাধিকারিরা ঐ দত্তক পুত্রত্বের ক্রিয়া অস্বীকার করিল। তাহাতে জিলার জজ সাহেব দত্তক পুত্রত্বের বিষয় বিচার করিলেন এবং তাহা অসিদ্ধ নির্ণয় করিয়া দরখাস্ত নামঞ্জুর করিলেন। এই হুকুমের উপর সদর আদালতে আপীল হয়।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব কহিলেন "যে দত্তক পুত্রত্বের সিদ্ধতা অসিদ্ধ-"তার বিষয়ে সরাসরীমতে বিচারকরা জজ সাহেবের "অকর্ত্তব্য যেহেতুক এই বিষয় কেবল রীতিমত মো-"কদ্দমার দ্বারা নিষ্পত্তি হইতে পারে। কিন্তু আমারদের "বোধ হয় যে এই প্রকার যে মোকদ্দমায় কোন এক "বিশেষ হেতুপ্রযুক্ত উত্তরাধিকারিত্বের দাওয়া হয় এবং "সেই বিশেষ হেতু মৃত ব্যক্তির আইনক্রমে উত্তরাধিকা-"রিরা অস্বীকার করে এবং সেই বিষয়ে বিরোধ করে "এমত মোকদ্দমায় ১৮০০ সালের ১ আইন খাটে না। "কিন্তু ইহার দ্বারা নাবালগের কোন মিত্রের তাহার হক "স্থাপনের জন্যে তাহার পক্ষে নালিশ করণের কোন প্রতিবন্ধকতা নাই।" অতএব জজ সাহেবের হুকুম বহাল রহিল কিন্তু যে হেতুতে তিনি হুকুম করিলেন তাহাছাড়া অন্য হেতুতে বহাল হইল।

১৮৪৭ সাল ১৯ জুলাই।

এদেশীয় সম্ভ্রান্ত কোন পুরুষ যদি খোরাহীনমতে মোকদ্দমা উপস্থিত করিতে চাহে তবে ১৮১৪ সালের ২৮ আইনের ৫ ধারার ১ ও ৩ প্রকরণানুসারে আপনি নিজে আদালতের কাছারীতে হাজির হইয়া জোবানবন্দী দিবেক এবং তাহার মোখ্তারের জোবানবন্দী লওয়া যাইবেক না।

Syed Mehdee Ali Khan and others—Petitioners.

This was an appeal from an order of the Judge of Tipperah, dated 4th February, 1847.

The petitioners applied for permission to sue as paupers, and to appear for examination by their agent. The Judge, observing that Section 1, Act IX. 1839, which referred only to the examination respecting the merits of the case, did not supersede the provisions of Clauses 1 and 3, Section 5, Regulation XXVIII. 1814, refused the application. The petitioners then appealed to the Sudder Dewanny Adawlut.

The point involved in the Judge's order was submitted by Mr Hawkins, by whom the case was first heard, to the Court at large, with the following note·

"With reference to Clause 1, Section 5, Regulation XXVIII. 1814, Section 1, Act IX. 1839, and Act XIX. of 1840, can a male native of rank be examined in a pauper case *by his Agent*, in instituting an original suit?"

The Sudder Courts of Calcutta and Agra were of opinion, that a male native of rank cannot be examined in a pauper case by his agent in instituting an original suit, Acts IX. of 1839 and XIX. of 1840, being both specific; the one in regard to the point on which the examination of agents is allowed; the other in its application to appeals only. The order of the Zillah Judge was accordingly confirmed.

সৈয়দ মেহি আলী খাঁ এবং অন্যেরা। দরখাস্তকারী।

১৮৪৭ সালের ৪ ফেব্রুআরি তারিখে ত্রিপুরার জজ সাহেব যে হুকুম করিলেন তাহার উপর এই আপীল হয়।

দরখাস্তকারিরা মোত্রহীনমতে নালিশ করিতে এবং মোখ্তারের মারফৎ জোবানবন্দী দিতে অনুমতি প্রার্থনা করিল। তাহাতে জজ সাহেব কহিলেন যে ১৮৩৯ সালের ৯ আইনের ১ ধারাতে কেবল মোকদ্দমা করণ না করণের কারণের জোবানবন্দী লওনের বিষয় লেখে এবং তাহার দ্বারা ১৮১৪ সালের ১৮ আইনের ৫ ধারার ১ ও ৩ প্রকরণের বিধির অন্যথা হয় নাই। অতএব তিনি দরখাস্ত নামঞ্জুর করিলেন তাহাতে দরখাস্তকারিরা সদর আদালতে আপীল করিল।

শ্রীযুত হকিন্স সাহেব প্রথমে এই মোকদ্দমা শুনিলেন এবং জজ সাহেবের হুকুমের মুল বিষয় তিনি সদর আদালতের সকল জজ সাহেবের নিকটে প্রস্তাব করিয়া আপনার মন্তব্য কথা এইরূপে লিখিলেন

"১৮১৪ সালের ২৮ আইনের ৫ ধারার ১ প্রকরণ এবং ১৮৩৯ সালের ৯ আইনের ১ ধারা এবং ১৮৪০ সালের ১৯ আইনের উপলক্ষে এই জিজ্ঞাসা উত্থিত হইতেছে যে এতদ্দেশীয় কোন সম্ভ্রান্ত ব্যক্তি আসল মোকদ্দমা মোত্রহীনমতে উপস্থিত করণের জন্যে আপনার মোখ্তারকে জোবানবন্দী দেওনার্থ নিযুক্ত করিতে পারে কি না।

কলিকাতাস্থ ও আগরার সদর আদালতের এই মত হইল যে এদেশীয় সম্ভ্রান্ত ব্যক্তি মোত্রহীনমতে আসল মোকদ্দমা উপস্থিত করণার্থ আপনার মোখ্তারকে জোবানবন্দী দেওনার্থ নিযুক্ত করিতে পারে না। ১৮৩৯ সালের ৯ আইন এবং ১৮৪০ সালের ১৯ আইনের বিধানের বিশেষ অভিপ্রায় আছে। প্রথমোক্ত আইন যে বিষয়ে মোখ্তারেরদের জোবানবন্দী লওনের অনুমতি আছে তাহার বিষয়ে বিশেষ লেখে। শেষোক্ত আইন কেবল আপীলের বিষয়ে খাটে। অতএব জিলার জজ সাহেবের হুকুম বহাল রহিল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*.

REPORTS OF REGULAR CASES DECIDED BY THE SUDDER DEWANNY ADAWLUT

13th April, 1847.

The estimate in money, of a suit simply for re-admission to caste, is not an action to recover the amount at which it is laid.

An order of non-suit by the Lower Court failing to draw the distinction between them, over-ruled by the Sudder Dewanny Adawlut

Gungaram Gazor—Plaintiff,

versus

Obhyram Gazor and others—Defendants

This case came before the Sudder Dewanny Adawlut in the form of an application for the admission of a special appeal on the part of the plaintiff, against a decision of the Principal Sudder Ameen of Tipperah, dated 21st October, 1846, reversing that of the Moonsiff of Ameergaon, dated 20th June, 1846.

The following are the particulars of it as set forth in the Certificate recorded by the Court (present Sir R. Barlow, Bart.)

"The plaintiff was invited to attend at some "ceremonial in the house of Gungaram Gazor, "where several others of the same caste met. He

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া জাবেতামত মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৭ সাল ১৩ আপ্রিল।

কেবল জাতির মধ্যে গ্রহণার্থ মোকদ্দমা হইলে যত টাকার মুল্য অনুমান করা যায় সেই মোকদ্দমা তত টাকা ফিরিয়া পাইবার মোকদ্দমা নহে।

অধস্থ আদালত এই দুই বিষয়ে প্রভেদ না করিয়া নন্‌সুটের যে হুকুম দিলেন তাহা সদর দেওয়ানী আদালত অন্যথা করিলেন।

গঙ্গারাম গাজর। ফরিয়াদী।

অভয়রাম গাজর ও অন্যেরা। আসামী।

আমীরগাঁয়ের মুনসেফ ১৮৪৬ সালের ২০ জুন তারিখে যে নিষ্পত্তি করিলেন তাহা ত্রিপুরার প্রধান সদর আমীন ১৮৪৬ সালের ২১ অক্টোবর তারিখে অন্যথা করিলেন এবং সেই নিষ্পত্তির উপর ফরিয়াদী খাস আপীল গ্রাহ্য করণের দরখাস্ত সদর দেওয়ানী আদালতে করাতে এই মোকদ্দমা সেই আদালতে উপস্থিত হইল।

সদর আদালতের জজ শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব আপনার সর্টিফিকটে ঐ মোকদ্দমার যে সকল বৃত্তান্ত লিখিলেন তাহা এই২।

"ফরিয়াদী কোন উৎসবের উপলক্ষে গঙ্গারাম গাজ-"রের গৃহে নিমন্ত্রিত হইয়াছিল এবং সেই জাতির "অন্যান্য কএক ব্যক্তি উপস্থিত ছিল। আসামীরা

"was turned out of the assembly by the defendants "as he alleges, without cause, whereby he was injured in caste ; and therefore instituted this suit, "praying that he might be re-instated, laying his "action at Rupees 62-8 annas.

"The Moonsiff was of opinion that the evidence, "not only of the plaintiff, but that also of the defendants to a certain extent, proved that the "plaintiff had been injured, as set forth in the "plaint, and decreed accordingly.

"The Principal Sudder Ameen held, in concurrence with the Moonsiff, that the plaintiff had "sustained injury at the hands of the defendants ; "but non-suited the plaintiff, ordering him to sue "for re admission to caste, and refusing to award "the sum of Rupees 62-8 annas.

"It is clear from the plaint, that the object of "the plaintiff, in the institution of this suit, is to "gain re-admission to caste ; and it was necessary "for him to specify in his plaint a certain amount, "in order to the institution of the suit. The action is not for recovery of a sum of money, as is "recorded by the Principal Sudder Ameen : the "question at issue is the right to regain caste ; and "the Principal Sudder Ameen should have decided the case on its merits.

"Ordered, that a special appeal be admitted. "The case must be brought on the file of this "Court, and returned to the Principal Sudder "Ameen to be disposed of as indicated."

27th April, 1847.

Costs were allowed to a party unnecessarily made a defendant in a case, subsequently compromised between the plaintiff and the other defendants.

Radha Gobind Mitr and others, Appellant. Plaintiffs,

versus

Bhyrobe Chunder Sing, Respondent--Defendant.

The decree in this case, drawn up by the presiding Judge, Mr. Dick, is in the following term .

"Appeal laid at Company's Rupees 502, 8 "annas, 0 pie, costs of law suit.

"The appellant sued respondent, among other defendants for a very large amount. Eventually the "suit was amicably settled by arbitration, and a "razeenameh or deed of satisfaction filed ; and the "suit thus disposed of, half the costs were, as usual, "returned. The respondent, however, had been unnecessarily made a defendant, and had no concern "in the settlement of the claim, he therefore demanded his costs, which not being awarded, he appealed "to the Sudder Court. As it appeared that he had "been forced into Court unnecessarily, the Sudder "Court (present Mr. Gordon) on the 22d April "1845, remanded the decision for amendment.

"সেই সভাহইতে তাহাকে তাড়াইয়া দিল এবং সে "কহে যে ইহা অকারণ এবং তদ্দ্বারা আমার জাতির হানি "হইল এপ্রযুক্ত সে ব্যক্তি এই মোকদ্দমা উপস্থিত করিয়া "জাতির মধ্যে পুনর্ব্বার গৃহীত হওনার্থ প্রার্থনা করিল "এবং আপনার মোকদ্দমার মুল্য ৬২॥০ টাকা "ধরিল।

"মুনসেফের এই বোধ হইল যে কেবল ফরিয়াদীর "সাক্ষ্যের দ্বারা নহে কিন্তু এক প্রকারে আসামীরদের "সাক্ষ্যের দ্বারা এই প্রমাণ হইতেছে যে ফরিয়াদী যেমত "আপনার নালিশপত্র লিখিয়াছে সেইমত তাহার "ক্ষতি হইয়াছে এবং তিনি তদনুসারে ডিক্রী করি-"লেন।

"প্রধান সদর আমীন মুনসেফের মতে ঐক্য হইয়া "কহিলেন যে আসামী ফরিয়াদীরদের দ্বারা ক্ষতিগ্রস্ত "হইয়াছে। কিন্তু তিনি ফরিয়াদীকে ননসুট করিয়া তা-"হাকে জাতির মধ্যে পুনর্ব্বার গ্রহণার্থ নালিশ করিতে "হুকুম করিলেন এবং ৬২॥০ টাকা তাহার পক্ষে ডিক্রী "করিতে অস্বীকৃত হইলেন।

"নালিশপত্রের দ্বারা ইহা স্পষ্ট দৃষ্ট হইতেছে যে "এই মোকদ্দমা উপস্থিত করণেতে ফরিয়াদীর এই অভি-"প্রায় ছিল যে জাতির মধ্যে পুনর্ব্বার গৃহীত হয় এবং "মোকদ্দমা উপস্থিত করণের জন্যে তাহার নালিশপত্রে "কতক বিশেষ টাকা লিখনের আবশ্যক ছিল। প্রধান "সদর আমীন লিখিয়াছেন যে এই নালিশ কতক "টাকা পুনঃ পাইবার জন্যে হইয়াছে কিন্তু এইমত "নহে। বিবাদের বিষয় জাতির পুনঃপ্রাপণের স্বত্ব "এবং প্রধান সদর আমীনের উচিত ছিল যে মোক-"দ্দমার দোষ গুণ বিবেচনা করিয়া তাহা নিষ্পত্তি করেন।

"তাহাতে হুকুম হইল যে খাস আপীল গ্রাহ্য হয়। "এই মোকদ্দমা সদর আদালতের নথীর মধ্যে গ্রহণ "করিতে হইবেক এবং পূর্ব্বোক্তমতে তাহার নিষ্পত্তি "করণার্থ তাহা প্রধান সদর আমীনের নিকটে ফিরিয়া "পাঠাইতে হইবেক।

১৮৪৭ সাল ২৭ আপ্রিল।

যে মোকদ্দমা পশ্চাতে ফরিয়াদী এবং অন্য আসামীর-দের মধ্যে আপোসে রফা হইল এইমত মোকদ্দমায় যে এক ব্যক্তিকে অনাবশ্যকমতে আসামী করা গিয়াছিল তাহাকে তাহার খরচা দেওয়া গেল।

রাধাগোবিন্দ মিত্র এবং অন্যেরা আপেলাণ্ট—ফরি-য়াদী।

ভৈরবচন্দ্র সিংহ। রেস্পাণ্ডেণ্ট—আসামী।

এই মোকদ্দমা সদর আদালতের জজ শ্রীযুত ডিক সা-হেবের দ্বারা নিষ্পত্তি হইল এবং তিনি আপনার ডিক্রী এইরূপে লিখিলেন।

"এই আপীল মোকদ্দমার খরচার বাবতে কোম্পা-"নির ৫০২॥০ টাকার জন্যে হয়।

"আপেলাণ্ট অন্যান্য আসামীর নামে এবং রেস্পাণ্ডে-"ণ্টের নামে ভারি টাকার জন্যে নালিশ করিল। অবশেষে "মোকদ্দমা সালিসের দ্বারা আপোসে নিষ্পত্তি হইল "এবং এক রাজীনামা দাখিল হইল। মোকদ্দমা এইরূপে "নিষ্পত্তি হওয়াতে রীতিমত অর্দ্ধেক খরচা ফিরিয়া দে-"ওয়া গেল। কিন্তু রেস্পাণ্ডেণ্টকে অকারণে আসামী করা "গেল এবং দাওয়ার বন্দোবস্তেতে তাহার কিছু ক্ষতি "বৃদ্ধি ছিল না অতএব সে আপনার খরচার দাওয়া "করিল এবং তাহা তাহাকে না দেওয়া যাওয়াতে সেই "ব্যক্তি সদর আদালতে আপীল করিল। দৃষ্ট হইল "যে অকারণে তাহাকে আদালতের মধ্যে উপস্থিত "করা গেল অতএব সদর আদালতের জজ শ্রীযুত গর্ডন "সাহেব ১৮৪৫ সালের ২২ আপ্রিল তারিখে ঐ নিষ্প-"ত্তি সংশোধন হওনার্থ ফিরিয়া পাঠাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৫ অক্টোবর।]

"The Principal Sudder Ameen, on the 10th June
"following, decreed the full amount expended by
"him in stamps and half of his Pleader's fees: in
"fact all that he had been obliged to expend.

"The appeal is founded on the futile plea, that
"because there is no condition in the razeenameh
"injurious to respondent, therefore he is not liable
"for his costs.

"The respondent availing himself of the plea,
"claimed a larger amount than that decreed to him,
"because he had paid to his Pleader, according to
"agreement under Regulation 12 1833 more than
"one half of the prescribed amount of fees, which
"only had been awarded back to him"

Judgment

"The respondent having been forced into Court
"unnecessarily by appellant, appellant became most
"certainly answerable to him for whatever costs he
"was thereby obliged to incur, but for no more,
"as is clearly stated in the proviso concluding
"Clause 5, Section 2, Regulation 12, 1833 Appeal
"dismissed with full costs and the Principal Sud-
"der Ameen s decision affirmed"

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL.

No 732

To the Collectors of Land Revenue of the Bengal Presidency

1 With reference to the Circular of this Office No 710, dated 7th September, 1846 I have the honour to inform you that besides the Kangra and Hooshyarpoor Treasuries, there is a Jullunder Treasury in the Jullunder Doab, upon which you are authorized to draw, and whose Bills you are requested to pay, agreeably to the Rules laid down in that Circular

2. I have the honour also to inform you, that the Civil Treasury at Lahore has been abolished and a Treasury attached to the Residency, upon which Bills may be drawn under the same rules I request therefore you will discontinue to draw upon the former Treasury, and that you will duly honour all such Bills as may be drawn upon you by the Resident or his Assistant in charge of the latter

3. Exchange Drafts in favour of Officers not located at Lahore, but elsewhere in the Jullunder Doab, should be drawn upon either of the three Treasuries, Hooshyarpoor, Kangra and Jullunder.

4. All Bill transactions with the Residency

"তৎপরের ১০ জুন তারিখে প্রধান সদর আমীন
"সেই ব্যক্তি ইষ্টাম্পে যত খরচ করিয়াছে তাহার সম্পূর্ণ
"সংখ্যা এবং তাহার উকীলের রসুমের অর্দ্ধেক তাহার
"পক্ষে ডিক্রী করিলেন ফলতঃ তাহার যত টাকা ব্যয়
"করিতে হইয়াছিল সেই সকলের ডিক্রী করিলেন।

"এই আপীল এই মিথ্যা ওজর ধরিয়া হয় যে রা-
"জীনামাতে রেসপাণ্ডেন্টের ক্ষতিকর কোন নিয়ম নাই
"এই নিমিত্তে সেই ব্যক্তি আপনার খরচার দায়ী নহে।

"রেসপাণ্ডেন্ট এই ওজর ধরিয়া তাহার পক্ষে যত
"টাকার ডিক্রী হইয়াছিল তদপেক্ষা অধিকের দাওয়া
"করিল যেহেতুক নির্দ্ধারিত রসুমের যে অর্দ্ধেক সংখ্যা
"আমাকে ফিরিয়া দিতে হুকুম হইয়াছে তদপেক্ষা
"অধিক টাকা ১৮৩৩ সালের ১২ আইনানুসারে করা
"বন্দোবস্তের দ্বারা আমি আপনার উকীলকে দিয়াছি-
"লাম।"

ফয়সলা।

"আপেলাণ্ট রেসপাণ্ডেন্টকে অকারণে আদালতে
"আনাইল অতএব তৎপ্রযুক্ত তাহার ঠিক যত খরচা
"হইয়াছিল তত খরচার বিষয়ে আপেলাণ্ট অবশ্য
"দায়ী কিন্তু তদপেক্ষা অধিক টাকার দায়ী নহে। ইহা
"১৮৩৩ সালের ১২ আইনের ২ ধারার ৫ প্রকরণের
"শেষের বিধানে অতিস্পষ্ট লেখা আছে। অতএব
"সম্পূর্ণ খরচা সমেত আপীল ডিসমিস হইল এবং
"প্রধান সদর আমীনের নিষ্পত্তি বহাল হইল।"

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

৭৩২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত রাজস্বের কালেক্টর সাহেব বরাবরেষু।

১। ১৮৪৬ সালের ৭ সেপ্টেম্বর তারিখের ৭১০ নম্বরী এই দফ্তরের সরকুলর অর্ডরের উপলক্ষে আমি তোমাকে জানাইতেছি যে কাঙ্গরা ও হুসিয়ারপুরের খাজানাখানাভিন্ন জলন্দর দোআবে এক জলন্দর খাজানাখানা আছে এবং উক্ত সরকুলর অর্ডরের লিখিত বিধিমতে তুমি ঐ খাজানাখানার উপর বিলের দ্বারা বরাৎ দিতে পার এবং তাহার বিল তোমার উপর হইলে তুমি তাহার টাকা দিবা।

২। আরো তোমাকে জানাইতেছি যে শহর লাহোরের দেওয়ানী খাজানাখানা রহিত হইয়াছে এবং রেসিডেন্টীসম্পর্কে এক খাজানাখানা স্থাপন হইয়াছে তাহার উপরও উক্ত বিধিমতে বিলের দ্বারা বরাৎ দিতে পার। অতএব তোমাকে আদেশ করিতেছি যে শহর লাহোরের খাজানাখানাতে বিল না দেও এবং রেসিডেন্টীর সম্পর্কীয় খাজানাখানাহইতে রেসিডেন্ট সাহেব কিম্বা তাহার অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত তাঁহার আসিষ্টাণ্ট সাহেব তোমার উপর যে সকল বিল দেন তাহার টাকা তুমি রীতিমত দেও।

৩। শহর লাহোরে যে সৈন্যাধ্যক্ষেরা নিযুক্ত নহেন কিন্তু জলন্দর দোআবের কোন স্থানে নিযুক্ত থাকেন তাঁহারদের "এক্সচেঞ্জ ড্রাফ্ট" হুসিয়ারপুর অথবা কাঙ্গরা কিম্বা জলন্দরের খাজানাখানার উপর দিতে হইবেক।

৪। রেসিডেন্টী এবং জলন্দর খাজানাখানার সম্পর্কীয়

and Jullunder Treasuries should be exhibited in your Treasury Accounts under their respective heads as per margin.*

(Signed) W. MAPLES.

Offg. Ex. Asst. Acct. to the Govt. of Bengal

Fort William. Accountant's Office,
Revenue Department, the 28th Sept, 1847.

যে বিলের দেনাপাওনা চলে তাহা পশ্চাৎ লিখিত * নানা খাতাঅনুসারে তোমার খাজানাখানার হিসাবে লিখিতে হইবেক।

ডবলিউ মেপল্‌স।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের একটিং অতিরিক্ত আসিষ্টান্ট আকেন্টোন্টেন্ট।

ফোর্ট উলিয়ম। আকেন্টোন্টেন্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেন্ট। ১৮৪৭। ২৮ সেপ্টেম্বর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTICE.

The Presidency Examination of Candidates for the Office of Moonsiff will be held in the Town Hall of Calcutta, on Thursday, the 7th October, at 10 A. M.

Sudder Dewanny Adawlut, the 29th September, 1847. B. J. COLVIN, *Register.*

اشتہار عدالت دیوانی صدر کلکتہ

مصدرہ ۲۹ ماہ سپتمبر سنہ ۱۸۴۷ ع

عہدہ منصفی کے امید وارونکی امتحان کمیٹی متعلقہ کلکتہ تاریخ ۷ ساتوین ماہ اکتوبر سنہ حال بوقت ۱۰ ساعت روز بروز پنجشنبہ تاون حال مین ہوگے فقط

ইস্তেহার আদালত সদর দেওয়ানী কলিকাতার কমিটির সম্পর্কীয় মুনসেফি পদাভিলাষিরদের পরীক্ষা আগামি অক্টোবর মাসের ৭ সপ্তম দিবসে বৃহস্পতিবারে বেলা ১০ ঘন্টার সময়ে শহর কলিকাতার টাউনহালে হইবেক ইতি সন ১৮৪৭ তারিখ ২৯ সেপ্টেম্বর।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 24th September, 1847.

Mr. J. Jackson, Moonsiff of Bowfaul Zillah Backergunge, for 16 days from the 15th instant, in extension of that granted before.

Baboo Juggobundhoo Bannerjee, Moonsiff of Byedbattee, Zillah Hooghly, for one day, viz. the 29th instant.

The 30th September, 1847.

Kazee Nazeroodden Mahomed, Moonsiff of Indoss, Zillah West Burdwan, for nine days, in excess of the Dusserah Vacation

The leave of absence for two weeks granted on the 31st ultimo, to Baboo Gungachurn Shome, Moonsiff of Suleemabad, East Burdwan, has been reduced to 3 days, viz. the 14th, 15th and 16th instant.

Baboo Taruckchunder Ghose, Moonsiff of Mahanund, Zillah Hooghly, for twelve days from the 25th ultimo.

B. J. COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৭ সাল ২৪ সেপ্টেম্বর।

জিলা বাকরগঞ্জের বহুফলের মুনসেফ শ্রীযুত জে জাকসন সাহেব পূর্ব্বে যে ছুটী পান্ তদতিরিক্ত বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি ষোল দিনের ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর বৈদ্যবাটীর মুনসেফ শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুয্যা বর্ত্তমান মাসের ২৯ তারিখ এক দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ৩০ সেপ্টেম্বর।

জিলা পশ্চিম বর্দ্ধমানের ইন্দাসের মুনসেফ শ্রীযুত কাজী নাজিরুদ্দীন মহম্মদ দশহরার বন্দের অতিরিক্ত নয় দিনের ছুটী পাইয়াছেন।

পূর্ব্ব বর্দ্ধমানের সলীমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোমকে গত মাসের ৩১ তারিখে যে দুই সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহা কম করা গেল ফলতঃ তিনি বর্ত্তমান মাসের ১৪। ১৫। ১৬ তারিখ তিন দিনের ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর মহানন্দের মুনসেফ শ্রীযুত বাবু তারকচন্দ্র ঘোষ গত মাসের ২৫ তারিখঅবধি বারো দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

---

* "Deputy Commissioner and Superintendent at Jullunder."
(Subordinate Revenue Treasury to North Western Provinces.)
"Resident at Lahore."
(Ditto Political Treasury Ditto.)

* "জলন্দরের শ্রীযুত ডেপুটী কমিস্যনর ও শ্রীযুত সুপরিন্টেণ্ডেন্ট সাহেব।"
(উত্তর পশ্চিম দেশের অধীন রাজস্বের খাজানাখানা।)
"লাহোরের শ্রীযুত রেসিডেন্ট সাহেব।"
(ঐ ঐ রাজসম্পর্কীয় খাজানাখানা।)

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ৫ অক্টোবর।]

রাজকর্ম্মে নিয়োগ।

২০৪৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১ সেপ্টেম্বর।

শ্রীযুত মৌলবী মহম্মদ শালিম অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত ছিলেটের প্রধান সদর আমীনা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৭ সাল ২২ সেপ্টেম্বর।

শ্রীযুত বাবু জয়গোপাল বাঁড়ুয্যা পাটনার ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৪৭ সাল ২৫ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ আথর্টন সাহেব (Mr. H. Atherton,) নওয়াখালীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত জে উইলর সাহেব (Mr. J. Wheler,) পাবনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

পুরীর কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ই এ ক্লিফটন সাহেব (Mr. E. A. Clifton,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৭ সাল ২৭ সেপ্টেম্বর।

শ্রীযুত এ ডিক সাহেব (Mr. A. Dick) ও শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব (Mr. W. B. Jackson,) রাজধানীতে মুনসেফের পদাকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২২ সেপ্টেম্বর।

বর্দ্ধমানের ডাকাধ্যক্ষ শ্রীযুত এফ ফর্টিয়র সাহেব (Mr. F. Fortier,) এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ রাফিক চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ৬ তারিখঅবধি আগামি ডিসেম্বর মাসের ২৪ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

হাজারীবাগের প্রধান সদর আমীন শ্রীযুত মীরজা মহম্মদ সাদিক আগামি দশহরার বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা বাঁকুড়ার বুদবুদে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী গোলাম আশরফ আগামি দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণকান্ত দত্ত আগামি মাসের ১ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত জি আলেন সাহেব (Mr. G. Allan,) আগামি দশহরার বন্দে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

যশোহরের ফতওয়াদারক শ্রীযুত মৌলবী সীদীক আহম্মদ দশহরার বন্দের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৫ সেপ্টেম্বর।

ভাগলপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি গ্রান্ট সাহেব (Mr. C. Grant,) আপন কর্ম্মের ভার আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এচ ড্যাপর সাহেবের (Mr. H. Diaper,) প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি গ্রান্ট সাহেবের (Mr. Grant,) অনুপস্থানপর্য্যন্ত ঐ কর্ম্ম চালাইবেন।

চব্বিশপরগনার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মৈনউদ্দীন সফদর চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

কটকের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু তারকনাথ বিদ্যাসাগর দশহরার বন্দের অতিরিক্ত এগার দিনের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু যজ্ঞেশচন্দ্র ঘোষ দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৭ সেপ্টেম্বর।

রাজশাহার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু কিশোরীচাঁদ মৈত্র দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

পূর্ণিয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পি ডেসা সাহেব (Mr. J. P. Dessa,) আগামি দশহরার বন্দে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৯ সেপ্টেম্বর।

ফোর্ট উলিয়ম কালেজের সেক্রেটারী শ্রীযুত মেজর জি টি মার্সাল সাহেবকে (Major G. T. Marshall,) বর্ত্তমান মাসের ১ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা বর্ত্তমান মাসের ১৮ তারিখপর্য্যন্ত বৃদ্ধি হইয়াছে। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

ফোর্ট উলিয়ম কালেজের এক জন ছাত্র শ্রীযুত এফ শ, সাহেবকে (Mr. F. Shaw,) গত মার্চ মাসের ৩১ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা বৃদ্ধি হইয়া আগামি ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত হইবেক।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২৯ সেপ্টেম্বর।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr. G. C. Cheap,) বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

হুগলীর কালেক্টর শ্রীযুত এ রীড সাহেব (Mr. A. Reid,) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেবের (Mr. F. A. E. Dalrymple,) প্রতি অর্পণ করেন।

মুঙ্গেরের কালেক্টর শ্রীযুত ডবলিউ ট্রেবর্স সাহেব (Mr. W. Travers,) বর্ত্তমান মাসের ২০ তারিখে আপন কর্ম্মের ভার আপন আসিষ্টান্ট শ্রীযুত এ মনি সাহেবের (Mr. A. Money,) প্রতি অর্পণ করেন।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত আর এফ হডসন সাহেব (Mr. R. F. Hodgson,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন কর্ম্মের ভার আপন আসিষ্টান্ট শ্রীযুত এচ নেলসন সাহেবের (Mr. H. Nelson,) প্রতি অর্পণ করেন।

পাটনা এলাকায় ঠগী নিবারণার্থ আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত মেজর ডবলিউ রিডেল সাহেব (Major W. Riddell,) বর্ত্তমান মাসের ২২ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান জে ক্লার্ক সাহেবের (Captain J. Clarke,) স্থানে গ্রহণ করেন।

অশুদ্ধ শোধন।

গত মাসের ২৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৫১৩ পৃষ্ঠার ২৮ পংক্তিতে "আসিষ্টান্ট শ্রীযুত ডালরিম্পল সাহেব (Mr. Dalrymple,)" এই কথার পরিবর্ত্তে "দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডালরিম্পল সাহেব" এই কথা পাঠ করিতে হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE

Is hereby given that the parcels enumerated in the subjoined lists were carried off by dacoits in the month of January last, in transit between Benares and Sherghotty

W Tayler,
Post Master General.

Calcutta, General Post Office, the 30th September, 1847

List of Parcels despatched from Benares Post Office to the Calcutta General Post Office on the 19th January, 1847

From whence received	To whom addressed	Station	No. of Parcels	Weight	Amount Co's Rs	Remarks.
Jaspore,	Bood Sing,	Calcutta,	1	88	Post paid	
Goruckpore, 17th January, 1847,	Mr Anderson,	Ditto,	1	16	Post paid	
Ghazeepore, 18th January, 1847,	Messrs Pittar and Co	Ditto	1	13	Post paid	
Umballah,	Messrs Mackenzie Lyall and Co,	Ditto	1	215	6 3 0	Bearing
Ditto,	Ditto	Ditto,	1	215	6 3 0	Ditto
Meerut 14th January, 1847,	Mr G Kerr,	Ditto,	1	48	1 14 0	Ditto
Ferozepore,	Madam Gervain,	Ditto,	1	460	13 8 0	Ditto, (cloth cover torn and tin case broken) secured from the Benares Post Office
Cawnpore 10th January, 1847,	Mr R Aubrey,	Ditto,	1	11	1 5 0	Bearing
Lucknow, 14th January 1847,	Mrs Smith	Barrackpore	1	62	Bearing	
Loodiana	Supdt Mily Orphan Press,	Calcutta,	1	530	15 12 0	Bearing
Ferozepore,	Secy Mily Board,	Ditto,	1	590	Service	
Deyra,	R Chute,	London	1	696	26 4 0	Bearing
Agra 11th January,	Rajah Seetanath Bahadoor,	Moorshedabad,	1	770	24 0 0	Ditto.
Ditto,	Ditto,	Ditto	1	710	22 8 0	Ditto.
Coonch,	Messrs Gisborne and Co,	Calcutta,	1	37	Post paid	
Ditto,	Messrs Chaunce and Co,	Ditto,	1	30	Post paid.	
Benares, 19th January, 1847	Sutto Bhucto Ghosaul	Ditto,	1	25	0 15 0	Bearing
Ditto,	Chaymull Ghasee Ram.	Ditto,	1	17	Post paid	
Ditto,	Mily Audtr Genl,	Ditto,	1	42	Service	
Ditto,	Acct Mily Deptt	Ditto,	1	71	Ditto	
Ditto,	Hussook Roy Sungum Lall	Ditto,	1	125	5 7 0	Ditto
Chunar, 18th January, 1847	Mrs S J Jennings,	Ditto,	1	53	Post paid	

22 Twenty-two Parcels (22) contained in 4 Gunny Packages, as follows.

In 1 Gunny Package	2	Sealed Wg	1190 Tolas
„ 1	Ditto	4	Ditto 1520 Ditto
„ 1	Ditto	5	Ditto 1280 Ditto
„ 1	Ditto	11	Ditto 1020 Ditto

4 Despatched by Banghyburdars

(Signed) D B,
Post Master

As required in the letter No 88, dated 11th September, 1847, from the Post Master of Sherghotty

(True Copy)

(Signed) H Davies, *Post Master*

Exd and despatched by (Signed) Gobindo Chunder Mookerjee

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৫ অক্টোবর।]

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচের ফিরিস্তিতে লিখিত পুলিন্দা গত জানুআরি মাসে বারাণস ও শেরঘাটীর মধ্যে দস্যুরদের দ্বারা অপহৃত হইয়াছে।

নদীয়ার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমাচরণ ভট্টাচার্য্য দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার আবকারী ডিপার্টমেন্টের অধ্যক্ষতা কার্য্যে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত সি জে মলর সাহেব (Mr. C. J. Muller,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১২ অক্টোবর।

জিলা চব্বিশপরগনার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধানাথ গাঙ্গুলি দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১৩ অক্টোবর।

ত্রিপুরার কালেক্টর শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr. H. C. Metcalfe,) আপন কর্ম্মের ভার শ্রীযুত সি এফ কার্ণাক সাহেবের প্রতি অর্পণ করিয়া দুই মাসের ছুটী পাইয়াছেন।

আক্যাবে আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Captain S. R. Tickell,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন। অতএব গত মাসের ১৭ তারিখে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

বিজ্ঞাপন

১৮৪৭ সাল ১১ অক্টোবর।

শ্রীযুত এ জে এলিয়ট সাহেব ও শ্রীযুত ডবলিউ এম ফ্লাইড সাহেব ও শ্রীযুত এফ এচ কুপর সাহেব ও শ্রীযুত জি ব্রাইট সাহেব ও শ্রীযুত এচ জি কীন সাহেব (Messrs. A J. Elliott, W. M. Floyd, F. H. Cooper, G. Bright, and H. G. Keene,) এই রাজধানীতে কোম্পানি বাহাদুরের সিবিল সম্পর্কীয় সিরিশতার মেম্বরী পদে নিযুক্ত হইয়া "ওয়েলেসলি" নামক জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৩ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৭ সাল ১৩ অক্টোবর।

জিলটের কালেক্টর শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

ত্রিহুতের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত আর বি কিন্‌সি সাহেব (Mr. R. B. Kinsey,) বর্ত্তমান মাসের ৬ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত সি কে উয়েব সাহেবের (Mr. C. K. Webb,) প্রতি অর্পণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr. G. C. Cheap,) বর্ত্তমান মাসের ৮ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

১৮৪৭ সাল ১৪ অক্টোবর।

হিজলিতে নিমক এজেন্ট ও নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এ সি বারওয়েল সাহেব (Mr. A. C. Barwell,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

২২০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৩ অক্টোবর।

শ্রীযুত মেজর মার্সল সাহেবের (Major Marshall,) ছুটীপ্রযুক্ত অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট কর্ণেল এস ডি রাইলি সাহেব (Lieut. Colonel S. D. Riley,) ফোর্ট উলিয়ম কালেজের সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ হামণ্ড সাহেব (Mr. A. Hammond,) পূর্ব্ব বর্দ্ধমানের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিতে অনুমতি পাইয়াছেন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট অথচ জাইন্ট মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কর্ম্মকারি শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) ঐ জিলার গরবেটা স্থানে নিযুক্ত হইয়াছেন এবং মেদিনীপুরের গরবেটা থানা ও বাঁকুড়ার বিষ্ণুপুর থানা ও কোতোলপুর থানা তাঁহার অধীন করা গিয়াছে।

শাহাবাদের কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ও টুগুড সাহেব (Mr. O. Toogood,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারানুসারে বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

মৃত মাকডনাল্‌ড সাহেবের (Mr. MacDonald,) পরিবর্ত্তে জিলা রঙ্গপুরের দ্বিতীয় শ্রেণীর আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে জি পিউ সাহেব (Mr. J. G. Pughe,) দিনাজপুরের আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন। এবং ঐ জিলাতে মোকদ্দমা নিষ্পত্তি করণের রীতিমত ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৩ অক্টোবর।

ফোর্ট উলিয়ম কালেজের সেক্রেটারী শ্রীযুত মেজর জি টি মার্সল সাহেব (Major G. T. Marshall,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

আক্যাবে কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Captain S. R. Tickell,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন। অতএব গত মাসের ১৭ তারিখের হুকুমানুসারে শ্রীযুত কাপ্তান টিকল সাহেবকে (Captain Tickell,) স্বীয় কর্ম্মোপলক্ষে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

১৮৪৭ সাল ১৬ অক্টোবর।

সদর আদালতের কিঞ্চিৎকালীন জজ শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব (Mr. W. B. Jackson,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ২৬ অক্টোবর।]

[*Government Gazette*, 26th October, 1847.]

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

ইস্তেহারনামা কাছারী কালেক্টরী জিলা ভাগলপুর।

সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ দফার মতে ইস্তেহার দেওয়া যাইতেছে যে জিলা ভাগলপুরের সংক্রান্ত নীচের লিখিত মহাল সকল সরকারের বাকী মালগুজারী যাহা বর্ত্তমান সনের ২৮ সেপ্টেম্বরপর্য্যন্ত দাখিল হওয়া উচিত ছিলো বর্ত্তমান সনের ১২ নবেম্বর শুক্রবার দিবসে ভাগলপুর কালেক্টরী কাছারীতে নীলাম করা যাইবেক।

নম্বরের শ্রেণী	মহালের শ্রেণী	রেজিষ্টরের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদরের জমা	সন ১৮৪৭ সালের আগষ্ট লাং বাকী কিস্তী	মন্তব্য কথা
২	ইস্তমরারি জমা ধার্য্য না হওয়া ...	নং ৩১	ঘাট রসিকপুর তর্পে বেলপাতা ...	গৌরনারায়ণ সিংহ ঘাটওয়াল	৪৩৮॥৵২	৬৮।৶	সমুদয় বন্দোবস্তী বস্তু নীলাম হইবেক।
৪	জের নীলামি মহালে সকল অন্য মহালের বাকী সম্পর্কে	নং ৮	তরফ দরিয়াপুর গয়রহ কিং পং কাঁকজোল তরফ লার্ড্ডু বেগম ...	ত্রিলোচনদাস গয়রহ	৮৬৫৫।৵১।	৭০০৲	ত্রিলোচন দাস মোস্তাজির জামিনদারের বন্ধকি বিষয়ের হকিয়ৎ যে কিছু তরফ দরিয়াপুর ও তরফ জোত রঘু ও তরফ জোত মহেশ মাহালাত তালুকদারি কীশমৎ পং কাঁকজোল তরফ লার্ড্ডুবেগম মালদহ জেলার গঞ্জাপন্থ এসলামপুরের সন ১২৫৪ বাঙ্গলার কিস্তী লাং ভাদু সরকারের বাকী মালগুজারি আদায়ের জন্য নীলাম হইবেক উহাতে আদায় না হইলে উক্ত ব্যক্তির কাঁকজোল পরগনায় করিমর্ন্নেসা বেগমের তরফ উপর উক্ত তিন মহালে যে কিছু হকিয়ত আছে নীলাম হইবেক।
		নং ৯	ঐ তরফ করিমর্ন্নেসা বেগম ...	ঐ	৪৭৯৬।৮৬		

তাং ২ অক্টোবর সন ১৮৪৭ সাল ইংরেজী মোতাবেক সন ১২৫৫ ফসলী তাং ৮ আশ্বিন।

J. G. CAMPBELL, *Collector.*

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাঅনুসারে এ জেলার অধীন নীচের লিখিত মহাল সকল সন ১৮৪৭ সালের ২৪ নবেম্বর মোতাবেক সন ১২৫৪ সালের ৯ অগ্রহায়ণ বুধবার এই জেলার কালেক্টরি কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় বিক্রী হইবেক ইতি সন ১৮৪৭ ইংরেজী তারিখ ৫ অক্টোবর মোতাবেক সন ১২৫৪ সাল তারিখ ২০ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	বাকী লাগায়ত ভাদ্র সন ১২৫৪ সাল	মন্তব্য কথা
১	এস্তমুরারি ধার্য্যহওয়া মহাল	১৮৬	মৌজে নিশ্চিন্তপুর পরগনে ভাতিয়া গোপালপুর	সেলামত রায়	২৫৮৸১	৮৫।/৪	
	ঐ	২০৮	তরফ রাজিরা পরগনে চান্দনাই	ব্রজমোহন দোবে	১৭৮৶১	৬২৸৵১১	
৪	অন্য মহালের বাবত পাওনা বাকী নিমিত্তে যে মহাল বিক্রী হইবেক তাহা		সরকারি আমানতি খাস মহাল সংক্রান্ত			বাবত সন ১২৫১ ও সন ১২৫২ সালের তহবিল বাকী ১৮০৶১	
			নং ১ পরগনে ভাতিয়া গোপালপুরের অন্তঃপাতি ইংলিস টৌলা নিশ্চিন্তপুর মধ্যে জোত জমিন ১ টীকিট নং ১ মোওয়াজি ১৪৸১ কাঠা জমীন	ব্রজসুন্দর দাস	৪৶১।		
			নং ২ ঐ টৌলার মধ্যে ২১ নং এক টীকিট মোওয়াজি ৩৭।০ কাঠা জমীন	খুমানগির গোসাঞী	৯৸৬		
			নং ৩ ঐ টৌলার মোতালক মৌজে নয়াগাঁ কৃষ্ণপুর মধ্যে ৬ নং ১ টীকিট মোওয়াজি ২০/ বিঘা জমীন	ধুমসিংহ	৩৸০		
			৪ নং ঐ টৌলার মোতালক ঐ মৌজাতে ৫৫ নং ১ টীকিট বনাম জগদীশ ও রামলাল মোওয়াজি ২৩॥০ জমীনের মধ্যে জগদীশের নিষ্পী বাদে রামলালের নামের নিষ্পী ১১৸০ কাঠা	রামলাল	২৮৩		
			নং ৫ ঐ টৌলার অন্তঃপাতি মৃত ভগবান দাস সোবেদারের জাগীর মধ্যে ১ টীকিট বনাম জগদীশ রামলাল মোওয়াজি ২৮/৩ জমীন মধ্যে জগদীশের দখলি ১২/১॥ জমীন বাদে রামলালের নামের মোওয়াজি ১৬/১॥ জমীন	ঐ	৩.২৸		
			নং ৬ ইংলিস থানা গৌড়গড়ের মোতালক মৌজে গঙ্গারামপুরের ৫৬। ৫৭ নম্বরের ২ টীকিটে ৯৮॥০ হিজল বেগমের জমীন বনাম জঙ্গি খাঁ ও রাজমোহন রায় ও পরমেশ্বর চৌধুরী তন্মধ্যে জঙ্গি খাঁ ও রাজমোহন চৌধুরীর তৃতীয়াংশের ২ অংশ মোওয়াজি ৬৫॥৩॥ জমীন বাদে পরমেশ্বর চৌধুরীর নিক্কাংশ ৩২৸১॥ জমিন	পরমেশ্বর চৌধুরী	৪.৮		

F. B. KEMP, *Deputy Collector.*

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৪৭ । ২৬ অক্টোবর ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 2, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ২ নবেম্বর।

ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 23D OCTOBER, 1847.

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council on the 23d of October, 1847, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

ACT No. XVI. OF 1847.

For constituting Commissioners for the improvement of the Town of Calcutta partly by appointment of the Government and partly by election of the Rate-payers.

Whereas by the 158th Section of the 52d Chapter of the Statute 33, George III., certain powers and duties in regard to the collection and disbursement of the Assessment thereby authorized to be made by the Justices of the Peace within or for the Presidency of Fort William, were conferred and imposed upon the said Justices. And whereas by Act XXIV. of 1840, certain changes were made in the Law relating to the said Assessment.

And whereas it is apparent that the Sewerage and Drainage of the Town of Calcutta, and the supply of water for the domestic use of the inhabitants thereof, and for the due cleansing of Drains therein, and the means of providing for the due ventilation of the Town, and the repairing, cleansing and lighting the roads and streets, and the making convenient lines of communication by spacious streets, and the preventing and removing of nuisances, and the due provision of adequate means for the relief of the sick poor in the said

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ২৩ অকটোবর।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে পশ্চাৎ লিখিত আইন ১৮৪৭ সালের ২৩ অক্টোবর তারিখে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে জারী করিলেন। শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৬ আইন।

শহর কলিকাতা উত্তম করণার্থ গবর্ণমেণ্টের নিয়োগের দ্বারা কতক ও ঘরের টাক্সদেওনিয়ারদের মনোনীত করণের দ্বারা কতক কমিস্যনর সংস্থাপন করণের আইন।

যেহেতুক তৃতীয় জর্জের ৩৩ বৎসরীয় আইনের ৫২ অধ্যায়ের ১৫৮ ধারার দ্বারা ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে এবং তন্নিমিত্ত নিযুক্ত জুষ্টিস অফ দি পীস ঘরের যে টাক্স বসাইবার ক্ষমতা পাইয়াছিলেন সেই টাক্স আদায় এবং ব্যয় করণের বিষয়ি কতক২ ক্ষমতা ঐ২ জুষ্টিস অফ দি পীসের প্রতি অর্পণ হইয়াছিল এবং কতক কর্ত্তব্য কার্য্যের ভার তাঁহারদের প্রতি দেওয়া গিয়াছিল। এবং যেহেতুক ১৮৪০ সালের ২৪ আইনের দ্বারা উক্ত ঘরের টাক্সবিষয়ি আইনের কতক ফেরফার হইয়াছিল।

এবং যেহেতুক দৃষ্ট হইতেছে যে শহর কলিকাতার মোরী ও নরদমা ও ঐ শহর নিবাসিরদের গৃহের ব্যবহারার্থ এবং ঐ নরদমা উপযুক্তরূপে পরিস্কার করণার্থ জল অতি অপ্রচুর আছে এবং শহরের মধ্যে উপযুক্তরূপে বায়ু বহনের এবং পথ ও রাস্তা মেরামৎ ও পরিষ্কার করণের ও তাহাতে আলো দেওনের এবং প্রশস্ত রাস্তার দ্বারা গমনাগমনের সুগম করণের এবং অনিষ্টজনক বিষয় নিবারণ ও উঠাইয়া দেওনের এবং উক্ত শহরের দরিদ্র পীড়িত ব্যক্তিবৃন্দের উপকারার্থ উপযুক্ত উপায় অত্যন্ত অপ্রচুর আছে এবং এই সকল কারণপ্রযুক্ত শহরে অত্যন্ত পীড়া ও বড় মারী হইতেছে। এবং যেহেতুক

Town are very defective, all which cause excessive disease and great mortality. And whereas the Laws and Regulations now in force, and the pecuniary means applicable to the said objects are wholly insufficient for the remedy of so great a mischief, and whereas it is expedient that remedy should be had herein.

I. It is hereby enacted, that Act No. XXIV. of 1840, entitled an Act for amending the Law with respect to Rates for municipal purposes within the Town of Calcutta, is repealed.

II. And it is hereby enacted, that all the said powers and duties in regard to the collection and disbursement of the said Assessments shall from and after the First day of January 1848, cease to be exercised and performed by the said Justices for the Town of Calcutta, and shall be exercised and performed by a Board of Seven Commissioners to be called the Commissioners for the Improvement of the Town of Calcutta, of whom three shall be appointed by the Governor of Bengal, and four shall be elected by the Rate-payers of the Town of Calcutta, that is to say, one by the Rate-payers of each of the following Divisions, viz.

1st or Upper North Division, bounded

A North by Maharattah Ditch.
South by Cotton Street and Meerbhur's Ghaut Street.
East by Chitpore Road.
West by River Hooghly.

B North by the Maharattah Ditch.
South by Mutchoa Bazar.
West by Chitpore Road.
East by Central Road.

C North and East by Circular Road.
South by Mutchoa Bazar Road.
West by Central Road.

2d or Lower North Division, bounded

A North by Cotton Street and Meerbhur's Ghaut Street.
South by Police Ghaut, Hare Street, North side of Tank Square and Loll Bazar.
East by Chitpore Road.
West by the River Hooghly.

B North by Mutchoa Bazar.
South by Bow Bazar Street.
East by Central Road.
West by Chitpore Road.

C North by Mutchoa Bazar.
South by Bow Bazar Street.
East by Circular Road.
West by Central Road.

3d or Upper South Division, bounded

A North by Police Ghaut, Hare Street, North side of Tank Square, and Loll Bazar.
South by East and West Esplanade Row.
East by Cossitollah Street.
West by the River Hooghly.

B North by Bow Bazar Street.
South by Dhurrumtollah.
West by Cossitollah.
East by Central Road.

যে আইন ও বিধান এক্ষণে চলন আছে এবং ঐ২ কার্য্যের নিমিত্তে যে অর্থ নিযুক্ত আছে তাহা এইমত ভারি অনিষ্ট বিষয়ের প্রতিকার করণের নিতান্ত অপ্রচুর এবং যেহেতুক এই২ বিষয়ের প্রতিকার করা অত্যাবশ্যক।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে কলিকাতা শহরের মধ্যে নগরীয় কার্য্যের নিমিত্তে টাক্স অর্থাৎ করের বিষয়ি আইন সংশোধনের আইন এই নামযুক্ত ১৮৪০ সালের ২৪ আইন রদ হইল ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত ঘরের টাক্স আদায় ও ব্যয় করণের বিষয়ি উক্ত সকল ক্ষমতা ও কর্ত্তব্য কার্য্য ১৮৪৮ সালের ১ জানুআরি তারিখঅবধি ও তাহার পর শহর কলিকাতার উক্ত জুষ্টিস সাহেবেরদের প্রতি আর অর্পণ থাকিবেক না এবং তাঁহারদের দ্বারা আর নির্ব্বাহ হইবেক না এবং ঐ ক্ষমতা ও কার্য্য এক বোর্ডের প্রতি অর্পণ হইবেক এবং তাহাতে সাত জন কমিস্যনর থাকিবেন এবং তাঁহারদের নাম কলিকাতা শহরের উত্তমতা করণের কমিস্যনর হইবেক এবং তাঁহারদের মধ্যে তিন জন বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের দ্বারা নিযুক্ত হইবেন আর চারি জন কলিকাতা শহরের ঘরের টাক্সদেওনিয়া ব্যক্তিরদের দ্বারা মনোনীত হইবেন অর্থাৎ পশ্চাৎ লিখিত প্রত্যেক পল্লির টাক্সদেওনিয়ারদের দ্বারা এক২ জন।

প্রথম অর্থাৎ উত্তর পল্লির উত্তর অংশ তাহার সীমা এই।

A উত্তর। মহারাষ্ট্রীয় নরদমা।
দক্ষিণ। কটন ষ্ট্রিট ও মীরবহরের ঘাটের রাস্তা।
পূর্ব্ব। চিতপুরের রাস্তা।
পশ্চিম। হুগলী নদী অর্থাৎ গঙ্গা।

B উত্তর। মহারাষ্ট্রীয় নরদমা।
দক্ষিণ। মাছুআ বাজার।
পশ্চিম। চিতপুরের রাস্তা।
পূর্ব্ব। মধ্যম রাস্তা।

C উত্তর ও পূর্ব্ব। বাহির রাস্তা।
দক্ষিণ। মাছুআ বাজারের রাস্তা।
পশ্চিম। মধ্যম রাস্তা।

দ্বিতীয় অর্থাৎ উত্তর পল্লির দক্ষিণ অংশ। তাহার সীমা

A উত্তর। কটন ষ্ট্রিট ও মীরবহরের ঘাটের রাস্তা।
দক্ষিণ। পোলীসঘাট ও হের ষ্ট্রিট ও লালদীঘির উত্তর দিগ ও লালবাজার।
পূর্ব্ব। চিতপুরের রাস্তা।
পশ্চিম। হুগলী নদী অর্থাৎ গঙ্গা।

B উত্তর। মাছুআ বাজার।
দক্ষিণ। বহুবাজারের রাস্তা।
পূর্ব্ব। মধ্যম রাস্তা।
পশ্চিম। চিতপুরের রাস্তা।

C উত্তর। মাছুআ বাজার।
দক্ষিণ। বহুবাজারের রাস্তা।
পূর্ব্ব। বাহির রাস্তা।
পশ্চিম। মধ্যম রাস্তা।

তৃতীয় অর্থাৎ দক্ষিণ পল্লির উত্তর অংশ। তাহার সীমা

A উত্তর। পোলীসঘাট ও হের ষ্ট্রিট ও লালদীঘির উত্তর দিগ ও লালবাজার।
দক্ষিণ। পূর্ব্ব ও পশ্চিম এস্‌প্লানেড রো।
পূর্ব্ব। কসাইটোলার রাস্তা।
পশ্চিম। হুগলী নদী অর্থাৎ গঙ্গা।

B উত্তর। বহুবাজারের রাস্তা।
দক্ষিণ। ধর্ম্মতলা।
পশ্চিম। কসাইটোলা।
পূর্ব্ব। মধ্যম রাস্তা।

C North by Boitakhanna Street.
South by Dhurrumtollah ditto.
East by Circular Road.
West by Central Road.

4th or Lower South Division, bounded

A North by Dhurrumtollah Street.
South by Park Street.
East by Circular Road.
West by Chowringhee Road.

B South and East by Circular Road.
North by Park Street.
West by Chowringhee Road;

or of such other Divisions as the Governor of Bengal may from time to time appoint; or in default of election shall be appointed by the said Governor of Bengal, and any vacancies which may from time to time occur in the situations of any of the Commissioners who shall have been appointed by the said Governor, shall be filled up by the appointment of the said Governor.

III. And it is hereby enacted, that the said Commissioners shall severally receive such Salaries as may from time to time be fixed by the Governor of Bengal, with the concurrence of the Governor General in Council, and that for the exercise and performance of all the powers and duties hereinbefore or hereinafter conferred, and imposed upon the said Commissioners, five shall be a quorum. Provided always and it is hereby enacted, that it shall be lawful for any one of the said Commissioners to issue a warrant of Distress for the recovery of any arrears of any rates or taxes accruing under the said 158th Section of the said Statute or under this Act.

IV. And it is hereby enacted, that the time and place and manner of the elections of the said elective Commissioners in each of the said Divisions shall be according to such scheme as shall be agreed upon by a general meeting of the Owners and Occupiers of assessed houses, buildings and grounds in the said Town, consisting of not less than one hundred of the said Owners and Occupiers, and presented on behalf of such meeting to the Governor of Bengal and approved by him. But so as such elections shall take place annually.

Provided always and it is hereby enacted, that if no such general meeting shall be held within one month from the passing of this Act, or if no such scheme shall be presented on behalf of such meeting to the Governor of Bengal within one month after such meeting shall have been held, it shall then be lawful for the said Governor of Bengal to appoint the whole of the said Commissioners.

Provided also and it is hereby enacted, that the scheme shall be laid by the Governor of Bengal before the Governor General in Council for his approbation, and shall not be in force until such approbation shall have been signified in writing.

V. And it is hereby enacted, that the said Commissioners shall from and after the said day, have

C উত্তর। বৈঠকখানার রাস্তা।
দক্ষিণ। ধর্ম্মতলার রাস্তা।
পূর্ব্ব। বাহির রাস্তা।
পশ্চিম। মধ্যম রাস্তা।

চতুর্থ অর্থাৎ দক্ষিণ পল্লির দক্ষিণ অংশ। তাহার সীমা

A উত্তর ধর্ম্মতলার রাস্তা।
দক্ষিণ। পার্ক ষ্ট্রিট।
পূর্ব্ব। বাহির রাস্তা।
পশ্চিম। চৌরঙ্গীর রাস্তা।

B দক্ষিণ ও পূর্ব্ব। বাহির রাস্তা।
উত্তর। পার্ক ষ্ট্রিট।
পশ্চিম। চৌরঙ্গীর রাস্তা।

অথবা অন্য যে পল্লি বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেব সময়ে২ নিরূপণ করেন্। কিন্তু ঐ টাক্সদেওনিয়ারা ঐ কমিস্যনরদিগকে মনোনীত করিতে যদি ত্রুটি করে তবে বাঙ্গলা দেশের উক্ত শ্রীযুত গবরনর্ সাহেব তাঁহারদিগকে নিযুক্ত করিবেন। এবং যে কমিস্যনরদিগকে উক্ত শ্রীযুত গবরনর্ সাহেব নিযুক্ত করেন তাঁহারদের কোন কাহার পদ কোন সময়ে শূন্য হইলে উক্ত শ্রীযুত গবরনর্ সাহেব সেই পদে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবেন ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে২ মাহিয়ানা সময়ে২ বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেব শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সম্মতিক্রমে ধার্য্য করেন্ তাহা ঐ২ কমিস্যনর একে২ পাইবেন এবং ঐ২ কমিস্যনরের প্রতি পূর্ব্ব অথবা পশ্চাৎ লিখিত যে ক্ষমতা অর্পণ হইল এবং যে কার্য্যের ভার দেওয়া গেল তাহা নির্ব্বাহ ও নিষ্পত্তি করণার্থ পাঁচ জন বৈঠক করিলে কার্য্যসিদ্ধি হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আক্ট পার্লিমেণ্টের ১৫৮ ধারা অথবা এই আইনক্রমে ধার্য্য ঘরের টাক্স বা করের বাকী আদায়ের নিমিত্তে ঐ২ কমিস্যনরের কোন এক জন ক্রোকী পরওয়ানা বাহির করিতে পারেন্ ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত প্রত্যেক পল্লিতে উক্ত মনোনীত কমিস্যনরেরদের মনোনীত করণের সময় ও স্থান ও রীতি যে পাণ্ডুলেখ্যে ঐ শহরের টাক্স ধার্য্যহওয়া বাটী ও এমারৎ ও ভূমির মালিক এবং দখীলকার ব্যক্তিরদের অন্যূন এক শত জনের সাধারণ বৈঠকে সম্মত হয় এবং ঐ বৈঠকের পক্ষে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেবের নিকটে প্রস্তাব হয় ও তাঁহার দ্বারা মঞ্জুর হয় সেই পাণ্ডুলেখ্যঅনুসারে ঐ সময়প্রভৃতি নিরূপণ হইবেক। কিন্তু এইরূপ মনোনীত করণ কার্য্য প্রতিবৎসরে হইবেক ইতি।

এবং জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর যদি এক মাসের মধ্যে সেইরূপ কোন সাধারণ বৈঠক না হয় অথবা ঐ বৈঠক হওনের পর যদি এক মাসের মধ্যে ঐরূপ কোন পাণ্ডুলেখ্য ঐ বৈঠকের পক্ষে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেবের নিকটে দরপেশ না হয় তবে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেব উক্ত সকল কমিস্যনরকে আপনি নিযুক্ত করিতে পারেন্।

এবং জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে ঐ পাণ্ডুলেখ্য বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেব শ্রীযুত গবরনর্ জেনরল্ বাহাদুরের হজুর কৌন্সেলের সম্মতির নিমিত্তে তাঁহার নিকটে পাঠাইবেন এবং যাবৎ ঐ সম্মতি লিখনের দ্বারা জ্ঞাপন করা না যায় তাবৎ ঐ পাণ্ডুলেখ্য বলবৎ হইবেক না ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত তারিখঅবধি এবং তাহার পর এই আইনের শেষে লেখা

power within the said Town to levy upon the Owners or Users of the several kinds of Carriages, Carts and Horses mentioned in the Schedule to this Act annexed, taxes according to the rates mentioned in the said Schedule, and that the said Commissioners shall have power and discretion to compound with Livery Stable Keepers and other persons keeping Carriages and Horses for hire for an annual rate of tax to be assessed upon the Carriages and Horses in their Establishments in lieu of taxes according to the rates mentioned in the said Schedule.

VI. And it is enacted, that the said taxes according to the rates mentioned in the said Schedule shall be levied quarterly, and that every person who has been the Owner or User of a Carriage or Horse within the said Town during thirty days in any one quarter shall be liable for the taxes of that entire quarter. Provided always that no person who has not been the Owner or User of a Carriage or Horse within the said Town during thirty days in any one quarter shall be liable to any tax in respect of any Carriage or Horse. Provided also that no such tax shall be levied in respect of any Horse, Carriage or Cart in the employment of Government.

VII. And it is hereby enacted, that the assessments and rates made under the authority of the Statute 33, George III. C. 52, Section 158, and of Section II. of this Act, shall be of such amount as together with the amount of the taxes to be levied by the Commissioners under Section V. of this Act, and together with such other funds as may be placed at the disposal of the said Commissioners by the Government of Bengal, shall appear to the said Commissioners expedient for completely effecting the purposes specified in this Act, any thing in the said 158th Section of the said Statute notwithstanding. Provided always, that no rate shall be made exceeding five per cent. on the assessed value of property without the sanction of the Governor of Bengal.

VIII. And it is hereby enacted, that for the assessment and collection of the rates and taxes to be levied by the said Commissioners it shall be lawful for the said Commissioners to appoint such Assessor or Assessors, Collector or Collectors, to make such union of the offices of Assessor and Collector, and to prescribe such rules and take such securities for the due execution of the duties of such Assessors and Collectors as the said Commissioners shall deem expedient, and such Assessors and Collectors shall receive such salaries as the Government of Bengal may see fit to sanction.

IX. And it is hereby enacted, that it shall not be necessary in any assessment rate or warrant of distress under the said Statute, and this Act, to specify the names of the Owners or Occupiers of Houses, Buildings and Grounds; but it shall be sufficient if every property rated be identified, and in the case of Houses numbered in any street, that

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ২ নবেম্বর।]

তফসীলের নির্দ্দিষ্ট নানাপ্রকার "কারেজ" এবং কার্ট অর্থাৎ ব্যক্তি এবং জিনিস বহনের গাড়ি এবং ঘোড়ার মালিক অথবা ব্যবহারকারিরদের উপর ঐ তফসীলের লিখিত হারানুসারে উক্ত শহরের মধ্যে কর বসাইতে ঐ২ কমিস্যনরের ক্ষমতা থাকিবেক। এবং আড়গড়ারাখণিয়া এবং অন্যান্য যে ব্যক্তিরা ভাড়ার নিমিত্তে গাড়ি ও ঘোড়া রাখে তাহারদের সঙ্গে ঐ২ কমিস্যনরের এমত বন্দোবস্ত করণের ক্ষমতা ও বিবেচনার শক্তি থাকিবেক যে উক্ত তফসীলের লিখিত হারানুসারে তাহারদের যে কর দেয় হইত তাহার পরিবর্ত্তে তাহারদের আড়গড়ার গাড়ি ও ঘোড়ার উপর বার্ষিক করের বিশেষ হারের বন্দোবস্ত করেন ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত তফসীলের লিখিত হারানুসারে ঐ২ কর তিন২ মাস অন্তরে আদায় হইবেক। এবং যে ব্যক্তি ত্রৈমাসিক সময়ের মধ্যে ত্রিশ দিনপর্য্যন্ত উক্ত শহরের মধ্যে কোন গাড়ি বা ঘোড়ার মালিক ছিল বা তাহা ব্যবহার করিয়াছে সেই ব্যক্তি সেই সম্পূর্ণ তিন মাসের করের দায়ী হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তি কোন এক ত্রৈমাসিক সময়ের মধ্যে ত্রিশ দিনপর্য্যন্ত উক্ত শহরের মধ্যে কোন গাড়ি বা ঘোড়ার মালিক ছিল না বা তাহা ব্যবহার করে নাই সেই ব্যক্তি কোন গাড়ি বা ঘোড়ার বাবৎ করের দায়ী হইবেক না। আরো জানা কর্ত্তব্য যে গবর্ণমেন্টের কর্ম্মে নিযুক্ত কোন ঘোড়া বা চড়িবার কি জিনিসের গাড়ির বাবতে এই প্রকার কোন কর লওয়া যাইবেক না ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ঘরের টাক্স তৃতীয় জর্জের ৩৩ বৎসরীয় আইনের ৫২ অধ্যায়ের ১৫৮ ধারার এবং এই আইনের ২ ধারার হুকুমক্রমে নির্দ্দিষ্ট করা যায় তাহার সংখ্যা এত হইবেক যে এই আইনের ৫ ধারার অনুসারে কমিস্যনরের দ্বারা যে২ কর বসান যায় তাহা লইয়া এবং বাঙ্গলা দেশের গবর্ণমেন্ট উক্ত কমিস্যনরকে যে২ টাকা অর্পণ করেন্ তাহা লইয়া এই আইনের নিরূপিত অভিপ্রায় সম্পূর্ণরূপে সিদ্ধ করণার্থ ঐ২ কমিস্যনরের বোধে প্রচুর হয় এবং উক্ত আক্ট পার্লিমেন্টের ১৫৮ ধারাতে ইহার বিপরীত কিছু লেখা থাকিলেও তাহাতে হানি হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেবের অনুমতি বিনা কোন স্থাবর সম্পত্তির নিরূপিত মুল্যের উপর শতকরা ৫৲ টাকার অধিক টাক্স বসান যাইবেক না ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ২ কমিস্যনরের যে২ ঘরের টাক্স ও কর বসাইতে হইবেক তাহা নিরূপণ করণ এবং আদায় করণার্থ ঐ২ কমিস্যনর যেমত উচিত বোধ করেন্ সেই মতে এক বা ততোধিক নিরূপণকর্ত্তা এবং এক বা ততোধিক কালেক্টর নিযুক্ত করিতে পারেন্ এবং ঐ নিরূপণকর্ত্তা ও কালেক্টরের পদ সংযোগ করিতে পারেন্ এবং নিরূপণকর্ত্তা ও কালেক্টরেরদের প্রতি অর্পিত কার্য্যের উপযুক্তরূপে নির্ব্বাহ করণার্থ যেমত ঐ২ কমিস্যনরের উচিত বোধ হয় সেইমত নিয়ম করিতে পারেন্ এবং জামিন লইতে পারেন্ এবং যে২ মাহিয়ানা বাঙ্গলা দেশের গবর্ণমেন্ট ধার্য্য করিতে উচিত বোধ করেন্ সেই২ মাহিয়ানা ঐ নিরূপণকর্ত্তা ও কালেক্টরেরা পাইবেন ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আক্ট পার্লিমেন্টের এবং এই আইনের অনুসারে যে কোন কর বা বাটীর টাক্স বসান যায় বা ক্রোকী পরওয়ানা বাহির হয় তাহার মধ্যে বাটী ও এমারৎ ও ভূমির মালিক বাঁ দখীলকারেরদের নাম বিশেষ করিয়া লিখিবার আবশ্যক হইবেক না কিন্তু যে ভূমি সম্পত্তির উপর টাক্স বসান যায় তাহা যদি চেনা যাইতে পারে তবে প্রচুর হইবেক এবং কোন রাস্তায় নম্বরকরা বাটীর বিষয়ে হইলে যদি ঐ টাক্সদারি

the name of the street and number of the House rated be particularly specified.

X. And it is hereby enacted, that the Goods and Chattels of the Owners of any Houses, Buildings or Grounds rated under the said Statute, and this Act, shall be seizable any where (except Goods and Chattels concealed as hereinafter mentioned,) for deficiency in the payment of rates, and that all Goods and Chattels which shall be found upon any premises rated shall be seizable for any arrears, which may be due for a period of one year immediately preceding such seizure, and in the case of the seizure of the Goods and Chattels of a tenant under such circumstances, such tenant may deduct the amount of the levy from the next payment of his rent.

XI. And it is hereby enacted, that when there is ground to suspect that Goods and Chattels liable to distress under the said Statute, and this Act, are concealed in any Zenana, the officer charged with the execution of the warrant shall make a special report to the Commissioner granting the same, who shall thereupon follow, as closely as is practicable, the rules for the seizure of Goods and Chattels in like cases adopted by Her Majesty's Supreme Court.

XII. And it is hereby enacted, that it shall be lawful for the said Commissioners, and they are hereby required to make rules and as occasion may require to add to, revoke or alter the same, for the regulation of the time and manner of assessing and levying the said taxes, and for compelling persons to give any information which may be necessary for that purpose, and for imposing penalties upon persons not performing any duty cast upon them by the said rules for the said purpose, and upon persons obstructing any persons acting under the said Commissioners in that behalf, so as that such penalty shall not in any case exceed 100 Rupees.

XIII. And it is hereby enacted, that such rules shall be laid before the Governor of Bengal and approved by him, and shall then be laid by the said Governor of Bengal before the Governor General in Council, and when approved by him shall have the force of law. Provided always, and it is hereby enacted, that the said taxes shall not be leviable until such rules have been so made and approved.

XIV. And it is hereby enacted, that it shall be lawful for the said Commissioners to levy the arrears of the said taxes, and any penalties which may be incurred under the said rules, by the same process of distress as is hereinbefore provided for the levying of the aforesaid rates on Houses, Buildings and Grounds.

XV. And it is hereby enacted, that the whole proceeds of the said rates and taxes, after paying all Salaries, Establishments and incidental expences of the said Commissioners shall, together with such monies as the Government of Bengal, with the sanction of the Governor General in Council,

[*Government Gazette, 2d November,* 1847.]

বাটী যে রাস্তায় থাকে তাহার নাম ও ঘরের নম্বর বিশেষ করিয়া লেখা থাকে তাহাতে কর্ম্ম সিদ্ধ হইবেক ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আক্ট পার্লিমেন্টক্রমে এবং এই আইনানুসারে যে বাটী ও এমারৎ ও ভূমির উপর টাক্স বসান যায় সেই টাক্স যদি না দেওয়া যায় তবে সেই বাটীপ্রভৃতির মালিকের জিনিস ও সম্পত্তি যেখানে থাকে ক্রোক হইতে পারে (কেবল পশ্চাৎ লিখিত লুকান জিনিস ও সম্পত্তি বর্জিত থাকিল।) এবং যে বাটীপ্রভৃতির টাক্স নিরূপণ হইয়াছে তাহার মধ্যে যে সকল জিনিস ও সম্পত্তি পাওয়া যায় তাহা ক্রোক করণের অব্যবহিত পূর্ব্বে এক বৎসরের যে টাক্স বাকী থাকে তাহার নিমিত্তে ক্রোক হইতে পারে। এবং যদি এইমত গতিকে যে ব্যক্তি ঘর ভাড়া করিয়া তাহাতে থাকে তাহার জিনিস ও সম্পত্তি ক্রোক হয় তবে ঐ ভাড়াটিয়ার তৎপরে যে ভাড়া দিতে হইবেক তাহাহইতে ঐ টাক্সের টাকা বাদ দিতে পারে ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন এইমত বোধ হয় যে উক্ত আক্ট পার্লিমেন্ট এবং এই আইনানুসারে ক্রোক হওনের যোগ্য জিনিস ও সম্পত্তি কোন অন্তঃপুরের মধ্যে লুক্কায়িত আছে তখন পরওয়ানা জারী করণের ভারপ্রাপ্ত কর্ম্মকারক যে কমিস্যনর ঐ পরওয়ানা দিয়াছিলেন তাঁহার নিকটে তদ্বিষয়ের বিশেষ রিপোর্ট করিবেন এবং শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে সেই প্রকার গতিকে জিনিস ও সম্পত্তি ক্রোক করণার্থ যে২ নিয়ম চলন আছে সাধ্যপর্য্যন্ত তিনি তদনুসারে কার্য্য করিবেন ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ২ কমিস্যনর পশ্চাৎ লিখিত বিষয়ের নিমিত্তে বিধি করিতে পারেন্ এবং তাঁহারদের প্রতি বিধি করিতে ইহার দ্বারা হুকুম হইতেছে এবং যেমন আবশ্যক বোধ হয় তেমন নূতন বিধি করিতে পারেন্ অথবা পুরাতন বিধি অন্যথা কি মতান্তর করিতে পারেন্ অর্থাৎ উক্ত টাক্স নিরূপণ ও আদায় করণের সময় ও প্রকারের বিষয়ি এবং তন্নিমিত্ত যে সম্বাদের আবশ্যক হয় তাহা ব্যক্তিরদিগকে জোর করিয়া দেওয়াওনের বিষয়ি এবং তন্নিমিত্ত উক্ত বিধির দ্বারা যে কর্ত্তব্য কার্য্য কাহারু প্রতি অর্পণ হয় তাহা না করণেতে ঐ ব্যক্তিরদের জরীমানা নিরূপণ করণের বিষয়ি এবং সেই নিমিত্তে ঐ২ কমিস্যনরের তাবে কর্ম্মকারি ব্যক্তিরদের বাধা জন্মাওনের অপরাধিরদের জরীমানা করণের বিষয়ি নিয়ম কিন্তু কোন গতিকে ঐ জরীমানা ১০০৲ টাকার অধিক হইবেক না ইতি।

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ বিধিসকল বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেবের নিকটে প্রস্তাব হইবেক এবং তিনি ঐ বিধি মঞ্জুর করিলে পর তাহা শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে দরপেশ করিবেন এবং তাহা সেইখানে মঞ্জুর হইলে ঐ সকল বিধান আইনের মত বলবৎ হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে যাবৎ ঐ বিধান এইরূপে প্রস্তুত না হয় এবং মঞ্জুর না হয় তাবৎ কোন টাক্স আদায় হইবেক না ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাটী ও এমারৎ ও ভূমির পূর্ব্বোক্ত টাক্স আদায় করিবার নিমিত্তে পূর্ব্বোক্ত যে ক্রোকের পরওয়ানা নির্দ্দিষ্ট আছে সেই প্রকার ক্রোকী পরওয়ানার দ্বারা ঐ২ কমিস্যনর উক্ত টাক্সের বকেয়া আদায় করিতে পারেন্ এবং উক্ত নিয়মানুসারে যে জরীমানার হুকুম হয় তাহা আদায় করিতে পারেন্ ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত টাক্স ও কর লইয়া প্রথমে ঐ কমিস্যনরেরদের সকল মাহিয়ানা ও সিরিশ্তার খরচ এবং বাজেখরচ দেওয়া যাইবেক এবং তৎপরে তাহার সমুদয় টাকা এবং বাঙ্গলা দেশের গবর্ণমেন্ট শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের

may direct to be paid over to the said Commissioners, be applied by them to the following purposes, viz.

1. Formation of Tanks and Aqueducts for the conveyance of water to all parts of the town.

2. Opening of Streets and Squares in crowded parts of the Town.

3. Filling up stagnant pools of water and removing obstructions to the free circulation of air.

4. Lighting and watering the roads and streets.

5. Cleansing and repairing the same, and the drains of the said Town.

6. And in improving and embellishing the said Town generally.

অনুমতিক্রমে যেং টাকা ঐং কমিস্যানরকে অর্পণ করিতে হুকুম দেন্ তাহা পশ্চাৎ লিখিত কার্য্যে ব্যয় হইবেক ইতি।

১। শহরের সকল স্থানেতে জল দেওনার্থ পুষ্করিণী ও জলপথ খননকরণ।

২। শহরের যেং স্থানে ঘর অতিঘন আছে সেইং স্থানে রাস্তা এবং চক প্রস্তুত করণ।

৩। অপ্রবাহ জলাশয় পূর্ণকরণ এবং বায়ুর স্বচ্ছন্দে গমনাগমনের অবরোধ উঠাইয়া দেওন।

৪। পথ ও রাস্তাতে আলো দেওন ও জল দেওন।

৫। পথ ও রাস্তা এবং শহরের নরদমা পরিষ্কার করণ ও মেরামৎ করণ।

৬। এবং সামান্যতঃ শহরের উত্তমতা করণ ও শোভাকরণ।

SCHEDULE.

	Per Annum.
For every 4 wheeled Carriage on springs, drawn by two Horses, ...	32 Rs.
,, every 4 wheeled ditto ditto, by one Horse, ...	7 ,,
,, every 2 wheeled ditto ditto, by one Horse or two Horses,...	16 ,,
,, every Karanchee, Hackery or Cart, ...	5 ,,
,, every Riding Horse or Pony,	18 ,,
,, every Draught Horse, ...	2 ,,
,, every Draught Pony or Tattoo,	1 ,,
,, every Draught or Burthen Bullock,	0 8 As.

G. A. Bushby,

Secy. to the Govt. of India.

তফসীল।

	টাকা।
দুই ঘোড়া যোতা স্প্রিঙ্গের উপরে বসান চারি চাকার গাড়ি বৎসরে	৩২৲
এক ঘোড়ার ঐ ঐ	৭৲
এক কি দুই ঘোড়া যোতা স্প্রিঙ্গের উপর দুই চাকার গাড়ি	১৬৲
কেরাচি গাড়ি ... ... ছকড়া গাড়ি ... . বলদ গাড়ি	৫৲
সওয়ারী বড় বা ছোট ঘোড়া	১৮৲
গাড়ি টানিবার প্রত্যেক বড় ঘোড়া ...	২৲
ঐ ঐ প্রত্যেক ছোট ঘোড়া কি টাট্টু ...	১৲
গাড়ি টানিবার কি বোঝা বহিবার প্রত্যেক বলদ	৷৹

জি এ বুশবি।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

DRAFTS OF ACTS.

FORT WILLIAM, HOME DEPARTMENT, LEGISLATIVE,

The 9th October, 1847.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 9th of October, 1847.

Act No. —— of 1847.

An Act to define the limit within which a regular Suit may be brought to contest the summary awards of the Revenue Authorities.

Whereas it is expedient to define the limit within which a regular Suit may be brought to contest a summary award passed by the Revenue Authorities under Regulation VII. 1822, Regulation IX. of 1833, or Section III. Regulation IX. 1825, in the North Western Provinces:

I. It is hereby enacted, that the admission of regular Suits to contest the summary awards of Revenue Officers empowered to make such awards under Regulation VII. 1822, Regulation IX. of 1833, and Section III. Regulation IX. 1825, shall be restricted to the period of one year, from the date of the final award of the Revenue Authorities.

II. And it is enacted, that as regards summary awards which have been passed before the passing

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেন্ট। লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ৯ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ৯ অক্টোবর তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্ট।

রাজস্বের কার্য্যকারকেরদের সরাসরী ফয়সলা অন্যথা করণার্থ জাবেতামত মোকদ্দমা যে মিয়াদের মধ্যে উপস্থিত হইতে পারে তাহা নিরূপণ করিবার আইন।

যেহেতুক ১৮২২ সালের ৭ আইন ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে অথবা ১৮২৫ সালের ৯ আইনের ৩ ধারানুসারে উত্তর পশ্চিম দেশের রাজস্বের কার্য্যকারকেরা যে সরাসরী ফয়সলা করেন তাহার অন্যথা করণার্থ জাবেতামত মোকদ্দমা যে মিয়াদের মধ্যে উপস্থিত করা যাইতে পারে তাহা নির্ণয় করা উচিত বোধ হইল

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে ১৮২২ সালের ৭ আইন ও ১৮৩৩ সালের ৯ আইন ও ১৮২৫ সালের ৯ আইনের ৩ ধারানুসারে সরাসরী ফয়সলা করণের ক্ষমতাপ্রাপ্ত রাজস্বের কার্য্যকারকেরা উক্ত প্রকার যে ফয়সলা করেন তাহার অন্যথা করণার্থ ঐ রাজস্বের কার্য্যকারকেরদের শেষ ফয়সলা করণের তারিখের পর এক বৎসর মিয়াদ অতীত হওনের পর জাবেতামত মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে না ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পূর্ব্বে যে সরাসরী ফয়সলা করা গিয়াছে

of this Act, the period of one year within which a regular Suit may be brought to contest such awards shall be calculated from the passing of this Act. Provided that nothing in this Act contained shall be held to warrant the institution of a regular Suit to contest a summary award after the expiration of twelve years from the date of that award.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 9th day of December next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 16TH OCTOBER, 1847.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 16th of October, 1817.

ACT No. —— OF 1847.

An Act to regulate the proceedings in certain Cases of Forgery.

It is hereby enacted, that within the Territories subject to the Presidency of Fort William in Bengal, except the local limits of the Courts established by Her Majesty's Charter, the Magistrate of the several Zillahs and Cities shall not receive any charges of Forgery, or of procuring or causing Forgery, or of fraudulently issuing and publishing as true or otherwise fraudulently giving effect to, or attempting to give effect to false and fabricated Deeds and Papers, knowing the same to be false and fabricated, which may be preferred by parties to Civil or Criminal Cases in respect to Deeds and Papers offered in evidence in such cases against the adverse parties to such cases, or other persons, ex ceptas provided in the next following Section.

II. And it is hereby enacted, that in cases pending before any Civil or Criminal Court (except the Court of the Magistrate, or of any Officer exercising the committing powers of a Magistrate) in which there may appear to the Court sufficient grounds for sending for investigation to the Magistrate a charge of any of the offences specified in Section I. of this Act, the Court shall send the party or parties accused in custody to the Magistrate, together with the evidence and documents relevant to the charge, and shall take a recognizance from each of the witnesses, who have given such evidence to appear before the Magistrate, who shall thereupon receive such charge and proceed with it in the usual course.

Provided always, that nothing herein contained shall be construed to affect the powers vested in

তাহার বিষয়ে ঐ ফয়সলা অন্যথা করণার্থ জাবেতামত মোকদ্দমা উপস্থিত করণের এক বৎসর মিয়াদ এই আইন জারী হওনের তারিখঅবধি গণ্য হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে এই আইনের কোন কথাতে এইমত বোধ হইবেক না যে ঐ তারিখের পর বারো বৎসর অতীত হইলে উক্ত প্রকার সরাসরী ফয়সলা অন্যথা করণার্থ জাবেতামত মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৯ ডিসেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৬ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ১৬ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্ট।

কৃত্রিম করণের কোন২ গতিকে কার্য্যের নিয়ম করণের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে শ্রীশ্রীমতী মহারাণীর চার্টরের দ্বারা স্থাপিত আদালতের বিশেষ সীমাভিন্ন বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের সীমাসরহদ্দের মধ্যে দেওয়ানী অথবা ফৌজদারী মোকদ্দমায় যে দলীলদস্তাবেজ এবং কাগজপত্র ঐ মোকদ্দমার বিপক্ষ পক্ষেরদের বিরুদ্ধে অথবা অন্য ব্যক্তিরদের বিরুদ্ধে সাক্ষ্যস্বরূপ দাখিল হয় তাহার বিষয়ে সেই দেওয়ানী কি ফৌজদারী মোকদ্দমাসম্পর্কীয় ব্যক্তিরা কৃত্রিম করণের বিষয়ে অথবা কৃত্রিম করাওনের বিষয়ে কিম্বা মিথ্যা ও কৃত্রিম দলীলদস্তাবেজ ও কাগজপত্র সত্য বলিয়া চাতুরীক্রমে বাহির করণের এবং প্রকাশ করণের বা প্রকারান্তরে চাতুরীক্রমে তাহা আমলে আনিবার কিম্বা আমলে আনিবার উদ্যোগের বিষয়ে যে২ নালিশ করে সেই২ নালিশ নানা জিলা ও শহরের মাজিষ্ট্রেট সাহেবেরা পশ্চাৎ লিখিত ধারার নিরূপিত প্রকারভিন্ন অন্য কোন প্রকারে গ্রাহ্য করিবেন না ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মাজিষ্ট্রেট সাহেবের অথবা মাজিষ্ট্রেট সাহেবের সোপর্দ্দ করণের ক্ষমতাবিশিষ্ট অন্য কর্ম্মকারকের আদালতভিন্ন অন্য দেওয়ানী কি ফৌজদারী আদালতের বোধে যে২ মোকদ্দমা চলিতেছে সেই২ মোকদ্দমায় যদি এই আইনের ১ ধারার নির্দ্দিষ্ট অপরাধের বিষয়ে কোন নালিশ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তজবীজ হওনার্থ পাঠাইবার উপযুক্ত কারণ দৃষ্ট হয় তবে সেই আদালত নালিশগ্রস্ত ব্যক্তি বা ব্যক্তিরদিগকে কয়েদ করিয়া মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন এবং নালিশের সম্পর্কীয় সাক্ষ্য এবং দলীলদস্তাবেজও পাঠাইবেন এবং সেই বিষয়ে যে সকল সাক্ষী ঐ প্রকার সাক্ষ্য দিয়াছে তাহারদের প্রত্যেক জনের স্থানে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত হওনের বিষয়ে এক মুচলকা লিখিয়া লইবেন। এবং তাহাতে মাজিষ্ট্রেট সাহেব সেই নালিশ গ্রাহ্য করিয়া রীতিমতে তাহার বিচার করিবেন।

পরন্তু ইহা জানা কর্ত্তব্য যে এই আইনের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে তাহার দ্বারা বাঙ্গলা দেশের চলিত ১৮০৭ সালের ২ আইনের

Sessions Judges in cases of Forgery, by Section 6, Reg. II. of 1807, of the Bengal Code.

III. And it is hereby enacted, that the powers vested by Cl. 2, Section 14, Reg. XVII. of 1817, of the said Code in Zillah and City Judges, of committing persons chargeable with Perjury or Subornation of Perjury in cases pending before such Judges, are hereby vested in Principal Sudder Ameens in Civil cases pending before them, and the Principal Sudder Ameens and the Magistrates are hereby authorized and required to proceed in the manner in which the said Judges and Magistrates are authorized and required to proceed by the said Clause.

IV. And it is hereby enacted, that it shall be competent to the Sessions Judges to try persons committed by themselves under the provisions of the said Clause for Perjury or Subornation of Perjury, any Law to the contrary notwithstanding.

V. And it is hereby enacted, that for the purposes of this Act, the expression Civil, Courts, shall be held to include all Revenue Officers acting judicially.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 16th day of December next.

G. A. BUSHBY,
Sec. to the Govt. of India.

৬ ধারায় কৃত্রিম করণের মোকদ্দমার বিষয়ে সেশন জজ সাহেবের প্রতি যে [illegible] অর্পণ হইল তাহার কিছু ব্যাঘাত হইয়াছে ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের [illegible] সালের ১৭ আইনের ১৪ ধারার ২ প্র[illegible] জিলা ও শহরের জজ সাহেবেরদের হজুরে [illegible] মোকদ্দমা উপস্থিত থাকে তাহাতে মিথ্যা শপথ করণের কিম্বা মিথ্যা শপথ করিতে প্রবৃত্তি দেওনের নালিশগ্রস্ত ব্যক্তিরদিগকে উক্ত জজ সাহেবেরদের সোপর্দ্দ করণের যে ক্ষমতা আছে সেই ক্ষমতা প্রধান সদর আমীনেরদের সম্মুখে উপস্থিত হওয়া দেওয়ানী মোকদ্দমার বিষয়ে ঐ প্রধান সদর আমীনেরদের প্রতি অর্পণ হইল এবং উক্ত প্রকরণানুসারে উক্ত জজ সাহেবদিগকে ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে যেমতে কার্য্য করণের হুকুম ও আদেশ আছে সেইমতে ঐ প্রধান সদর আমীনদিগকে ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে কার্য্য করিতে ইহার দ্বারা হুকুম ও আদেশ হইল ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সেশন জজ সাহেবেরা উক্ত প্রকরণের বিধানমতে যাহারদিগকে মিথ্যা শপথ করিবার কিম্বা মিথ্যা শপথ করিতে প্রবৃত্তি দিবার জন্যে সোপর্দ্দ করেন তাহারদের বিচার তাঁহারা করিতে পারেন এবং ইহার বিরুদ্ধ কোন আইন থাকিলেও তাহা প্রতিবন্ধক হইবেক না ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের অভিপ্রায়ের জন্যে দেওয়ানী আদালত এই কথাতে বিচারকারক রাজস্বের সকল কার্য্যকারককেও জানা যাইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৬ ডিসেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

REPORTS OF REGULAR CASES DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

May 10th, 1847.

Neglect of an order issued in the progress of a suit, which is otherwise carried on, is not a default under Act XXIX. 1841.

Gunganarain Mookerjea—Plaintiff,

versus

Dhunmoni Dasi and others—Defendants.

This case came before the Sudder Dewanny Adawlut, in the form of an application for the admission of a special appeal, on the part of the plaintiff, when Mr. Tucker recorded the following certificate on granting the prayer of the petitioner:

"This case was instituted in the Moonsiff's "Court at Cutwa, in the Zillah of East Burdwan, "and disposed of by that officer, in favor of the "plaintiff, on 27th September, 1844. An appeal "was lodged; and the case referred to the Principal Sudder Ameen, Moofti Lootf Hossein, who, "on 7th July, 1845, non-suited the plaintiff for "a default in the Lower Court, under Act XXIX. "1841. The default is thus stated by the Principal "Sudder Ameen. On the 24th February, 1844, the "plaintiff was called upon to file certain documents

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া জাবেতামত মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৭ সাল ১০ মে।

যদি মোকদ্দমা অন্যান্য প্রকারে চলিতে থাকে তবে সেই মোকদ্দমার চলন সময়ে কোন এক হুকুম প্রতিপালনের শৈথিল্য হইলে তাহা ১৮৪১ সালের ২৯ আইনানুসারে ক্রটি নহে।

গঙ্গানারায়ণ মুখুয্যা। ফরিয়াদী।

ধনমণি দাসী ও অন্যেরা। আসামী।

এই মোকদ্দমা ফরিয়াদীর দ্বারা খাস আপীল গ্রাহ্য করণের দরখাস্তের ন্যায় সদর দেওয়ানী আদালতে উপস্থিত করা গেল। তাহাতে শ্রীযুত টকর সাহেব দরখাস্তকারির প্রার্থনা গ্রাহ্য করণ সময়ে পশ্চাৎ লিখিত সর্টিফিকট লিখিলেন।

"এই মোকদ্দমা পূর্ব্ব বর্দ্ধমান জিলার কাটওয়ার মুন- "সেফের আদালতে উপস্থিত হইল এবং তিনি ১৮৪৪ "সালের ২৭ সেপ্টেম্বর তারিখে ফরিয়াদীর পক্ষে তাহার "ডিক্রী করিলেন। পরে আপীল হইল এবং ঐ মোকদ্দমা "প্রধান সদর আমীন মুফ্তী লুৎফ হুসেনের নিকটে অর্পণ "হইল তিনি ১৮৪৫ সালের ৭ জুলাই তারিখে অধস্থ "আদালতে ১৮৪১ সালের ২৯ আইনানুসারে ক্রটি হই- "য়াছিল বলিয়া ফরিয়াদীকে ননসুট করিলেন। ঐ ক্রটি "প্রধান সদর আমীন এইরূপে লিখিলেন। ১৮৪৪ "সালের ২৪ ফেব্রুআরি তারিখে আপনার দাওয়া "সাব্যস্ত করণার্থ কতক দলীলদস্তাবেজ এবং ইসম-

" in support of his claim, together with a list of witnesses ; and not having done so, within the period " of six weeks, the case ought to have been struck " off the file.

" Having seen in other cases, that several of the " Native judicial officers entertained a very erroneous idea of the meaning of Act XXIX. 1841, " I sent for the record ; and, on reference to its contents, I find that the order in question was passed on the day stated, but on the 19th March " the defendants came in and filed their answer, after which the plaintiff was required to reply to it, " which he did on the 8th April.

" The claim was obviously broken by the defendants themselves coming in and answering the " plaint, from which date a fresh start was taken ; " and the order of the 24th February was no longer " in force, as is shown by the same order having been " re-issued on the 15th April, after the plaintiff had " replied to the defendants' answer. A default under " Act XXIX. 1841, is a total neglect to proceed in " a suit or appeal for six weeks. The mere non-compliance with an order issued, provided the suit be " otherwise carried on, is not a default under the " Act ; and, consequently, does not subject the " plaintiff or appellant to an order of dismissal.

" Under these circumstances, I admit the special " appeal ; and remand the case to the Principal " Sudder Ameen to be disposed of on its merits."

May 15th, 1847.

A case was remanded, because a claim to a set off in account, instead of being enquired into, had been rejected as rather the subject of a fresh suit.

Ramdyal Singh—Plaintiff,

versus

Musst. Joy Konwur and others—Defendants.

This case was heard on the application of the defendants for the admission of a special appeal from the decision of Niamut Ali Khan, Principal Sudder Ameen of Tirhoot, under date the 14th December, 1846, reversing that of Mahamed Mohamid, Sudder Ameen of that District, dated 19th December, 1845.

The application was granted by the Court (present Mr. Hawkins) on the following grounds :

" The plaintiff alleged that the defendants had " borrowed from him the sum of 401 Rupees, on executing to him a lease of mouzahs Chutranerain, " &c., for five years from 1241 to 1245, at an annual rent of 51 Rupees. The plaintiff continued " in possession under this to 1247 ; when he was " ejected, in consequence of some dispute, by order " of the Magistrate. He then instituted the present action to recover his principal and interest, " laying his suit at Rupees 606-3-8.

" The defence was that the lessors had never

" বিসী দাখিল করিতে ফরিয়াদীর প্রতি হুকুম হইয়া-" ছিল এবং সে ব্যক্তি ছয় সপ্তাহপর্য্যন্ত তাহা নাকরাতে " এই মোকদ্দমা নথীহইতে উঠাইয়া দেওয়া উচিত ছিল।

" অন্যান্য মোকদ্দমায় আমি দেখিয়াছিলাম যে এদে-" শীয় কএক বিচারক ১৮৪১ সালের ২৯ আইনের " অর্থের বিষয়ে অতি অপ্রকৃতরূপে অনুভব করিয়াছেন " অতএব আমি সেই মোকদ্দমার রোয়দাদ তলব করি-" লাম এবং তাহা অবলোকন করিয়া দেখিলাম যে ঐ " হুকুম পূর্ব্বোক্ত দিবসে দেওয়া গিয়াছিল বটে কিন্তু " তৎপরে ১৯ মার্চ তারিখে আসামীরা আদালতে উপ-" স্থিত হইয়া আপনারদের জওয়াব দাখিল করিল এবং " তাহার পর তাহার রদ্দজওয়াব দিতে ফরিয়াদীর প্রতি " হুকুম হইল এবং সে ব্যক্তি ৮ আপ্রিল তারিখে তাহা " দিল।

" আসামীরা স্বয়ং উপস্থিত হইয়া নালিশের জওয়াব " দেওয়াতে ডিসমিসের বিষয় অতিসপষ্টতঃ খণ্ডন হইল " এবং তাহারদের জওয়াবের তারিখঅবধি মোকদ্দমার " নূতন প্রকরণ হইল এবং ২৪ ফেব্রুআরি তারিখের " হুকুম আর প্রবল থাকিল না। তাহা ইহাতে আরো " সপষ্ট দেখা যাইতেছে যে ফরিয়াদী আসামীরদের " জওয়াবের দর জওয়াব দেওনের পর ১৫ আপ্রিল তা-" রিখে তাহার প্রতি সেই হুকুম পুনর্ব্বার দেওয়া গেল। " ১৮৪১ সালের ২৯ আইনানুসারে ত্রুটি এই যে ছয় " সপ্তাহপর্য্যন্ত কোন মোকদ্দমা অথবা আপীল নির্ব্বাহ-" করণের সম্পূর্ণরূপে শৈথিল্যকরণ। যদ্যপি মোকদ্দমা " অন্যান্য প্রকারে চলিতে থাকে তবে কোন এক হুকুম-" মাত্রের প্রতিপালন না করা এ আইনক্রমে ত্রুটি বোধ " হইতে পারে না এবং সুতরাং তৎপ্রযুক্ত ফরিয়াদী " অথবা আপেলান্টের মোকদ্দমা ডিসমিসের যোগ্য " হয় না।

" এই প্রকার গতিকে আমি খাস আপীল গ্রাহ্য করি " এবং মোকদ্দমার দোষগুণঅনুসারে নিষ্পত্তি করিতে " তাহা প্রধান সদর আমীনের নিকটে ফিরিয়া পা-" ঠাইতেছি।"

১৮৪৭ সাল ১৫ মে।

এক মোকদ্দমায় হিসাবের বাদ দেওনের দাওয়া হও-য়াতে তাহার তজবীজ না হইয়া তাহা নূতন মোকদ্দমার হেতু বলিয়া অগ্রাহ্য করিলেন তাহাতে মোকদ্দমা ফিরিয়া পাঠান গেল।

রামদয়াল সিংহ। ফরিয়াদী।

মসম্মাৎ জয় কুমারী ও অন্যেরা। আসামী।

১৮৪৫ সালের ১৯ ডিসেম্বর তারিখে ত্রিহুতের সদর আমীন মহম্মদ মহামীদ যে নিষ্পত্তি করিলেন তাহা ১৮৪৬ সালের ১৪ ডিসেম্বর তারিখে ঐ জিলার প্রধান সদর আমীন নিয়ামৎ আলী খাঁ অন্যথা করিলেন তাঁহার নিষ্পত্তির উপর আসামীরা খাস আপীল গ্রাহ্য হওনের দরখাস্ত করাতে এই মোকদ্দমার শুনানি হইল।

তাহাতে সদর দেওয়ানী আদালতের জজ শ্রীযুত হকিন্স সাহেব নীচের লিখিত হেতু বলিয়া দরখাস্ত গ্রাহ্য করিলেন।

" ফরিয়াদী কহিল যে আসামীরা তাহাকে ছত্রনারা-" য়ণপ্রভৃতি মৌজার ১২৪১ সালঅবধি ১২৪৫ সালপর্য্যন্ত " বার্ষিক ৫১৲ টাকা খাজানায় পাঁচ বৎসরের এক ইজারা " লিখিয়া দিয়া তাহার স্থানে ৪০১৲ টাকা কর্জ করিয়া-" ছিল। ঐ২ মৌজা ১২৪৭ সালপর্য্যন্ত ফরিয়াদীর দখলে " রহিল সেই সালে কোন বিবাদপ্রযুক্ত মাজিষ্ট্রেট সা-" হেবের হুকুমক্রমে সেই ব্যক্তি বেদখল হইল। এই " প্রযুক্ত আপনার আসল টাকা ও সুদ পাইবার জন্যে " এই মোকদ্দমা উপস্থিত করিল এবং মোকদ্দমার " মূল্য ৬০৬৷৮ ধরিল।

Lukikanth Roy and others. Plaintiffs, had sued the Petitioners in the Zillah Court of the 24-Pergunnahs to recover possession of 3,800 biggas of land, situate in Mowza Unchla, &c. estimating the claim at Rs. 5,700, being 3 years' produce of the land at the rate of 8 annas per bigga; and also to recover mesne profits for the period of dispossession. A decree was given in their favor on the 14th September, 1836, when it was ordered that they should be put in possession of the land claimed; and should receive mesne profits with interest from 1236, the period of dispossession until possession, from the Petitioners. On appeal to the Sudder Dewanny Adawlut, the decree of the lower Court was affirmed. Ultimately, in execution of the decree, the Ameen deputed by the Judge to estimate the mesne profits, reported their amount to be Co.'s Rs. 74,054-6-8, principal and interest at the rate of 12 annas per bigga, which the Judge, on grounds stated, in a proceeding dated 25th July, 1844, reduced to Co.'s Rs. 7,518-9, to be paid by the Petitioners, being mesne profits on 1374 biggas of land at the rate of 6 annas per bigga.

On appeal by both parties to the Sudder Dewanny Adawlut, the Court (present Sir R. Barlaw,) on the 28th January, 1847, awarded mesne profits according to the report of the Ameen, with interest from 1236, the period of dispossession, to 1247, the period of regaining possession.

The Petitioners subsequently presented a petition for review of this order. The substance of their application was that mesne profits had been awarded at the rate of 12 annas per bigga per annum; whereas the Plaintiffs themselves in their plaint, only claimed at the rate of 8 annas per bigga per annum; and that a Plaintiff cannot receive more than claimed in the plaint. In support of their plea they filed precedents; and the (Plaintiffs) Respondents likewise filed copies of precedents to prove that, in many cases, mesne profits exceeding the rate specified in the plaint, had been awarded by the Sudder Court.

The application having been referred by Sir R. Barlowwas heard by a full bench, (present Mr. Tucker, Sir R. Barlow and Mr. Hawkins,) whose judgment was to the following effect:

" It appears that Plaintiffs in their plaint calcu-
" lated mesne profits at the rate of 8 annas the
" bigga, and although they urge that the Petition-
" ers, dissatisfied with the order of the Zillah Judge,

রাছিলেন তাহাতে দয়াময়ী দাসী ফরিয়াদী নারাজ হইয়া সদর আদালতে এক দরখাস্ত করিল সেই দরখাস্ত সেই সময়ে অগ্রাহ্য হইল।

১৮৪৭ সাল ১৪ আগষ্ট।

যে আদালতে মোকদ্দমা প্রথমত উপস্থিত হইল সেই আদালতে ফরিয়াদী যে ওয়াসিলাৎ বিশেষরূপে দাওয়া করিল তদপেক্ষা অধিক হারের ওয়াসিলাৎ তাহার পক্ষে হুকুম হইতে পারে না।

বৈকুন্টনাথ রায় ও অন্যেরা। দরখাস্তকারী।

লক্ষ্মীকান্ত রায় এবং অন্যেরা ফরিয়াদী উঞ্চলাপ্রভৃতি মৌজার মধ্যস্থিত ৩৮০০/ বিঘা ভূমির দখল পাইবার জন্যে চব্বিশপরগনার জিলা আদালতে দরখাস্তকারিরদের নামে নালিশ করিল এবং আপনার দাওয়া ৫৭০০৲ টাকা ধরিল অর্থাৎ বিঘা প্রতি ॥০ আনার হারে ভূমির তিন বৎসরের উৎপন্নের মূল্য এবং তাহারা আরো বেদখলের সময়ে ওয়াসিলাৎ পাইবার জন্যে নালিশ করিল। তাহাতে ১৮৩৬ সালের ১৪ সেপ্টেম্বর তারিখে তাহারদের পক্ষে ডিক্রী হইল এবং তাহারা যে ভূমির দাওয়া করিয়াছিল তাহার দখল তাহারদিগকে দিতে হুকুম হইল এবং ১২৩৬ সাল অর্থাৎ বেদখলের সময়অবধি দখল না পাওয়াপর্য্যন্ত দরখাস্তকারিরদের স্থানে সুদ সমেত ওয়াসিলাৎ পাইবার হুকুম হইল। তাহাতে সদর দেওয়ানী আদালতে আপীল হইল কিন্তু অধস্থ আদালতের ডিক্রী মঞ্জুর থাকিল। পরিশেষে ডিক্রী জারীক্রমে ওয়াসিলাতের হিসাব করিবার জন্যে জজ সাহেব যে আমীনকে নিযুক্ত করিলেন তিনি বিঘা প্রতি ৸০ আনার হার ধরিয়া আসল টাকা ও সুদ ৭৪,০৫৪।৶৮ টাকা হয় এমত রিপোর্ট করিলেন। কিন্তু জজ সাহেব ১৮৪৪ সালের ২৫ জুলাই তারিখের রুবকারীতে যেং হেতু লিখিলেন তৎপ্রযুক্ত তিনি তাহা কমাইয়া হুকুম করিলেন যে দরখাস্তকারিরা ৭৫১৮॥/ টাকা দিবেক অর্থাৎ বিঘা প্রতি ।৶০ আনার হিসাবে ১৩৭৪/ বিঘার ওয়াসিলাৎ।

পরে উভয় পক্ষ সদর দেওয়ানী আদালতে আপীল করাতে ঐ আদালতের জজ শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব ১৮৪৭ সালের ২৮ জানুআরি তারিখে আমীনের রিপোর্টঅনুসারে ওয়াসিলাতের হুকুম করিলেন এবং বেদখলের সময় ১২৩৬ সালঅবধি দখল পুনর্ব্বার না পাওয়া অর্থাৎ ১২৪৭ সালপর্য্যন্ত সুদ দিলেন।

তৎপরে দরখাস্তকারিরা ঐ হুকুমের পুনর্ব্বিচারের দরখাস্ত দাখিল করিল। তাহারদের দরখাস্তের মর্ম্ম এই যে ঐ ওয়াসিলাৎ বিঘা প্রতি বার্ষিক ৸০ আনার হিসাবে হুকুম হইয়াছে কিন্তু ফরিয়াদীরা আপনারদের আরজীতে বিঘা প্রতি কেবল বার্ষিক ॥০ আনার হারে দাওয়া করিল এবং কোন ফরিয়াদী আপনার আরজীতে যত দাওয়া করে তদপেক্ষা অধিক পাইতে পারে না। তাহারদের এই ওজরের পোষকতা করিবার জন্যে তাহারা নানা ডিক্রীর উদাহরণ দিল এবং ফরিয়াদী অর্থাৎ রেস্পাণ্ডেণ্ট নানা ডিক্রীর নকল দাখিল করিয়া ইহা প্রমাণ দিতে চেষ্টা করিল যে অনেকং গতিকে সদর দেওয়ানী আদালত আরজীর লিখিত হারের অতিরিক্ত ওয়াসিলাতের হুকুম করিয়াছেন।

ঐ দরখাস্ত শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব অন্য জজ সাহেবেরদের নিকটে অর্পণ করিলেন এবং সম্পূর্ণ সংখ্যক জজ অর্থাৎ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত সর রাবর্ট বার্লো সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেবের নিকটে তাহার শুননি হইল এবং তাঁহারা এই হুকুম করিলেন

" দৃষ্ট হইতেছে যে ফরিয়াদীরা আপনারদের আর-
" জীতে ওয়াসিলাৎ বিঘা প্রতি ॥০ আনার হারে হিসাব
" করিয়াছিল এবং যদ্যপি তাহারা ইহা কহে যে দর-
" খাস্তকারিরা জিলার জজ সাহেবের হুকুমে নারাজ হইয়া

"petitioned this Court, agreeing that the mesne "profits which might on enquiry be found to be "correct, should be awarded to the decree-holder, "yet we cannot come to any other conclusion than "that Plaintiffs should receive at the rate of 8 an- "nas per bigga, which is the rate claimed in their "plaint. We therefore direct, in amendment of "the order, dated 28th January last, that mesne "profits be awarded to the decree-holder at the "rate of 8 annas per bigga per annum, upon "3,800 biggas of land." Order accordingly.

"এই আদালতে দরখাস্ত দিল এবং যে ওয়াসিলাৎ অনু- "সন্ধানক্রমে যথার্থ বোধ হয় তাহা ডিক্রীদারকে দেওয়া "যাইবেক এমত স্বীকার করিল তথাপি আমারদের "কেবল ইহা অনুভব হয় যে ফরিয়াদীরা আপনার- "দের আরজীতে যে হারের দাওয়া করিল অর্থাৎ "বিঘা প্রতি ॥০ আনা সেই হারানুসারে তাহারা পাই- "বেক। অতএব গত ২৮ জানুআরি তারিখের হুকুম "সংশোধন করিয়া আমরা আজ্ঞা দিতেছি যে ডিক্রীদার "৩৮০০/ বিঘা ভূমির বিঘা প্রতি বার্ষিক ॥০ আনার "হিসাবে ওয়াসিলাৎ পাইবেক।" তদনুসারে হুকুম হইল।

John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

No. 18.

১৮ নম্বর।

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——— .

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

The Sudder Board of Revenue having had under their consideration the Reports of the several Commissioners on the Government Vernacular Schools for the year 1846, have directed me to request that your future reports may be accompanied by a Statement in the annexed form drawn up on consultation paper.

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা গবর্ণমেন্টের এদেশীয় ভাষা শিক্ষার্থ পাঠশালার বিষয়ে নানা কমিসানর সাহেবের ১৮৪৬ সালের রিপোর্ট বিবেচনা করিয়া তোমাকে আদেশ করিতে হুকুম করিয়াছেন যে উত্তর কালে তোমার রিপোর্টের সঙ্গে তুমি নীচের লিখিত পাঠানুসারে এক কৈফিয়ৎ "কনসলটেসন" নামক কাগজে লিখিয়া পাঠাও।

2d. In your Report you will notice the visits paid to each School, and the result of the Examinations held on those occasions, and also any other point of importance for which the form of Statement does not provide; but you will carefully avoid repeating in your Report any of the information to be found in the Statement.

২। প্রত্যেক পাঠশালায় তোমার যতবার গমন হইয়াছে তাহা এবং সেই২ সময়ে বালকেরদের ইমতিহান লওনেতে তাহারদের শিক্ষার যে ফল দৃষ্ট হইয়াছে তাহা এবং অন্য যে কোন গুরুতর বিষয় কৈফিয়তের পাঠের মধ্যে আদেশ না থাকে তাহা তোমার রিপোর্টের মধ্যে লেখ। কিন্তু কৈফিয়তের মধ্যে যেই২ বিবরণ অর্পণ হয় তাহা তোমার রিপোর্টের মধ্যে না লেখা যায় এই বিষয়ে সাবধান থাক।

3d. The Board will expect to receive your Report within six weeks after the close of the year.

৩। বোর্ডের সাহেবেরা বৎসর অতীত হওনের পর ছয়ং সপ্তাহের মধ্যে তোমার রিপোর্ট পাইবার অপেক্ষা রাখেন।

(Signed) G. Plowden,

Secretary.

জি প্লৌডন। সেক্রেটারী।

Sudder Board of Revenue,

Fort William, the 31st August, 1847.

সদর বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৩১ আগষ্ট।

[*Government Gazette, 9th November*, 1847.]

Abstract of Information relative to the Government Vernacular Schools for the year 184—.

		Schools.			Pupils.					Schooling Fees.					Expense.		School Books.		School Masters.				
Division.	Districts.	School Stations.	Number of Schools in operation at the end of the year.	Number of Schools not in operation at the end of the year.	Number of Pupils on the Roll at the commencement of the year.	Number admitted during the year.	Number of withdrawals during the year.	Number on the Roll at the close of the year.	Average daily attendance.	Amount of Fees collected during the year.	Balance of former years.	Total.	Disbursements during the year.	Balance.	Total sum disbursed by Government for the year on account of each School.	Cost per head for each Pupil taking the average attendance.	Number sold.	Amount realized.	Names.	Dates of appointment.	Salary per Mensem.	Character and qualification.	Condition of the School Houses.
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15	16	17	18	19	20	21	22	23	24
		The whole number of Schools authorized are to be entered in Col. 3 and to be accounted for in Columns 4 and 5.																					

Sudder Board of Revenue, Fort William, the 31st August, 1847.

(Signed) G. PLOWDEN, *Secretary.*

অমুক সালের জন্যে গবর্নমেন্টের এদেশীয় ভাষা শিক্ষার্থ পাঠশালার বিষয়ি সার বিবরণ।

		পাঠশালা			বালক					শিক্ষার্থ যত টাকা পাওয়া যায়					খরচ		কেতাব		শিক্ষক				
এলাকা	জিলা	পাঠশালার স্থান	বৎসরের শেষে যত পাঠশালার কর্ম্ম চলিতেছে	বৎসরের শেষে যত পাঠশালায় কর্ম্ম না চলিতেছে	বৎসরের আরম্ভে ফর্দ্দেতে যত বালকের নাম থাকে	বৎসরের মধ্যে যত বালক গ্রাহ্য হয়	বৎসরের মধ্যে যত বালক ছাড়িয়া যায়	বৎসরের শেষে যত বালকের নাম ফর্দ্দে থাকে	গড়ে প্রতিদিনের হাজরী	বৎসরের মধ্যে যত টাকা আদায় হয়	পূর্ব্ব বৎসরের বাকী	মোট	বৎসরে যত খরচ	বাকী	প্রত্যেক পাঠশালার জন্যে বৎসরের মধ্যে গবর্নমেন্টের যত টাকা খরচ হয়	গড়ে যত বালক হাজির হয় তাহা দিয়ে ভাগ করিয়া প্রতিবালকের জন্যে যত খরচ হয়	যত কেতাব বিক্রয় হয়	যত টাকা পাওয়া যায়	নাম	নিযুক্ত হওনের তারিখ	মাসিক বেতন	আচার ব্যবহার ও যোগ্যতা	পাঠশালার বাটীর অবস্থা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
		যত পাঠশালার হুকুম হয় তাহা তিনের ঘরে লিখিতে হইবেক এবং তাহার বিবরণ ৪ ও ৫ নম্বরী ঘরে লেখা থাকিবেক।																					

সদর বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৩১ আগষ্ট।

ক্লি প্লৌডন। সেক্রেটারী।

No. 17.

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

With the view of regulating the demand of security from Revenue Ministerial Officers, and restricting it as much as possible, the Board have been pleased to determine that Mal Zamin shall be required from only those Officers of a Collectorate who have the charge of money or property of value, and Hazir Zamin from those who have charge of records.

2d. Under this rule only the following Officers of a Collectorate will have to furnish Mal and Hazir Zamin respectively.

Mal Zamin.

1. The Treasurer.
2. The Nazir.
3. Tehsildars.
4. Surburakars of Estates.

Hazir Zamin.

1. The Record-Keeper and his assistants.
2. The Guardians of Wards of Court.

3d. The Officers of the Stamp and Abkarree Departments, not being subject to the jurisdiction of this Board, have not been included in these instructions.

(Signed) G. Plowden,
Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 24th September, 1847.

১৭ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

রাজস্বের আমলারদের স্থানে যে জামিন লওয়া যাইবেক তাহার নিয়ম করণ এবং সাধ্যপর্য্যন্ত তাহার লাঘব করণের অভিপ্রায়ে সদর বোর্ডের সাহেবেরা নিশ্চয় করিয়াছেন যে কালেকটরীর যে আমলারদের জিম্মায় টাকা কিম্বা বহুমূল্য সম্পত্তি থাকে কেবল তাঁহারদের স্থানে মাল জামিন লওয়া যাইবেক এবং যাঁহারদের জিম্মায় রিকার্ড থাকে তাঁহারদের স্থানে হাজির জামিন লওয়া যাইবেক।

২। এই বিধিক্রমে কালেকটরীর কেবল নীচের লিখিত আমলারদের মাল জামিন ও হাজির জামিন দিতে হইবেক।

মালজামিন।

১। খাজাঞ্চী।
২। নাজির।
৩। তহসীলদার।
৪। জমীদারীর সরবরাহকার।

হাজির জামিন।

১। রিকার্ডরাখনিয়া ও তাঁহার অধীন কর্ম্মকারী।
২। কোর্ট ওয়ার্ডসের সংসারাধ্যক্ষ।

৩। ইষ্টাম্প এবং আবকারীর সিরিশতার আমলারা এই বোর্ডের অধীন না থাকাপ্রযুক্ত তাঁহারদের বিষয় এই বিধির মধ্যে কিছু লিখিত হয় নাই।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২৪ সেপ্টেম্বর।

John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL.

No. 733.

To the Collectors of the Districts of the Bengal Presidency with the exception of Calcutta, and 24-Pergunnahs.

With reference to the Circular Instructions of this Office No. 672, dated 23d December, 1843, I have the honor to inform you that the Accounts of the Military Treasure Chest at Sukkur have been transferred for adjustment to the Authorities at Bombay since 19th May, 1846, the date of withdrawal of the Bengal Troops from the Province of Scinde under the orders of the Right Hon'ble the Governor General of India, dated Simla, 19th May and 1st June, 1846, I accordingly request you will cause the Amount of all Bills drawn upon your Treasury by the Officer in charge of the Military Chest above alluded to, since 19th May, 1846, and which may hereafter be presented to you for payment, to be debited in your Treasury Accounts under the head "By Bombay Presidency," instead of under "By Bills Payable of the Military Department," as directed in the Circular referred to.

(Signed) W. Maples,
Offg. Extra Asst. Acctt. Govt. of Bengal.

Fort William, Accountt.'s Office,
Rev. Department, the 30th September, 1847.

আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৭৩৩ নম্বর।

কলিকাতা ও চব্বিশপরগনা ভিন্ন বাঙ্গলা রাজধানীর শ্রীযুত সকল কালেকটর সাহেব বরাবরেষু।

এই দফ্তরহইতে প্রেরিত ১৮৪৩ সালের ২৩ ডিসেম্বর তারিখের ৬৭২ নম্বরী সরক্যুলর অর্ডরের বিষয়ে তোমাকে জানাইতেছি যে সক্কর স্থানে সৈন্যসম্পর্কীয় যে খাজানাখানা স্থাপন হইয়াছিল তাহার হিসাব নিকাস করিবার ভার ১৮৪৬ সালের ১৯ মে তারিখঅবধি বোম্বাইয়ের কার্য্যকারকেরদের প্রতি অর্পিত হইয়াছে। ঐ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের শিমলাতে লিখিত ১৮৪৬ সালের ১৯ মে তারিখের ও ১ জুন তারিখের হুকুমক্রমে বাঙ্গলা দেশের সকল সৈন্য সিন্ধু দেশহইতে উঠিয়া গেল। অতএব আদেশ করিতেছি যে ঐ সৈন্যসম্পর্কীয় খাজানাখানার অধ্যক্ষ সাহেব ১৮৪৬ সালের ১৯ মে তারিখের পর তোমার খাজানাখানার উপর যে সকল বিল দিয়াছেন এবং উত্তর কালে যে সকল বিল দেন তাহার টাকা তোমার খাজানাখানার হিসাবে উক্ত সরক্যুলর অর্ডরের বিধিমতে "সৈন্যসম্পর্কীয় ডিপার্টমেন্টের দেয় বিল" এই শিরোভাগের নীচে না লিখিয়া "বোম্বাই রাজধানী" এই খাতায় লেখ।

ডবলিউ মেপল্‌স।

ফোর্ট উলিয়ম। বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের একটিং অতিরিক্ত আসিষ্টান্ট আকৌণ্টেণ্ট।

আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

রেবিনিউ ডিপার্টমেন্ট। ১৮৪৭। ৩০ সেপ্টেম্বর।

John C. Marshman, *Bengalee Translator.*

EDUCATION NOTICE.

The next Meeting of the Committee appointed for the Examination of Candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindoo College, on Saturday, the 20th of November, at 10 A. M.

Detailed particulars of the nature and extent of the Examination, the number of vacancies in the department, &c. &c., will be afforded by the Secretary to the Council of Education, to all Candidates on *personal* application.

By order,

FRED. J. MOUAT, M. D.,

Secy. Council of Education.

Fort William, October 28, 1847.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 29th October, 1847.

Mr. W. Wright, Moonsiff of Sundeep, Zillah Chittagong, for 10 days beyond the Dusserah Vacation.

The 5th November, 1847.

Baboo Kassisur Mitter, Moonsiff of Sooksagur, for 6 months from the 16th instant.

B. J. COLVIN, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১ নবেম্বর।

বর্ত্তমান কালে সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার সাহেবেরা যত নিয়মিত ছুটী পাইতে পারেন তাহার নীচের লিখিত কৈফিয়ৎ সর্ব্ব লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

নিয়মিত ছুটীর ৫১ সংখ্যা সম্পূর্ণ করণার্থ ১৮৪৬ সালের ১ নবেম্বর তারিখে যত ছুটী পাওয়া যাইতে পারিল। ৬

১৮৪৬ সালের ১ নবেম্বর তারিখে যে২ ছুটীর শেষ হয়।

১। নীচের লিখিত সাহেবেরদের প্রত্যাগমনের দ্বারা।

শ্রীযুত জি গফ সাহেব ও শ্রীযুত সি রেক্‌শ সাহেব ও শ্রীযুত সি গার্ষ্টিন সাহেব ও শ্রীযুত জি আর ক্লার্ক সাহেব ও শ্রীযুত জে ব্রুষ্টর সাহেব ও শ্রীযুত এস ফ্রেজর সাহেব ও শ্রীযুত জে এস ডুমর্গিউ সাহেব ও শ্রীযুত জে এ ক্রেগি সাহেব (Messrs. G. Gough, C. Raikes, C. Garstin. G. R. Clerk, J. Brewster, S. Fraser, J. S. Dumergue, J. A. Craigie,) ৮

২। নীচের লিখিত সাহেবেরদের ছুটীর সময় অতীত হইয়াছে। ... ...

শ্রীযুত জে আর কলবিন সাহেব ও শ্রীযুত সি ফ্রেজর সাহেব ও শ্রীযুত ই থর্নটন সাহেব ও শ্রীযুত জে সি ডিক সাহেব ও শ্রীযুত সি জে এচ গ্রেহাম সাহেব ও শ্রীযুত এম স্মিথ সাহেব ও শ্রীযুত ডবলিউ বানসিটার্ট সাহেব ও শ্রীযুত জি জি মাকিন্টশ সাহেব ও শ্রীযুত এচ সি হামিল্টন সাহেব ও শ্রীযুত এন এচ ই প্রৌএট সাহেব ও শ্রীযুত ই ই উডকক সাহেব ও শ্রীযুত সি জি মানসেল সাহেব ও

বিদ্যাধ্যাপনের ইশ্‌তিহার।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ২০ নবেম্বর তারিখ শনিবার বেলা দশ ঘন্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন জন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া জানিতে চাহেন তিনি তাঁহার স্থানে জানিতে পারিবেন।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭ সাল ২৮ অক্‌টোবর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৭ সাল ২৯ অক্‌টোবর।

জিলা চাটিগাঁর সন্দ্বীপের মুনসেফ শ্রীযুত ডবলিউ রাইট সাহেব দশহরার বন্দের অতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ৫ নবেম্বর।

সুখসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

শ্রীযুত পি জি ই টেলর সাহেব (Messrs. J. R. Colvin, C. Fraser, E. Thornton, J. C. Dick, C. J. H. Graham, M. Smith, W. Vansittart, G. G. Mackintosh, H. C. Hamilton, N. H. E. Prowett, E. E. Woodcock, C. G. Mansel, P. G. E. Taylor,) ... ১৩

৩। নীচের লিখিত সাহেব মরিয়াছেন। ... ...

জে এ ও ফার্কর্সন সাহেব (Mr. J. A. O. Farquharson, ... ১

২৮

বৎসরের মধ্যে নীচের লিখিত সাহেবেরা ছুটী লইয়াছেন।

শ্রীযুত জে এফ এম রীড সাহেব ও শ্রীযুত এ জে এম মিল্‌স সাহেব ও শ্রীযুত আর বি গারেট সাহেব ও শ্রীযুত আর গবিন্স সাহেব ও শ্রীযুত আর হামটন সাহেব ও শ্রীযুত সি এচ লশিংটন সাহেব ও শ্রীযুত জি এল মার্টিন সাহেব ও শ্রীযুত এফ বি গবিন্স সাহেব ও শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব ও শ্রীযুত এচ এম রীড সাহেব ও শ্রীযুত জে এ ও ফার্কর্সন সাহেব ও শ্রীযুত জে বি মিল সাহেব ও শ্রীযুত আর হৌষ্টন সাহেব (Messrs. J. F. M. Reid, A. J. M. Mills, R. B. Garrett, R. Gubbins, R. Hampton, C. H. Lushington, G. L. Martin, F. B. Gubbins, G. F. Cockburn, H. M. Reid, J. A. O. Farquharson, J. B. Mill, R. Houstoun,) ... ১৩

বাদ ১৫

অদ্যকার তারিখে অনুপস্থিত ৩৬

১৮৪৭ সালের ১ নবেম্বর তারিখে নিয়মিত ছুটী পাওয়া যায় ১৫

মোট ৫১

[*Government Gazette, 9th November*, 1847.]

অতএব অদ্যকার তারিখে ১৫ জন নিয়মিত ছুটী পাইতে পারেন তাহার মধ্যে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব ছুটীর আকাঙ্ক্ষি নীচের লিখিত আট জন সাহেবকে ছুটী দিয়াছেন।

শ্রীযুত জি এফ হার্বি সাহেব ও শ্রীযুত আর এন ফার্কর্সন সাহেব ও শ্রীযুত জে জি কাম্বেল সাহেব ও শ্রীযুত ই এ সামুএল্‌স সাহেব ও শ্রীযুত এচ এচ গ্রেটহেড সাহেব ও শ্রীযুত এ আর ইয়ং সাহেব ও শ্রীযুত আর বি থর্ণহিল সাহেব ও শ্রীযুত ছোট জি এডমনষ্টন সাহেব ([1]G. F. Harvey, [2]R. N. Farquharson, [3]J. G. Campbell, [4]E A. Samuells, [5]H. H. Greathed, [6]A. R. Young, [7]R. B. Thornhill, [8]G. Edmonstone, Jnr.) ... ...

অতএব আর সাত জন সাহেব নিয়মিত ছুটী পাইতে পারেন এবং অদ্যকার তারিখঅবধি আগামি মার্চ মাসের ৩১ তারিখপর্য্যন্ত যদি নীচের লিখিত সাহেবেরা ফিরিয়া না আইসেন তাহাও পাওয়া যাইতে পারিবেক।

শ্রীযুত আর এচ এস কাম্বেল সাহেব (R. H. S. Campbell,) ... ... ১৮৪৮। ৯ ফেব্রুআরি

শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (G. P. Leycester,) ঐ ৯ ঐ

শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব (Hon'ble E. Drummond,) ঐ ৯ ঐ

শ্রীযুত ই তামস সাহেব (E. Thomas,) ঐ ৯ ঐ

শ্রীযুত আর বি মর্গান সাহেব (R. B. Morgan,) ঐ ২৯ ঐ

শ্রীযুত জি এফ ফ্রাঙ্কো সাহেব (G. F. Franco,) ঐ ৯ মার্চ

শ্রীযুত জে জে ওবার্ড সাহেব (J. J. Ward,) ঐ ৯ ঐ

শ্রীযুত সি চেষ্টর সাহেব (C. Chester,) ১৮৪৮। ৯ মার্চ

শ্রীযুত বি গোল্‌ডিং সাহেব (B. Golding,) ঐ ৯ ঐ

শ্রীযুত এস বৌরিং সাহেব (S. Bowring,) ঐ ১৪ ঐ

এক্ষণে যে ছুটী প্রাপ্য হয় ও বর্ত্তমান কালে যাহা পাওয়া যাইতে পারে তাহা চিকিৎসকের সর্টিফিকটক্রমে দরখাস্তকারিরদিগকে প্রথমে দেওয়া যাইবেক পরে প্রাধান্যক্রমে আগামি মার্চ মাসের ৩১ তারিখের পূর্ব্বে দরখাস্তকারি সাহেবদিগকে দেওয়া যাইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩১২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৫ অক্‌টোবর।

শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেবের (Captain S. R. Tickell,) অনুপস্থানপর্য্যন্ত রামরিতে আরাকানের কমিসনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ হপকিন্সন সাহেব (Lieut. H. Hopkinson,) আকাবে প্রধান আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জি ফেতফুল সাহেব (Lieut. G. Faithful,) রামরিতে প্রধান আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সংবাদ দেওয়া যাইতেছে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার কালেক্টরীর সেওয়ায় তৌজীভুক্ত নীচের লিখিত মহালের লাং সন ১২৫৩ সালের বাকী শ্রীযুত সরকার বাহাদুরের পাওনা আদায় কারণ সন ১৮৪৭ সালের ২৯ নবেম্বর মোতাবক সন ১২৫৪ সালের ১৪ অগ্রহায়ণ সোমবার উক্ত জেলার কালেক্টরী কাছারীতে শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ও বিক্রয় হইবেক সন ১৮৪৭। ২ নবেম্বর।

নম্বর তরতিব	মহালের নাম	নম্বর রেজেষ্টরী	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকী লাং সন ১২৫৩ সাল
১	কাইমি সেওয়ায় তৌজী	১০	কালী রায়	মহারাজা শ্রীশচন্দ্র রায়	১,৫০০ ॥০	১,২৩৮ ॥৬
২	ঐ	৭	দুদশর	ঐ	৩,০৬৩/১	১,৩১০ ॥১ ॥

D. J. MONEY, *Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court the matters of the Petition of SHAIK KURREEMBUX, of Colootollah, in the Town of Calcutta, Persian Mohurrer, and late a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the Ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the Fourth day of December next.

The names of the Creditors of the said SHAIK KURREEMBUX appear in the Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

Calcutta, 4th November, 1847. R. GRAHAM, *Attorney for the Insolvent.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতা নগরের কলুটোলা নিবাসি পারসী মুহুররীর করীম বকশ সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি ডিসেম্বর মাসের ৪ তারিখ শনিবারে শুনা যাইবেক।

উক্ত সেখ করীম বকশের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্ত সহিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্‌তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা ১৮৪৭। ৪ নবেম্বর। আর গ্রেহাম। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৯ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্ম্মন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 16, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ১৬ নবেম্বর।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 6TH NOVEMBER, 1847.

The following Extract from the proceedings of the Honourable the President of the Council of India in Council, in the Legislative branch of the Home Department, under date the 6th November, 1847, is published for general information:

Read a second time the Draft of a proposed Act, dated the 31st October, 1846, and published in the *Bengalee Government Gazette* of the 29th December, 1846, to enable the Commissioners who may be appointed under Act —— to purchase real or personal property for the improvement of the Town of Calcutta.

Resolution.—The Honourable the President in Council resolves that the following amended Draft on the subject be published for general information:

ACT No. —— OF 1847.

To enable the Commissioners who may be appointed under Act XVI. of 1847, to purchase and hold real or personal property for the improvement of the Town of Calcutta.

Whereas by Act XVI. of 1847, entitled an Act for constituting Commissioners for the Improvement of the Town of Calcutta, partly by appointment of the Government and partly by election of the Rate-payers, provision was made for the appointment and election of such Commissioners, or in default of election, for the appointment of the whole of such Commissioners.

And whereas it is expedient, that provision should be made to enable such Commissioners to

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ৬ নবেম্বর।

দেশীয় ডিপার্টমেণ্টের ব্যবস্থাপক সিরিশ্তায় ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হুজুর কৌন্সেলের ১৮৪৭ সালের ৬ নবেম্বর তারিখের নীচের লিখিত চুম্বক সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

অমুক সালের অমুক আইনানুসারে যে কমিস্যনরেরা নিযুক্ত হন্ তাঁহারদিগকে কলিকাতা শহর উত্তম করণার্থ স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি ক্রয় করণের ক্ষমতা দেওনের নিমিত্তে ১৮৪৬ সালের ৩১ অক্টোবর তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৪৬ সালের ২৯ ডিসেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

হুজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব নির্দ্ধারণ করিয়াছেন যে সেই বিষয়ে নীচের লিখিত শুধরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্ট।

১৮৪৭ সালের ১৬ আইনানুসারে যে কমিস্যনরেরা নিযুক্ত হন্ তাঁহারদিগকে কলিকাতা শহর উত্তম করণার্থ স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি ক্রয় করিয়া ধার্য্য করণের ক্ষমতা দেওনের আইন।

যেহেতুক শহর কলিকাতা উত্তম করণার্থ গবর্ণমেণ্টের নিয়োগের দ্বারা কতক এবং টাক্সদেওনিয়ারদের মনোনীত করণের দ্বারা কতক কমিস্যনর সংস্থাপন করণের এই নামবিশিষ্ট ১৮৪৭ সালের ১৬ আইনের দ্বারা ঐ২ কমিস্যনর নিযুক্ত এবং মনোনীত করণের বিধান হইয়াছিল অথবা মনোনীত করণের ত্রুটি হইলে উক্ত সকল কমিস্যনরের নিযুক্ত করণের বিধান হইয়াছিল।

এবং যেহেতুক ঐ২ কমিস্যনরকে উক্ত অভিপ্রায়ের জন্যে স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি পশ্চাৎ লিখিত

purchase and hold real or personal property for the purposes aforesaid in manner hereinafter mentioned.

And whereas it is probable that benevolent and public-spirited individuals, with the view of contributing to the improvement and adornment of the said Town, may be desirous of settling real or personal property by Deed or Will upon such Commissioners :

I. It is therefore enacted, that the said Commissioners shall be Trustees for and on behalf of the Government of Fort William in Bengal, and of the inhabitants of Calcutta, and shall sue and be sued at Law and in Equity in Her Majesty's Supreme Court of Judicature at Fort William by the name of the Commissioners for the Improvement of the Town of Calcutta, and shall have a common seal, and shall have power to take, purchase and hold lands, tenements, hereditaments, goods, chattels and other property, as such Trustees for the purposes aforesaid.

II. And it is enacted, that whenever it shall appear to the said Commissioners, or a majority of them, that it is necessary they should purchase any houses, buildings or grounds for the purposes aforesaid, the said Commissioners shall represent the same to the Governor of Bengal, and if he shall consent thereto, but not otherwise, shall enter into treaties for the purchase of such houses, buildings or grounds with the owners thereof, and in case they shall not be able to come to agreement with such owners or the amount of compensation shall not be settled by arbitration as hereinafter provided, then the said Commissioners shall apply to the Sheriff of Calcutta to summon a Jury, and the said Sheriff shall forthwith summon a Jury in manner hereinafter mentioned, to assess the price which the said Commissioners shall pay to the said owner or owners for the purchase of such houses, buildings and grounds with all appurtenances as aforesaid.

III. And whereas it is expedient to make provision for those cases in which the said Commissioners may be able to purchase lands, buildings or tenements by agreement, it is enacted, that it shall and may be lawful for the said Commissioners to agree with the owners of any lands, buildings or tenements by this Act authorized to be taken, and which shall be required for the purposes of this Act, and with all parties having any estate or interest in such lands, buildings or tenements, or by this Act, or by any other authority or power enabled to sell and convey the same, for the absolute purchase of any such lands, buildings or tenements, or such parts thereof as they shall think proper, and of all estates and interests in such lands of what kind soever.

IV. And it is enacted, that it shall and may be lawful for all parties being seized, possessed of, or entitled to any such lands, buildings or tenements, or any estate or interest therein, to sell and convey or release the same to the said Commissioners, and to enter into all necessary agreements

প্রকারে খরীদ করিয়া ধার্য্য করিতে ক্ষমতা দেওনের নিয়ম করা উচিত বোধ হইয়াছে।

এবং যেহেতুক এমত সম্ভাবনা আছে যে পরোপকারী এবং উৎসাহান্বিত ব্যক্তিরা উক্ত শহরের উত্তমতা ও শোভা করণের সাহায্য করিবার অভিপ্রায়ে দানপত্র অথবা উইলের দ্বারা ঐ২ কমিস্যনরকে স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি অর্পণ করিতে ইচ্ছুক হইবেন।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরা বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর গবর্ণমেণ্টের এবং কলিকাতানিবাসিরদের নিমিত্তে ও তাঁহারদের পক্ষে ট্রষ্টি হইবেন এবং "শহর কলিকাতার উত্তমতা করণার্থ কমিসানর" এই নামে ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে আইন পক্ষে এবং একুটি পক্ষে নালিশ করিবেন এবং সেই নামে তাঁহারদের বিরুদ্ধে নালিশ হইবেক এবং তাঁহারদের এক সাধারণ মোহর হইবেক এবং উক্ত অভিপ্রায়ের নিমিত্তে ট্রষ্টিস্বরূপ তাঁহারা ভূমি ও বাটী ও অধিকৃত বিষয় ও জিনিস ও দ্রব্য ও অন্য সম্পত্তি লইতে ও খরীদ করিতে ও ধার্য্য করিতে ক্ষমতা পাইবেন ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন ঐ২ কমিস্যনরের অথবা তাঁহারদের অধিকাংশের বোধ হয় যে উক্ত অভিপ্রায়ের নিমিত্তে কোন বাটী অথবা এমারৎ কি ভূমি খরীদ করা আবশ্যক তখন ঐ২ কমিস্যনর সেই বিষয় বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর্ সাহেবের নিকটে জ্ঞাত করিবেন এবং যদি তিনি তাহাতে সম্মত হন্ তবে ঐ বাটী অথবা এমারৎ কি ভূমির মালিকের সঙ্গে তাহা খরীদের জন্যে কথোপকথন করিতে পারেন্ কিন্তু ঐ শ্রীযুত গবর্নর্ সাহেবের অনুমতি বিনা তাহা করিতে পারেন্ না এবং যদি ঐ মালিকের সঙ্গে তাঁহারা ঐক্য হইতে না পারেন্ অথবা পশ্চাৎ লিখিত বিধিমতে যদি ঐ মালিকের ক্ষতিপূরণের টাকার সংখ্যা সালিসের দ্বারা স্থির করা না যায় তবে ঐ২ কমিস্যনর জুরি আহ্বান করিতে কলিকাতার সরিফ সাহেবের নিকটে দরখাস্ত করিবেন এবং ঐ সরিফ সাহেব অগৌণে ঐ বাটী এবং এমারৎ ও ভূমি এবং তৎসম্পর্কীয় সকল বিষয় খরীদ করণার্থ তাহার মালিক বা মালিকদিগকে উক্ত কমিস্যনরেরদের যে মূল্য দিতে হইবেক তাহা নিরূপণ করণার্থ পশ্চাৎ লিখিত প্রকারে জুরী তলব করিবেন ইতি।

৩ ধারা। এবং যেহেতুক যেং গতিকে উক্ত কমিস্যনরেরা ভূমি কিম্বা বাটী বা এমারৎ বন্দোবস্তক্রমে খরীদ করিতে পারেন্ সেইং গতিকের বিষয়ে নিয়ম করা উচিত বোধ হইয়াছে অতএব ইহাতে হুকুম হইল যে যে ভূমি কিম্বা বাটী বা এমারৎ এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে আবশ্যক হইবেক এবং এই আইনের দ্বারা লইতে ক্ষমতা দেওয়া গেল সেই ভূমিপ্রভৃতির মালিকেরদের সঙ্গে এবং সেই ভূমি কিম্বা বাটী বা এমারতে যেং ব্যক্তির কোন স্বত্ব অথবা লাভ থাকে তাঁহারদের সঙ্গে অথবা যেং ব্যক্তি এই আইনের দ্বারা কি অন্য কোন ক্ষমতা বা শক্তির দ্বারা ঐ ভূমিপ্রভৃতি বিক্রয় এবং হস্তান্তর করিতে পারেন্ সেইং ব্যক্তির সঙ্গে ঐ ভূমি কিম্বা বাটী অথবা এমারৎ অথবা তাহার যে অংশ তাঁহারদের উচিত বোধ হয় তাহা এবং ঐ২ ভূমিতে সকল প্রকার স্বত্ব ও লাভ চূড়ান্তরূপে খরীদ করণার্থ বন্দোবস্ত করিতে ঐ২ কমিস্যনরকে ক্ষমতা দেওয়া গেল ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ বাটী কি এমারৎ অথবা ভূমি অথবা তাহার কোন স্বত্ব অথবা লাভ যে ব্যক্তিরদের থাকে অথবা যে ব্যক্তিরদের দখলে থাকে কি তাহাতে যেং ব্যক্তির অধিকার থাকে সেই ব্যক্তিরা ঐ২ কমিস্যনরকে তাহা বিক্রয় এবং হস্তান্তর করিতে এবং খালাস করিতে পারেন এবং তন্নিমিত্তে

for that purpose, and particularly it shall be lawful for all or any of the following parties so seized, possessed or entitled as aforesaid so to sell, convey or release (that is to say) all corporations, tenants in tail, or for life, married women, seized in their own right or entitled to dower, guardians, committees of lunatics and idiots, trustees or feofees in trust for charitable or other purposes, executors and administrators, and all parties for the time being entitled to the receipt of the rents and profits of any such lands in possession, or subject to any estate in dower, or to any lease for life or for lives, or for years, or any less interest, and the power so to sell and convey or release as aforesaid, may lawfully be exercised by all such parties not only on behalf of themselves and their respective Heirs, Executors, Administrators and Successors, but also for and on behalf of every person entitled in reversion, remainder or expectancy after them, or in defeasance of the estates of such parties, and as to such married women whether they be of full age or not as if they were sole and of full age, and as to such guardians on behalf of their wards, and as to such committee on behalf of the lunatics and idiots of whom they are the committees respectively, and that to the same extent as such wives, wards, lunatics and idiots respectively could have exercised the same power under the authority of this Act if they had respectively been under no disability, and as to such Trustees, Executors and Administrators on behalf of their cestui-que trusts whether infants, issue unborn, lunatics, fêmes covert or other persons, and that to the same extent as such cestui-que trusts respectively could have exercised the same powers under the authority of this Act, if they had respectively been under no disability.

V. And it is enacted, that the purchase money, consideration, or compensation to be paid or given for any lands, buildings or tenements to be purchased or taken from any party under any disability or incapacity, and not having any power to sell or convey such lands except under the provisions of this Act, and the compensation to be paid for any permanent damage or injury to any such lands, buildings or tenements, shall in all cases be determined by the verdict of a jury to be summoned as hereinafter provided.

VI. And it is enacted, that it shall be lawful for any person seized in fee or entitled absolutely for his own benefit to any lands, buildings or tenements authorized to be purchased for the purposes of this Act to sell and convey such lands, buildings or tenements, or any part thereof, unto the said Commissioners in consideration of an annual rent-charge payable by the said Commissioners, but except as aforesaid the consideration to be paid for the purchase of any such lands, buildings or tenements, or for any damage done thereto, shall be in a gross sum.

VII. And it is enacted, that the yearly rent

যে সকল বন্দোবস্তের আবশ্যক হয় তাহা করিতে পারেন্ এবং বিশেষতঃ পশ্চাৎ লিখিত যেং ব্যক্তি পূর্ব্বোক্তমতে সেই প্রকার ভূমিপ্রভৃতির স্বত্ব বা দখল কি অধিকার রাখেন তাঁহারদিগের তাহা বিক্রয় করিতে এবং অর্পণ করিতে কি খালাস করিতে ক্ষমতা থাকিবেক বিশেষতঃ চার্টরপ্রাপ্ত সকল সমাজ এবং মৌরুশী অথবা যাবজ্জীবন রাইয়ত অথবা যে বিবাহিতা স্ত্রী আপন হকে অথবা স্ত্রীধনের হকে কোন সম্পত্তির ধার্য্য করিতেছে তাহারা এবং সংসারাধ্যক্ষ এবং বাতুল ও উন্মাদের কমিটি এবং পরোপকারার্থ বা অন্য অভিপ্রায়ে যেং ট্রুষ্টি অথবা ফিরফি ট্রষ্টস্বরূপ কোন সম্পত্তি ধার্য্য করেন্ এবং অছি ও আডমিনিষ্ট্রেটর এবং এই প্রকার যে ভূমি দখলে থাকে অথবা স্ত্রীধনের স্বত্বের দায়ী কি এক আয়ুঃ অথবা অনেক আয়ুঃ এবং কতক বৎসরের নিমিত্তে বা তাহাহইতে কম সময়ের নিমিত্তে কোন পাট্টার দায়ী সেই প্রকার ভূমির খাজানা এবং প্রাপ্তি পাইবার যেং ব্যক্তির কোন মিয়াদী হক আছে সেইং ব্যক্তি এবং পূর্ব্বোক্তমতে বিক্রয় করণের এবং হস্তান্তর করণের অথবা খালাস করণের শক্তি এং ব্যক্তি কেবল আপনারদের নিমিত্তে এবং তাঁহারদের উত্তরাধিকারি ও অছি ও আডমিনিষ্ট্রেটর এবং তৎস্থলাভিষিক্তেরদের নিমিত্তে করিতে পারেন্ এমত নহে কিন্তু তাঁহারদের পর যে প্রত্যেক ব্যক্তির সেই ভূমিতে স্বত্ব হইবেক বা হইবার সম্ভাবনা আছে সেই ব্যক্তিরদের নিমিত্তে করিতে পারেন্ এবং বয়ঃপ্রাপ্তা বা অপ্রাপ্তবয়স্কা সেই বিবাহিতা স্ত্রী ও নাবালগ ও বাতুল ও উন্মাদ অক্ষম না হইলে এই আইনের ক্ষমতানুসারে যেরূপে ঐ ভূমিপ্রভৃতি বিক্রয় বা হস্তান্তর করিতে পারিতেন সেইরূপে বয়ঃপ্রাপ্তা বা অপ্রাপ্তবয়স্কা বিবাহিতা স্ত্রী অবিবাহিতা এবং বয়ঃপ্রাপ্তার ক্ষমতানুসারে এবং নাবালগেরদের পক্ষে তাঁহারদের সংসারাধ্যক্ষ এবং বাতুল ও উন্মাদেরদের পক্ষে সেইরূপ কমিটি ভূমি বিক্রয় ও হস্তান্তর করিতে পারেন্ এবং যাঁহারদের নিমিত্তে ট্রষ্ট হইতেছে তাঁহারা নাবালগ হইলে বা অজাতসন্তান হইলে বা বাতুল কি বিবাহিতা স্ত্রী বা অন্য ব্যক্তি হইলে এবং অপারক না হইলে এই আইনের ক্ষমতানুসারে যেং কর্ম্ম করিতে পারিতেন সেইং কর্ম্ম তাঁহারদের ট্রুষ্টি ও একসেকিটর এবং আডমিনিষ্ট্রেটর করিতে পারেন্ ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তির কোন প্রকার অক্ষমতা বা অপারকতা থাকে তাঁহার স্থানে অথবা যে ব্যক্তির কেবল এই আইনের বিধানানুসারে ঐ ভূমিপ্রভৃতি বিক্রয় অথবা হস্তান্তর করিবার শক্তি আছে সেই ব্যক্তির স্থানে খরীদ করা অথবা লওয়া কোন ভূমি কি বাটী বা এমারতের বাবতে খরীদের যে টাকা বা মূল্য কি ক্ষতিপূরণ দিতে হইবেক তাহা এবং ঐ প্রকার কোন ভূমির কি বাটীর বা এমারতের যে কোন চিরস্থায়ি ক্ষতি বা নোকসান হইয়াছে তাহা পূরণার্থ যে টাকা দিতে হইবেক তাহা পশ্চাৎ নির্দ্দিষ্টমতে তলবহওয়া জুরির ফয়সলার দ্বারা প্রত্যেক গতিকে ধার্য্য হইবেক ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে যে ভূমি বা বাটী কি এমারৎ খরীদ করিতে ক্ষমতা দেওয়া গেল সেই ভূমিপ্রভৃতিতে যে কোন ব্যক্তির রাইয়তী স্বত্ব বা মালিকী স্বত্ব থাকে সেই ব্যক্তি উক্ত কমিস্যনরের সঙ্গে সেই ভূমির বার্ষিক ভাড়ার বন্দোবস্ত করিয়া সেই ভূমি বা বাটী কি এমারৎ বা তাহার কোন অংশ উক্ত কমিস্যনরেরদের নিকটে বিক্রয় এবং হস্তান্তর করিতে পারেন্। কিন্তু এমত গতিকছাড়া ঐ প্রকার ভূমি বা বাটী কি এমারৎ খরীদের নিমিত্তে অথবা তাহাতে যে ক্ষতি হইয়াছে তন্নিমিত্তে যাহা দিতে হইবেক তাহা একেবারে মোট টাকায় ধার্য্য হইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আই-

reserved by any conveyance of lands, buildings or tenements purchased by the said Commissioners for the purposes of this Act shall be charged on the rates hereinafter authorized to be raised and levied, and shall be paid by the said Commissioners as such rents become payable, and if at any time any such rents be not paid within thirty days after they so become payable, and after demand thereof in writing, the person to whom any such rent shall be payable, may recover the same from the said Commissioners with costs of suit by action of debt in the said Supreme Court.

VIII. And it is enacted, that when the said Commissioners shall require to purchase or take any of the lands, buildings or tenements, which by this Act they are authorized to purchase or take, they shall give notice thereof to all the parties interested in such lands, or to the parties enabled by this Act to sell and convey or release the same or such of the said parties as shall after diligent inquiry be known to the said Commissioners, and by such notice shall demand from such parties the particulars of their estate and interest in such lands and of the claims made by them in respect thereof, and every such notice shall state the particulars of the lands so required, and that the said Commissioners are willing to treat for the purchase thereof, and as to the compensation to be made to all parties for the damage that may be sustained by them by reason of the execution of the works.

IX. And it is enacted, that all notices required to be served by the said Commissioners upon the parties interested in or entitled to sell any such lands, buildings or tenements shall either be served personally on such parties, or left at their last usual place of abode if any such can after diligent inquiry be found, and in case any such parties shall be absent from the said Town or cannot be found after diligent inquiry, such notices shall be left with the occupier of such lands, or if there be no such occupier shall be affixed upon some conspicuous part of such lands.

X. And it is enacted, that if the party claiming compensation desire to have the same settled by arbitration, and signify such desire by notice in writing to the said Commissioners before they have issued their warrant to the Sheriff to summon a jury in respect of such lands under the provisions hereinafter contained, stating in such notice the nature of the interest in respect of which such party claims compensation, and the amount of the compensation so claimed, the same shall be so settled by arbitration accordingly, but unless the party claiming compensation shall as aforesaid signify his desire to have the question of such compensasion settled by arbitration, or if when the matter shall have been referred to arbitration, the arbitrators or the umpire shall for three months have failed to make their or his award, or if no final award

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৪৭ । ১৬ নবেম্বর ।]

নের অভিপ্রায়ের নিমিত্তে উক্ত কমিস্যনরেরদের খরীদকরা ভূমি বা বাটী কি এমারৎ হস্তান্তর করণের সময়ে যে বার্ষিক ভাড়া ধার্য্য হয় তাহা যে টাক্স এই আইনের পশ্চাতে আদায় ও উসুল করিতে ক্ষমতা দেওয়া গেল সেই টাক্সের শিরে পড়িবেক এবং সেই ভাড়া দিবার সময় হইলে উক্ত কমিস্যনরেরা তাহা দিবেন এবং যদি কোন সময়ে ঐ ভাড়া দেয় হইলে এবং তাহার বিষয়ে লিখিত দাওয়া হইলে পর তাহা ত্রিশ দিবসের মধ্যে না দেওয়া যায় তবে ঐ ভাড়াপাওনিয়া ব্যক্তি সুপ্রিম কোর্টে উক্ত কমিস্যনরেরদের নামে ঐ পাওনা টাকার বাবতে নালিশ করিয়া তাহা খরচা সমেত আদায় করিতে পারিবেন ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের দ্বারা ঐ কমিস্যনরেরা যে ভূমি বা বাটী কি এমারৎ খরীদ করিতে বা লইতে ক্ষমতাপ্রাপ্ত হইলেন সেই ভূমিপ্রভৃতি খরীদ করিতে বা লইতে তাঁহারদের আবশ্যক হইলে তাঁহারা ঐ ভূমিতে যে সকল ব্যক্তির লাভ নোকসান আছে তাঁহারদিগকে অথবা যেং ব্যক্তি এই আইনের দ্বারা ঐ ভূমিপ্রভৃতি বিক্রয় এবং হস্তান্তর কি খালাস করিতে ক্ষমতাপ্রাপ্ত হইলেন তাঁহারদিগকে অথবা ঐ ব্যক্তিরদের মধ্যে যাঁহারা যথোচিত অনুসন্ধানের পর উক্ত কমিস্যনরেরদের জ্ঞাতসার হন তাঁহারদিগকে এক এত্তেলা দিবেন এবং ঐ এত্তেলার দ্বারা সেইং ব্যক্তির স্থানে আপনং সম্পত্তির বিবরণ এবং সেই ভূমিতে তাঁহারদের যে প্রকার লাভ থাকে তাহার এবং সেই ভূমির সম্পর্কে তাঁহারা যে দাওয়া রাখেন তাহার বিবরণ তলব করিবেন এবং যে ভূমির আবশ্যক থাকে তাহার সকল বেওরা সেই এত্তেলাতে থাকিবেক এবং তাহাতে এই লেখা থাকিবেক যে ঐ ভূমিপ্রভৃতি খরীদ করিবার নিমিত্তে এবং সরকারী এমারৎ স্থাপনে যে সকল ব্যক্তির কোন ক্ষতি হয় তাহা পূর্ণ করিয়া দেওনার্থ বন্দোবস্ত করিতে তাঁহারা ইচ্ছুক আছেন ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ প্রকার ভূমি বা বাটী কি এমারতে যে ব্যক্তির লাভ নোকসান থাকে অথবা যে ব্যক্তি তাহা বিক্রয় করিতে ক্ষমতা রাখেন সেই ব্যক্তিরদের উপর উক্ত কমিস্যনরেরদের যে সকল এত্তেলা জারী করিতে হয় তাহা হয় সেইং ব্যক্তির উপর জারী করিতে হইবেক নতুবা তাঁহারা শেষে যে স্থানে সামান্যতঃ বাস করিতেন তাহা যদি উত্তম অনুসন্ধানের পর জানা যাইতে পারে তবে সেই স্থানে এত্তেলা দেওয়া যাইবেক এবং যদি সেইপ্রকার কোন ব্যক্তি শহরের মধ্যে না থাকেন অথবা বিলক্ষণ অনুসন্ধানের পর তাঁহার খোজ না পাওয়া যায় তবে সেই এত্তেলা ঐ ভূমির দখীলকারের হাতে দেওয়া যাইবেক অথবা যদি সেই প্রকার কোন দখীলকার না থাকেন তবে সেই ভূমিতে দৃষ্টিগোচর কোন স্থানে লট্‌কাইতে হইবেক ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তি কোন ক্ষতিপূরণের বিষয়ে দাওয়া করেন্ সেই ব্যক্তি যদি তাহা সালিসের দ্বারা নিষ্পত্তি করিতে চাহেন এবং কমিস্যনরেরা পশ্চাৎ লিখিত বিধানানুসারে ঐ ভূমির বিষয়ে জুরি তলব করিতে সরিফ সাহেবকে আপনারদের পরওয়ানা দিবার পূর্ব্বে যদি লিখনের দ্বারা আপনার সেই ইচ্ছা ঐ কমিস্যনরদিগকে জ্ঞাত করান এবং যদি সেই এত্তেলার মধ্যে যে ভূমির বাবতে ঐ ব্যক্তি ক্ষতিপূরণের দাওয়া করেন্ সেই ভূমিতে তাঁহার যেং প্রকার লাভ থাকে তাহা এবং ক্ষতিপূরণের টাকার সংখ্যা লেখা থাকে তবে সেই বিষয় সালিসের দ্বারা নিষ্পত্তি হইবেক। কিন্তু ক্ষতি পূরণের দাওয়াকরণিয়া ব্যক্তি যদি পূর্ব্বোক্তমতে ঐ ক্ষতিপূরণের বিষয় সালিসের দ্বারা নিষ্পত্তি করিতে পূর্ব্বোক্তমতে আপনার ইচ্ছা না জানান অথবা সেই বিষয় সালিসীতে অর্পণ হইলে যদি সালিসেরা অথবা মধ্যস্থ ব্যক্তি তিন মাসের মধ্যে তাহারদের বা তাহার ফয়সলা দাখিল না করেন অথবা যদি কোন

shall be made, the question of such compensation shall be settled by the verdict of a jury as hereinafter provided.

XI. And it is enacted, that when any question of disputed compensation by this Act authorized or required to be settled by arbitration, shall have arisen, then unless both parties shall concur in the appointment of a single arbitrator, each party on the request of the other party shall nominate and appoint an arbitrator to which two arbitrators such dispute shall be referred, and every appointment of an arbitrator shall be made on the part of the said Commissioners under the hands of two of the said Commissioners, or of their Clerk duly authorized by such two Commissioners, and on the part of any other party under the hand of such party, or if such party be a corporation aggregate under the common seal of such corporation, and such appointment shall be delivered to the arbitrator or arbitrators, and shall be deemed a submission to arbitration on the part of the party by whom the same shall be made, and after any such appointment shall have been made neither party shall have power to revoke the same without the consent of the other, nor shall the death of either party operate as a revocation, and if, after any such dispute shall have arisen and, after a request in writing, in which shall be stated the matter so required to be referred to arbitration, shall have been served by the one party on the other party to appoint an arbitrator, such last mentioned party fail within fourteen days after such service to appoint such arbitrator, then upon such failure the party making the request, and having himself appointed an arbitrator, may appoint such arbitrator to act on behalf of both parties, and such arbitrator may proceed to hear and determine the matters which shall be in dispute, and in such case the award or determination of such single arbitrator shall be final.

XII. And it is enacted, that if before the matters so referred shall be determined, any arbitrator appointed by either party shall die or become incapable to act, the party by whom such arbitrator was appointed may nominate and appoint in writing some other person to act in his place, and if for the space of seven days after notice in writing from the other party for that purpose he shall fail to do so, the remaining or other arbitrator may proceed to hear and determine the matters which shall be in dispute, and every arbitrator who shall be so substituted as aforesaid shall have the same power and authorities as were vested in the former arbitrator at the time of such his death or disability aforesaid.

XIII. And it is enacted, that where more than one arbitrator shall have been appointed, such arbitrators shall, before they enter upon the matters referred to them, nominate and appoint by writing under their hands an umpire to decide on any such matters on which they shall differ? or which shall be referred to him under the provisions of this Act, and if such umpire shall die or become incapable to act, they shall forthwith after such death or in-

চূড়ান্ত ফয়সলা না হয় তবে ঐ ক্ষতি পূরণের বিষয় পশ্চাৎ নির্দ্দিষ্টমতে জুরির ফয়সলার দ্বারা নিষ্পত্তি হইবেক ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে বিরোধি ক্ষতি পূরণের বিষয় সালিসের দ্বারা নিষ্পত্তি করিতে এই আইনক্রমে ক্ষমতা ও হুকুম দেওয়া গেল এইমত কোন বিষয় উত্থিত হইলে যদি উভয় পক্ষ ব্যক্তি এক জন সালিসকে নিযুক্ত করণের বিষয়ে ঐক্য না হন্ তবে এক পক্ষ ব্যক্তি অপর পক্ষের প্রার্থনাক্রমে এক২ জন সালিস মনোনীত ও নিযুক্ত করিবেন এবং সেই বিরোধ ঐ দুই সালিসের প্রতি অর্পণ হইবেক এবং ঐ কমিস্যনরেরদের পক্ষে সালিস নিযুক্ত করিতে হইলে উক্ত কমিস্যনরের-দের দুই জনের অথবা উক্ত দুই কমিস্যনরের রীতিমত ক্ষমতাপ্রাপ্ত মুহুরীরের দস্তখৎক্রমে নিযুক্ত হইবেন। এবং অন্য ব্যক্তির দ্বারা সালিস নিযুক্ত হইলে সেই ব্যক্তির দস্তখৎক্রমে তিনি নিযুক্ত হইবেন অথবা যদি সেই ব্যক্তিরা চাটরপ্রাপ্ত সমাজ হন তবে ঐ সমাজের সাধারণ মোহরক্রমে সালিস নিযুক্ত হইবেন। এবং ঐ নিয়োগপত্র ঐ সালিস বা সালিসদিগকে দেওয়া যাইবেক এবং যে ব্যক্তি সেই নিয়োগপত্রে দস্তখৎ করেন্ তিনি ঐ সালিস মানন স্বীকার করিয়াছেন এমত জ্ঞান হইবেক। এবং এইরূপে নিযুক্ত হইলে কোন এক পক্ষ অপর পক্ষের সম্মতি বিনা ঐ সালিস অন্যথা করিতে পারিবেন না এবং উভয় পক্ষের কোন এক জন মরিলেও সালিস অন্যথা হইবেক না। এবং এমত বিরোধ উত্থিত হইলে পর এবং যে বিষয় সালিসীতে অর্পণ হওনের মানস আছে তাহার বেওরাযুক্ত এক লিপির দ্বারা এক পক্ষের ব্যক্তি অন্য পক্ষের উপর সালিস নিযুক্ত করণের দাওয়া জারী করিলে যদি শেষোক্ত ব্যক্তি দাওয়া জারী হইলে পর চৌদ্দ দিনের মধ্যে সালিস নিযুক্ত না করেন্ তবে সেই ত্রুটি হইলে পর যে ব্যক্তি সালিসের দরখাস্ত করিয়াছি-লেন এবং আপনার নিমিত্তে এক সালিস নিযুক্ত করিয়া-ছিলেন সেই ব্যক্তি সেই সালিসকে উভয় পক্ষের তরফে কার্য্য করিতে নিযুক্ত করিতে পারেন্ এবং সেই সালিস তৎপরে বিরোধি বিষয় শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন এবং এইরূপ হইলে ঐ এক জন সালিসের নিষ্পত্তি অথবা ফয়সলা চূড়ান্ত হইবেক ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ অর্পিত বিষয় নিষ্পত্তি হওনের পূর্ব্বে যদি উভয় পক্ষের এক জনের নিযুক্ত সালিস মরেন অথবা কার্য্যাক্ষম হন্ তবে যে ব্যক্তি ঐ সালিসকে নিযুক্ত করিয়াছিলেন সেই ব্যক্তি তাঁহার এওজে অন্য কোন ব্যক্তিকে লিখনের দ্বারা মনো-নীত ও নিযুক্ত করিতে পারেন। এবং অপর পক্ষ তন্নিমিত্তে লিখনের দ্বারা তাঁহাকে যে এত্তেলা দেন্ তা-হার পর যদি সাত দিনপর্য্যন্ত ঐ ব্যক্তি সালিস নিযুক্ত না করেন্ তবে ঐ অবশিষ্ট অর্থাৎ অপর পক্ষের সা-লিস বিরোধি বিষয় শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন এবং যে প্রত্যেক সালিস পূর্ব্বোক্তমতে অন্যের এওজে নিযুক্ত হন্ সাবেক সালিসের মরণ অথবা অক্ষম হওনের সময়ে তাঁহার যে শক্তি ও ক্ষমতা ছিল তিনি সেই শক্তি ও ক্ষমতাবিশিষ্ট হইবেন ইতি।

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে স্থলে একের অধিক সালিস নিযুক্ত হন্ সেই স্থলে ঐ সালিসেরা অর্পিত বিষয়ের বিচার আরম্ভ করণের পূর্ব্বে লিখ-নের দ্বারা আপনার দস্তখৎক্রমে এক জন মধ্যস্থ মনো-নীত ও নিযুক্ত করিবেন এবং যে২ বিষয়ে তাঁহারদের ঐক্য না হইতে পারে অথবা যে২ বিষয় এই আইনের বিধানানুসারে ঐ মধ্যস্থের প্রতি অর্পণ হয় সেই২ বিষয় তিনি নিষ্পত্তি করিবেন এবং যদি ঐ মধ্যস্থ মরেন অথবা কর্ম্মাক্ষম হন্ তবে তাঁহার সেই মরণ

capacity appoint another umpire in his place, and the decision of every such umpire on the matters so referred to him shall be final.

XIV. And it is enacted, that if in either of the cases aforesaid the said arbitrators shall refuse, or shall for seven days after request of either party to such arbitration, neglect to appoint an umpire, any two of the Magistrates of Calcutta shall on the application of either party to such arbitration appoint an umpire, and the decision of such umpire, on the matters on which the arbitrators shall differ or which shall be referred to him under this Act, shall be final.

	ঐ	৪৪	তালুক মাহাকামিন ... ... খোদ	... ...	।৶৫	।৶৫	ঐ
	ঐ	১৫১	তালুক হরিচরণ ... ... খোদ	... ...	/৪	/৪	ঐ
	ঐ	৫৫	তালুক মনু ওমাহা নাছির ও নান খাঁ ও আনিপ খাঁ ... খোদ	... ...	।১১	।১১	ঐ
	ঐ	৮২	তালুক ওফান আলী ... ... খোদ	... ...	৵৯	৵৯	ঐ

নম্বর রকম	মাহালের রকম	মাহালের নম্বর	মাহালের নাম	মালিকের নাম	সদর জমা	১৮৪৭ ইং ২৫ সেপ্টেম্বরের যে বাকী	কৈফিয়ৎ
	কাএমী	৯৫	তালুক হাচন আলী	খোদ	৲১০	৲১০	নিজ মাহালের বাকীর কারণ
	ঐ	৯৮	তালুক হাচন আলী	খোদ	।১১	।১১	ঐ
	ঐ	১১২	তালুক হাচন আলী খোশাল	খোদ	৵১	৵১	ঐ
	ঐ	১৪১	তালুক শ্রীমতী পূর্ণাবিবি	খোদ	৵৩	৵৩	ঐ
	ঐ	২৪১	তালুক দৈয়া বিবি	খোদ	৲৯	৲৯	ঐ
	ঐ	২৪৯	তালুক নুর আলী	খোদ	॥৶	।৵৬	ঐ
	ঐ	৪০	তালুক শ্রীমতী কদমী শ্রীমতী পূর্ণা	খোদ	৵১১	৵১১	ঐ
	ঐ	৭২	তালুক রামহরি নীলমণি	খোদ	১ ।০	১ ।০	ঐ
	ঐ	১৫৪	তালুক রামধন	খোদ	৲১০	৲১০	ঐ
	ঐ	২১	তালুক বনমালী	খোদ	।৶৬	॥২	ঐ
	ঐ	১১	তালুক শামীয়া	খোদ	॥৶৯	॥৶৯	ঐ
	ঐ	১৩	তালুক কান্তপ্রসাদ	খোদ	১॥৵১০	১॥৵১০	ঐ
	ঐ	১০	তালুক আলী মাহামুদ	খোদ	৲৭	৲৭	ঐ
	ঐ	৪	তালুক ফতে আলী	দাতারাম দাস	৶৩	৶৩	ঐ
	ঐ	১২	তালুক রামকান্ত ঠাং	মহেশচন্দ্র	।৶০	।৶০	ঐ
	বেকাএমী	৭	তালুক শফর আলী	বৃন্দাবন	৩৸৶৯	৩৸৶৯	ঐ
	ঐ	৮	তালুক মহো আলী	বৃন্দাবন	২॥৶৫	১৸০	ঐ
	ঐ	৯	তালুক শমশের আলী	বৃন্দাবন	৩৴৫	৩৴৫	ঐ
	ঐ	১১	তালুক রামচন্দ্র দেব	আবদুল আলী	১ ।০	১ ।০	ঐ
	ঐ	১৮	তালুক যশমন্ত বরুয়া	বৃন্দাবন	১৶৯	১৶৯	ঐ
	ঐ	২৮	তালুক মনোহর মুছদ্দি	ছত্রনারায়ণ	৩॥৵	২৲	ঐ
	ঐ	৩২	তালুক রমজান আলী	তারিণীচরণ	১॥০	১৲	ঐ
	কাএমী	২৯	তালুক আবুতানীপ	খোদ	।৵	।৵	ঐ

A. Sconce, *Collector.*

[*Government Gazette*, 16*th November*, 1847.]

EDUCATION NOTICE.

The next Meeting of the Committee appointed for the Examination of Candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindoo College, on Saturday, the 20th of November, at 10 A. M.

Detailed particulars of the nature and extent of the Examination, the number of vacancies in the department, &c. &c., will be afforded by the Secretary to the Council of Education, to all Candidates on *personal* application.

By order,
FRED. J. MOUAT, M. D.,
Secy. Council of Education.

Fort William, October 28, 1847.

বিদ্যাধ্যাপনের ইশ্‌তিহার।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেন্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ২০ নবেম্বর তারিখ শনিবার বেলা দশ ঘন্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেন্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন জন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া জানিতে চাহেন তিনি তাঁহার স্থানে জানিতে পারিবেন।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।
বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭ সাল ২৮ অক্টোবর।

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE.

That by an order made on the 2d day of November instant, by the Court for the Relief of Insolvent Debtors at Calcutta, the matters of the Petition and Schedule of FRANCIS SANDFORD OEHME, of Circular Road, in the Town of Calcutta, late an Assistant in the Office of the Indian Law Commissioners, are appointed to be heard on Saturday, the Eleventh day of December next.

The names of the creditors of the said FRANCIS SANDFORD OEHME appear in the Schedule filed by him in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 2d November, 1847. E. PANIOTY, *Insolvent's Attorney.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ২ তারিখে কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে হুকুম হইল যে পূর্ব্বে ইণ্ডিয়ান লা কমিসনর সাহেবের সিরিশ্‌তায় আসিষ্টান্ট কলিকাতা নগরের বাহির রাস্তা নিবাসি ফ্রান্সিস সাণ্ডফোর্ড ওমি সাহেবের দরখাস্ত ও তফসীলের মর্ম্ম আগামি ডিসেম্বর মাসের ১১ তারিখ শনিবারে শুনা যায়।

উক্ত ফ্রান্সিস সাণ্ডফোর্ড ওমি সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্‌তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা ১৮৪৭। ২ নবেম্বর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

That by an order made on the 2d day of November instant, by the Court for the Relief of Insolvent Debtors at Calcutta, the hearing of the matters of the Petition of FRANCIS CHARLES PALMER, late of Pikeparrah, in the 24-Pergunnahs, a Pensioner of Government on their Bengal Establishment, and now a Prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the IV. entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the 11th day of December next.

The names of the creditors of the said FRANCIS CHARLES PALMER appear in a Schedule filed with his said Petition, in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 2d November, 1847. E. PANIOTY, *Insolvent's Attorney.*

জিলা চব্বিশপরগনার পাইকপাড়া নিবাসি বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের বৃত্তিভোগি ফ্রান্সিস চার্লস পামর সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে বর্ত্তমান নবেম্বর মাসের ২ তারিখে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি ডিসেম্বর মাসের ১১ তারিখ শনিবারে শুনা যায়।

উক্ত ফ্রান্সিস চার্লস পামর সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্‌তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৭। ২ নবেম্বর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ১৬ নবেম্বর।]

In the matter of the petition of WILLIAM HOLLWAY and JUSTIN BOUDET, late of Government Place, in the town of Calcutta, Milliners, Traders and Shop-keepers, carrying on trade and business together in copartnership under the names, style and firms of Hollway and Co., and Boudet and Co., and now prisoners confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies.

By an order of the said Court, made in this matter on the ninth day of November instant, it was and is ordered that Robert O'Dowda, Esquire, be and he was and is thereby appointed Assignee of the Estate, Property and Effects of the said firms of Hollway and Company, and Boudet and Company. Dated this ninth day of November, one thousand eight hundred and forty-seven.

W. D. H. OEHME,
Solicitor for Robert O'Dowda, Esquire, Assignee of the Estate of the said firms.

হলওএ কোম্পানি ও বুডে কোম্পানির নামে কলিকাতা নগরের গবর্ণমেণ্ট প্লেসে মিলিনর ও সওদাগর ও দোকানদার যৌতায় কর্ম্মকারি উলিয়ম হলওএ সাহেব ও জষ্টিন বুডেট সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন।

তাঁহারদের দরখাস্তের বিষয়ে বর্ত্তমান নবেম্বর মাসের ৯ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত হলওএ কোম্পানির ও বুডেট কোম্পানির মাল ও সম্পত্তির আসৈনিপদে নিযুক্ত হন তদনুসারে নিযুক্ত হইলেন। ১৮৪৭ সাল ৯ নবেম্বর।

ডবলিউ ডি এচ ওমি।
উক্ত সাহেবেরদের মাল ও সম্পত্তির আসৈনি শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের উকীল।

In the matter of RAM RAM DOSS, late of Punchanuntollah, Harcottah Gully, in Calcutta, and lately carrying on trade and business as Cotton Thread Merchant and Bania, and now residing in the French Settlement of Chandernagore, in the Province of Bengal.

NOTICE, that by an order made on the Tenth Instant, upon the application of Roopchund Doss, a creditor, it was declared that the said RHAM RHAM DOSS has committed on act of Insolvency.

13th November, 1847. A. D. KEMP, *Attorney for Applicant.*

পূর্ব্বে কলিকাতা নগরের হাড়কাটা গলির পঞ্চাননতলা নিবাসি সূত্র বিক্রেতা ও বণিক কিন্তু সম্প্রতি বাঙ্গলা দেশের ফ্রান্সীয়েরদের অধীন চন্দন নগর নিবাসি রামরাম দাসের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মাসের ১০ তারিখে তাঁহার মহাজন রূপচাঁদ দাসের দরখাস্তমতে নির্দ্ধারণ হইল যে উক্ত রামরাম দাস যোত্রহীন বটেন।

১৮৪৭। ১৩ নবেম্বর। এ ডি কেম্প। দরখাস্তকারির উকীল।

[*Government Gazette, 16th November*, 1847.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 23, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ২৩ নবেম্বর।

ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 6TH NOVEMBER, 1847.

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council on the 6th November, 1847, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

ACT No. XVII. OF 1847.

An Act for remedying a defect in the Law regarding undiscovered defaults in the prosecution of Suits.

Whereas inconvenience has resulted from the rule that the discovery of defaults in the prosecution of suits and appeals brought in any Court of the East India Company, within the Territories subject to the Presidencies of Bengal and Madras, invalidates all proceedings in such suits and appeals, which may have been had since the occurrence of such default.

It is hereby enacted, that in the said Courts every default of a plaintiff or appellant, in all suits or appeals now pending or hereafter to be brought, and in all suits which have been decided but are still open to appeal, shall be held to be cured whenever the opposite party, passing over the default, shall have taken any step in the suit or appeal, and whenever the Court shall have passed judgment in the suit or appeal, whether such opposite party shall or shall not have taken any such step.

G. A. BUSHBY;
Secy. to the Govt. of India.

আইন।

কোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ৬ নবেম্বর।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে পশ্চাৎ লিখিত আইন ১৮৪৭ সালের ৬ নবেম্বর তারিখে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুতঅনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে জারী করিলেন। শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৭ আইন।

মোকদ্দমা নির্ব্বাহকরণের সময়ে প্রকাশ না হওয়া ক্রটির বিষয়ে আইনে যে দোষ আছে তাহা শুধরাইবার আইন।

যেহেতুক এমত বিধান আছে যে বাঙ্গলা ও মান্দ্রাজ রাজধানীর অধীন দেশস্থ কোম্পানি বাহাদুরের কোন আদালতে উপস্থিতহওয়া কোন মোকদ্দমার কিম্বা আপীলের বিষয়ে যদি এমত দৃষ্ট হয় যে তাহা নির্ব্বাহ করণেতে ক্রটি হইয়াছিল তবে ঐ ক্রটি হওনের পরে ঐ মোকদ্দমার কিম্বা আপীলের যে সকল কার্য্য হয় তাহা অসিদ্ধ এবং যেহেতুক এই বিধানেতে অনেক ক্লেশ হইয়াছে।

অতএব ইহাতে হুকুম হইল যে উক্ত আদালতে যে সকল মোকদ্দমা কিম্বা আপীল এক্ষণে উপস্থিত আছে কিম্বা উত্তর কালে উপস্থিত করা যায় এবং যে সকল মোকদ্দমা নিষ্পত্তি হইয়াছে কিন্তু তাহার উপর আপীল হইতে পারে সেই সকল মোকদ্দমার ফরিয়াদী কিম্বা আপেলাণ্ট কোন ক্রটি করিলে যদি অন্য পক্ষ সেই ক্রটি না ধরিয়া মোকদ্দমার কিম্বা আপীলের কোন কার্য্য করে অথবা সেই অন্য পক্ষ সেইমত কোন কার্য্য করিলে বা না করিলে যদি সেই মোকদ্দমায় কিম্বা আপীলে আদালত ডিক্রী করিয়াছেন তবে ঐ ক্রটি খণ্ডন হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক ইতি।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN; *Bengalee Translator.*

DRAFT OF ACT.

ACT No. —— OF 1847.

To enable the Commissioners who may be appointed under Act XVI. of 1847, to purchase and hold real or personal property for the improvement of the Town of Calcutta.

(*Continued from Page* 592.)

XXVIII. And it is enacted, that in every such inquiry as aforesaid the said Sheriff shall preside, and the party or parties claiming compensation from the said Commissioners shall be deemed the plaintiff or plaintiffs as the case may be, and shall have all such rights and privileges as the plaintiff is entitled to in the trial of actions at law in the Court of Queen's Bench at Westminster, and if the said Commissioners or any person interested in the said lands, buildings or tenements so request in writing, the said Sheriff shall summon before him, any person who shall by the said Commissioners, or any person interested as aforesaid be considered necessary to be examined as a witness touching the matters in question, and on the like request the said Sheriff shall order the said jury to view the place or matter in controversy in like manner as views may be had in the trial of actions at law in the Court of Queen's Bench at Westminster.

XXIX. And it is enacted, that if the said Sheriff make default in any matter hereinbefore required to be done by him in relation to any such trial or inquiry as aforesaid, he shall forfeit and pay the sum of Five Hundred Rupees for every such offence, and such penalty shall be recoverable by the said Commissioners by an action of debt or on the case in the said Supreme Court, and if any person summoned and returned upon any jury under this Act, whether common or special, do not appear, or if appearing do refuse to make such lawful oath or affirmation as the said Sheriff may require, or in any other manner wilfully neglect his duty, he shall unless he shew reasonable excuse for the said default or neglect to the satisfaction of the said Sheriff, forfeit a sum not exceeding One Hundred Rupees, and every such penalty as aforesaid payable by a Sheriff or juryman as aforesaid shall be applied in satisfaction of the costs of the said inquiry so far as the same will extend, and in addition to the penalty hereby imposed as aforesaid every such juryman shall in all respects be subject to the same regulations, pains and penalties as if such jury were returned for a trial in the said Supreme Court.

XXX. And it is enacted, that if any person who shall have been duly summoned to give evidence upon any such inquiry, and to whom a tender of his reasonable expenses shall have been made, fail to appear at the time and place specified in the summons without sufficient cause, or if any person whether summoned or not who shall appear as a witness on any such inquiry refuse to be ex-

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্‌ট।

১৮৪৭ সালের ১৬ আইনঅনুসারে যে কমিস্যনরেরা নিযুক্ত হন্ তাঁহারদিগকে কলিকাতা শহর উত্তম করণার্থ স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি ক্রয় করণের ক্ষমতা দেওনের আইন।

(৫৯২ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

২৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এইমত প্রত্যেক সুরতহালে উক্ত সরিফ সাহেব সভাপতি হইবেন এবং যে ব্যক্তি বা ব্যক্তিরা উক্ত কমিস্যনরেরদের স্থানে ক্ষতিপূরণের দাওয়া করেন তাঁহারা ফরিয়াদী বা ফরিয়াদীসকলের ন্যায় জ্ঞান হইবেন এবং শ্রীশ্রীমতী মহারাণীর ওএষ্টমিনষ্টর শহরের আদালতে আইনসম্পর্কীয় নালিশের বিচারে ফরিয়াদীর যে সকল হক ও ক্ষমতা আছে এই সুরতহালে ফরিয়াদীর সেই সকল হক ও ক্ষমতা থাকিবেক এবং যদি ঐ কমিস্যনরেরা অথবা ঐ ভূমি বা বাটী কি এমারতের লাভনোকসানযুক্ত কোন ব্যক্তি লিখনের দ্বারা ঐ সরিফ সাহেবের নিকটে প্রার্থনা করেন তবে বিরোধি বিষয়ে যে কোন ব্যক্তির সাক্ষিস্বরূপ জোবানবন্দী লইতে ঐ কমিস্যনরেরা অথবা পূর্ব্বোক্ত প্রকারে ঐ ক্ষতিবৃদ্ধিযুক্ত কোন ব্যক্তি উচিত বোধ করেন তাঁহাকে সরিফ সাহেব তলব করিবেন এবং সেইরূপ প্রার্থনাক্রমে যেরূপ শ্রীশ্রীমতী মহারাণীর ওএষ্টমিনষ্টর শহরের আদালতে আইনের পক্ষে নালিশের বিচারের সময়ে সরেজমীনে দর্শন হইতে পারে সেইরূপে ঐ সরিফ সাহেব ঐ জুরিরদিগকে বিরোধি স্থান অথবা বিষয়ের সরেজমীনে দর্শন করিতে হুকুম দিতে পারেন ইতি।

২৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত কোন মোকদ্দমার অথবা তদারকের সম্পর্কে পূর্ব্বলিখিত কোন বিষয়ে সরিফ সাহেবের যাহা কর্ত্তব্য সেই বিষয়ে যদি উক্ত সরিফ সাহেব ক্রটি করেন তবে প্রত্যেক অপরাধের নিমিত্তে তিনি ৫০০৲ টাকা জরীমানা দিবেন এবং ঐ জরীমানার টাকা উক্ত কমিস্যনরেরা উক্ত সুপ্রিম কোর্টে কর্জের নালিশ অথবা সেই বিশেষবিষয়ে নালিশক্রমে আদায় করিবেন। এবং এই আইনক্রমে সাধারণ অথবা বিশেষ জুরিতে যে কোন ব্যক্তির তলব হয় এবং যে কোন ব্যক্তি নিযুক্ত হন্ সেই ব্যক্তি যদি উপস্থিত না হন অথবা উপস্থিত হইলে যদি সরিফ সাহেব আইনক্রমে যে শপথ কি সুকৃতি করাইতে পারেন তাহা করিতে অস্বীকৃত হন অথবা অন্য প্রকারে জানিয়া শুনিয়া আপনার কর্ত্তব্য কর্ম্মের ক্রটি করেন তবে সেই কসুর অথবা ক্রটির বিষয়ে উক্ত সরিফ সাহেবের হৃদ্বোধজনক যুক্তিসিদ্ধ কারণ না দর্শাইলে সেই ব্যক্তির ১০০৲ টাকার অনধিক জরীমানা হইবেক এবং সরিফ সাহেব অথবা জুরির অন্তঃপাতি ব্যক্তি পূর্ব্বোক্তমতে যে জরীমানা দেন্ তাহা সেই টাকার সংখ্যাপর্য্যন্ত ঐ তদারকের খরচাতে অর্পণ হইবেক এবং ইহার দ্বারা পূর্ব্বোক্তমতে যে জরীমানার হুকুম হইয়াছে তাহার অতিরিক্ত এইরূপ প্রত্যেক জুরি ব্যক্তির উক্ত সুপ্রিম কোর্টে মোকদ্দমার বিচার করণার্থ তলব হইলে যে নিয়মের অধীন ও যে দণ্ড ও গুনাহগারীর যোগ্য হইতেন সর্ব্বতোভাবে সেই নিয়মের অধীন হইবেন ও সেই দণ্ড এবং গুনাহগারীর যোগ্য হইবেন ইতি।

৩০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এইরূপ কোন তদারকে সাক্ষ্য দেওনার্থ কোন ব্যক্তির রীতিমতে তলব হইলে এবং তাহাকে তাহার ওয়াজিবী খরচ দেওয়ার প্রস্তাব হইলে সেই সাক্ষী যদি উপযুক্ত কারণ বিনা সমনে নির্দ্দিষ্ট সময় ও স্থানে হাজির হইতে ক্রটি করে অথবা যদি কোন ব্যক্তি সমন হইলে কি না হইলে এইমত কোন তদারকে সাক্ষিস্বরূপ উপস্থিত হয় এবং বিরোধি বিষয়ে শপথ অথবা সুকৃতিপূর্ব্বক জোবানবন্দী

amined on oath or affirmation touching the subject matter in dispute, every person so offending shall forfeit and pay to the party aggrieved thereby, a sum not exceeding one hundred rupees, and that any person examined on oath or affirmation touching the subject matter in dispute who shall wilfully and falsely state any matter which if wilfully and falsely stated by such person in any Court of Justice in which such subject matter might be in dispute, would amount to wilful and corrupt perjury, shall be guilty of wilful and corrupt perjury.

XXXI. And it is enacted, that the said Commissioners shall give to all parties interested in any lands, buildings, or tenements concerning or relating to which an inquiry hath been appointed to be held by the said Sheriff, notice of the time and place of such inquiry, not less than ten days before the same is to be held, and the said notice shall be in writing, and shall be served on each of the said parties personally or left at his last known place of abode in the said Town, or if he have no such place of abode then the said notice of every such person shall be twice publicly advertised in one or more of the Newspapers published within the said Town.

XXXII. And it is enacted, that if at any such inquiry any party claiming compensation shall fail to appear in person or by his Counsel or Agent, such inquiry shall not be proceeded with so far as concerns the compensation claimed by such absent party, but the compensation to be paid by the said Commissioners to such absent party shall be settled and determined by a Surveyor to be named and appointed by any two of the Magistrates of Calcutta without prejudice to such inquiry then and there proceeding before such Sheriff, so far as concerns any compensation claimed by any other party or parties interested in such compensation in respect of the same premises who shall so appear.

XXXIII. And it is enacted, that before any jury shall proceed on any such inquiry as aforesaid to inquire of and assess compensation or damages in respect of which their verdict is to be given, they shall make oath, or if they object to make oath they shall make a solemn affirmation that they will truly and faithfully inquire of and assess such compensation or damages, and the said Sheriff shall administer such oaths and affirmations as well as the oaths and affirmations of all persons called upon to give evidence.

XXXIV. And it is enacted, that where such inquiry aforesaid shall relate to the value of any lands, buildings, or tenements to be purchased, and also to compensation claimed for injury done or to be done to any other lands, buildings, or tenements held therewith, the jury shall deliver their verdict separately for the sum of money to be paid for the purchase of the lands, buildings, or tenements required by the said Commissioners, or of any interest therein belonging to the party or parties with whom the question of disputed compensation shall have arisen, or which under the provisions herein contained he is enabled to sell or convey, and for

দিতে স্বীকার না করে তবে সেই অস্বীকারের দ্বারা যে ব্যক্তির ক্ষতি হয় তাঁহাকে ঐ অপরাধি ব্যক্তি ১০০৲ টাকার অনধিক জরীমানা দিবেক এবং বিরোধি বিষয়ে যে কোন ব্যক্তি শপথ কিম্বা সুকৃতিপূর্ব্বক জোবানবন্দী দেয় সেই ব্যক্তি যদি জানিয়া শুনিয়া এমত কিছু মিথ্যা কহে যে কোন আদালতে উপস্থিত থাকা সেইপ্রকার বিরোধি বিষয়ে সেইরূপ মিথ্যা এজহার দিলে তাহা স্বেচ্ছাপূর্ব্বক মিথ্যা শপথের অপরাধ হইত তবে সেই ব্যক্তি মিথ্যা শপথের অপরাধী হইবেক ইতি।

৩১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ভূমি ও বাটী এবং এমারতের বিষয়ে উক্ত সরিফ সাহেব তদারকের নিরূপণ করিয়াছেন সেই ভূমিপ্রভৃতিতে যে সকল ব্যক্তির ক্ষতিবৃদ্ধি আছে তাঁহারদিগকে ঐ কমিস্যনরেরা ঐ তদারকের সময় ও স্থানের এত্তেলা তাহার অন্যূন দশ দিবস থাকিতে দিবেন এবং উক্ত এত্তেলা লিখনের দ্বারা দেওয়া যাইবেক এবং তাহা প্রত্যেক ব্যক্তির নিজের উপর জারী হইবেক অথবা উক্ত শহরে তাহার যে শেষ বাসস্থান জ্ঞাত হওয়া যায় সেই স্থানে ঐ এত্তেলা দেওয়া যাইবেক অথবা যদি তাহার এইরূপ কোন বাসস্থান না থাকে তবে এমত প্রত্যেক ব্যক্তির বিষয়ে ঐ শহরের মধ্যে প্রকাশিত এক বা ততোধিক সম্বাদপত্রে দুইবার ঐ এত্তেলা প্রকাশ হইবেক ইতি।

৩২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তি ক্ষতিপূরণের দাওয়া করেন সেই ব্যক্তি যদি স্বয়ং সেই তদারকেতে উপস্থিত না হন অথবা কোন উকীল কি মোখ্তার নিযুক্ত না করেন্ তবে ঐ অবর্ত্তমান ব্যক্তির ক্ষতিপূরণের দাওয়ার সম্পর্কে ঐ তদারক নির্ব্বাহ হইবেক না। কিন্তু ঐ অবর্ত্তমান ব্যক্তিকে যে ক্ষতিপূরণের টাকা কমিস্যনরদিগের দিতে হয় তাহা শহর কলিকাতার কোন দুই জন মাজিষ্ট্রেট সাহেবের মনোনীত ও নিযুক্ত সরবেয়রের দ্বারা ধার্য্য ও নিরূপণ হইবেক। এবং সেই ভূমিপ্রভৃতির বাবতে ঐ ক্ষতিপূরণের বিষয়ে অন্য যে ব্যক্তি বা ব্যক্তিরা লিপ্ত থাকেন এবং উপস্থিত হন তাঁহারদের ক্ষতিপূরণের দাওয়ার সম্পর্কে সরিফ সাহেবের সম্মুখে যে তদারক হইতেছে সেই তদারকের বিঘ্ন তৎপ্রযুক্ত হইবেক না ইতি।

৩৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ক্ষতিপূরণ অথবা নোকসানের বিষয়ে ঐ জুরিরদের ফয়সলা কিম্বা নিষ্পত্তি করিতে হয় সেই ক্ষতিপূরণ কি নোকসানের বাবতে তাঁহারদের তদারক করণের পূর্ব্বে তাঁহারা সেই ক্ষতিপূরণ বা নোকসানের বিষয়ে যথার্থমতে এবং বিশ্বস্তরূপে তদারক ও ধার্য্য করিতে শপথ করিবেন অথবা শপথকরণের বিষয়ে তাঁহারদের কোন আপত্তি থাকিলে তাঁহারা প্রতিজ্ঞা করিবেন এবং সেই শপথ ও সুকৃতি সরিফ সাহেব করাইবেন এবং যে সকল ব্যক্তির সাক্ষ্য দেওনার্থ তলব হয় তাহারদিগকেও ঐ শপথ ও সুকৃতি করাইবেন ইতি।

৩৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে খরীদ করিবার যোগ্য কোন ভূমি কি বাটী অথবা এমারতের মুল্যের বিষয়ে এবং তাহার নিকটস্থ কোন ভূমি কি বাটী অথবা এমারতে যে অপচয় হইয়াছে কিম্বা হইবার সম্ভাবনা আছে তাহার দাওয়া হওয়া ক্ষতিপূরণের বিষয়ে যদি ঐ তদারক হয় তবে যে ব্যক্তি ক্ষতিপূরণের বিষয়ে বিরোধ উপস্থিত করিয়াছিলেন অথবা যে ব্যক্তি এই আইনের বিধিক্রমে সেই ভূমি বিক্রয় ও হস্তান্তর করিতে পারেন সেই ব্যক্তির যে ভূমি বা বাটী কি এমারৎ উক্ত কমিস্যনরেরদের আবশ্যক হয় তাহার খরীদের বা তাহার কোন লাভের খরীদের যে টাকা দিতে হইবেক তাহার বিষয়ে জুরিরা এক স্বতন্ত্র ফয়সলা করিবেন এবং ঐ ব্যক্তির বা ব্যক্তিরদের অন্য ভূমি বা বাটী কি এমারৎ-

the sum of money to be paid by way of compensation for the damage if any sustained or to be sustained by the said party or parties by reason of the severing of the lands, buildings, or tenements, taken from the other lands, buildings, or tenements of the said party or parties, or otherwise injuriously affecting such last mentioned lands, buildings, or tenements by the exercise of the powers conferred by this Act.

XXXV. And it is enacted, that the Sheriff before whom such inquiry as aforesaid shall be held shall give judgment for the purchase money or compensation assessed by such jury as aforesaid, and the verdict and judgment shall thereupon be signed by such Sheriff, and being so signed shall be delivered to and kept by the Keeper of the Records in the said Supreme Court among the Records of the said Supreme Court, and such verdicts and judgments shall be deemed Records, and the same or true copies or exemplifications thereof shall be good evidence in all Courts and elsewhere, and all persons may inspect the said verdicts and judgments, and may have copies or exemplifications thereof, or extracts therefrom, on paying for each inspection of any such verdict and judgment the sum of Eight Annas, and for every one hundred words copied or extracted therefrom Four Annas, which copies, exemplifications or extracts the said Keeper of the Records is hereby required to make out and sign and certify the same to be true.

XXXVI. And it is enacted, that on every such inquiry before a jury as aforesaid where the verdict of the jury shall be given for a greater sum than the sum previously offered by the said Commissioners, all the costs of such inquiry shall be borne by the said Commissioners, but if the verdict of the jury shall be for the same or less sum than the sum previously offered by the said Commissioners one-half of the costs of summoning, impanelling and returning the jury and of taking the inquiry and recording the verdict and judgment thereon shall be defrayed by the parties claiming the said compensation or purchase money, and the other half by the said Commissioners, and each party shall bear his own costs other than as aforesaid incident to such inquiry.

XXXVII. And it is enacted, that the costs of any such inquiry as aforesaid shall, in case of differences arising regarding the same, be settled by the Taxing Officer of the said Supreme Court on the application of either party, and such costs shall include all reasonable costs, charges and expenses incurred in summoning, returning and impanelling the jury, taking the inquiry, the attendance of witnesses, the employment of Counsel and Attornies, the recording the verdict and judgment thereon and otherwise incident to such inquiry.

XXXVIII. And it is enacted, that if any such costs shall be payable by the said Commissioners, and if within seven days after demand duly made at the Office of the Clerk of the said

হইতে ঐ বাটী বা জুমি কি এমারৎ স্বতন্ত্র করণপ্রযুক্ত ঐ ব্যক্তির বা ব্যক্তিরদের যে কোন ক্ষতি হয় বা হইবার সম্ভাবনা আছে কিম্বা এই আইনের দত্ত ক্ষমতানুসারে করা কোন কার্য্যপ্রযুক্ত তাঁহারদের বাটী বা জুমি কি এমারতের যে কোন ক্ষতি হয় তাহা পূরণকরণার্থ যে টাকা দেয় তাহারও এক স্বতন্ত্র ফয়সলা জুরিরা করিবেন ইতি।

৩৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে সরিফ সাহেবের সম্মুখে পূর্ব্বোক্তমতে ঐ তদারক হয় তিনি পূর্ব্বোক্তমতে জুরির দ্বারা ধার্য্যহওয়া খরীদ বা ক্ষতিপূরণের টাকার বিষয় নিষ্পত্তি করিবেন এবং ঐ ফয়সলা ও নিষ্পত্তিপত্রে সরিফ সাহেব দস্তখৎ করিবেন এবং সেইরূপে দস্তখৎ হইলে উক্ত সুপ্রিম কোর্টের রিকার্ডরাখণিয়া সাহেবের নিকটে তাহা দাখিল হইবেক এবং ঐ সাহেব তাহা উক্ত সুপ্রিম কোর্টের রিকার্ডের মধ্যে রাখিবেন এবং ঐ ফয়সলা ও নিষ্পত্তি রিকার্ডের ন্যায় জ্ঞান হইবেক এবং ঐ রিকার্ড অথবা তাহার যথার্থ নকল কিম্বা নিদর্শন সকল আদালতে এবং সর্ব্বত্র উত্তম প্রমাণের ন্যায় জ্ঞান হইবেক এবং সকল ব্যক্তি ঐ ফয়সলা এবং নিষ্পত্তি পত্র দেখিতে পারিবেন এবং তাহার নকল অথবা নিদর্শন কি চুম্বক পাইতে পারিবেন কিন্তু ঐরূপ ফয়সলা ও নিষ্পত্তি নিদর্শনের নিমিত্তে তাঁহারা ॥০ আনা করিয়া দিবেন এবং তাহাহইতে নকল করা অথবা চুম্বক লওয়া এক২ শত কথার নিমিত্তে ।০ আনা করিয়া দিবেন এবং ঐ নকল অথবা নিদর্শন কি চুম্বক প্রস্তুত করিতে ও তাহাতে সহী করিতে ও তাহা যথার্থ ইহা জ্ঞাপন করিতে ঐ রিকার্ডরাখণিয়া সাহেবের প্রতি হুকুম দেওয়া গেল ইতি।

৩৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে জুরির এইরূপ প্রত্যেক তদারক হইলে যে টাকা উক্ত কমিস্যনরেরা তাহার পূর্ব্বে দিতে স্বীকার করিয়াছিলেন তাহাহইতে অধিক টাকা যদি জুরিরা ধার্য্য করেন্ তবে ঐ তদারকের সকল খরচা ঐ কমিস্যনরেরা দিবেন কিন্তু ঐ কমিস্যনরেরা যে টাকা পূর্ব্বে দিতে স্বীকার করিয়াছিলেন যদি তত্তুল্য অথবা তদপেক্ষা অল্প টাকা ধার্য্য হয় তবে জুরি তলব করণ এবং ধার্য্য করণ ও নিরূপণ করণের এবং তদারক করণের এবং ফয়সলা ও নিষ্পত্তি রিকার্ড করণের যে খরচা লাগে তাহার অর্দ্ধেক ক্ষতিপূরণ অথবা খরীদের টাকার দাওয়াকরণিয়া ব্যক্তিরা দিবেন এবং অপর অর্দ্ধেক উক্ত কমিস্যনরেরা দিবেন। এবং ঐ তদারকের পূর্ব্বোক্ত খরচাব্যতিরেকে যদি অন্য খরচা লাগে তবে উভয় পক্ষ সেইরূপ আপন২ খরচা দিবেন ইতি।

৩৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত তদারকের খরচার বিষয়ে যদি কিছু বিবাদ হয় তবে উভয় পক্ষের কোন এক ব্যক্তির দরখাস্তক্রমে উক্ত সুপ্রিম কোর্টের “ টাক্সিং আফিসর ” নামক কর্ম্মকারক তাহা নিষ্পত্তি করিবেন এবং তদারককারি জুরির তলব ও নিরূপণ ও নিযুক্ত করণের এবং সাক্ষিরদিগকে হাজির করণের ও কৌন্সেলী ও উকীল রাখণের এবং ফয়সলা ও নিষ্পত্তি রিকার্ড করণের এবং প্রকারান্তরে ঐ তদারকসম্পর্কীয় যে সকল ওয়াজিবী খরচ ও টাকা লাগে তাহা ঐ খরচার মধ্যে ধরা যাইবেক ইতি।

৩৮ ধারা। এবং ইতেহা হুকুম হইল যে যদি সেই প্রকার কোন খরচা উক্ত কমিস্যনরেরদের দ্বারা দেয় হয় এবং উক্ত কমিস্যনরেরদের মুহুরীর দপ্তরে তাহার রীতিমত দাওয়া হইলে পর যদি সাত দিবসের মধ্যে তাহা

Commissioners such costs be not paid to the party entitled to receive the same, they may and shall be recoverable by distress, and on application to any Magistrate of Calcutta he shall issue his warrant accordingly, and if any such costs shall be payable by the owner of any lands, buildings or tenements, or of any interest therein the same may be deducted and retained by the said Commissioners out of any money awarded by the jury to such owner, or determined by the valuation of a Surveyor under the provision hereinafter contained, and the payment or deposit of the remainder, if any, of such money shall be deemed payment and satisfaction of the whole thereof, or if such costs shall exceed the amount of the money so awarded or determined the excess may and shall be recoverable by distress, and on application to any Magistrate of Calcutta he shall issue his warrant accordingly.

XXXIX. And it is enacted, that if either party in such case of disputed compensation as aforesaid desires such question to be tried before a special jury, such question shall be so tried, provided that notice of such desire if given by the other party be given to the said Commissioners before they have issued their warrant as aforesaid to the Sheriff, and for that purpose the said Commissioners shall by their warrant to the Sheriff require him to nominate a special jury of five jurors for such trial, and thereupon the Sheriff shall as soon as conveniently may be after the receipt by him of such warrant summon the said Commissioners, and the said other party to appear before him by themselves or their Attornies at some convenient time and place to be appointed by him for the purpose of nominating a special jury (not being less than five nor more than eight days from the service of such summons,) and at the time and place so appointed the said Sheriff shall proceed to nominate and strike a special jury in the manner in which such juries shall be required by the Rules and Orders of the said Supreme Court for trials in the said Court, except as far as such Rules may be inconsistent with the number of which the juries under this Act are to consist, and the said Sheriff shall appoint a day not later than the eighth day after the striking of such jury for the parties or their Agents to appear before him to reduce the number of such jury, and thereof shall give four days' notice to the said Commissioners, and the said other party, and on the day so appointed the Sheriff shall proceed to reduce the said special jury to the number of eight in the manner used and accustomed in the said Supreme Court.

XL. And it is enacted, that the special jury on such inquiry as last aforesaid shall consist of five of the said eight who shall first appear on the names being called over, the said Commissioners and the said other party having respectively their lawful challenges against any of the said jurymen, and if a full jury of five do not appear and if after such challenges a full jury of five do not remain,

ঐ খরচাপাওনিয়া ব্যক্তিকে না দেওয়া যায় তবে তাহা ক্রোকের দ্বারা আদায় হইতে পারে ও হইবেক এবং কলিকাতার কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত হইলে তিনি তদনুসারে ওয়ারন্ট বাহির করিবেন। এবং যদি সেই খরচা কোন ভূমি বা বাটী কি এমারতের মালিকের অথবা সেই ভূমিপ্রভৃতির লভ্যের মালিকের দেয় হয় তবে ঐ মালিককে যে টাকা দিতে জুরিরা স্থির করিয়াছিলেন অথবা পশ্চাৎ লিখিত বিধির অনুসারে সরবেয়র যে মূল্য ধার্য্য করিয়াছিলেন তাহাহইতে উক্ত কমিস্যনরেরা সেই খরচা বাদ দিতে পারেন ও আপন হাতে রাখিতে পারেন। তৎপরে যদি কোন টাকা দেয় থাকে তবে সেই টাকা দেওয়া গেলে অথবা আমানৎ হইলে তাহা সম্পূর্ণ টাকা পরিশোধের ন্যায় জ্ঞান হইবেক। কিন্তু যে টাকা জুরি অথবা সরবেয়র ধার্য্য করিয়াছিলেন যদি খরচা তদপেক্ষা অধিক হয় তবে সেই অধিক টাকা ক্রোকের দ্বারা আদায় হইতে পারে ও হইবেক এবং কলিকাতার কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তাহার দরখাস্ত হইলে তিনি সেই বিষয়ে আপনার ওয়ারন্ট দিবেন ইতি।

৩৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সেইরূপ ক্ষতিপূরণের বিষয়ে যদি কোন বিরোধ হয় এবং যদি উভয় পক্ষের কোন এক পক্ষ বিশেষ জুরির দ্বারা তাহার নিষ্পত্তি হইবার ইচ্ছা করেন তবে সেই বিষয় ঐ প্রকার জুরির দ্বারা বিচার হইবেক কিন্তু যদি অন্য পক্ষ ব্যক্তির সেইরূপ ইচ্ছা থাকে তবে ঐ কমিস্যনরেরদের পূর্ব্বোক্তমতে আপনারদের ওয়ারন্ট সরিফ সাহেবের নিকটে পাঠাওনের পূর্ব্বে তদ্বিষয়ের এত্তেলা ঐ কমিস্যনরদিগকে দিতে হইবেক। এবং উক্ত কমিস্যনরেরা তন্নিমিত্তে ঐ বিচার করণার্থ পাঁচ জন জুরির বিশেষ জুরি নিযুক্ত করিতে সরিফ সাহেবের নিকটে আপনারদের ওয়ারন্ট দিবেন এবং ঐ ওয়ারন্ট পাইবার পর যথাসাধ্য শীঘ্র সরিফ সাহেব বিশেষ জুরি নিযুক্ত করণের নিমিত্তে যে উপযুক্ত সময় ও স্থান নিরূপণ করেন সেই সময় ও স্থানে ঐ কমিস্যনরেরদিগকে এবং ঐ অন্য পক্ষকে স্বয়ং উপস্থিত হইতে অথবা উকীল কি মোক্তার নিযুক্ত করিতে সমন করিবেন কিন্তু ঐ সময় সমন জারী করণের পর পাঁচ দিনের কম এবং আট দিনের অধিক হইবেক না। সুপ্রিম কোর্টের মোকদ্দমার বিচারের নিমিত্তে ঐ কোর্টের নিয়মের যে অংশ এই আইনানুসারে নিযুক্ত জুরির সংখ্যা বিষয়ে না মিলে সেই অংশছাড়া ঐ কোর্টের নিয়ম ও বিধানক্রমে যেরূপে জুরি নিযুক্ত করিবার হুকুম আছে সেইরূপে এবং ঐ নিরূপিত সময় ও স্থানে সরিফ সাহেব এক বিশেষ জুরি নিযুক্ত করিবেন এবং উক্ত সরিফ সাহেব ঐ জুরি নিযুক্ত করণের পর আট দিনের অধিক না হয় এইমত কোন দিবস ঐ জুরির সংখ্যা ন্যূন করণার্থ ঐ ব্যক্তিরদিগকে অথবা তাঁহারদের মোক্তারদিগকে হাজির হইতে হুকুম দিবেন এবং তাহার বিষয়ে ঐ কমিস্যনরদিগকে এবং ঐ অন্য ব্যক্তিরদিগকে চারি দিবস থাকিতে সম্বাদ দিবেন এবং ঐ নিরূপিত দিবসে সরিফ সাহেব ঐ সুপ্রিম কোর্টের ব্যবহারানুসারে ঐ বিশেষ জুরির সংখ্যা ন্যূন করিয়া আট জন জুরি নিরূপণ করিবেন ইতি।

৪০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত তলবহওয়া আট জন জুরির নাম ডাক হইলে যে পাঁচ জন প্রথম উপস্থিত হন তাঁহারা তদারক করণার্থ বিশেষ জুরিস্বরূপ নিযুক্ত হইবেন এবং ঐ কমিস্যনরেরা এবং ঐ অন্য ব্যক্তিরা ঐ জুরিরদের কোন জনের বিষয়ে আইনমতে আপত্তি করিতে পারেন এবং যদ্যপি জুরির সম্পূর্ণ পাঁচ ব্যক্তি উপস্থিত না হন অথবা ঐরূপ আপত্তির পর যদি জুরির সম্পূর্ণ পাঁচ ব্যক্তি

[*Government Gazette*, 23d *November*, 1847.]

then upon the application of the said Commissioners or of the said other party, the Sheriff shall add to the list of such jury the names of any other disinterested persons qualified to act as special or common jurymen in the said Supreme Court, who shall not have been previously struck off the aforesaid list, and who may be then in attendance before the said Sheriff, or can speedily be procured so as to complete such special jury, the said Commissioners and the said other party having respectively their lawful challenges against such persons, and the Sheriff shall proceed to the trial and adjudication of the matters in question by such jury, and such trial shall be attended in all respects with the like incidents and consequences, and the like penalties shall be applicable as hereinbefore provided in the case of a trial by a common jury.

না থাকেন তবে ঐ কমিস্যনরেরদের বা ঐ অন্য ব্যক্তিরদের দরখাস্তক্রমে ঐ বিশেষ জুরির সংখ্যা পূর্ণ করণার্থ অন্য যে অপক্ষপাতি ব্যক্তি উক্ত সুপ্রিম কোর্টে বিশেষ অথবা সাধারণ জুরির কর্ম্ম করণের যোগ্য এবং পূর্ব্বোক্ত তালিকার মধ্যে নামাঙ্কিত ছিলেন না কিন্তু সেই সময়ে উক্ত সরিফ সাহেবের নিকটে থাকেন অথবা শীঘ্র আনীত হইতে পারেন এইমত ব্যক্তি লইয়া ঐ বিশেষ জুরির সংখ্যা সরিফ সাহেব পূর্ণ করিবেন। এবং ঐ কমিস্যনরেরা এবং ঐ অন্য ব্যক্তিরা শেষোক্ত জুরি ব্যক্তিরদের বিষয়েও আইনমতে আপত্তি করিতে পারেন এবং সরিফ সাহেব ঐ জুরির দ্বারা উপস্থিত বিষয়ের বিচার ও নিষ্পত্তি করিবেন এবং সাধারণ জুরির দ্বারা মোকদ্দমার বিচার হইলে যেরূপ ইহার পূর্ব্বে নির্দ্দিষ্ট আছে সেইরূপে সর্ব্বতোভাবে এই বিশেষ জুরির দ্বারা বিচার হওয়া মোকদ্দমার কার্য্য ও ফল হইবেক এবং তাহাতে তত্তুল্য গুনাহগারী হইবেক ইতি।

XLI. And it is enacted, that any other inquiry than that for the trial of which such special jury may have been struck and reduced as aforesaid, may be tried by such jury provided the said Commissioners and all the other parties interested therein respectively shall give their consent to such trial.

৪১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে মোকদ্দমার নিমিত্তে ঐ বিশেষ জুরি পূর্ব্বোক্তমতে মনোনীত ও নিযুক্ত হন তাহাছাড়া অন্য কোন তদারকের আবশ্যক হইলে যদি ঐ কমিস্যনরেরা এবং ঐ অন্য যত ব্যক্তির তাহাতে লাভনোকসান থাকে তাঁহারা তাহাতে সম্মত হন তবে সেই তদারক ঐ বিশেষ জুরির দ্বারাও হইবেক ইতি।

XLII. And it is enacted, that where the purchase money or compensation to be paid by the said Commissioners for any lands, buildings or tenements to be purchased or used by the said Commissioners shall be payable to any person who by reason of absence from the Presidency of Bengal is prevented from treating, or who cannot after diligent inquiry be found, or who shall not appear at the time appointed for the inquiry before the jury as hereinafter provided after due notice thereof given to him, such purchase money or such compensation to be paid for any permanent injury to such lands, buildings or tenements shall be such as shall be determined by the valuation of such able practical Surveyor as two of the Magistrates of Calcutta aforesaid shall nominate for that purpose as hereinafter provided.

৪২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরদের খরীদ করা বা ব্যবহার করা কোন ভূমি বা বাটী অথবা এমারতের নিমিত্তে যে খরীদের অথবা ক্ষতিপূরণের টাকা দিতে হয় যে ব্যক্তি কলিকাতা রাজধানীতে না থাকাপ্রযুক্ত তদ্বিষয়ে কথোপকথন করিতে অক্ষম অথবা যে ব্যক্তিকে যথোচিত অনুসন্ধানের পর না পাওয়া যায় কি উপযুক্ত এত্তেলা পাইলে পর তদারকের নিমিত্তে নির্দ্দিষ্ট সময়ে পশ্চাৎ লিখিতমতে ধার্য্য হওয়া জুরির সম্মুখে উপস্থিত না হন এইমত ব্যক্তিকে যদি সেই টাকা দেয় হয় তবে ঐ খরীদের যে টাকা অথবা ঐ ভূমি বা বাটী কি এমারতের কোন চিরস্থায়ি ক্ষতিপূরণের যে টাকা দিতে হইবেক তাহা পূর্ব্বোক্ত কলিকাতার দুই জন মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা মনোনীত করা দক্ষ ও কর্ম্মনিপুণ সরবেয়র ধার্য্য করিবেন ইতি।

XLIII. And it is enacted, that upon application of the said Commissioners to two of the Magistrates of Calcutta aforesaid, and upon such proof as shall be satisfactory to them that any such party is by reason of absence prevented from treating, or cannot after diligent inquiry be found, or that such party failed to appear on such inquiry before a jury as aforesaid after due notice given to him for that purpose, such Magistrates shall by writing under their hands nominate an able practical Surveyor, approved by the said Commissioners, to determine the amount of such purchase money or compensation as aforesaid, and such Surveyor shall determine the same accordingly, and shall annex to his valuation a declaration in writing signed by him of the correctness thereof.

৪৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরা কলিকাতার পূর্ব্বোক্ত দুই জন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিলে যদি ঐ মাজিষ্ট্রেট সাহেবেরদের এইমত হৃদ্বোধজনক প্রমাণ হয় যে ঐ ব্যক্তি অবর্ত্তমান থাকাপ্রযুক্ত তাঁহার সঙ্গে কথোপকথন হইতে পারে না অথবা উপযুক্ত অনুসন্ধানের পর পাওয়া না যায় অথবা তাঁহাকে তন্নিমিত্তে উপযুক্ত এত্তেলা দিলে পর সেই ব্যক্তি পূর্ব্বোক্ত জুরির সম্মুখে উপযুক্ত সময়ে হাজির হইলেন না তবে ঐ মাজিষ্ট্রেট সাহেবেরা স্বহস্তে লিখনের দ্বারা পূর্ব্বোক্ত খরীদ বা ক্ষতিপূরণের টাকার সংখ্যা নির্ণয় করণার্থ উক্ত কমিস্যনরেরদের মঞ্জুরহওয়া এক দক্ষ ও কর্ম্মনিপুণ সরবেয়র মনোনীত করিবেন এবং ঐ সরবেয়র ঐ মুল্য নিরূপণ করিবেন এবং ঐ মুল্য নিরূপণের কৈফিয়তের শেষে লিখিবেন যে তাহা যথার্থ হইয়াছে এবং তাহাতে দস্তখৎ করিবেন ইতি।

XLIV. And it is enacted, that before any such Surveyor shall enter upon the duty of making such valuation as aforesaid he shall in the presence of such Magistrates, or one of them, make and sub-

৪৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত সরবেয়র ঐরূপ মুল্য নিরূপণের কার্য্য আরম্ভের পূর্ব্বে ঐ দুই জন মাজিষ্ট্রেট অথবা তাঁহারদের এক জন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উক্ত মাজিষ্ট্রেট সাহেবেরদের নিয়োগ-

scribe the declaration following at the foot of such nomination by the said Magistrates as aforesaid, that is to say—

I, A. B., do solemnly and sincerely declare, that I will faithfully, impartially and honestly, according to the best of my skill and ability execute the duty of making the valuation hereby referred to me.

A. B.

Made and subscribed
in the presence of

C. D.

And if any such Surveyor shall corruptly make such declaration, or having made such declaration, shall wilfully act contrary thereto, he shall be deemed guilty of a misdemeanour.

XLV. And it is enacted, that the said nomination and declaration shall be annexed to the valuation to be made by such Surveyor and shall be preserved together therewith by the Clerk to the said Commissioners, and he shall at all reasonable times produce at his office the said valuation and other documents on demand to the owner of lands, buildings or tenements comprised in such valuation and to all other parties interested therein.

XLVI. And it is enacted, that in estimating the purchase money or compensation to be paid by the said Commissioners in any of the cases aforesaid regard shall be had by the Magistrates, Arbitrators or Surveyors, as the case may be, not only to the value of the lands, buildings or tenements to be purchased by the said Commissioners, but also to the damage if any to be sustained by the owners of the lands, buildings or tenements by reason of the severing of the said lands, buildings or tenements taken from other lands, buildings or tenements of such owner, or otherwise injuriously affecting such other lands, buildings or tenements by the exercise of the powers of this Act.

XLVII. And it is enacted, that where the compensation payable in respect of any lands, buildings or premises, or any interest therein, shall have been ascertained by the valuation of a Surveyor and deposited as hereafter provided by reason that the owner of or party entitled to convey such lands, buildings and tenements, or such interest therein as aforesaid, could not be found or was absent, and such owner or party shall be dissatisfied with such valuation, it shall be lawful for him before he shall have applied as hereinafter provided for payment or investment of the monies so deposited under the provisions herein contained, by notice in writing to the said Commissioners to require the question of such compensation to be submitted to arbitration, and thereupon the same shall be so submitted accordingly, in the same manner as in other cases of disputed compensation hereinbefore authorized or required to be submitted to arbitration.

XLVIII. And it is enacted, that the ques-

[*Government Gazette*, 23*d November*, 1847.]

পত্রের নিম্ন ভাগে পশ্চাৎ লিখিত প্রতিজ্ঞা করিবেন ও তাহাতে দস্তখৎ করিবেন ইতি।

আমি অমুক ধর্ম্মতঃ ও সরলতাপূর্ব্বক প্রতিজ্ঞা করিতেছি যে মূল্য নিরূপণের যে কার্য্য আমার প্রতি অর্পণ হইয়াছে তাহা আমি বিশ্বস্ত ও অপক্ষপাত এবং যথার্থরূপে বুদ্ধি সাধ্যপর্য্যন্ত নির্ব্বাহ করিব।

শ্রী অমুক।

শ্রী অমুকের সম্মুখে।
দস্তখৎ করা গেল।

এবং যদি কোন সরবেয়র রেশ্বৎ লইয়া সেইরূপ কোন প্রতিজ্ঞা করেন অথবা সেইরূপ প্রতিজ্ঞা করণের পর জানিয়া শুনিয়া তাহার বিরুদ্ধ কোন কার্য্য করেন তবে সেই ব্যক্তি অপরাধ করিয়াছেন এই মত জ্ঞান হইবেক।

৪৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ নিয়োগপত্র এবং ঐ প্রতিজ্ঞা ঐ সরবেয়রের করা মূল্য নিরূপণের কৈফিয়তের শেষে দেওয়া যাইবেক এবং ঐ কমিস্যনরেরদের মুহুরীর তাহা তাহার সঙ্গে রাখিবেন এবং ঐরূপ মূল্য নিরূপণ করা ভূমি কি বাটী অথবা এমারতের মালিক অথবা তাহাতে অন্য যে সকল ব্যক্তির ক্ষতিবৃদ্ধি থাকে তাঁহারা দাওয়া করিলে ঐ মুহুরীর সকল উপযুক্ত সময়ে ঐ মূল্য নিরূপণের কৈফিয়ৎ এবং অন্যান্য দলীলদস্তাবেজ তাঁহারদিগকে দেখাইবেন ইতি।

৪৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত কোন গতিকে ঐ কমিস্যনরেরদের খরীদ অথবা ক্ষতি পূরণের যে টাকা দিতে হয় তাহা নিরূপণ করণের সময়ে মাজিস্ত্রেট সাহেব অথবা সালিস কি সরবেয়র বিষয়বিশেষে ঐ কমিস্যনরেরা যে ভূমি কি বাটী বা এমারৎ খরীদ করিতে উদ্যত কেবল তাহার মূল্যের বিষয় বিবেচনা করিবেন এমত নহে কিন্তু যদি ঐ ভূমি কি বাটী বা এমারতের মালিকের অন্য বাটী বা ভূমি কি এমারৎহইতে পৃথক্করণের দ্বারা সেই বাটী বা ভূমি কি এমারতের কোন ক্ষতি হয় অথবা এই আইনের ক্ষমতানুসারে কার্য্য করণের দ্বারা সেই অন্য ভূমি বা বাটী কি এমারতের অন্য প্রকার অপচয় হয় তবে তাহাও বিবেচনা করিবেন ইতি।

৪৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সেই বাটী বা ভূমি কি এমারৎ কিম্বা পূর্ব্বোক্তমতে তাহাতে কোন লাভ হস্তান্তর করিতে যে মালিক অথবা অন্য ব্যক্তির অধিকার আছে সেই ব্যক্তির অনুসন্ধান না পাওয়া অথবা সেই ব্যক্তি বর্ত্তমান না হওয়াপ্রযুক্ত সেই ভূমি বা বাটী কি এমারৎ বা তাহার মধ্যে কোন লাভের নিমিত্তে দেয় ক্ষতিপূরণের টাকা পূর্ব্বোক্তমতে সরবেয়রের দ্বারা নিরূপণ হইলে এবং পূর্ব্বোক্তমতে আমানৎ হইলে যদি সেই মালিক বা অন্য ব্যক্তি তাহাতে সম্মত না হন তবে সেই ব্যক্তি পশ্চাৎ লিখিত বিধানক্রমে আমানৎ হওয়া টাকা পাওনের বিষয়ে অথবা অর্পণের বিষয়ে পশ্চাৎ লিখিতমতে দরখাস্তকরণের পূর্ব্বে উক্ত কমিস্যনরদিগকে এমত লিখিত এত্তেলা দিতে পারেন যে ঐ ক্ষতিপূরণের টাকার বিষয় সালিসীতে অর্পণ হয় এবং তাহা হইলে বিরোধি অন্যান্য ক্ষতিপূরণের টাকার বিষয়ে যেরূপে ইহার পূর্ব্ব লিখিতমতে সালিসীতে অর্পণ করণের ক্ষমতা ও হুকুম দেওয়া গিয়াছে সেইরূপে তাহা সালিসীতে অর্পণ হইবেক ইতি।

৪৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে শেষোক্ত

tion to be submitted to the arbitrators in the case last aforesaid shall be whether the said sum so deposited as aforesaid by the said Commissioners was a sufficient sum, or whether any and what further sum ought to be paid or deposited by them.

XLIX. And it is enacted, that if the arbitrators shall award a further sum to be paid or deposited by the said Commissioners they shall pay or deposit, as the case may require, such further sum within fourteen days after the making of such award, or in default thereof the same may be recovered with costs by action or suit in the said Supreme Court.

L. And it is enacted, that if the arbitrators shall determine that the sum so paid or deposited was sufficient, the costs of and incident to such arbitration to be determined by the arbitrators shall be in the discretion of the arbitrators, but if the arbitrators shall determine that a further sum ought to be paid or deposited by the said Commissioners all the costs of and incident to the arbitration shall be borne by the said Commissioners.

LI. And it is enacted, that if any party shall be entitled to any compensation in respect of any lands, buildings or tenements, or of any interest therein which shall have been taken for or injuriously affected by the execution of the works of the said Commissioners, and for which the said Commissioners shall not have made satisfaction under the provisions of this Act, such party may have the same settled either by arbitration or by the verdict of a jury as he shall think fit; and if the said party desire to have the same settled by arbitration it shall be lawful for him to give notice in writing to the said Commissioners of such his desire, stating in such notice the nature of the interest in such lands, buildings or tenements in respect of which he claims compensation, and the amount of the compensation so claimed therein, and unless the said Commissioners be willing to pay the amount of the compensation so claimed, and shall enter into a written agreement for that purpose within twenty-one days after the receipt of any such notice from any party so entitled, the same shall be settled by arbitration in the manner herein provided, or if the party so entitled as aforesaid desire to have such question of compensation settled by jury, it shall be lawful for him to give notice in writing of such his desire to the said Commissioners, stating such particulars as aforesaid, and unless the said Commissioners be willing to pay the amount of compensation so claimed, and enter into a written agreement for that purpose, they shall within twenty-one days after the receipt of such notice issue their warrant to the Sheriff to summon a jury for settling the same in the manner herein provided, and in default thereof they shall be liable to pay to the party so entitled as aforesaid the amount of the compensation so

গস্তিকে উক্ত কমিস্যনরেরা যে টাকা পূর্ব্বোক্তমতে আমানৎ করিয়াছেন তাহা প্রচুর কি তাঁহারদের আরো কোন টাকা দিতে হইবেক এবং কত টাকা দিতে বা আমানৎ করিতে হইবেক এই২ বিষয় ঐ সালিসেরদের প্রতি অর্পণ হইবেক ইতি।

৪৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি ঐ সালিসেরা উক্ত কমিস্যনরদিগকে আরো অধিক টাকা দিবার কি আমানৎ করিবার ফয়সলা করেন তবে ঐ ফয়সলা হওনের পর চৌদ্দ দিনের মধ্যে ঐ কমিস্যনরেরা বিষয়বিশেষে ঐ অধিক টাকা দিবেন বা আমানৎ করিবেন এবং যদ্যপি ঐ কমিস্যনরেরা তাহা না করেন তবে তাঁহারদের নামে সুপ্রিম কোর্টে নালিশের দ্বারা ঐ টাকা খরচাসমেত আদায় হইতে পারিবেক ইতি।

৫০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি ঐ সালিসেরা এই নিষ্পত্তি করেন যে যে টাকা পূর্ব্বে দেওয়া গিয়াছিল অথবা আমানৎ হইয়াছিল তাহা প্রচুর ছিল তবে ঐ সালিসীর খরচ সালিসেরা নিরূপণ করিবেন এবং যাঁহার শিরে পড়িবেক তাহা তাঁহারা আপন২ বিবেচনামতে ধার্য্য করিবেন। কিন্তু যদি ঐ সালিসেরা এই নিষ্পত্তি করেন যে ঐ কমিস্যনরেরদের অধিক টাকা দেওয়া বা আমানৎ করা উচিত তবে ঐ সালিসীতে যত খরচা লাগিয়াছে তাহা ঐ কমিস্যনরেরা দিবেন ইতি।

৫১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ কমিস্যনরেরদের লওয়া কোন ভূমি বা বাটী কি এমারৎ বা তন্মধ্যে কোন লাভের বিষয়ে অথবা তাঁহারা যে কার্য্য করেন তাহাতে বাটী বা ভূমি কি এমারতের যে কোন ক্ষতি হয় তাহার বিষয়ে যদি কোন ব্যক্তির ক্ষতিপূরণের টাকা পাইবার অধিকার থাকে এবং যদি ঐ কমিস্যনরেরা এই আইনের বিধির অনুসারে ঐ টাকা না দিয়া থাকেন তবে ঐ ব্যক্তি যেমত উচিত বোধ করেন সেইমতে তাহা সালিসের দ্বারা অথবা জুরির ফয়সলার দ্বারা নির্ণয় করিয়া লইতে পারেন। এবং যদি সেই ব্যক্তি তাহা সালিসের দ্বারা নিরূপণ করিতে ইচ্ছা করেন তবে তিনি আপনার ঐ ইচ্ছা লিখিত এত্তেলার দ্বারা কমিস্যনরদিগকে জানাইবেন এবং যে বাটী বা ভূমি কি এমারতের বিষয়ে তিনি ক্ষতি পূরণের দাওয়া করেন সেই বাটীপ্রভৃতিতে তাঁহার যে প্রকার লাভ থাকে তাহা এবং যত টাকার দাওয়া করেন তাহার সংখ্যা ঐ এত্তেলাতে লেখা থাকিবেক এবং যে টাকার এইরূপ দাওয়া হয় তাহা যদি ঐ কমিস্যনরেরা দিতে স্বীকার না করেন এবং যে ব্যক্তি তাহা পাওনের অধিকার রাখেন সেই ব্যক্তির স্থানে উক্ত এত্তেলা পাওনের পর একুশ দিনের মধ্যে তাহা দিবার বিষয়ে একটা লিখিত বন্দোবস্ত না করেন তবে সেই বিষয় ঐরূপ নির্দিষ্ট সালিসের দ্বারা নিষ্পত্তি হইবেক। অথবা যে ব্যক্তির সেই টাকা পূর্ব্বোক্তমতে পাইবার অধিকার আছে সেই ব্যক্তি যদি সেই ক্ষতিপূরণের সংখ্যা জুরির দ্বারা নিষ্পত্তি করিতে ইচ্ছা করেন তবে তাহার এত্তেলা লিখনের দ্বারা উক্ত কমিস্যনরদিগকে দিবেন এবং তাহার মধ্যে পূর্ব্বোক্ত সকল বিবরণ লেখা থাকিবেক এবং ক্ষতিপূরণের যে টাকার এইরূপ দাওয়া হয় তাহা যদি ঐ কমিস্যনরেরা দিতে স্বীকার না করেন এবং তন্নিমিত্তে লিখিত বন্দোবস্ত না করেন তবে ঐ এত্তেলা পাওনের পর একুশ দিনের মধ্যে তাঁহারা এই আইনের নির্দিষ্ট প্রকারে সেই বিষয়ের নিষ্পত্তি করণার্থ জুরি তলব করিতে সরিফ সাহেবের নিকটে আপনারদের ওয়ারণ্ট পাঠাইবেন এবং যদি তাহা না করেন তবে যে ব্যক্তির সেই টাকা পাইবার অধিকার আছে সেই ব্যক্তিকে ক্ষতিপূরণের দাওয়ার টাকা তাঁহারা দিবেন এবং সেই টাকা সুপ্রিম কোর্টে দেনার না-

claimed, and the same may be recovered by him by action of debt or on the case in the said Supreme Court.

VI. And it is enacted, that every Commissioner, and the Surveyor and Clerk to the Commissioners, with such Assistants as they may require, shall for the purposes of this Act, have full power and authority at all seasonable hours in the day time to enter, or to direct his subordinate Officers to enter into and upon any land or tenement, and in and upon the land on which any house, building or other erection is built or building, or intended to be built, and into and upon any buildings or any part thereof without being liable to any action at Law or Suit in Equity, or any other legal proceedings or molestation whatsoever for or on account of such entry, or of any thing done or to be done in any part thereof in pursuance of this Act. Provided that none of the persons abovementioned shall enter upon any lands or tenements which may be occupied at the time unless with the consent of the occupier thereof, without previously giving the said occupier reasonable notice of his or their intention to do so.

VII. And it is enacted, that the management and controul over all and every of the streets, public ways and public thoroughfares of every kind and description within the said Town of Calcutta existing at the time of the passing of this Act, and of all parts of the said Town which shall hereafter become streets, public ways or public thoroughfares of any kind or description, and the pavements and other materials therein, and all erections and buildings, materials, implements or other things provided for the said streets, public ways and public thoroughfares by or under the authority of the Go-

বিষয়ে যদি সেই রূপ স্বামী কি দখীলকার এবং ঐ কমিস্যনরেরদের মধ্যে ঐক্য না হইতে পারে তবে ঐ ক্ষতিপূরণের সংখ্যা এবং তাহার দাওয়াকারি ব্যক্তিরা একেং তাহার যে অংশ পাইবার যোগ্য সেইং অংশ অমুক আক্টঅনুসারে যে কমিস্যনরেরা নিযুক্ত হন তাঁহারদিগকে কলিকাতা শহর উত্তম করণার্থ স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি ক্রয় করণের ক্ষমতা দেওনের আইন-নামে বিখ্যাত অমুক নম্বরী আইনের নির্দ্ধারিত মতে তলবহওয়া ও নিযুক্ত হওয়া জুরির ফয়সলার অথবা সালিসের দ্বারা ধার্য্য হইবেক এবং আদায় হইবেক ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ কমিস্যনরদিগকে অথবা তাঁহারদের কর্ম্মে নিযুক্ত কোন মুহুরীর অথবা সরবেয়র কি অন্য কর্ম্মকারক কিম্বা কারিগর অথবা অন্য কোন ব্যক্তিকে কি এই আইনের বিধির অনুসারে তাঁহারা যে কোন ব্যক্তি কিম্বা কোম্পানির সঙ্গে বন্দোবস্ত করিয়া থাকেন অথবা সেই কোম্পানির দ্বারা নিযুক্ত কোন ব্যক্তিকে আপনারদের কি আপনার কর্ত্তব্য কার্য্য অথবা যে কোন কর্ম্ম এই আইনের শক্তিক্রমে বা তদনুসারে তাঁহারদের করিবার হুকুম আছে অথবা ক্ষমতা দেওয়া গিয়াছে সেই কর্ম্ম করণেতে অথবা সম্পন্ন করণেতে যদি কোন ব্যক্তি কোন সময়ে ব্যাঘাত অথবা উত্ত্যক্ত করে তবে এইমত অপরাধি ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সাব্যস্ত হইলে প্রত্যেক অপরাধের জন্যে তাহার ৫০৲ টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে প্রত্যেক কমিস্যনর ও সরবেয়র ও কমিস্যনরেরদের মুহুরীর এবং তাঁহারদের যত আসিষ্টান্টের আবশ্যক হয় তাঁহারদিগকে এই আইনের অভিপ্রায় সিদ্ধির জন্যে এই সম্পূর্ণ শক্তি ও ক্ষমতা দেওয়া গেল যে দিবা ভাগের সকল উপযুক্ত ঘন্টায় তাঁহারা কোন ভূমি কি বাটীতে অথবা যে ভূমির উপর কোন ঘর বা বাটী বা অন্য কোন এমারৎ গাঁথা আছে কি গাঁথা হইতেছে কি গাঁথিবার কল্প আছে সেই ভূমিতে এবং কোন প্রকার ঘরে বা তাহার কোন ভাগে প্রবেশ করিতে পারেন অথবা আপনারদের অধীন কর্ম্মকারকদিগকে প্রবেশ করিতে হুকুম দিতে পারেন। এবং সেইরূপ প্রবেশ করণের জন্যে অথবা এই আইনানুসারে ঐ ভূমিপ্রভৃতির কোন ভাগে যে কোন কার্য্য করা যায় বা করিতে হয় তাহার জন্যে কি তাহার বিষয়ে তাঁহারদের নামে আইনের আদালতে কোন নালিশ অথবা একুটি আদালতে কোন মোকদ্দমা হইতে পারিবেক না এবং তাহার বিরুদ্ধ আইনসম্পর্কীয় কোন কার্য্য হইতে পারিবেক না অথবা তাঁহারদিগকে কোন প্রকারে উত্ত্যক্ত করা যাইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে যে কোন ভূমি অথবা এমারতে তৎসময়ে কোন ব্যক্তি বাস করিতেছে তাহাতে দখীলকারের অনুমতি বিনা তাঁহার বা তাঁহারদের প্রবেশ করণের মানসের উপযুক্ত সম্বাদ ঐ দখীলকার ব্যক্তিকে পূর্ব্বে না দিয়া তাহার মধ্যে উক্ত প্রকার কোন ব্যক্তি প্রবেশ করিতে পারিবেন না ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের সময়ে কলিকাতা শহরের মধ্যে সকল প্রকার ও সকল রকমের যে সকল ও প্রত্যেক রাস্তা ও সরকারী পথ ও সরকারী খোলাপথ থাকে এবং উত্তর কালে ঐ শহরের যে সকল ভাগে কোন রকমের বা কোন প্রকারের রাস্তা বা সরকারী পথ কি সরকারী খোলা পথ করা যায় তাহার কর্ত্তৃত্ব ও সরবরাহ কার্য্য এবং শান ও তাহার সকল সরঞ্জাম এবং বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট অথবা কলিকাতার মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত কমিস্যনরেরদের দ্বারা কিম্বা তাঁহারদের হুকুমে ঐ রাস্তা ও সরকারী পথ ও সরকারী খোলা পথের জন্যে যে সকল

vernment of Bengal, or by the Magistrates of Calcutta, or by the said Commissioners, shall be the property of, and are hereby vested in the said Commissioners as Trustees aforesaid.

VIII. And it is enacted, that it shall be lawful for the said Commissioners, with the consent and approbation of the Government of Bengal, to pave and water such of the streets, public ways and public thoroughfares existing in the said Town at the time of the passing of this Act, or at any future time as they shall think fit.

IX. And it is enacted, that the said Commissioners shall keep in sufficient repair every street, public way and public thoroughfare existing in the said Town at the time of passing this Act, or at any future time, and shall be liable to be indicted for not sufficiently repairing the same.

X. And it is enacted, that if any person shall displace, take up or make any alteration in the pavements, flags or other materials of any foot or carriage way in any street within the said Town, without the consent in writing of the said Commissioners, or of their said Surveyor, or shall cause any obstruction to, or make any encroachment upon any street in the said Town, any such person so offending shall for every such offence on conviction before a Magistrate forfeit and pay a sum not exceeding Fifty Rupees.

XI. And whereas it is essential to the health and convenience of the inhabitants, that straight and spacious streets and thoroughfares should be continued where they have been begun, and should be opened at convenient and suitable distances where such do not at present exist so as to perforate the mass of buildings within the said Town in straight lines as nearly as may be from South to North, and from East to West, crossing each other at right angles, and from South East to North West and from South West to North East, crossing the straight lines abovementioned diagonally with large open spaces forming squares or circles at convenient and suitable distances, from whence the said streets may conveniently diverge in lines without interruption to the river and to the open country without the said Town, so far as the completion of such plan may be practicable, and where not entirely practicable upon a plan as nearly approaching to such plan as may be: And whereas it is also expedient and necessary that the narrow lanes and gullys which compose the greater part of the said Town inhabited by the Native inhabitants shall be converted into such straight and spacious streets and thoroughfares formed as abovementioned, due regard being had to the compensation of Owners of houses, buildings and grounds, which may be required to be vested in the said Commissioners for any such purposes as aforesaid:

It is enacted, that as soon as may be after the passing of this Act, the said Commissioners shall cause plans to be made by their said local Surveyor and by other competent Surveyors, shewing the di-

গাঁথনি ও এমারৎ ও সরঞ্জাম ও হাতিয়ার অথবা অন্য দ্রব্য করা যায় তাহা পূর্ব্বোক্ত ট্রষ্টিস্বরূপ ঐ কমিস্যনরেরদের সম্পত্তি হইবেক এবং সেই সকল বিষয়ের স্বত্ত্ব তাঁহারদের প্রতি ইহার দ্বারা অর্পণ হইয়াছে ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের সময়ে উক্ত শহরে যে রাস্তা ও সরকারী পথ এবং সরকারী খোলা পথ থাকে বা উত্তর কালে করা যায় তাহার মধ্যে যে রাস্তাইত্যাদির বিষয়ে উপযুক্ত বোধ হয় সেই রাস্তাইত্যাদিতে উক্ত কমিস্যনরেরা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সম্মতি ও অনুমতিক্রমে শান করিতে পারেন এবং তাহাতে জল দিতে পারেন ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের সময়ে উক্ত শহরে যে প্রত্যেক রাস্তা ও সরকারী পথ ও সরকারী খোলা পথ থাকে কিম্বা উত্তর কালে করা যায় সেই প্রত্যেক রাস্তাপ্রভৃতি উক্ত কমিস্যনরেরা উপযুক্তমতে মেরামৎ করিবেন এবং উপযুক্তমতে মেরামৎ না করিলে তাঁহারদের নামে নালিশ হইতে পারে ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত শহরের মধ্যে কোন রাস্তায় পদব্রজে যাওনের বা গাড়ি যাওনের পথের কোন শান কি পাতর অথবা অন্য সরঞ্জাম যদি কোন ব্যক্তি উক্ত কমিস্যনরেরদের কিম্বা তাঁহারদের উক্ত সরবেয়রের লিখিত অনুমতি বিনা সরায় বা তুলিয়া ফেলে বা তাহাতে কোন ফেরফার করে অথবা উক্ত শহরের কোন রাস্তা কোন প্রকারে অবরোধ করে বা তাহার উপর কিছু গাঁথে তবে এইমত প্রত্যেক অপরাধি ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সাব্যস্ত হইলে প্রত্যেক অপরাধের জন্যে তাহার ৫০৲ টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

১১ ধারা। এবং যেহেতুক শহরনিবাসিরদের স্বাস্থ্যের এবং উপকারের জন্যে আবশ্যক আছে যে যে সিধা ও চৌড়া রাস্তা ও খোলা পথ আরম্ভ হইয়াছে তাহা সম্পন্ন হয় এবং যেখানে এই সময়ে এইমত রাস্তাপ্রভৃতি না থাকে সেই খানে উপকারক এবং উপযুক্ত অন্তরে সেই প্রকার রাস্তা এমত করা যায় যে ঐ শহরের মধ্যে ঘন এমারতের মধ্যদিয়া সেইরূপ সিধা পথ করা যায় অর্থাৎ সাধ্যপর্য্যন্ত ঢেরাকৃতিরূপে দক্ষিণঅবধি উত্তরপর্য্যন্ত এবং পূর্ব্বঅবধি পশ্চিমপর্য্যন্ত ঐ রাস্তার পত্তন হয় এবং দক্ষিণ পূর্ব্বঅবধি উত্তর পশ্চিমপর্য্যন্ত এবং দক্ষিণ পশ্চিমঅবধি উত্তরপূর্ব্বপর্য্যন্ত অন্য রাস্তা কোণাকোণি রেখারূপে বিদিগে নির্ম্মাণ হয় এবং উপকারক ও উপযুক্ত অন্তরে বৃহৎ শূন্য স্থান থাকে এবং সেই শূন্য স্থানে চতুষ্কোণ বা গোলাকৃতি চক থাকে এবং উক্ত চকহইতে ঐ২ রাস্তা উপকারকমতে প্রতিবন্ধকবিনা ঋজুরেখাক্রমে এক দিগে গঙ্গাপর্য্যন্ত যায় অপর দিগে উক্ত শহরের বাহিরের ময়দানপর্য্যন্ত যায় এবং এই প্রকার পাণ্ডুলেখ্যানুসারে সাধ্যপর্য্যন্ত ঐ২ কর্ম্ম সম্পন্ন করা যায় এবং সম্পূর্ণরূপে তাহা হইতে না পারিলে এই পাণ্ডুলেখ্যের সদৃশ যেপর্য্যন্ত সাধ্য সেইপর্য্যন্ত তাহা করা যায় এবং যেহেতুক উচিত এবং আবশ্যক আছে যে উক্ত শহরের এদেশীয় লোকেরা যে স্থানে বাস করেন সেই স্থানে যে খুঁড়ি ও গলি পথ আছে তাহার পরিবর্ত্তে পূর্ব্বোক্তমতে সোজা এবং চৌড়া রাস্তা ও খোলা পথ নির্ম্মাণ হয় এবং যে ঘর ও এমারৎ ও ভূমি পূর্ব্বোক্ত অভিপ্রায়ের জন্যে উক্ত কমিস্যনরেরদের প্রতি অর্পণ করণের আবশ্যক হইবেক সেই ঘরপ্রভৃতির স্বামিরদিগকে উপযুক্তমতে ক্ষতিপূরণ করিয়া দেওয়া উচিত।

অতএব ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর যত শীঘ্র সাধ্য উক্ত কমিস্যনরেরা আপনারদের উক্ত বিশেষ সরবেয়র এবং অন্য কোন উপযুক্ত সরবেয়রের দ্বারা নকশা প্রস্তুত করাইবেন এবং ঐ

rection and breadth of such streets and thoroughfares, and the situations and dimensions of such open spaces to form squares or circles as aforesaid, which in their opinion shall be the most suitable for carrying into effect the abovementioned objects, keeping in view the salubrity of the said Town, the convenience of communication within the same, and the economy with which the said improvements may be carried into execution, together with estimates of the expence of the necessary works and estimates of the probable value of the houses, buildings and grounds, which it will be necessary for the said Commissioners to purchase for these purposes, and the said Commissioners shall select from the plans which shall be so furnished to them the one which they, or a majority of them, shall consider the best and most eligible, and shall transmit to the Secretary to the Government of Bengal, the said plan and the resolution of the Commissioners thereupon for the consideration of the said Governor of Bengal, and upon the said Governor signifying through the said Secretary by writing, signed by the said Secretary, his approval of such plan, the said Commissioners shall proceed with all convenient speed to carry the same into execution so far as the funds at their disposal, and the circumstances under which the works are to be carried into execution will allow, in conjunction with the other improvements contemplated by this Act ; and in case the said Governor shall signify his disapproval of the plan so submitted to him, the said Commissioners shall cause another plan to be drawn by the same or any other competent Surveyor, which plan shall in like manner be submitted by the said Commissioners to the said Governor, and so from time to time until such plan shall be finally approved of by the said Governor, and as soon as may be after such final approval of the said Governor shall be intimated to the said Commissioners as aforesaid, the said Commissioners shall proceed to carry the said plan so approved into execution with all such convenient speed as aforesaid.

XII. And it is enacted, that the said plan having been so submitted to and having been approved by the said Governor as aforesaid, the said Commissioners shall proceed in conformity with the provisions of Act No. of 184 , with the purchase of such houses, buildings and grounds as it may be necessary to purchase for the execution of such plan, and shall upon such purchase being completed give orders to their said local Surveyor to proceed with the said works without further reference to the said Governor.

XIII. And whereas it is essentially necessary to the salubrity of the said Town to make provision for the effectual sewerage and drainage of the same :

It is enacted, that as soon as conveniently may be after the passing of this Act the said Commissioners shall cause their said Surveyor to make

নক্‌শার মধ্যে পূর্ব্বোক্ত অভিপ্রায়সকল সিদ্ধ করণার্থ তাঁহারদের বিবেচনায় ঐ রাস্তা ও খোলা পথের লক্ষিত দিগের ও তাহার প্রশস্ততার এবং পূর্ব্বোক্ত চতুষ্কোণ বা গোলাকৃতি চক প্রস্তুত করণার্থে যে শূন্য স্থানের প্রয়োজন হয় তাহার স্থিতির স্থান ও পরিমাণের নিদর্শন থাকিবেক এবং ঐ কমিস্যনরেরা ঐ শহরের স্বাস্থ্য এবং তাহার মধ্যে গমনাগমনের সুগম এবং ঐ পারিপাট্যের নির্ব্বাহ করণের যে পরিমিত ব্যয় হইতে পারে এই সকলে দৃষ্টি রাখিয়া ঐ পাণ্ডুলেখ্য প্রস্তুত করিবেন। এবং ঐ আবশ্যক কর্ম্মের খরচের এবং এই নিমিত্তে উক্ত কমিস্যনরেরদের যে ঘর ও এমারৎ ও ভূমি খরীদ করিবার আবশ্যক হইবেক তাহার আন্দাজী মূল্যের বরাওর্দের ফর্দ্দ প্রস্তুত হইবেক। এবং যে২ নক্‌শা ঐ কমিস্যনরদিগকে এইরূপে দেওয়া যায় তাহার মধ্যে যে নক্‌শা তাঁহারা কিম্বা তাঁহারদের অধিকাংশ ব্যক্তি অন্যাপেক্ষা উত্তম ও উপযুক্ত বোধ করেন তাহা তাঁহারা পসন্দ করিবেন এবং ঐ নক্‌শা ও তদ্বিষয়ে কমিস্যনরেরদের নির্দ্ধারণ বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেবের বিবেচনার নিমিত্তে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে পাঠাইবেন এবং উক্ত শ্রীযুত গবরনর্ সাহেব উক্ত সেক্রেটারীর সহীকরা এক লিপির দ্বারা উক্ত সেক্রেটারীর মারফৎ ঐ নক্‌শাতে আপনার সম্মতি জানাইলে উক্ত কমিস্যনরেরা যথাসাধ্য শীঘ্র আপনারদের হাতে থাকা সংস্থান বুঝিয়া এবং এই আইনের কল্পিত অন্যান্য পারিপাট্য কর্ম্মের একি সময়ে নির্ব্বাহ করণের প্রতিবন্ধক না হয় ইহা বুঝিয়া ঐ কর্ম্ম যেপর্য্যন্ত নির্ব্বাহ হইতে পারে সেইপর্য্যন্ত তাহা নির্ব্বাহ করিবেন। এবং উক্ত শ্রীযুত গবরনর্ সাহেবের নিকটে প্রস্তাবিত নক্‌শাতে যদি তিনি আপনার অসম্মতি জানান তবে ঐ কমিস্যনরেরা সেই সরবেয়র অথবা অন্য কোন উপযুক্ত সরবেয়রের দ্বারা অন্য নক্‌শা প্রস্তুত করাইবেন এবং সেই নক্‌শা সেইরূপে ঐ কমিস্যনরেরা ঐ শ্রীযুত গবরনর্ সাহেবের নিকটে প্রস্তাব করিবেন এবং যাবৎ ঐরূপ কোন নক্‌শা ঐ শ্রীযুত গবরনর্ সাহেবের দ্বারা মঞ্জুর না হয় তাবৎ সময়ে২ ঐরূপ অন্যান্য নক্‌শা করিবেন এবং উক্ত কমিস্যনরদিগকে উক্ত শ্রীযুত গবরনর্ সাহেবের চূড়ান্ত সম্মতি জানান গেলে পর যত শীঘ্র সাধ্য উক্ত কমিস্যনরেরা ঐ মঞ্জুরহওয়া নক্‌শাঅনুসারে কর্ম্ম করিবেন ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত নক্‌শা ঐ শ্রীযুত গবরনর্ সাহেবের নিকটে সেইরূপে প্রস্তাব হইলে এবং তাঁহার দ্বারা মঞ্জুর হইলে পর ঐ কমিস্যনরেরা অমুক সালের অমুক নম্বরী আইনের বিধির অনুসারে ঐ নক্‌শাঅনুসারে কার্য্যকরণার্থে যে ঘর ও এমারৎ ও ভূমি খরীদকরণের আবশ্যক হয় তাহা খরীদ করিবেন এবং ঐ খরীদ সম্পন্ন হইলে শ্রীযুত গবরনর্ সাহেবকে আর জিজ্ঞাসা না করিয়া আপনারদের বিশেষ সরবেয়রকে উক্ত কর্ম্ম নির্ব্বাহকরণের হুকুম দিবেন ইতি।

১৩ ধারা। এবং যেহেতুক উক্ত শহরের স্বাস্থ্যের জন্যে তাহার মধ্যে কর্ম্মণ্য নরদমা ও মোরী করণের উপায় করা নিতান্ত আবশ্যক।

অতএব ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর যত শীঘ্র হইতে পারে ঐ কমিস্যনরেরা ঐ সরবেয়রকে সমস্ত শহরের অতি মনোযোগপূর্ব্বক জরিপ

a careful survey of the whole of the said Town, and in an accurate and distinct report to be framed by him, to state what in his opinion are the defects of such sewerage, works and drains as shall at that time exist therein, and what alterations of the same, and what new main and other sewers and drains are necessary and proper for the effectual draining and clearing of the whole of the said Town, and what reservoirs, engines, sluices, penstocks and other works are required for properly flushing and cleansing out such sewers and drains, and at and from what places such drains and sewers respectively ought to commence, in what precise direction they are to be conducted, and at what places respectively they ought to terminate.

XIV. And whereas it is of the most essential importance that all the inhabitants of the said Town should be supplied with good and wholesome water for drinking and for domestic purposes to the utmost extent that the local and other circumstances of the said Town will permit and especially that the poorer inhabitants thereof should be so supplied with water: and whereas supplies of water are also required for the efficient and wholesome cleansing and watering of the streets, and cleansing the main and other sewers and drains which may be constructed or maintained under the provisions of this Act:

It is enacted, that the said Commissioners shall at the same time cause their said Surveyor to report upon the existing supplies of water in the said Town, the sufficiency or insufficiency of such supply for all the several purposes aforesaid, and the healthful or palatable quality as water for drinking of every description of water so supplied, or which the said Surveyor shall recommend in future to be supplied, and with a view to test the accuracy of his report upon this latter subject the said Commissioners shall cause such water or waters to be analysed and reported on by competent Chemists and Medical men, and the said Surveyor shall also state in his report from what point on the River Hooghly, North of Calcutta, water in sufficient quantity can be conveyed into the Town for the domestic purposes of the said inhabitants, and for the efficient and wholesome cleansing and watering of the said streets, and cleansing the main and other sewers and drains which shall or may be constructed and maintained under the provisions of this Act, and shall state whether in his opinion one supply of water from one place can be commanded adequate to all these several purposes, and from what distance and at what probable expence, and what reservoirs, engines, sluices, canals, aqueducts, pipes and other works, and of what respective dimensions; are required for the adequate and abundant supply of such water for all such purposes as aforesaid.

XV. And for carrying into effect the purposes aforesaid, it is enacted, that all sewers and drains, together with all buildings and other works, materials and things therewith connected, and all canals, aqueducts, tanks and wells provided for or law-

করিতে হুকুম দিবেন এবং ঐ সরবেয়রের বিবেচনায় তৎসময়ে যে নরদমা ও এমারৎ ও মোরী আছে তাহার যেং দোষ থাকে এবং উক্ত সমস্ত শহরের কর্ম্মণ্যরূপে নরদমা করণ ও পরিষ্কার করণার্থ ঐ নরদমার যেং মতান্তর করা এবং যেং নূতন প্রধান ও অন্যান্য নরদমা ও মোরী করা উপযুক্ত ও বিহিত বোধ হয় এবং ঐ নরদমা ও মোরী উপযুক্তমতে জলসেচন ও পরিষ্কার করণার্থ যেং জলাশয় ও কল ও জলপ্রবাহের দ্বার ও জলপথের কপাট ও অন্যান্য কর্ম্মের আবশ্যক হয় এবং যেং স্থানে ও স্থানহইতে ঐং নরদমা ও মোরীর আরম্ভ করা উচিত এবং ঠিক যে দিগে তাহা চালান উচিত এবং যে স্থানে তাহার শেষ করা উচিত এই সকল বিষয়ের এক যথার্থ ও স্পষ্ট রিপোর্ট করিবেন ইতি।

১৪ ধারা। এবং যেহেতুক উক্ত শহরে বিশেষ বিষয় এবং অন্যান্য অবস্থা বুঝিয়া যেপর্য্যন্ত সাধ্য সেই-পর্য্যন্ত উক্ত শহরের সকল নিবাসিকে পান করণার্থ এবং গৃহাদির কর্ম্মের নিমিত্তে উত্তম ও স্বাস্থ্যজনক জল দেওয়া অত্যন্ত আবশ্যক এবং বিশেষতঃ অতিদরিদ্র নিবাসিবদিগকে সেইরূপ জল দেওয়া অত্যাবশ্যক এবং যেহেতুক রাস্তা কর্ম্মণ্য ও স্বাস্থ্যজনকরূপে পরিষ্কার করণ এবং তাহাতে জলদেওনার্থ এবং যে প্রধান ও অন্যান্য নরদমা ও মোরী এই আইনের বিধির অনুসারে নির্ম্মাণ করা যাইবেক এবং বজায় করা যাইবেক তাহা পরিষ্কার রাখণের জন্যে জল যোগাইয়া দেওনের প্রয়োজন হইবেক।

অতএব ইহাতে হুকুম হইল যে ঐ কমিস্যনরেরা সেই সময়ে ঐ শহরের মধ্যে এক্ষণে জলের যে সুসার আছে তাহার এবং উক্ত নানা অভিপ্রায়ের জন্যে সেই জলের প্রচুরতা বা অপ্রচুরতার বিষয়ে এবং সেইরূপ যোগান প্রত্যেক প্রকার জল অথবা উক্ত সরবেয়র উত্তর কালে যে জল যোগানের পরামর্শ দেন সেই জল পান করণার্থ স্বাস্থ্যজনক ও সুস্বাদু কি না এই বিষয়ের রিপোর্ট করিতে হুকুম দিবেন। এবং এই শেষ বিষয়ের সম্পর্কে তাঁহার রিপোর্টের যথার্থতার পরীক্ষা করণার্থ ঐ কমিস্যনরেরা ঐ জল বা জলসকলের গুণের নির্ণয় করিতে এবং তাহার বিষয়ে রিপোর্ট করিতে নিপুণ কিমিয়া ব্যক্তি এবং চিকিৎসকেরদিগকে আদেশ করিবেন। এবং উক্ত শহরনিবাসিরদের গৃহাদির কার্য্যের জন্যে এবং উক্ত রাস্তার কর্ম্মণ্য ও স্বাস্থ্যরূপে পরিষ্কার রাখণের ও জল দেওনের জন্যে এবং যে প্রধান ও অন্যান্য নরদমা ও মোরী এই আইনের বিধির অনুসারে নির্ম্মাণ ও বজায় হইবেক তাহার জন্যে কলিকাতার উত্তর দিগে হুগলী নদীর যে স্থানহইতে প্রচুর জল শহরের মধ্যে আনা যাইতে পারে তাহা ঐ সরবেয়র আরো আপনার রিপোর্টে লিখিবেন এবং এই নানা কার্য্যের জন্যে এক স্থানহইতে প্রচুর জল পাওয়া যাইতে পারে কি না এবং কত দূরহইতে তাহা আনিতে হইবেক এবং তাহার যে খরচ লাগিবেক এবং উক্ত সকল অভিপ্রায়ের নিমিত্তে ঐ জল প্রচুর ও বহুলমতে যোগাইবার জন্যে যে জলাশয় ও কল ও জলপথের দ্বার ও খাল ও জলপথ ও নল ও অন্যান্য কর্ম্মের আবশ্যক হইবেক এবং সেই সকলের কিং পরিমাণ এই বিষয়ে আপনার মত লিখিবেন ইতি।

১৫ ধারা। এবং ঐ অভিপ্রায় সিদ্ধ করণার্থ ইহাতে হুকুম হইল যে সকল নরদমা ও মোরী এবং তৎসম্পর্কীয় সকল এমারৎ ও অন্য কর্ম্ম ও সরঞ্জাম ও দ্রব্য এবং সাধারণ লোকেরদের ব্যবহারার্থ যে সকল খাল ও জলপথ ও পুষ্করিণী ও কূপ প্রস্তুত হইয়াছে অথবা

fully applied to public use, and which are not the property of any private person or persons, together with all buildings, engines, works, materials and things therewith connected existing in the said Town at the time of the passing of this Act, or which hereafter shall at any time be constructed and made therein, whether constructed at the cost of the said Commissioners or otherwise, and the entire management and controul over the same, subject to the provisions hereinafter contained, shall be the property of, and are hereby vested in the said Commissioners as such Trustees as aforesaid.

XVI. And it is enacted, that the said Commissioners shall cause to be constructed and made such and so many sewers and drains, and such and so many reservoirs, canals, aqueducts, engines and other works, and to be laid such and so many water pipes as shall in the opinion of the said Commissioners be necessary and proper for the effectual draining and cleansing of the whole of the Town aforesaid, and for the properly flushing and cleansing out such sewers in and under or across all or any of the streets and ways, whether dedicated to the public use or not, roads and other places within the said Town, and if needful through and across all under-ground cellars and vaults which they may find under any of the said streets, ways, roads or places, doing as little damage as may be, and also to cause such and so many rings and openings to be made or left in the sides of the said sewers as will be sufficient for the making or branching any drain or drains from any or all of the houses built, and which may probably be built adjoining or near thereto into any of the said sewers as the said Commissioners shall think fit, necessary and expedient for that purpose; and in case it shall be found necessary for completing any of the aforesaid works to build, carry or continue the same in, into or through any enclosed lands or other place not being a public way, it shall be lawful for the said Commissioners to build, carry or continue the same in, into or through the said lands or other places accordingly, and the said Commissioners may and shall cause such sewers to communicate with and empty themselves into any public river, stream, canal or water course, or to cause the refuse from such sewers to be conveyed by an appropriate channel to the most convenient site for its deposit, collection and sale, and its application as manure for agricultural purposes or otherwise as they shall deem most expedient, but so that the same shall in no case become a public nuisance or annoyance to the neighbourhood, and all such sewers, water courses, canals, reservoirs and other works and premises shall be the property of and are hereby vested in the said Commissioners, and shall be at all times under the care, control and management of the said Commissioners and of their Surveyor and Officers.

(*To be Continued.*)

[*Government Gazette*, 21*st December*, 1847.]

আইনমতে সাধারণের ব্যবহার হইতেছে এবং কোন বিশেষ ব্যক্তি বা ব্যক্তিরদের নিজ সম্পত্তি নহে এবং ঐ আইন জারী হওন সময়ে উক্ত শহরের মধ্যে তাহার সম্পর্কীয় যে সকল এমারৎ ও কল ও নির্ম্মিত কর্ম্ম ও সরঞ্জাম ও জিনিস আছে অথবা উত্তর কালে কোন সময়ে উক্ত কমিস্যনরেরদের খরচে বা প্রকারান্তরে প্রস্তুত হয় তাহা ও তাহার উপর সম্পূর্ণ কর্ত্তৃত্ব ও ক্ষমতা পূর্ব্বোক্ত ট্রষ্টিস্বরূপ উক্ত কমিস্যনরেরদের সম্পত্তি হইবেক এবং তাহার স্বত্ব তাঁহারদের প্রতি অর্পণ হইবেক কিন্তু তাহার বিষয়ে পশ্চাৎ লিখিত বিধি খাটিবেক ইতি।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত সমস্ত শহরের কর্ম্মণ্যরূপে নরদমা করণার্থ এবং শহর পরিষ্কার রাখণার্থ যে প্রকার এবং যত নরদমা ও মোরী এবং যে প্রকার ও যত জলাশয় ও খাল ও জলপথ ও কল ও অন্যান্য নির্ম্মিত কর্ম্ম উক্ত কমিস্যনরেরদের বিবেচনায় আবশ্যক ও উচিত বোধ হয় তাহা তাঁহারা নির্ম্মাণ করাইবেন। এবং ঐ নরদমাতে উপযুক্তরূপে জলসেচনের জন্যে ও তাহা পরিষ্কার করণের জন্যে যে প্রকার ও যত জলের নালার আবশ্যক হয় তাহা উক্ত শহরের রাস্তা ও পথ ও অন্য স্থানে (তাহা সরকারী হউক বা না হউক) তাহাতে ও তাহার নীচে ও তাহার উপর এবং আবশ্যক হইলে উক্ত রাস্তা ও পথ ও মার্গ ও স্থানের নীচে যে সকল মাটির ভিতরে কুটরী ও খিলান থাকে তাহার মধ্য দিয়া ও তাহার উপর পত্তন করাইবেন কিন্তু যাহাতে অল্প ক্ষতি হয় এমত উদ্যোগ করিবেন। এবং ঐ নরদমার লাগাও অথবা তাহার নিকটে যে কোন অথবা যে সকল ঘর গাঁথা আছে এবং গাঁথা যাইবেক সেই ঘরঅবধি উক্ত কোন নরদমাপর্য্যন্ত কোন মোরী বা মোরীসকল করাইতে উক্ত নরদমার পার্শ্বে যে প্রকার ও যত গোলাকৃতি স্থান ও ছিদ্র রাখণের আবশ্যক হয় তাহা করিতে অথবা রাখিতে পারেন। এবং উক্ত কোন এমারৎ সমাপ্ত করিবার জন্যে যদি ঐ এমারৎ কোন ঘেরা ভূমিতে অথবা অন্য যে স্থানে সরকারী রাস্তা না থাকে এমত স্থানে বা তাহার মধ্যে বা তাহা দিয়া ঐ এমারৎ গাঁথিতে বা তাহার অনবরত নির্ম্মাণ করিতে আবশ্যক বোধ হয় তবে ঐ কমিস্যনরেরা উক্ত ভূমিতে বা অন্য স্থানে বা তাহার মধ্যে কি তাহা দিয়া ঐ এমারৎ গাঁথিতে এবং অনবরত নির্ম্মাণ করিতে পারেন এবং উক্ত কমিস্যনরেরা এমত উপায় করিতে পারেন ও করিবেন যে ঐ নরদমা কোন নদী বা স্রোত কি খাল অথবা জলপথের সঙ্গে সংযোগ হয় এবং ঐ নরদমার মধ্যস্থ দ্রব্য ঐ নদীপ্রভৃতির মধ্যে পড়ে অথবা ঐ নরদমার সকল ময়লা রাখণ ও সংগ্রহ করণ ও বিক্রয় করণ এবং কৃষি কর্ম্মের জন্যে বা প্রকারান্তরে তাঁহারদের যেরূপ সুবিবেচনা হয় সারস্বরূপ তাহা কর্ম্মে আনিবার জন্যে যে স্থান অতিসুগম হয় সেই স্থানে উপযুক্ত প্রণালী দিয়া সেই সকল ময়লা লইয়া যাওয়া যায় কিন্তু তাঁহারা সাবধান করিবেন যে ঐ ময়লা তাহার চতুর্দ্দিকস্থ স্থানে কোন অপকারক বা ক্ষতিজনক না হয়। এবং ঐ সকল নরদমা ও জলপথ ও খাল ও জলাশয় এবং অন্য এমারৎ ও স্থান উক্ত কমিস্যনরেরদের সম্পত্তি হইবেক এবং তাঁহারদের প্রতি ইহার দ্বারা অর্পণ হইল এবং তাহা সকল সময়ে উক্ত কমিস্যনরেরদের এবং তাঁহারদের সরবেয়র ও তাঁহারদের কর্ম্মকারকেরদের জিম্মায় ও কর্ত্তৃত্বে ও অধীনে থাকিবেক ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

No. 2627.

FORT WILLIAM,

JUDICIAL DEPARTMENT,

THE 14TH DECEMBER, 1847.

The following Scheme for the election of Commissioners under Act XVI. of 1847, has received the approbation of the Deputy Governor of Bengal and of the President of the Council of India in Council :

SCHEME

for appointing the TIME, PLACE, and MANNER of election of the four elective Commissioners.

1. That the TIME of election shall be for all the Divisions, the hours from 10 A. M. to 4 P. M., on such two consecutive days of the month of December, in each year, as the Sheriff of Calcutta for the time being shall appoint.

Provided, that notice of the days so to be appointed shall be given by the Sheriff by publicly advertising the same in three English and three Native Newspapers, three times in each paper; the first Advertisement in each paper to be published twelve clear days at least before the earliest of the days fixed for the election.

2. That the PLACE of election shall be the Town Hall, for all the Divisions of the Town for the first election; but for the future a place of election shall be appointed in each Division of the Town by the Sheriff annually, at least ten days before the first day of the balloting, and be notified in three English and three Native Newspapers published in Calcutta; three times in each paper.

3. That the MANNER of the election shall be as follows, viz.

1. That Candidates for the elective Commissionerships shall intimate in writing to the Sheriff, ten clear days before the first day of the Meeting for election, their intention to offer themselves for election, and naming the Division for which they are Candidates.

2. That all elections shall be taken under the superintendence of the Sheriff of Calcutta, or his substitute or substitutes, to be appointed by him, who shall have equal power with the Sheriff.

3. That the Collector and Assessor of Calcutta do prepare a correct list of qualified rate-payers, of each Division, and deliver to each rate payer, on application, (not being in arrear of assessment rates,) a ticket in the following form, viz.

Division 1, (or 2, or 3, or 4.)

(*a.*) House, Building, or Ground, } No. Street.

(*b.*) Valued at Rupees of yearly rent.
Assessed at Rupees per quarter.

(*c.*) Name of rate-payer, in full.

(Sd.) H. C. W., Collector and Assessor.

২৬২৭ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জুডিসিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৪৭ সাল ১৪ ডিসেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেব এবং ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ১৮৪৭ সালের ১৬ আইনানুসারে কমিস্যনরেরদের মনোনীত করণের জন্যে-নীচের লিখিত বিধান বিষয়ে সম্মত হইয়াছেন।

যে চারি জন কমিস্যনর মনোনীত হইবেন তাঁহারদের মনোনীত করণের সময় ও স্থান ও নিয়ম নিরূপণ করণার্থ

বিধান।

১। যে সাহেব কলিকাতার সরিফ সাহেব হন্ তিনি প্রতি বৎসরে ডিসেম্বর মাসের যে দুই অব্যবহিত দিবস নিরূপণ করেন সেই দুই দিবসে বেলা দশ ঘণ্টাঅবধি চারি ঘণ্টাপর্য্যন্ত সকল পল্লীর কমিস্যনর মনোনীত করা যাইবেক।

কিন্তু উক্ত প্রকারে যে দিবস নিরূপণ করা যায় তাহা সরিফ সাহেব ইঙ্গরেজী ৩ টা সম্বাদ পত্র এবং বাঙ্গলা ভাষার ৩ টা সম্বাদপত্র দ্বারা প্রতি পত্রে তিনবার প্রকাশ করিয়া জানাইবেন। আর মনোনীত করণের প্রথম দিবসের অন্যূন বারো দিন থাকিতে ঐ প্রতি সম্বাদপত্রে প্রথমবার প্রকাশ হইবেক।

২। নগরের সকল পল্লীর প্রথম কমিস্যনর টৌনহালে মনোনীত করা যাইবেক কিন্তু উত্তর কালে সরিফ সাহেব বৎসরে২ গুলিবাঁট করণের প্রথম দিবসের অন্যূন দশ দিন থাকিতে নগরের প্রত্যেক পল্লীতে যে স্থান নিরূপণ করেন্ সেই স্থান তাঁহারদের মনোনীত করণের স্থান হইবেক এবং তাহার বিবরি সম্বাদ কলিকাতার ৩ টা ইঙ্গরেজী ও ৩ টা বাঙ্গলা সম্বাদপত্রে প্রতি পত্রে তিনবার করিয়া প্রকাশ হইবেক।

৩। তাঁহারদের মনোনীত করণের নিয়ম এই২।

১। যাঁহারা মনোনীত কমিস্যনরী পদে নিযুক্ত হইতে চাহেন তাঁহারা মনোনীত করণার্থ বৈঠকের প্রথম দিবসের পূর্ব্ব দশ দিবস থাকিতে সেই পদে আপনারদের মনোনীত হওনের মানস এবং যে পল্লীতে নিযুক্ত হইতে চাহেন তাহার নাম পত্রের দ্বারা সরিফ সাহেবকে জানাইবেন।

২। মনোনীত করণের সকল কার্য্য কলিকাতার সরিফ সাহেবের কিম্বা তিনি আপনার প্রতিনিধিস্বরূপ যে ব্যক্তিকে কি. ব্যক্তিরদিগকে নিযুক্ত করেন্ তাঁহারদের অধীনে সম্পন্ন হইবেক এবং সরিফ সাহেবের যে ক্ষমতা আছে ঐ প্রতিনিধি বা প্রতিনিধিরদের সেই ক্ষমতা হইবেক।

৩। কলিকাতা নগরের কলেক্টর ও টাক্স নিরূপণকর্ত্তা প্রতি পল্লীর মনোনীত করণের যোগ্য টাক্সদেওনিয়ারদের এক যথার্থ তালিকা প্রস্তুত করিবেন এবং ঐ টাক্সদেওনিয়ারদের মধ্যে যাঁহারদের টাক্স বাকী আছে তাঁহারাভিন্ন প্রত্যেক টাক্সদেওনিয়া দরখাস্ত করিলে তাঁহাকে নীচের লিখিত পাঠানুসারে এক টিকেট দিবেন।

১ (বা ২ কি ৩ অথবা ৪) পল্লী।

(ক) বাটী এমারৎ কি ভূমি } অমুক রাস্তার অমুক নং

(খ) সালিয়ানা এত টাকা ভাড়া ধরা গেল।
ত্রৈমাসিক এত টাকার টাক্স করা গেল।

(গ) টাক্সদেওনিয়ার সম্পূর্ণ নাম।

অমুক কালেক্টর ও নিরূপণকর্ত্তা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২১ ডিসেম্বর।]

[On the reverse side.]

" I, the undersigned, being the rate-payer within described, do hereby vote for as Commissioner for the Division."

Calcutta, Dec. 1847.

[Signature of Voter.]

4. That the said Tickets shall be delivered annually within the ten days immediately preceding the first day appointed for the election between the hours of 10 A. M. and 4 P. M., daily, (Sundays and public holidays excepted.)

5. That any rate-payer who shall not be provided with the said Ticket within the time appointed in the preceding Clause, shall forfeit his right to vote at the said election.

6. That the rate-payer having obtained the said Ticket, and filled in the name of the Candidate he desires to vote for, and affixed his signature to the same, shall personally attend at the elections, and deposit the same in a box provided for the reception thereof—which shall be considered as his vote in favor of the person whom he desires to be Commissioner for the Division in which he is a rate-payer

7. That on the day and hour and at the place appointed for the election of elective Commissioners, four persons duly appointed by the Sheriff to officiate on the occasion, shall take their places at 10 o'clock A. M., at a table or tables on which shall be arranged before them four closed boxes with apertures for the reception of the Tickets of Voters, marked legibly in Roman and Native Characters, 1, 2, 3, 4, respectively, representing the four Divisions of the Town, into which the Voters shall cast their Tickets, and which Tickets shall not subsequently be removed, except by the scrutineers appointed to examine and report upon the same.

8. That at the first Meeting, two Scrutineers shall be appointed for each Division by the Voters, before the commencement of the ballotting, to examine the ballot boxes of their respective Divisions and report the same as specified in the following Clause.

9. That on the day following the election, the Scrutineers of the respective Divisions, shall in the presence of the Sheriff or his substitutes, cast up the votes, as they shall appear by the Tickets in the boxes, and the person who shall have the greatest number of Voters shall be declared duly elected for each Division respectively, beginning with the 1st Division and ending with the 4th Division.

10. That in the case of any two or more Candidates for the office of Commissioner, having the same number of votes, a new election shall take place, within one month, in the manner aforesaid.

11. That should a vacancy occur from any cause whatever, in the office of elective Commissioner, the vacancy shall be filled up by an election, to take place at such place and time as shall be appointed for that purpose by the Sheriff. This elec-

[ঐ টিকেটের পৃষ্ঠে এই কথা লেখা থাকিবেক।]

নীচের লিখিত আমি এই টিকেটের মধ্যে লিখিত টাক্সদেওনিয়া হইয়া অমুক পল্লীর কমিস্যনরী পদে অমুক ব্যক্তির মনোনীত হওন বিষয়ে আমার মত প্রকাশ করিতেছি।

মতপ্রকাশকের নাম।

কলিকাতা। ১৮৪৭। ডিসেম্বর।

৪। ঐ সকল টিকেট প্রতি বৎসরে মনোনীত করণার্থ নিরূপিত প্রথম দিবসের পূর্ব্বে দশ দিন থাকিতে (রবিবার ও পর্ব্বের দিনছাড়া) অন্য সকল দিবসে বেলা দশ ঘন্টা-অবধি চারি ঘন্টাপর্য্যন্ত দাখিল হইবেক।

৫। উক্ত প্রকরণের লিখিত নিরূপিত সময়ের মধ্যে টাক্সদেওনিয়া যে কোন ব্যক্তি উক্ত প্রকার টিকেট না পান্ তিনি উক্ত মনোনীত করণ সময়ে আপনার মত প্রকাশ করণের ক্ষমতারহিত হইবেন।

৬। টাক্সদেওনিয়া উক্ত টিকেট পাইলে কমিস্যনরী পদাকাঙ্ক্ষি যে ব্যক্তির মনোনীত হওনের বিষয়ে আপনার মত প্রকাশ করিতে চাহেন তাঁহার নাম তাহাতে লিখিয়া ও তাহাতে দস্তখৎ করিয়া মনোনীত করণের সময়ে স্বয়ং উপস্থিত হইবেন এবং ঐ সকল টিকেট রাখিবার যে এক বাক্স করা যাইবেক সেই বাক্সের মধ্যে তাহা ফেলিবেন এবং তিনি যে পল্লীর মধ্যে টাক্সদেওনিয়া হন্ সেই পল্লীর কমিস্যনর হইবার বিষয়ে যে ব্যক্তিকে মনোনীত করেন্ সেই ব্যক্তির পক্ষে তাঁহার মতের ঐ টিকেট জ্ঞান হইবেক।

৭। মনোনীত কমিস্যনরেরদের মনোনীত করিবার জন্যে যে দিবস ও ঘন্টা ও স্থান নিরূপণ হয় সেই দিবসে ও ঘন্টায় ও স্থানে সরিফ সাহেব যে চারি জনকে কর্ম্মার্থ রীতিমতে নিযুক্ত করেন সেই চারি জন বেলা দশ ঘন্টার সময়ে এক কি ততোধিক মেজে বসিবেন সেই মেজের উপর চারিটা বন্ধ বাক্স থাকিবেক এবং মতপ্রকাশকেরদের টিকেট ফেলিবার জন্যে ঐ সকল বাক্সে এক২ ছিদ্র থাকিবেক আর ঐ বাক্সের উপর নগরের চারি পল্লীর নিদর্শন ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষাতে ক্রমশঃ ১। ২। ৩। ৪ অঙ্ক সপষ্ট লেখা থাকিবেক এবং মতপ্রকাশকেরা ঐ বাক্সের ভিতরে আপনারদের টিকেট ফেলিবেন এবং তদ্বিষয়ের রিপোর্ট করণার্থ যে পরীক্ষকদিগকে নিযুক্ত করা যায় তাঁহারদের ভিন্ন কেহ ঐ টিকেট বাহির করিবেন না।

৮। প্রথম বৈঠকে গুলিবাঁটের সময়ের পূর্ব্বে মত প্রকাশকেরা প্রতি পল্লীর নিমিত্তে দুই জন পরীক্ষককে নিযুক্ত করিবেন তাঁহারা আপন২ পল্লীর গুলিবাঁটের বাক্স খুলিয়া নীচের লিখিত প্রকরণের নির্দ্দিষ্টমতে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

৯। মনোনীত করণের পর দিবসে প্রতি পল্লীর পরীক্ষকেরা সরিফ সাহেব কিম্বা তাঁহার প্রতিনিধিরদের সম্মুখে বাক্সে ফেলা টিকেটঅনুসারে "বোট" অর্থাৎ মতসকল ঠিক দিবেন এবং প্রথম পল্লীতে আরম্ভ করিয়া চতুর্থ পল্লীতে শেষ করিয়া যে পল্লীর যাঁহার পক্ষে মতের আধিক্য হয় তিনি সেই পল্লীতে রীতিমতে মনোনীত হইয়াছেন এমত প্রকাশ হইবেক।

১০। যদি কমিস্যনরী পদাকাঙ্ক্ষি দুই কি ততোধিক ব্যক্তির পক্ষে মতের সমান সংখ্যা হয় তবে এক মাসের মধ্যে উক্ত প্রকারে মনোনীত করণার্থ পুনরায় বৈঠক হইবেক।

১১। যদি কোন কারণে মনোনীত কমিস্যনরের পদ শূন্য হয় তবে অন্য ব্যক্তিকে সেই শূন্য পদে নিযুক্ত করণার্থ সরিফ সাহেব যে সময় ও স্থান নিরূপণ করেন সেই সময় ও স্থানে অন্য ব্যক্তিকে মনোনীত করা যাইবেক। এই মনোনীত কার্য্য উক্ত প্রকারে করা যাইবেক

tion to be in the manner aforesaid, and the Commissioner so elected shall be Commissioner for the ensuing portion of the current year.

12. That the result of the said Elections signed by the Sheriff, or other presiding Officer, shall be communicated to the Governor of Bengal, and also published in three Calcutta English Newspapers, and in three Calcutta Native Newspapers, once in each paper.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

এবং সেইরূপে যে কমিস্যনর মনোনীত হন্ তিনি চলিত বৎসরের অবশিষ্ট কালের কমিস্যনর হইবেন।

১২। উক্ত মনোনীত কার্য্যের ফল লিখিত হইয়া সরিফ সাহেবের কিম্বা অধ্যক্ষতা কর্ম্মকারি অন্য ব্যক্তির তাহাতে দস্তখৎ হইয়া তাহা বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের নিকটে পাঠান যাইবেক এবং কলিকাতার ৩ টা ইঙ্গরেজী সম্বাদপত্রে ও কলিকাতার ৩ টা বাঙ্গলা সম্বাদপত্রে প্রতি পত্রে একবার প্রকাশ হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্নমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
THE 11TH DECEMBER, 1847.

The Right Hon'ble the Governor General in Council, under Section LXIX. 3 and 4, William IV. Chap. LXXXV. has been pleased to re-appoint the Hon'ble Sir Thomas Herbert Maddock, Kt. Deputy Governor of the Presidency of Fort William, in Bengal.

By Order of the Governor General in Council,

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

কোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
১৮৪৭ সাল ১১ ডিসেম্বর।

শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে চতুর্থ উলিয়ম রাজার ৩ এবং ৪ বৎসরীয় আইনের ৮৫ অধ্যায়ের ৬৯ ধারানুসারে শ্রীযুত অনরবিল সর তামস হরবর্ট মাডক সাহেবকে বাঙ্গলা দেশের কোর্ট উলিয়ম রাজধানীর ডেপুটী গবর্নরী পদে পুনর্নিযুক্ত করিয়াছেন।

হজুর কৌন্সেলের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্নমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 17th December, 1847.

Baboo Neelmony Mitter, Moonsiff of Lubshaw, to be Moonsiff of Kuddumgatchee, Zillah 24-Pergunnahs, vice Baboo Gungagovind Shome, who retires on a pension.

Fuzloollah, Moonsiff of Beergunge, Zillah Dinagepore, to be Moonsiff of Lubshaw, Zillah 24-Pergunnahs.

Abdool Mujeed, (who has obtained a diploma,) to be Moonsiff of Beergunge, Zillah Dinagepore.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৭ ডিসেম্বর।

শ্রীযুত বাবু গঙ্গাগোবিন্দ সোম পেনস্যন লইয়া কর্ম্মে ইস্তাফা দেওয়াতে লবসার মুনসেফ শ্রীযুত বাবু নীলমণি মিত্র জিলা চব্বিশপরগনার কদমগাছীর মুনসেফ হইবেন।

জিলা দিনাজপুরের বীরগঞ্জের মুনসেফ শ্রীযুত ফজল উল্লা জিলা চব্বিশপরগনার লবসার মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত আব্দুল মজিদ জিলা দিনাজপুরের বীরগঞ্জের মুনসেফ হইবেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৫৯৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৬ নবেম্বর।

শ্রীযুত জে লাম সাহেব (Mr. J. Lamb,) মালদহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৪৭ সাল ৮ ডিসেম্বর।

শ্রীযুত মৌলবী মহম্মদ আলীর অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ত্রিপুরার সদর মুনসেফ শ্রীযুত মৌলবী ইমদাদ আলী ঐ জিলার প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বালেশ্বরে হুজুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ ব্রৌন সাহেব (Mr. W. Brown,) স্বীয় পদোপলক্ষে

ক্যঞ্জর ও নীলগিরি ও ধেকানল মহালে পেশকসী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

রঙ্গপুরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আহমদ বক্শ ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৪৭ সাল ১০ ডিসেম্বর।

শ্রীযুত সি বেরি সাহেব (Mr. C. Bury,) চব্বিশপরগনার নিমকের এজেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এস বৌরিং সাহেব (Mr. S. Bowring,) তমলুকে নিমকের এজেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৭ সাল ১১ ডিসেম্বর।

শ্রীযুত হডসন প্রাট সাহেব (Mr. Hodgson Pratt,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ই জাকসন সাহেবের (Mr. E. Jackson,)

অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে কুম সাহেব (Mr. J. Combe,) সাহেবের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৮ ডিসেম্বর।

ত্রিপুরার কালেক্টর শ্রীযুত এচ মেটকাফ সাহেব (Mr. H. Metcalfe,) কেপে গমনার্থ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত টি টুইডি সাহেব (Mr. T. Tweedie,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত সি পি কাসপর্স সাহেব (Mr. C. P. Caspersz,) গত মাসের ২৩ তারিখঅবধি পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পণ্টেট সাহেব (Mr. J. Pontet,) মহরমের বন্দের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

নদীয়ার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামলোচন ঘোষ মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

কটকের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু তারাকান্ত বিদ্যাসাগর গত সেপ্টেম্বর মাসের ২৫ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত এক দিনের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ আলী মহরমের বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

আসামের ডেপুটী কমিসানর শ্রীযুত মেজর জে মাথি সাহেব (Major J. Matthie,) স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১০ ডিসেম্বর।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত তামস কুটস লক সাহেব (Mr. Thomas Coutts Loch,) আপনার কর্ম্মের ভার ঐ জিলার কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করিয়া দুই মাসের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওনপর্য্যন্ত কালেক্টর সাহেব মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৭ সাল ১১ ডিসেম্বর।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়েট সাহেব (Mr. T. Wyatt,) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

সারণের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

পূর্ব্ব বর্দ্ধমানের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এ পিগু সাহেব (Mr. A. Pigou) স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ ড্রমণ্ড সাহেব (Mr. F. Drummond,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার কমিসানর শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J Dunbar,) গত নবেম্বর মাসের ৩০ তারিখে যে ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের এক জন জজ শ্রীযুত সি টকর সাহেবকে (Mr. C. Tucker,) গত সেপ্টেম্বর মাসের ৬ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১০ ডিসেম্বর।

আসামের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান টি ব্রোডি সাহেব (Captain T. Brodie,) গত মাসের ২০ তারিখে শিবসাগর এলাকার বিচারকর্ত্তা কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট শ্রীযুত জে বেডফোর্ড সাহেবের (Mr. J. Bedford,) প্রতি এবং রাজস্বের কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে থর্ণটন সাহেবের (Mr. J. Thornton,) প্রতি অর্পণ করেন।

বলুআর ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ আথর্টন সাহেব (Mr. H. Atherton,) সরকারী কর্ম্মোপলক্ষে আপন জিলার মফঃসলে গমনার্থ বর্ত্তমান মাসের ১ তারিখে খাজানাখানার এবং আপন কাছারীর চলিত কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেবের (Mr. W. J. Longmore,) প্রতি অর্পণ করেন।

দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) সরকারী কর্ম্মোপলক্ষে ভোট দেশের অঞ্চলে গমনার্থ আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার শ্রীযুত জি ডবলিউ বিশপ সাহেবের (Mr. G. W. Bishop,) প্রতি অর্পণ করেন।

আসামের ডেপুটী কমিসানর শ্রীযুত কাপ্তান জে মাথি সাহেব (Captain J. Matthie,) গত মাসের ৩০ তারিখে আপন ফৌজদারী ও দেওয়ানী কর্ম্মের ভার ঐ প্রদেশের কমিসানর সাহেবের প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Mr. J. W. Dalrymple,) "হাডিংটন" নামক বাষ্পীয় জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে খাজুরীতে পঁহুছে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ই লাটূর সাহেব ও শ্রীযুত জে আর বার্ণস সাহেব (Messrs. E. Lautour and J. R. Barnes,) "আলফ্রেড" নামক জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২ তারিখে খাজুরীতে পঁহুছে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত আর স্পাঙ্কি সাহেব (Mr. R. Spankie,) "আজিনকোর্ট" নামক জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৪ তারিখে খাজুরীতে পঁহুছে।

২৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সরাসরীমতে দোষ সাব্যস্ত হওনপূর্ব্বক এই আইনের বিরুদ্ধ দণ্ডনীয় অপরাধের বিষয়ে ইহার পরে যে সকল বিধান নির্দ্দিষ্ট আছে সেই২ বিধান এই আইনের শক্তিক্রমে উক্ত কমিস্যনরেরদের করা কোন ব্যবস্থা উল্লঙ্ঘন করণের অপরাধের বিষয়ে খাটে এমত জ্ঞান করা যাইবেক ইতি।

৩০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত শহরের মধ্যে সাধারণের অপকারক কোন প্রকার বিষয় যে কোন ব্যক্তি থাকিতে বা করিতে দেয় তাহার জন্যে ঐ কমিস্যনরেরা তাহার নামে নালিশ করিতে হুকুম দিতে পারেন এবং কোন জরীমানা আদায় করণের জন্যে এবং এই আইনের বিধির বিরুদ্ধ অপরাধকরণিয়া কোন ব্যক্তিরদের দণ্ড করিবার জন্যে নালিশের উদ্যোগ করিতে হুকুম দিতে পারেন এবং ঐ নালিশ ও অন্য কার্য্যের খরচ এই আইনের বিধিক্রমে উক্ত কমিস্যনরেরদের প্রতি অর্পিত টাকাহইতে দিতে হুকুম ও আজ্ঞা করিতে পারেন ইতি।

৩১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরা নালিশ করিতে পারেন এবং তাঁহারদের নামে নালিশ হইতে পারে এবং উক্ত কমিস্যনরেরদের যে কোন সম্পত্তি বা জিনিস বা দ্রব্য থাকে তাহা যে ব্যক্তি চুরী করে কি লয় বা লইয়া যায় বা জানিয়া শুনিয়া নষ্ট করে বা ক্ষতি করে সেই ব্যক্তির নামে নালিশ করিতে পারেন বা সম্বাদ দিতে পারেন কি অন্য কোন কার্য্য করিতে পারেন এবং এইমত প্রত্যেক মোকদ্দমার যে সম্পত্তি ও জিনিস অথবা দ্রব্যের বিষয়ে সেইরূপ কোন নালিশ হয় তাহা উক্ত কমিস্যনরেরদের সম্পত্তি ইহা সাধারণমতে জ্ঞাত করিলে প্রচুর হইবেক ইতি।

৩২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে কোন ব্যক্তির যে কোন কর্ম্ম করণ বা না করণ সাধারণ আইনানুসারে অপকারক অপরাধ জ্ঞান ও নির্দ্ধার্য্য হয় অথবা এই আইন না থাকিলে সেইরূপ জ্ঞান ও নির্দ্ধার্য্য হইত সেই কর্ম্ম করণ বা না করণ আইনসিদ্ধ হইবেক। এবং সাধারণ আইনেতে যে কর্ম্ম অপকারক অপরাধ হইত সেই কর্ম্মের দোষি কোন ব্যক্তি এই আইনক্রমে তন্নিমিত্ত নালিশগ্রস্ত হওনহইতে ক্ষমা হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে এই আইনক্রমে যে ব্যক্তির অপরাধ সাব্যস্ত হইয়াছে সেই ব্যক্তি ঐ সাব্যস্তক্রমে ধার্য্যহওয়া সম্পূর্ণ টাকা ও তাহার খরচা দিলে পর সেই অপরাধের জন্যে ফৌজদারীসম্পর্কীয় আর কোন নালিশ তাহার নামে হইতে পারিবেক না ইতি।

XXXIII. And it is enacted, that it shall be lawful for the said Commissioners, and they are hereby empowered with the consent and approbation of the said Governor and subject to the restrictions hereinafter contained, to contract and agree with any person or persons for supplying the said Town or any part thereof with water for the purposes of this Act, and with the like consent to agree, with any person having and willing to dispose of the same, for the absolute purchase for any purpose which the said Commissioners shall think necessary for obtaining and protecting such supply of water as aforesaid, of any water-works, streams or waters, lands, tenements, easements, hereditaments, fixtures, machinery, or other property, or to take a lease thereof for any term of years and subject to such conditions as shall be agreed upon between the parties, and also with the like consent and approbation to grant to any person or persons contracting to supply the said Town or any part thereof, with water, a lease for any term not exceeding twenty-one years, of any water-works, machinery, streams, waters, lands, tenements, easements, rights, privileges and advantages belonging to or acquired by, or which may belong to or be acquired by or be vested in the said Commissioners under any of the powers or authorities in this Act contained, so as to enable such person or persons so contracting the more effectually and efficiently to procure and supply water in pursuance of any such contract or agreement, and every such lease so to be granted by the said Commissioners may be made subject to such conditions and stipulations as to the supplying water for the purposes of this Act, or any of them as may be agreed upon between the respective parties thereto. Provided always, that no lease or contract made in pursuance of the powers hereinbefore contained shall be valid or effectual for any purpose whatsoever unless the said Governor's approval of the same shall be testified by writing endorsed on such lease or contract under the hand of the Secretary to the Government of Bengal.

(*To be continued.*)

৩৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত শ্রীযুত গবরনর সাহেবের অনুমতি ও সম্মতিক্রমে এবং পশ্চাৎ লিখিত নিষেধের অধীনে উক্ত কমিস্যনরেরা এই আইনের অভিপ্রায়ের জন্যে ঐ শহর অথবা তাহার কোন ভাগে জল যোগাওনের বিষয়ে কোন ব্যক্তি বা ব্যক্তিরদের সঙ্গে বন্দোবস্ত ও চুক্তি করিতে পারেন্ এবং সেইরূপ বন্দোবস্ত করিতে ইহার দ্বারা তাঁহারদিগকে হুকুম দেওয়া গেল। এবং শ্রীযুতের ঐরূপ সম্মতিক্রমে পূর্ব্বোক্ত জল পাইবার ও রক্ষা করিবার জন্যে যেমত ঐ কমিস্যনরেরদের আবশ্যক বোধ হয় সেইমতে যে কোন ব্যক্তির কোন জলের যন্ত্র ও জলপ্রবাহ কি জল কিম্বা ভূমি বা বাটী কি উপকারি বিষয় কিম্বা উত্তরাধিকারিত্ব বিষয় অথবা স্থাপিত বিষয় বা যন্ত্র কি অন্য সম্পত্তি থাকে এবং সেই ব্যক্তি তাহা হস্তান্তর করিতে ইচ্ছুক আছে তাহা উক্ত কমিস্যনরেরা সম্পূর্ণরূপে খরীদ করিতে পারেন্ অথবা যে কোন মিয়াদের নিয়ম উভয়ের মধ্যে হয় সেই নিয়মের বন্দোবস্তক্রমে তাহা পাট্টা কি ইজারা করিয়া লইতে পারেন্। এবং সেইরূপে শ্রীযুতের অনুমতি ও সম্মতিক্রমে যে কোন জলযন্ত্র কিম্বা কল বা স্রোত কি জল কি ভূমি বা বাটী অথবা উপকারি বিষয় কি স্বত্ত্ব ও অধিকার ও উপকার এই আইনের শক্তি ও পরাক্রম অনুসারে উক্ত কমিস্যনরেরদের থাকে অথবা তাঁহারা পান্ কি উত্তর কালে পাইতে পারেন্ কি তাঁহারদের হস্তে অর্পণ হইতে পারে সেই জলযন্ত্রপ্রভৃতি যে ব্যক্তি বা ব্যক্তিরা উক্ত শহর বা তাহার কোন ভাগে জল দেওনের বিষয়ে বন্দোবস্ত করে তাহাকে ২১ বৎসরের অনধিক মিয়াদে ইজারা দিতে পারেন্। এবং তাহার অভিপ্রায় এই যে এইরূপ বন্দোবস্তকারি ব্যক্তি বা ব্যক্তিরা ঐরূপ কোন বন্দোবস্ত বা চুক্তির অনুসারে অধিক কর্ম্মণ্য এবং ফলজনকরূপে ঐ জল আনাইতে পারে ও যোগাইতে পারে। এবং সেইরূপ যে পাট্টা বা ইজারা উক্ত কমিস্যনরেরা দেন্ তাহা এই আইনের অভিপ্রায়ের জন্যে জলযোগাওনের সম্পর্কে যে বন্দোবস্ত ও নিয়মেতে তাঁহারা পরস্পর সম্মত হন্ সেই বন্দোবস্ত ও নিয়মক্রমে হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত ক্ষমতানুসারে যে পাট্টা অথবা চুক্তি হয় সেই পাট্টা কি চুক্তিপত্রের পৃষ্ঠে যদ্যপি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দস্তখৎক্রমে উক্ত শ্রীযুত গবরনর সাহেবের অনুমতির লিখিত নিদর্শন না থাকে তবে তাহা কোন কারণের জন্যে মাতবর অথবা সিদ্ধ হইবেক না ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

NOTIFICATION.

The 22d December, 1847.

At the recommendation of the Superintendent of Police, the Honourable the Deputy Governor of Bengal has been pleased to present Shawls to the undermentioned first Grade Darogahs, in token of the sense entertained by the Government of their meritorious conduct as Police Officers, viz.

To Baboo Sheebnauth Ghose, of Thannah Lall Chitty in Backergunge.	A pair of Shawls, Value Rs. 500.
To Mahomed Kazim, of Thannah Daoodcondy in Tipperah.	One Shawl, ditto ditto.

By order the of Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, *28th December*, 1847.]

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল। ২২ ডিসেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শমতে নীচের লিখিত প্রথম শ্রেণীর দারোগারদের পোলীস সংক্রান্ত অতিপ্রশংসনীয়রূপে কার্য্য করণের বিষয়ে গবর্ণমেণ্ট যে বোধ করিয়াছেন তাহা প্রকাশার্থ শাল প্রদান করিয়াছেন।

বিশেষতঃ বাকরগঞ্জের লাল ছিটীর থানার শ্রীযুত বাবু শিব নাথ ঘোষ	এক যোড়া শাল মূল্য ৫০০৲ টাকা
ত্রিপুরার দাউদকাণ্ডীর থানার শ্রীযুত মহম্মদ কাজিম	এক ফর্দ শাল মূল্য ৫০০৲ টাকা

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 17th December, 1847

Moulvy Gholam Yahiah, Law Officer of the Zillah Court of Tipperah, to be Acting Moonsiff of the Sudder Station, vice Moulvy Imdad Ally appointed by the Government to officiate for the Principal Sudder Ameen absent on leave

LEAVES OF ABSENCE.

The remaining portion of the leave of absence granted to Baboo Degumber Biswas, Moonsiff of Nickle, Zillah Mymensingh, on the 3d instant, is cancelled from the 6th idem

The 22d December, 1847.

Baboo Rajnarain Mookerjea, Moonsiff of Nassirnugger, Zillah Tipperah, for one week, in extension of that granted to him on the 13th August last

The 23d December, 1847.

Baboo Sarodapersad Ghose, Moonsiff of Azmerygunge, Zillah Sylhet, for one month, in extension of that granted on the 5th ultimo

B. J. COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৭ ডিসেম্বর।

ত্রিপুরার প্রধান সদর আমীনের ছুটীপ্রযুক্ত অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত মৌলবী ইমদাদ আলী তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিতে গবর্ণমেণ্টের দ্বারা নিযুক্তহওয়াতে ত্রিপুরা জিলা আদালতের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী গোলাম আহিয়া সদর স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

জিলা ময়মনসিংহের নিকলীর মুনসেফ শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাসকে বর্ত্তমান মাসের ৩ তারিখে যে ছুটী দেওয় যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৬ তারিখ অবধি রহিত হইল।

১৮৪৭ সাল ২২ ডিসেম্বর।

জিলা ত্রিপুরার নসিরনগরের মুনসেফ শ্রীযুত বাবু রাজনারায়ণ মুখুয্যা গত আগস্ট মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৩ ডিসেম্বর।

জিলা ছিলটের আজমিরীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু শারদাপ্রসাদ ঘোষ গত মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৬৫০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১১ ডিসেম্বর।

এদেশীয় ৯ সংখ্যক পল্টনের কাপ্তান শ্রীযুত এড্বার্ড ডুপর টৌনসেণ্ড সাহেব (Captain Edward Du Pre Townshend,) ও শ্রীমতী মহারাণীর ৬১ পল্টনের কাপ্তান শ্রীযুত সি জে অটর সাহেব (Captain C J. Otter,) বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের মুসাহেব হইবেন।

১৮৪৭ সাল ১৫ ডিসেম্বর।

মৃত বাবু আনন্দচন্দ্র দত্তের পরিবর্ত্তে শ্রীযুত বাবু নীলকমল শীল বর্দ্ধমানের আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন। এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট বিচারের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত মৌলবী ওসমান আলীর অনপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ময়মনসিংহের নসিরাবাদের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী আমীর উদ্দীন ঐ জিলার প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৫ ডিসেম্বর।

বীরভূমের মাজিস্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A Pepper,) গত অকটোবর মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ১৮৪৮ সালের ১ জানুআরি তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত জি সি চাপম্যান সাহেব (Mr. G. C. Chapman,) স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরে জরীপী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ব্রৌন সাহেব (Mr. J. Brown,) স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ওসমান আলী মহাশয়ের বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর কালেক্টর শ্রীযুত এ রীড সাহেবকে (Mr A Reid,) গত মাসের ২০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১৫ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত জে এচ প্রিন্সেপ সাহেব ও শ্রীযুত জে ডবলিউ শিরর সাহেব (Messrs J H. Prinsep, and J. W. Sherer,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

১৮৪৭ সাল ১৬ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E T. Trevor,) ১৮৪৭। ৪৮ সালের নিয়মিত ছুটী লইতে অনুমতি পাইয়াছেন।

১৮৪৭ সাল ১৮ ডিসেম্বর।

ভাগলপুরের কালেক্টর শ্রীযুত জে জি কাম্বেল সাহেব (Mr. J. G. Campbell,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন।

জিলা কামরূপের গৌহাটীতে আসামের কমিসানর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ই টি ডালটন সাহেব (Lieut. E. T. Dalton,) আপন জিলার মফঃসলে গমনার্থ বর্ত্তমান মাসের ৪ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ আগনিউ সাহেবের (Lieut. W. Agnew,) প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত এ আর ইয়ং সাহেব (Mr. A. R. Young,) "বেণ্টিঙ্ক"নামক বাষ্পীয় জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডে গমন করেন এমত রিপোর্ট করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৮ ডিসেম্বর।]

২৬৮২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৮ ডিসেম্বর।

এদেশীয় ৩৬ সংখ্যক পল্টনের কাপ্তান শ্রীযুত জে লাঙ্গ সাহেব (Captain J. Lang,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত নদীয়া নদীর সুপরিন্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৫ ডিসেম্বর।

ত্রিহুতের কালেক্টর শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব (Mr. C. T. Davidson,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ কষ্টলি সাহেব (Mr. W. Costley,) গত সেপ্টেম্বর মাসের ১০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১৮ ডিসেম্বর।

যশোহরে খুলনার জাইন্ট মাজিষ্ট্রেট শ্রীযুত সি এফ মণ্ট্রেসর সাহেব (Mr. C. F. Montresor,) স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) স্বীয় কর্ম্মোপলক্ষে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২১ ডিসেম্বর।

ভাগলপুরের মাজিষ্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ সি রেক্স সাহেব (Mr. H. C. Raikes,) স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২২ ডিসেম্বর।

ময়মনসিংহের কালেক্টর শ্রীযুত এচ বি বেরেসফোর্ড সাহেব (Mr. H. B. Beresford,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত জি ই লান্স সাহেবের (Mr. G. E. Lance,) প্রতি অর্পণ করেন।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr. R. F. Hodgson,) সরকারী কর্ম্মোপলক্ষে আপন জিলার অঞ্চলে গমনার্থ বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপন খাজানা খানার ভার শ্রীযুত সি লিমণ্ড সাহেবের (Mr. C. Limond,) প্রতি অর্পণ করেন।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত টি সি লক সাহেব (Mr. T. C. Loch,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত জে রীড সাহেবের (Mr. J. Reid,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৭০৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৮ ডিসেম্বর।

শ্রীযুত ডবলিউ এস সিটন কার সাহেব (Mr. W. S. Seton Karr,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী হইবেন।

শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Mr. J. W. Dalrymple,) যশোহরের মাজিষ্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৭ সাল ২১ ডিসেম্বর।

শ্রীযুত জি সি ফ্লেচর সাহেবের (Mr. G. C. Fletcher,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জি জি মাকিন্টশ সাহেব (Mr. G. .G. Mackintosh.) ফরিদপুরের জাইন্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের (Mr. E. T. Trevor,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr G. P. Leycester,) নদীয়ার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT.

SALT.

NOTIFICATION.

The public are hereby informed that, in modification of the Rule contained in Section XXXIX. Regulation X. 1819, whereby all Daroghas of Salt Chokies are required to examine and coot dispatches of Salt passing their respective Chokies, the Board of Customs, Salt and Opium, have with the sanction of Government, prohibited altogether the cooting and examination of boats containing Salt in transit, except at the following stations :

Name of Division.	*Name of Chokey.*
Western.	Gewakhali.
"	Ghuttaul.
"	Amptah.
"	Cootgunge.
"	Balikhaul.
"	Nyaserai.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নিমক।

বিজ্ঞাপন।

১৮১৯ সালের ১০ আইনের ৩৯ ধারাতে নিমক চৌকীর সকল দারোগাকে হুকুম হইয়াছিল যে তাহারদের চৌকীর সরহদ্দের মধ্য দিয়া যে সকল লবণ যায় তাহা স্বচক্ষে দেখিয়া কুত করে। কিন্তু সর্ব্ব সাধারণ লোককে জানান যাইতেছে যে এ বিধান মতান্তর করিয়া গবর্ণমেণ্টের অনুমতিক্রমে হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরা নীচের লিখিত স্থানভিন্ন অন্য স্থান দিয়া লবণ বোঝাইকরা যে সকল নৌকা যায় সেই২ নৌকা স্বচক্ষে দেখিয়া কুতকরণের সম্পূর্ণরূপে নিষেধ করিয়াছেন।

এলাকার নাম	চৌকীর নাম
পশ্চিম	গাঁওয়াখালী।
"	ঘাটাল।
"	আমতা
"	কুতগঞ্জ।
"	বালিখাল।
"	নওয়াসরাই।

Name of Division.	*Name of Chokey.*
Calcutta, ...	Sootanooty.
Barripore, ...	Atarabankee.
"	Baliaghutta.
Baugundee, ...	Rojeepore.
"	Busuntpoor.
"	Assersoonee.
Jessore, ...	Chandkalee.
"	Syedkalee.
"	Fooltullah.
"	Koomargunge.
"	Gopaulgunge.
Backergunge, ...	Cowcolly.
"	Gournuddee.
"	Bokynuggur.
Midnapore, ...	Mynah.
"	Kassyorah.
"	Kantadwara.
"	Midnapore.
"	Khulnuggur.
.. ..	Jehanpore.

এলাকার নাম	চৌকীর নাম
কলিকাতা . ..	সুতানুটি।
বারুইপুর	আঠার বাঁকী।
"	বালিয়াঘাটা।
বাগুণ্ডী	রোজীপুর।
"	বসন্তপুর।
"	আসরসুনী।
যশোহর	চাঁদখালী।
"	সৈয়দখালী।
"	ফুলতলা।
"	কুমারগঞ্জ।
"	গোপালগঞ্জ।
বাকরগঞ্জ	কাওয়াখালী।
"	গৌর নদী।
"	বক্কাইনগর।
মেদিনীপুর	ময়না।
"	কাশীযোড়া।
"	কাঁটাদ্বারা।
"	মেদিনীপুর।
"	খলনগর।
"	জেহানপুর।

Boats conveying Salt under Rowannahs by the following routes will hereafter be cooted only at the Stations mentioned opposite to each.

যে সকল নৌকা রওয়ানাক্রমে নীচের লিখিত পথ দিয়া লবণ বোঝাই করিয়া যায় তাহা কেবল ঐ পথের পার্শ্বের লিখিত স্থানে কুত হইতে পারে।

Route.	*Name of Chokey*
No. I. From the Hidgellee and Tumlook Agency Ghauts by the Pertabkhali Canal and Roopnarain.	1. Ghuttaul
No. II. From the Hidgellee Agency Ghauts by the Hooghly and Roopnarain.	1. Gewakhali. 2. Ghuttaul.
No. III. From the Hidgellee and Tumlook Agency Ghauts and from Diamond Harbour, by the Hooghly.	1. Gewakhali. 2. Cootgunge. 3. Nyaserai.
No. IV. From the Hidgellee and Tumlook Agency Ghauts and from Diamond Harbour, by the Hooghly and Damooda.	1. Gewakhali. 2. Amptah.
No. V. From the Hidgellee and Tumlook Agency Ghauts by the Sunderbunds to Khoolnah, and thence beyond the Chokey limits.	1. Syedkhalee. 2. Fooltullah or 2. Koomargunge or 2. Gopaulgunge or 2. Cowcolly. 3. Nulchitty. 4. Gournuddee.
No. VI. From the Hidgellee and Tumlook Agency Ghauts to Baugundee, and thence northward beyond the Chokey limits.	1. Gewakhali. 2. Cootgunge. 3. Atarabankee. 4. Rojeepore or 3. Baliaghutta. 4. Rojeepore.

পথ	চৌকীর নাম
১ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে প্রতাপখালী খাল ও রূপনারায়ণ নদী দিয়া যায়।	১ ঘাটাল।
২ নং হিজলীর এজেন্টী ঘাটহইতে হুগলী ও রূপনারায়ণ নদী দিয়া যায়।	১ গাঁওয়াখালী। ২ ঘাটাল।
৩ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাট ও কলাগাছিয়া হইতে হুগলী নদী দিয়া যায়।	১ গাঁওয়াখালী। ২ কুতগঞ্জ। ৩ নওয়াসরাই।
৪ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাট ও কলাগাছিয়া হইতে হুগলী ও দামোদর নদী দিয়া যায়।	১ গাঁওয়াখালী। ২ আমতা।
৫ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে সুন্দরবন দিয়া খুলনায় যায় পরে চৌকীর সরহদ্দের বাহিরে যায়।	১ সৈয়দখালী। ২ ফুলতলা কিম্বা ২ কুমারগঞ্জ কি ২ গোপালগঞ্জ কিম্বা ২ কাওয়াখালী। ৩ নলছিটি। ৪ গৌর নদী।
৬ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে বাগুণ্ডীতে যায় পরে চৌকীর সরহদ্দের উত্তর দিগে যায়।	১ গাঁওয়াখালী। ২ কুতগঞ্জ। ৩ আঠার বাঁকী। ৪ রোজীপুর। অথবা ৩ বালিয়া ঘাটা। ৪ রোজীপুর।

Route.	*Name of Chokey.*
No. VII. From the Hidgellee and Tumlook Agency Ghauts, through Tolly's Nullah, or the New Canal, to the Eastward.	1. Gewakhali. 2. Cootgunge. 3. Busuntpoor. 4. Chandkalee. 5. Assersoonee. 6. Fooltullah or 6. Koomargunge or 6. Gopaulgunge or 6. Cowcolly. 7. Nulchitty. 8. Gournuddee.
No. VIII. From the Sulkea Golahs and the Ghauts of the 24-Pergunnahs' Agency, by the Hooghly.	1. Balikhaul. 2. Nyaserai.
No. IX. From the Sulkea Golahs to Baugundee.	1. Baliaghutta or 1. Atarabankee. 2. Rojeepore.
No. X. From the Sulkea Golahs to the Eastward.	1. Baliaghutta or 1. Atarabankee. 2. Busuntpoor. 3. Chandkalee. 4. Assersoonee, &c. as in Route No. VII.
No. XI. From the 24-Pergunnahs' Agency Ghauts to the Eastward.	1. Atarabankee, 2. Busuntpoor, &c. as in Route No. VII.

পথ	চৌকীর নাম
৭ নং হিজলী ও তমলুকের এজেন্টী ঘাটহইতে টালির নালা অথবা নূতন খাল দিয়া পূর্ব্ব দিগে যায়।	১ গাঁওয়াখালী। ২ কুতগঞ্জ। ৩ বসন্তপুর। ৪ চাঁদখালী। ৫ আসরসুনী। ৬ ফুলতলা। অথবা ৬ কুমারগঞ্জ। অথবা ৬ গোপালগঞ্জ। অথবা ৬ কাওয়াখালী। ৭ নলছিটি। ৮ গৌর নদী।
৮ নং শালিখার গোলা ও চব্বিশপরগনার এজেন্টী ঘাট হইতে হুগলী নদী দিয়া যায়।	১ বালীখাল। ২ নওয়াসরাই।
৯ নং শালিখার গোলাহইতে বাগুণ্ডীতে যায়।	১ বালিয়াঘাটা। অথবা ১ আঠার বাঁকী। ২ রোজীপুর।
১০ নং শালিখার গোলাহইতে পূর্ব্ব দিগে যায়।	১ বালিয়াঘাটা। অথবা ১ আঠার বাঁকী। ২ বসন্তপুর। ৩ চাঁদখালী। ৪ আসরসুনীপ্রভৃতি ৭ নম্বরী পথের ন্যায়।
১১ নং চব্বিশপরগনার এজেন্টী ঘাটহইতে পূর্ব্ব দিগে যায়।	১ আঠার বাঁকী। ২ বসন্তপুরপ্রভৃতি ৭ নম্বরী পথের ন্যায়।

Boats conveying foreign imported Salt under Rowannahs from Calcutta, will be examined at the same places as if conveying Salt from the Sulkea Golahs, and will further undergo examination at the Sootanooty Chokey in Calcutta immediately after delivery of the Salt from the vessel on which it has been imported.

Boats conveying Salt under Rowannah by any other route than those abovementioned, will be examined at every cooting station by which they may have to pass.

When the destination of a boat is changed, and its cargo covered by an Exchange Rowannah under Clause 2, Section XLV. Regulation X. 1819, it will be examined at every cooting station intermediate between the place at which its destination may have been changed and the Chokey limits.

In like manner boats containing Salt protected by Attraffee Rowannahs and Agency Chars will be examined at every cooting station between the place of despatch and the Chokey limits.

In all other respects the provisions of Section XXXIX. Regulation X. 1819, relating to the coot and examination of despatches of Salt will be observed as heretofore.

[*Government Gazette*, 28*th December*, 1847.]

যে সকল নৌকা বিদেশীয় আমদানী লবণ রওয়ানাক্রমে কলিকাতাহইতে লইয়া যায় সেই সকল নৌকা শালিখার গোলাহইতে লবণ লইয়া গেলে যে২ স্থানে তালাশী হয় সেই২ স্থানে তালাশী হইবেক তদ্ভিন্ন যে জাহাজের দ্বারা ঐ লবণ আমদানী হইয়াছে তাহাহইতে লবণ লইবার পরেই কলিকাতার সূতানুটী চৌকীতে তাহার তালাশী হইবেক।

যে সকল নৌকা উপরের উক্ত পথ ভিন্ন অন্য পথ দিয়া রওনায়াক্রমে লবণ লইয়া যায় সেই সকল নৌকা কুত হওনের যে কোন চৌকী দিয়া যায় সেই স্থানেই তাহার তালাশী হইবেক।

নৌকার যে স্থানে যাইবার কল্প ছিল সে স্থান যদি পরিবর্ত্ত হয় এবং যদি নৌকার বোঝাইয়ের ১৮১৯ সালের ১০ আইনের ৪৫ ধারার ২ প্রকরণানুসারে তবদিলী রওয়ানা থাকে তবে যেখানে তাহার লক্ষিত স্থান পরিবর্ত্ত হইয়াছে সেই স্থানঅবধি চৌকীর সীমানাপর্য্যন্ত কুত হওনের প্রত্যেক চৌকীতে তাহার তালাশী হইবেক।

সেই প্রকারে যে সকল নৌকার লবণের বিষয়ে আত্রাফী রওয়ানা ও এজেন্টীর ছাড়চিঠী থাকে সেই সকল নৌকার রওয়ানার স্থানঅবধি চৌকীর সীমানাপর্য্যন্ত কুত হওনের প্রত্যেক চৌকীতে তালাশী হইবেক।

অন্য সকল বিষয়ে রপ্তহওয়া লবণের কুত হওনের ও তালাশী করণের বিষয়ে ১৮১৯ সালের ১০ আইনের ৩৯ ধারায় যে বিধান আছে সেই বিধানমতে পূর্ব্ববৎ কার্য্য হইবেক।

Nothing in this Notification is to be held to apply to the coot and examination of Sloops and Boats conveying Salt from the Chittagong and Kenkra Golabs, or from Arrakan, by the river Megna, in the direction of Naraingunge and Dacca. These will continue to be examined by the officers of the Chittagong and Bullooah Chokies, under the rules at present in force.

By order of the Board of Customs, Salt and Opium, the 20th November, 1847.

CECIL BEADON, *Offg. Secy.*

মেঘনা নদী দিয়া চাটিগাঁ ও কাঁকড়ার গোলাহইতে অথবা আরাকাণহইতে নারায়ণগঞ্জ এবং ঢাকার দিগে যে সকল সুলুপ ও নৌকা লবণ বোঝাই করিয়া যায় তাহার কুত হওনের ও তালাশী করণের বিষয়ে এই বিজ্ঞাপনের লিখিত কথা খাটে এমত বোধ হইবেক না। ঐ সকল সুলুপ ও নৌকা এক্ষণকার চলিত বিধিমতে চাটিগাঁর ও ভুলুয়ার চৌকীর আমলারা তালাশী করিতে থাকিবেক।

হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের হুকুমক্রমে। ১৮৪৭ সাল ২০ নবেম্বর।

সি বীডন। একটিং সেক্রেটারী।

OPIUM. — আফিম।

ফোর্ট উলিয়ম আফিমদপ্তর সন ১৮৪৭ সাল তারিখ ১৬ ডিসেম্বর মোতাবকে বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ২ পৌষ।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৭ সাল তারিখ ২৭ ডিসেম্বর মোতাবকে বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ১৩ পৌষ সোমবার পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৬। ৪৭ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফিম	১৮৩০
বানারসের পয়দায়শী আফিম	৭৮০
জুমলা সিন্দুক	২৬১০

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিম সকল সমুদ্রপথে রপ্তানি জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপে রপ্তানি ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲ টাকা দরে চলিতমতে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক যদিস্যাৎ এমত কোন ঘটনা উপস্থিত না হয় যে ঘটনার জন্যে এই নীলামের শরতের ১২ দফায় বিশেষ নিয়ম নির্দ্ধারিত করা গেল।

৩ দফা। ঐ নীলাম পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘণ্টার সময় আরম্ভ হইবেক এবং অপরাহ্ণে দুই প্রহর পাঁচ ঘণ্টার পর স্থগিত হইবেক কিন্তু যদি ঐ ঘড়িতে যে সকল লাটহায় বিক্রয়ের কারণ ইশতেহার হইল তাহার কতক লাট গরবিক্রী থাকে তবে সাহেবান বোর্ডের বিবেচনানুসারে তৎপর দিবস যদি সে দিবস রবিবার কিম্বা কোন পর্ব্বাহ না হয় তবে বেলা এগার ঘণ্টার সময় পুনশ্চ বিক্রয় করিতে আরম্ভ করা যাইবেক এই রীতিক্রমে যাবৎ সমুদয় লাট বিক্রীত না হয় তাবৎ নীলাম করা যাইবেক। আর যে দিবসে বিক্রয়ের ইশতেহার হইল সে দিবস যদি ঐ সমুদয় ২৬১০ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে যে সকল লাট হাতে থাকিবেক তাহা সাহেবান বোর্ড ভবিষ্যৎ কোন নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। নীলাম ঘরের ভিতর খরিদারের নাম সেলবহিতে রেজিষ্টরী হওনের পূর্ব্বে প্রত্যেক লাট যে দরে ডাক মঞ্জুর হইবেক সেই দরের মোটের উপর ফি শত ১৫৲ টাকার হিসাবে খরিদারকে আমানৎ পেশগীর বাবৎ প্রমিস্যরি নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৭ সালের ২৯ ডিসেম্বর বুধবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রমিস্যরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানৎ পেশগী হিসাবে টাকা অথবা সবট্রেজরর সাহেবের রসিদ কিম্বা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময় ও সেই নিয়মানুসারে ছানী নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকসান ও খরচ খরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্ত মতে যাহারদিগের আমানৎ পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জমা হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রমিস্যরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত ১৮৪৭ সালের ২৯ ডিসেম্বর তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেই মত তিনি ঐ নোটের বাবৎ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবৎ আমানৎ পেশগীর টাকা ঐ ২৯ ডিসেম্বর দিবা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে ইশতেহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখ ইস্তক পুরা পোনের দিনের মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৮ সালের ১১ জানুআরি মঙ্গলবার দিবা দুই প্রহর চারি ঘণ্টার পর উক্ত কিম্মতের বাবৎ ট্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না যদিস্যাৎ ঐ আফিমের কোন লাটের টাকা দাখিল হইয়া হিসাব নিষ্পত্তি না হয় তবে যে দরে লাট ডাক মঞ্জুর হইয়া থাকে তাহার মোট টাকার উপর ফি শত ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে যে টাকা আমানৎ হইয়া থাকিবেক অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা ঐ লাট কি সিন্দুকের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ২৮ ডিসেম্বর।]

সরকারে জব্দ হইবেক। পরে বোর্ড পরমিট ও নেমক ও আফিমের সাহেবান আলিশানের দ্বারা যে তারিখে যে প্রকারে নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকারে ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক তাহাতে হামি নীলামে যে লাভ হইবেক তাহাতে না দাওয়া হইয়া পহিলা খরিদারকে প্রথম খরিদ দরহইতে হানি নীলামের খরিদ দরে যত টাকা নোকসান অথবা তফাওৎ হইবেক তাহাও আদায় করিতে হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে 'যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই ইশ্‌তেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেল বহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং এরূপ আমানৎ পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুরা খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহাদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ সরকারী যে সাহেব নীলামের সুপরিন্‌টেন্‌ডেন্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি আপন বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদি স্যাৎ সে ব্যক্তি যে ডাক করিবেক তাহার মোট টাকার উপর ফি শতে ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ তলব করিবমাত্র দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলাম রোধ করণের মানসে কেহ কৃত্রিম ডাক করিলে তাহা রহিত করণার্থে এই ইশ্‌তেহারের দ্বারা বিজ্ঞাপন করা যাইতেছে যে সরকারের কার্য্যকারক যে সাহেব নীলামের কর্ম্ম সম্পাদন করিবেন তিনি নীলাম কালে যে কোন সময়ে হউক আপন এক্তিয়ারে কোন গরবিক্রী লাটের নীলাম রহিত করিয়া পুনর্ব্বার তৎক্ষণাৎ সেই লাট উচ্চ পরিমিত মুল্যে ধরিতে পারিবেন তাহাতে সেই দরক্রমে কম করিতে থাকিবেন যাবৎ কেহ ডাক না করে তদনন্তর প্রথমে যে ব্যক্তি পূর্ব্বোক্তমতে কোন লাটের নিমিত্তে অকৃত্রিম ডাক করিবেক সেই ব্যক্তি ঐ লাটের খরিদাররূপে গণ্য হইবেক এবং ঐ নীলামের কার্য্যসম্পাদক সাহেবের আরো এক্তিয়ার রহিল যে তাহার পর যত লাট উচিত বুঝিবেন তত লাট ঐরূপে বিক্রয় করিতে পারিবেন কিন্তু এই শরতের ২ দফার লিখিত ন্যূন সংখ্যা ৪০০৲ টাকার মুল্যের কমে কোন লাট বিক্রয় হইবেক না।

১৩ দফা। নীলামি খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বরহইতে যত লাট সেই এজেন্সীর আফিম খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে ২৫ লাটপর্য্যন্ত ঊর্দ্ধ সংখ্যা খরিদ করিতে পারিবেক এবং এইরূপে যত লাট খরিদ হইবেক তত লাটের বাবৎ পহিলা লাটের মোট দরের উপর ২৫৲ টাকার হিসাবে যত টাকা হয় সেই হিসাবে সমান পরিমাণে টাকা আমানৎ করিতে হইবেক। এবং পহিলা লাট কি সিন্দুক যত টাকা দরে খরিদ করিয়া থাকে সেই হিসাবে কিম্মতের টাকা দাখিল করিতে হইবেক। এমতে যদি স্যাৎ ঐ আফিমের এত লাট গরবিক্রী থাকে যে তাহাতে ২৫ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৪ দফা। এই ইশ্‌তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গলার সুপ্রিম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৫ দফা। নীচের লিখিত তপসীলমাফিক কাগজাত ও যে আফিম বিক্রী হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশ্‌তেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবিজের রিপোর্ট।

১৬ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৬। ৪৭ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সনভায়ের মত যত্ন ও খবরদারি করা গিয়াছে বিশেষতঃ আফিমের লে চমুক্কা নির্ভুল প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটী তৈয়ারী কারণ নিয়মিত পরিমাণ পাঁতি ব্যবহার করিতে এবং প্রতি গুটীতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব এবং কলিকাতায় আমদানী হইলে সেই আমদানীহইতে যে সকল সিন্দুক সহসা লইয়া মোকাবিলা জন্য ওজন করা যায় তাহার ধড়ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তলাস করিলে দেখিতে পাওয়া যাইবেক এবং গত দুই সনের পয়দায়শী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কিপ্রকার নির্ব্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশ্‌তেহার হইল তাহার ওজন ও রকমের বিষয়ে আফিমের কারবারসম্পর্কীয় কোন ব্যক্তি আর কোন সমাচার জানিতে চাহিলে পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে পূর্ব্বাপর রীত্যনুসারে জানিতে পারিবেক কিন্তু নীলামের পর যে সকল সিন্দুক জাহাজে রপ্তানি করিবার নিমিত্তে দেওয়া যাইবেক সেই আফিমের ওজন কমী অথবা তফাওৎ কিম্বা মিশ্রিত করণের ওজরে এনামের জন্যে কোন দাওয়া করিলে তাহা প্রচলিত নিয়মানুসারে শ্রীযুত সাহেবান বোর্ড কোনপ্রকারেই শুনিবেন না ও গ্রাহ্য করিবেন না।

[*Government Gazette, 28th December, 1847.*]

১৮ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওরায় ইম সন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

					বেহার সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৪৮ সালের	২৪	জানুআরি	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৩০	৭৮০	২৬১০
ঐ	২১	ফেব্রুআরি	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৩০	৭৮০	২৬১০
ঐ	২২	মার্চ	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৩০	৭৮০	২৬১০
ঐ	১৭	এপ্রেল	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৩০	৭৮০	২৬১০
ঐ	১৫	মে	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৩০	৭৮০	২৬১০
ঐ	১২	জুন	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৩০	৭৮০	২৬১০
ঐ	১১	জুলাই	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৩০	৭৮০	২৬১০
ঐ	৭	আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৩০	৭৮০	২৬১০
ঐ	৪	সেপ্টেম্বর	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৩০	৭৮০	২৬১০
ঐ	২৩	অক্টোবর	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৩১	৭৭৪	২৬০৫
					১৮৩০১	৭৭৯৪	২৬০৯৫

নিম্নোক্তি হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম।

সি বীডন। একটিং সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমি বিষয়ক ইশ্‌তেহার।

এস্তাহারনামা কাছারি, কালেকটরী জেলা নদীয়া এই বিবরণ ঘোষণা করা যাইতেছে যে নীচের লিখিত মহালাতের কি ডিহিতে একং ব্যক্তি ক্রোক তহসীলদার নিযুক্ত হইবেক যে ব্যক্তি ঐ কর্ম্মের প্রার্থিত হয় মাতবর জামীন অথবা কোম্পানির কাগজ সহিত ইহার দরখাস্ত করে ১৮৪৭।

নম্বর	নাম মহাল	নাম মালিক	সদর জমা	কৈফিয়ৎ
১	পরগনে নাগওয়ানের অন্তঃপাতি ডিহি নাকাশীপাড়া	কেশবচন্দ্র রায়ের যে হকীয়ত আছে	১৬০৪৫৷৷৴৮	জেলা মুরশিদাবাদের ফৌজদারি আদালতে কেশবচন্দ্র রায় হাজীর না হয় তাহার মহলে ক্রোক তহসীলদার নিযুক্ত হইবেক।
২	ডিহি কাঁঠালিয়া	ঐ	১১৪৮২।৴	ঐ
৩	ডিহি আনন্দ	ঐ	৮৬৭০।৩	ঐ

D. Money, *Collector*

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

ADVERTISEMENT.

SIX HUNDRED RUPEES REWARD.

The above reward will be given for the apprehension of Hurrish Chunder Pal, who effected his escape after murdering Mudhoosoodun Mojumdar, in the town of Sherpore, Thannah Sherpore, Zillah Bograh on the 10th November, 1847, corresponding to the 25th Kartick, 1254, B. S. Of the 600 Rupees, 500 have been offered by direction of the Superintendent of Police, Lower Provinces, the remaining 100 is offered by the relatives of the person murdered.

Description of the Murderer.

Hurrish Chunder Pal, son of Muddun Pal, a resident of Rarabundeepore, name of the Thannah unknown, Zillah 24-Purgunnahs or Baraset, about 30 or 32 years of age, blackish complexion, short and stout person, open eyebrows, small nose, short hair (babree), small whiskers, no particular marks on the body, can read and write the common Bengallee, and is slightly acquainted with English.

৬০০৲ টাকা পারিতোষিক।

উপরের লিখিত পারিতোষিক হরিশ্চন্দ্র পালনামক ব্যক্তিকে ধৃতকরণ নিমিত্তক দেওয়া যাইবেক উক্ত ব্যক্তি জেলা বগুড়ার অন্তঃপাতি থানা শেরপুরের অধীন শেরপুর নগরের মধুসূদন মজুমদারকে সন ১৮৪৭ ইঙ্গরেজীর ১০ নবেম্বর মোতাবেক সন ১২৫৪ বাঙ্গলার ২৫ কার্ত্তিক তারিখে হত্যাকরণানন্তর পলায়ন করিয়াছে। উক্ত ৬০০৲ টাকা মধ্যে ৫০০৲ টাকা বাঙ্গলা দেশের শ্রীলশ্রীযুক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট পোলীস সাহেব বাহাদুরের আদেশ মত এবং বক্রী ১০০৲ টাকা মৃত ব্যক্তির উত্তরাধিকারির দ্বারা প্রদত্ত হইবেক।

হত্যাকারকের আকৃতি।

হরিশ্চন্দ্র পাল পিতার নাম মদন পাল সাকিন রড়াবান্দিপুর থানার নাম অজ্ঞাত জেলা চব্বিশপরগনা কি বারাসত বয়স প্রায় ৩০। ৩২ বৎসর প্রায় কাল বর্ণ খর্ব্ব ছন্দ দোহারা কায় খোলা ভ্রূ খর্ব্ব নাসিকা মাথায় ছোট ছোট চুল (বাবরি) বিরল বিরল মোচ শরীরে কিছু ক্ষত চিহ্ন প্রকাশ নাই পলায়িত ব্যক্তি কিছু কিছু ইঙ্গরেজী আর সাধারণমত বাঙ্গলা লিখাপড়া জানে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৮ ডিসেম্বর।]

چهه سو روپیه انعام سما

چونکه سنه ۱۸۴۷ مسیحه کے تاریخ دسوین ۱۰ مهینا نومبر مطابق سنه ۱۲۵۴ بنگاله کے تاریخ
چهبیسا ۲۵ مهینا کاتک اسی ضلع بگوره کی متعلق تهانه شیرپور کا بیچ شهر شیرپور
کا باشنده مدهوسودن مجسوعه دارکو مسمی هرشچندر پال خون کرکے فرار هوا هی
اوپر کا لکها هوا چهه سو روپیه انعام که اسمے پانسو روپیه حضور سے صاحب
سپرنتندنت پولیس بهادر صوبجات بنگاله و بهار و اریسه کے مقرر هوا هی آور یکسو
مالک کے وارث لوگ دینے کا اقرار کئے هین جو کوئی فار مذکور کو گرفتار کریگا
اسکو چهه سو روپیه دیا جایگا فقط

جلیه قاتل

هریشچندر پال اسامی فار ولد مدن پال ساکن رتابندی پور تهانه ازمعلوم ضلع
بیست و چهار پرگنه یا براست عمر انداز تیس یا بتیس برس کچهه سیاه فام کوتاه
قدمیانه اندام کهولا ابرو ویست بینے سرمین بابری یعنے چوتر چوتر بال تهوره یعنے
پنال موچهه بدن مین کچهه داغ زخم اشکاره نهین هی فار کچهه کچهه علم انگریزی آور
عوام کے مطابق بنگله جانتاهی فقط

Zillah Bograh, Fouz. Adaulut, 7th Dec., 1847. G. U. YULE, *Joint Magistrate.*

INSOLVENT COURT — দেউলিয়াদের আদালত

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALBERT JOHN DE HOCHEPIED LARPENT and JOHN BECKWITH, late of the town of Calcutta, Merchants and Agents, carrying on trade and business in copartnership together in Clive Street, in the town of Calcutta in Bengal, under the name, style and firm of Cockerell and Company, and now residing at the French Settlement of Chandernagore, in the Province of Bengal.

NOTICE is hereby given, that by an order made in this matter on the Eighteenth day of December instant, it is ordered that unless cause be shewn to the contrary on Friday, the Twenty-fourth day of December instant, at the hour of ten o'clock in the forenoon, Robert O'Dowda, Esquire, be appointed Assignee of the Estate and Effects of the said Albert John De Hochepied Larpent and John Beckwith, then vested in Patrick O'Hanlon, Esquire, the Common Assignee of this Court, by force of the Adjudication that day made and pronounced by this Court. Dated this 18th day of December, 1847.

GRANT AND REMFRY.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কাকরেল কোম্পানির নামে বাঙ্গলা দেশের কলিকাতা নগরের ক্লাইবষ্ট্রিটে যৌথায় সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারী পূর্ব্বে কলিকাতা নগরনিবাসি এক্ষণে বাঙ্গলা দেশের ফ্রান্সীসেরদের অধীন চন্দননগরনিবাসি আলবর্ট জান ডিহচিপিড লার্পেন্ট সাহেব ও জান বেকউইথ সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান ডিসেম্বর মাসের ১৮ তারিখে হুকুম হইল যে বর্ত্তমান ডিসেম্বর মাসের ২৪ তারিখ শুক্রবার বেলা দশ ঘন্টার সময়ে বিপরীত কারণ দর্শান না গেলে শ্রীযুত রাবর্ট ওডোডা সাহেব উক্ত আলবর্ট জান ডিহচিপিড লার্পেন্ট সাহেব ও জান বেকউইথ সাহেবের সম্পত্তি ও মালের আসৈনি পদে নিযুক্ত হন। বর্ত্তমান ডিসেম্বর মাসের ১৮ তারিখে ঐ আসৈনি পদ এই আদালতের নির্দ্ধারণক্রমে এই আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাট্রিক ওহানলন সাহেবের প্রতি অর্পিত হইয়াছিল। ১৮৪৭ সাল ১৮ ডিসেম্বর।

গ্রান্ট ও রেম্ফ্রি।

In the matter of JAMES SMALL, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday, the 8th day of January next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the receipts and disbursements of the Assignee, from the 23d day of February, 1847, until the 30th day of November last, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other per

[*Government Gazette, 28th December,* 1847.]

son interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard; notice having been given, at the Office of the Chief Clerk, three clear days before the hearing.

Assignee's Office, 22d December, 1847. R. O'DOWDA.

যোত্রহীন জেম্‌স আল সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে এই বিষয়ের শুননি আগামি জানুআরি মাসের ৮ তারিখ শনিবারে পুনরায় হইবেক। এবং ১৮৪৭ সালের ১৩ ফেব্রুআরি তারিখঅবধি গত নবেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের সকল জমা ও খরচের হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দেখা যাইতে পারে যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তদ্বিষয়ের সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনির দফ্তরখানা। ১৮৪৭ সাল ২২ ডিসেম্বর। আর ওডৌডা।

The like notice in the matter of HENRY CHAPMAN KEMP, and another (T. Hyde Gardiner and Co.,) an Insolvent wherein the Account of the Assignee is filed from the 1st day of December, 1846, until the 30th day of November last, is filed.

যোত্রহীন টি হাইড গার্ডিনর কোম্পানির নামে কর্ম্মকারি হেনরি চাপমান কেম্প সাহেব ও অন্যের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। ১৮৪৬ সালের ১ ডিসেম্বর তারিখঅবধি গত নবেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

In the matter of WILLIAM WOODIN, late of the Town of Calcutta, Merchant and Agent, lately carrying on trade and business at Calcutta aforesaid, under the name, style or firm of G. F. Hodgkinson and Company.

NOTICE is hereby given, that by an order made in this Court, in this matter, on and bearing date the Twentieth day of December instant, upon the petition of Thomas Seddon Kelsall, William Strettell Kelsall, and James Knight Heron, Merchants and Agents, and Copartners, carrying on trade and business at Calcutta, under the name and style of Messieurs Kelsalls and Company, who are creditors of the said William Woodin. It was by the said Court adjudged, that the said petition of the said Thomas Seddon Kelsall, William Strettell Kelsall, and James Knight Heron, was true, and that the said William Woodin had committed an act of Insolvency.

ALLAN and THOMAS, *Attornies for Messrs. Kelsalls and Co.*

Calcutta, 20th December, 1847.

জি এফ হজকিন্সন কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরে সওদাগরী ও এজেণ্টী কর্ম্মকারি কলিকাতা নগর নিবাসি উলিয়ম উডিন সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত উলিয়ম উডিন সাহেবের মহাজন কেলসল কোম্পানির নামে কলিকাতা নগরে সেওদাগরী ও এজেণ্টী কর্ম্মকারি তামস সেডন কেলসল সাহেব ও উলিয়ম ষ্ট্রেটেল কেলসল সাহেব ও জেম্‌স নাইট হেরন সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান ডিসেম্বর মাসের ২০ তারিখে উক্ত আদালতে নির্দ্ধারণ হইল যে উক্ত তামস সেডন কেলসল সাহেব ও উলিয়ম ষ্ট্রেটেল কেলসল সাহেব ও জেম্‌স নাইট হেরন সাহেবের দরখাস্ত সত্য এবং উক্ত উলিয়ম উডিন সাহেব যোত্রহীন হটেন।

কলিকাতা। ১৮৪৭। ২০ ডিসেম্বর। আলেন ও তামস। কেলসল কোম্পানির উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, dated the eleventh day of December instant, in the matters of the petition of SHAH MOOZAFER ALLY, late of Clive Street, in the Town of Calcutta, Hide Merchant, and now a Prisoner for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of an Act of the Ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the Fifth day of February next.

The names of the creditors of the said SHAH MOOZAFER ALLY now appear in a Schedule filed with his said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

MOLLOY, MACKINTOSH, and POE, *Attornies for the Insolvent.*

Calcutta, 23d December, 1847.

কলিকাতা নগরের ক্লাইব ষ্ট্রিটনিবাসি গোচর্ম্ম বিক্রেতা শা মুজাফর আলী সম্প্রতি ঋণপ্রযুক্ত কলিকাতা নগরের সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান ডিসেম্বর মাসের ১১ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি ফেব্রুআরি মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

